GOV-GAZ2̄
JANU-MAY
1868

Das.
Librarian
Uttarpara Joykrishna Public Library
Govt. of West Bengal

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 7, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ৭ জানুআরি।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The following Report and amended Bill are published for general information by order of the Governor General of India in Council :—

REPORT.

We, the undersigned Members of the Select Committee to whom the Bill to consolidate and amend the law relating to Railways in India has been referred, have the honor to report that we have considered the Bill and the papers noted in the schedule hereto. The principal amendments which we have made in the Bill may conveniently be distributed under three heads,—Additions, Omissions, and Alterations.

I.—*Additions.*

In Part I. we have introduced definitions of 'mails,' 'carriages,' 'traffic' and 'Advocate General'; and to the definition of 'Local Government' we have added a proviso that, in respect of matters affecting the general administration of any Railway, and so far as regards British subjects in Native States, 'Local Government' shall mean the authority or the concurrent authorities which the Governor General in Council shall from time to time prescribe. This may be useful in the case of a Railway passing through the territories of various Local Governments.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপিক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞামতে নিম্নলিখিত রিপোর্ট ও সংশোধিত পাণ্ডুলিপি সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

রিপোর্ট।

ভারতবর্ষের রেলপথসম্পর্কীয় আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি মনোনীত কমিটীর অন্তর্গত আমারদের প্রতি অর্পিত হইলে আমরা সম্মানপূর্ব্বক জ্ঞাত করিতেছি যে সেই পাণ্ডুলিপি ও তফসীলের লিখিত পত্রাদি বিবেচনা করিয়াছি। এই পাণ্ডুলিপির যে প্রধান অংশের সংশোধন করিয়াছি তাহার নূতন ও ত্যক্ত ও পরিবর্ত্তিত কথাবিষয়ক তিন ভাগ করা যাইতে পারে।

১।—নূতন কথা।

প্রথমখণ্ডে আমরা মেল ও গাড়ী ও ট্রাফিক ও আডবোকেট জেনরল এই২ কথার অর্থ নির্ণয় করিয়াছি। এবং স্থানীয় গবর্ণমেণ্ট এই কথার অর্থ নির্ণায়ক পদের মধ্যে এই অধিক বিধান লেখাইয়াছি, "কোন রেলপথের সাধারণ কার্য্য নিরূপণ সম্পার্কীয় বিষয়ে এবং এতদ্দেশীয় স্বাধীন রাজত্বের অন্তর্গত ব্রিটনীয় প্রজা সম্পর্কে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে কর্ত্তৃপক্ষকে কিম্বা কার্য্যনিরূপণাধিকারিত্ব ক্ষমতা সহিত যে কর্ত্তৃপক্ষদিগকে নিযুক্ত করেন "স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাঁহারদিগকেও বুঝাইবে।" রেলপথ ভিন্ন২ শাসনাধীন স্থান দিয়া গেলে এই বিধির ফল দর্শিতে পারিবে।

In order more fully to carry out the original intention to consolidate the whole law on the subject, we have introduced sections 4—8, which are similar to some contained in Act XXII of 1863, and provide for the survey and taking of lands and other proceedings preliminary to the construction of Railways.

Provision has also been made in sections 10 and 11 as to mines near or under Railways, and the working thereof. These sections resemble Statute 8th & 9th Vic., cap. 20, section 77.

The Companies, on requisition from the Local Government, are to make (section 17) and maintain, as the Railways proceed, all necessary subsidiary works. Power is reserved to the Locl Government, after the completion of any part of a Railway, to construct works necessary for navigation, irrigation, or drainage.

In section 18 we have empowered the Consulting Engineer to the Local Government as well as a Magistrate, to give orders as to the erection and maintenance of fences and the filling in excavations.

Provision is made (section 19) for the establishment and maintenance of an electric telegraph along every Railway on which passengers are conveyed.

In section 20 we have given the Government Inspector the further power of examining into the mode of maintaining the Railway under inspection and of conducting the traffic thereon, and refusal to answer his questions, or giving him false information, is made penal by section 21.

In section 24 we have empowered the Local Government to prevent the use of unsafe carriages as well as that of dangerous parts of opened lines.

Three sections (25, 26, 27) have been introduced embodying the provisions as to junctions contained in Statute 26th & 27th Vic., cap. 92, sections 9, 10, and 12.

A clause (section 28) has been introduced providing that, on every Railway constructed on a guage of 5 feet 6 inches, the fixed structures and rolling-stock shall be of standard dimensions.

We have provided (section 31) that no fine imposed by the bye-laws shall be recoverable from persons not servants of the Company unless the bye-laws shall have been duly published, and that no such fines shall be recoverable from a Railway servant unless he shall have either received a copy of the bye-law in a language which he reads and understands or shall have been expressly informed of the existence and terms of the bye-law.

উক্ত বিষয়ের সমুদয় আইন সংগ্রহ করিবার যে আদি অভিপ্রায় ছিল, তাহা সফল করিবার জন্যে আমরা ১৮৬৩ সালের ২২ আইনের কোন২ ধারার মত ৪ অবধি ৮ পর্য্যন্ত ধারা প্রবর্ত্ত করাইয়াছি। তন্মধ্যে রেলপথ করিবার পূর্ব্বে ভূমির মাপ ও গ্রহণ করণ প্রভৃতি পূর্ব্বস্থলীয় কার্য্যের বিধান হইয়াছে।

রেলপথের নিকট কি তলভাগে খনি থাকিলে ১০ ও ১১ ধারাতে তদ্বিষয়ের ও তৎসংক্রান্ত কার্য্যের বিধান করা গিয়াছে। ঐ দুই ধারা, বিকটরিয়ার ৮ ও ৯ বৎসরের ২০ অধ্যায়ের আইনের ৭৭ ধারার তুল্য।

১৭ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ হইলে রেলপথের কার্য্য চলন সময়ে, তৎসংক্রান্ত কোম্পানি লোকদের উপকারার্থ কার্য্য করিয়া তাহা সুনিয়মমতে রাখিবেন। এবং রেলপথের কোন অংশ সমাপ্ত হইলে, নৌকাদি গমনের ও ক্ষেত্রে জলসিঞ্চনের উপায় ও পরিখাপ্রভৃতি প্রস্তুত করিতে গবর্ণমেণ্টের ক্ষমতা থাকিবে।

বেড়া বাঁধিবার ও তাহা সুনিয়মমতে রাখিবার এবং গর্ত্তাদি পূরণ করিবার ক্ষমতা যেমন মাজিষ্ট্রেট সাহেবের আছে, ১৮ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়র সাহেবকেও তেমনি ক্ষমতা প্রদত্ত হইয়াছে।

যেং রেলপথে লোকদের গমনাগমন হয়, ১৯ ধারামতে, সেইং পথে ইলেক্‌ট্রিক টেলিগ্রাফ স্থাপন করিয়া সুনিয়মমতে রাখিবার বিধান হইয়াছে।

রেলপথ তত্ত্বাবধানে রাখিবার ও তদ্দ্বারা বাণিজ্যাদি চালাইবার যে নিয়ম থাকে ১৯ ধারাতে আমরা গবর্ণমেণ্ট ইনস্পেক্‌টরের পূর্ব্ব ক্ষমতার অতিরিক্ত সেই নিয়মের পরীক্ষা করিবারও ক্ষমতা প্রদান করিয়াছি। তিনি প্রশ্ন করিলে যদি তাঁহার প্রশ্নের উত্তর না দেওয়া যায়, কিম্বা তাঁহাকে মিথ্যা সন্ধান দেওয়া যায়, তবে সেই দোষ ২১ ধারামতে দণ্ডনীয়।

যে গাড়িতে গমন করিলে আপদ সম্ভাবনা, এবং পথে গমনাগমন হইতে পারিলেও তাহার যে অংশে গেলে বিঘ্ন হইতে পারে, ২৪ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্ট সেই গাড়ীর ও পথের ব্যবহার নিবারণ করিতে পারেন।

বিকটরিয়ার ২৬ ও ২৭ বৎসরের ৯২ অধ্যায়ের আইনের ৯, ১০ ও ১২ ধারাতে ভিন্ন২ পথের সংযোগ স্থান বিষয়ে যে বিধান আছে, আমরা ২৫, ২৬, ২৭ ধারাতে তাহা সমাবেত করিয়াছি।

২৮ ধারাতে এই বিধান করিয়াছি। যে রেলপথ সাড়ে পাঁচ ফুট প্রশস্ত করিয়া নির্ম্মিত হয় তাহার উপর চিরাবধারিত বিষয় ও চক্রবিশিষ্ট বিষয়ক স্থিরসিদ্ধ পরিমাণে করা যাইবে।

৩১ ধারার এই বিধান। উপবিধি উপযুক্তমতে প্রকাশ না করা গেলে কোম্পানির চাকরভিন্ন কোন ব্যক্তির স্থানে সেই উপবিধির নির্দ্দিষ্ট অর্থদণ্ড আদায় হইবে না। এবং রেলপথের চাকর যে ভাষা পাঠ করিয়া বুঝিতে পারে এমন ভাষালিখিত ঐ উপবিধি না পাইলে, কিম্বা উপবিধি থাকার কথা ও তাহার মর্ম্ম তাঁহাকে স্পষ্টরূপে জ্ঞাত না করা গেলে, তাঁহার স্থানেও অর্থদণ্ড আদায় হইতে পারিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৭ জানুআরি।]

Acting on a suggestion of the Secretary of State for India in Council, we have introduced eight sections (40—47) providing for the carriage of mails, the conveyance of troops, police and Government artisans, and the carriage of passengers by cheap daily trains. The clauses relating, to mails are taken from 1st and 2nd Vic., cap. 98, omitting the provisions regarding remuneration. Those relating to the conveyance of troops, etc., are from 7th and 8th Vic., cap. 85, with the modifications rendered necessary by the terms of the contracts between the various Companies and the Secretary of State. The clause relating to cheap daily trains is modelled on 7th and 8th Vic., cap. 85, section 6, as amended by 21st and 22nd Vic., cap. 75.

In section 33 we have provided, herein following the English law, that notices of accidents given by the Companies to Local Governments shall be deemed privileged communications.

In section 54 we have added to the list of goods for loss of which the Companies will not be liable in the absence of special engagements, pearls, prints, photographs, cloths and tissues embroidered with the precious metals, or of which such metals form part, articles of ivory, ebony, and sandal wood, musical instruments, horses, cattle, and other animals. We have here followed the enumeration contained in the schedule to the Carriers' Act III of 1865. We have added a proviso that the section shall not apply to articles contained in mails and banghy parcels.

In sections 62 and 63 we have provided that persons obstructing Railway servants or trespassing on Railway premises shall be liable not only to a fine but in default of payment to imprisonment for two months. We have also provided that such offenders may be seized and detained by the Railway officials until they can be taken before a Magistrate.

The ordinary criminal law having been found insufficient, in certain districts, to repress the offences of putting obstacles on Railways with intent to upset engines, etc., a clause (section 66) has been introduced to authorize the quartering of additional police in such districts. The inhabitants will be charged with the additional expense thus occasioned. The section also provides for the offences of cattle trespass and injuring Railway gates, fences, and telegraphs.

We propose (section 67) that persons removing or injuring the Railway lamps, carriages, &c., shall not only be liable to the fine provided in the Bill as introduced, but also to the cost of replacing or repairing the article removed or injured

ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পরামর্শমতে আমরা ৪০—৪৭ ধারাতে ডাক পত্রাদি ও সৈন্য ও পোলীসের কর্ম্মকারক ও গবর্ণমেণ্টসংক্রান্ত কর্ম্মকারকদিগকে চালান করিবার এবং প্রতিদিন অল্প ভাড়ার ট্রেনদ্বারা লোকদের গমন করিবার বিধান করিয়াছি। ডাকপত্রাদি বিষয়ক ধারা বিকটোরিয়ার ১ ও ২ বৎসরের ৯৮ অধ্যায়হইতে গ্রহণ করিলাম কিন্তু পারিতোষিকের কথা ত্যাগ করিয়াছি। সৈন্যাদি লইবার কথা বিকটরিয়ার ৭ ও ৮ বৎসরের ৮৫ অধ্যায়হইতে গ্রহণ করা গেল, কিন্তু ভিন্ন২ কোম্পানির এবং ষ্টেট সেক্রেটারীর মধ্যে যে২ চুক্তি হইয়াছে তাহার নিয়মবশতঃ আবশ্যকমতে কিঞ্চিৎ মতান্তর করা গিয়াছে। বিকটরিয়ার ৭ ও ৮ বৎসরের ৮৫ অধ্যায়ের যে ৬ ধারা বিকটরিয়ার ২১ ও ২২ বৎসরের ৭৫ অধ্যায় দ্বারা মতান্তর হইয়াছে অল্প ভাড়ার দৈনিক ট্রেন বিষয়ক ধারা সেই অধ্যায়ানুসারে প্রণীত হইয়াছে।

৩৩ ধারাতে আমরা ইঙ্গলণ্ডীয় আইনঅনুসারে এই বিধান করিয়াছি, কোম্পানি স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে যে কোন বিঘটনার সম্বাদ দেন তাহা গোপনীয় জ্ঞান হইবে।

কোম্পানি বিশেষ প্রতিজ্ঞাতে বদ্ধ না হইলে যে দ্রব্যের ক্ষতির নিমিত্তে দায়ী না হন, আমরা ৫৪ ধারাতে সেই দ্রব্যের মধ্যে এই২ দ্রব্য সংযোগ করিয়াছি, বিশেষতঃ মুক্তা, মুদ্রিত ছবি, ফটগ্রাফ, বহুমুল্য ধাতুতে বোটা তোলা কাপড় ও পট্টবস্ত্র কিম্বা যাহার কোন অংশে ঐ ধাতুর কর্ম্ম থাকে তাহা, এবং হস্তিদন্ত ও আবলুস ও চন্দন কাষ্ঠের দ্রব্য ও বাদ্য যন্ত্র ও ঘোড়া গোরুপ্রভৃতি পশু। বাহক বিষয়ক ১৮৬৫ সালের ৩ আইনের তফসীলে যে২ দ্রব্যের গণনা হইয়াছে আমরা এই স্থলে সেই২ দ্রব্য ধরিয়াছি। কিন্তু ডাকপত্রের মধ্যে ও বাঙ্গি পুলিন্দাতে যে দ্রব্য থাকে তাহার প্রতি এই ধারা না খাটিবার উপবিধিসূচক এক প্রকরণ করিয়াছি।

৬২ ও ৬৩ ধারাতে এই বিধান হইয়াছে, যাহারা রেলপথের কর্ম্মকারকদের কর্ম্মের বাধা দেয় কিম্বা রেলপথের বাড়ীর মধ্যে অনধিকার প্রবেশ করে, তাঁহারদের কেবল অর্থদণ্ড হইবে না, কিন্তু অর্থদণ্ড না দিলে, তাঁহারা দুই মাস কারাবদ্ধও হইবেন। এবং রেলপথের কার্য্যকারকেরা তাঁহারদিগকে ধরিয়া যত কাল মাজিষ্ট্রেটের সম্মুখে লইয়া যাইতে না পারেন তত কাল রাখিবেন।

কলের গাড়ীপ্রভৃতি উলটাইয়া ফেলিবার অভিপ্রায়ে রেলপথে দ্রব্য রাখিবার যে অপরাধ, কোন২ প্রদেশে সেই অপরাধ নিবারণার্থে সাধারণ ফৌজদারী আইন অপ্রতুল হইয়াছে, এইহেতুক ৬৬ ধারাতে সেই২ প্রদেশে পোলীসের অতিরিক্ত কর্ম্মকারক নিযুক্ত করিবার বিধান হইয়াছে। এই গতিকে যে অধিক খরচ হয়, তাহা প্রদেশ নিবাসিদের স্থানে আদায় হইবে। আরো সেই ধারাতে রেলপথে গোমেষাদির প্রবেশ ও রেলপথের দ্বারের ও বেড়ার ও টেলিগ্রাফের হানি করণাপরাধের বিধান হইয়াছে।

যে পাণ্ডুলিপি উপস্থিত করা গিয়াছিল তাহাতে যে ব্যক্তিরা রেলপথের লাম্প, কি গাড়িপ্রভৃতি স্থানান্তর কি হানি করেন তাঁহাদের অর্থদণ্ডের বিধান হইয়াছে। আমরা (৬৭ ধারাতে) তদধিক এই বিধান করিয়াছি যে সেই দ্রব্য নূতন করিতে কি সারাইতে

A penalty is provided (section 68) for injuring boards and placards put up by the Company.

At the desire of the East Indian Railway Company, clauses have been introduced authorizing the destruction of perishable goods with the permission of the chief officer of Railway Police at the station where the goods may be, and the sale of goods unclaimed for two months after arrival at their destination.

Section 81 imposes a fine on Railway servants making charges, or accepting payments, not in accordance with the Company's tariff.

A section modelled on 7th and 8th Vic., cap. 85, section 17, gives a remedy by injunction or order against Companies contravening or exceeding the provisions of the proposed Act, or of their contracts with the Secretary of State.

The Bill proposes to repeal, so far as regards Railway Companies, Act XIII of 1855, which extends to India the provisions of Lord Campbell's Act as to compensation for deaths. The Bill re-enacts these provisions (sections 85—88) as amended by the late Statute 27th and 28th Vic., cap. 95.

II.—*Omissions.*

We have omitted as useless and likely to facilitate fraud and encourage travelling without tickets, the clause in section 48 diminishing the liability of a passenger not producing his ticket in case of his proving that he has travelled a distance less than that from the place whence the train originally started.

The clauses imposing a fine for entering a carriage in motion, for riding on engines, for smoking, for intoxication, for committing nuisance, have been omitted, as they relate to matters which will be more fitly provided for the bye-laws which the Companies will be empowered to make.

In the section empowering the Local Government to appoint an officer to inspect a Railway, we have struck out the clause prohibiting the appointment of persons lately Directors or officials of the Company. It seems needless, and might be injurious, to fetter the discretion of the Local Government in this matter.

We have struck out the section empowering Government to set-off fines against money payable to a Railway Company. The clause in question was taken from a Bill prepared by the late Advocate-General, but seems inconsistent with the contracts between the Companies and the

যে খরচ লাগে ঐ ব্যক্তিদের সেই খরচও দিতে হইবে, এবং কোম্পানি যে তক্তা কি ঘোষণাপত্রপ্রভৃতি লটকাইয়া দেন, ৬৮ ধারাতে তাহার হানি করিবার দণ্ডের বিধান হইয়াছে।

যে২ দ্রব্য শীঘ্র নষ্ট হইতে পারে সেই২ দ্রব্য কোন ষ্টেশনে পড়িয়া থাকিলে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির প্রার্থনামতে তৎস্থানের রেলপথ সংক্রান্ত পোলীসের প্রধান কার্য্যকারকের অনুমতি লইয়া সেই দ্রব্য নষ্ট করিবার, এবং কোন মাল লক্ষিত স্থানে পুঁহুছিলে পর দুই মাস পর্য্যন্ত তাহার দাওয়া না হইলে তাহা বিক্রয় করিবার বিধান করা গিয়াছে।

রেলপথের কার্য্যকারকেরা কোম্পানির নিরিখমত খরচভিন্ন অধিক খরচ চাহিলে কি পয়সা গ্রহণ করিলে ৮১ ধারাতে তাহার অর্থদণ্ডের বিধান হইয়াছে।

কোন কোম্পানি প্রস্তাবিত আইনের বিধান, কিম্বা ষ্টেট সেক্রেটারী সাহেবের সঙ্গে যে চুক্তি করেন সেই চুক্তি লঙ্ঘন কি অতিক্রম করিলে তাঁহাদিগকে আদালতকর্ত্তৃক নিষেধ কি আজ্ঞা হইবার বিধান হইয়াছে। এই ধারা বিক্টোরিয়ার ৭ ও ৮ বৎসরের ৮৫ অধ্যায়ের ১৭ ধারামতে করা গিয়াছে।

কোন ব্যক্তির মৃত্যু হইলে ক্ষতিপূরণ বিষয়ে লার্ড কাম্বেল সাহেব যে আইন করিয়াছেন, ১৮৫৫ সালের ১৩ আইনমতে সেই আইন ভারতবর্ষে প্রচলিত হইয়াছে। সেই আইন এই পাণ্ডুলিপিক্রমে রেলওয়ে কোম্পানির সম্পর্কে রহিত করা গিয়াছে। এবং বিক্টোরিয়ার ২৭ ও ২৮ বৎসরের ৯৫ অধ্যায়ে ঐ বিধান মতান্তরিত হইয়াছে সেই মতান্তরিত বিধান ৮৫—৮৮ ধারাতে পুনশ্চ প্রবল করা গিয়াছে।

২।—ত্যক্ত কথা।

যে স্থানহইতে ট্রেন খুলিয়া যায় কোন চড়নদার তদপেক্ষা অল্প দূর স্থানে গাড়িতে উঠিয়াছে ইহার প্রমাণ করিতে পারিলে, টিকিট না থাকিলেও তাঁহার দায়ের লাঘব হয়, আমরা এই বিধি অকর্ম্মণ্য ও তদ্দ্বারা প্রতারণার সাহায্য হয় ও টিকিটবিনা গাড়িতে চলিবার উৎসাহ জন্মায় জ্ঞান করিয়া, ৪৮ ধারাতে ঐ ধারার সেই প্রকরণ ত্যাগ করিয়াছি।

গাড়ী চলিতেছে এমন সময়ে তাহাতে উঠিবার, ও কলের গাড়িতে চড়িয়া যাইবার ও তামাক খাইবার ও মাতাল হইবার ও অনিষ্টজনক কর্ম্ম করিবার অর্থদণ্ডের যে বিধান ছিল তাহা ত্যাগ করিয়াছি। কোম্পানি উপবিধি করিতে সক্ষম হইবেন ও উপবিধির মধ্যে সেই২ বিষয়ের বিধান থাকা উচিত।

স্থানীয় গবর্ণমেণ্ট রেলপথের পর্য্যালোচন করিবার জন্যে এক জন কার্য্যকারককে নিযুক্ত করিতে পারিবেন এই মর্ম্মের ধারার এক প্রকরণে যাঁহারা পূর্ব্বে কোম্পানির ডাইরেকটর কি কর্ম্মকারক ছিলেন, তাঁহারদের সেই কর্ম্মে নিযুক্ত করিবার নিষেধ আছে, আমরা সেই প্রকরণ ত্যাগ করিয়াছি। এমত স্থলে স্থানীয় গবর্ণমেণ্টের নিয়োগকরণশক্তি সীমাবদ্ধ করা অনাবশ্যক বোধ হইল, ক্ষতিকরও হইতে পারে।

রেলওয়ে কোম্পানিকে গবর্ণমেণ্টের যে টাকা দিতে হয়, গবর্ণমেণ্ট তাহাহইতে অর্থদণ্ড বাদ দিতে পারিবেন, এই মর্ম্মের ধারা ত্যাগ করিয়াছি। ভূতপূর্ব্ব আডবোকেট জেনরল সাহেব যে পাণ্ডুলিপি প্রণয়ণ করিয়াছিলেন, উক্ত প্রকরণ তাহাহইতে গৃহীত হইয়াছিল, কিন্তু কোম্পানি সকলের এবং ষ্টেট সেক্রেটারীর মধ্যে

Secretary of State. Sections 63, 64, 65 of the Bill, as introduced, were also taken from Mr. Ritchie's draft; but they have been strongly objected to, and as they appear comparatively useless, we have decided on omitting them. The clauses empowering a Magistrate to refer cases to his assistant or deputy, empowering Local Governments to authorize assistants to exercise certain powers without reference, and giving jurisdiction in Madras and Bombay to the heads of district police and ámíns of police, have been struck out as relating to an obsolete state of affairs.

III.—*Alterations.*

We have made the clause as to compensation, contained in section 9, subject to the provisions of any contract between the Company and the Secretary of State.

The clauses relating to crossings over roads, roads over Railways, and erection and maintenance of gates, have been re-drawn (section 12) so as to make them clearer and more complete.

In section 22 we have provided generally that no Railway shall be opened for public traffic without the previous permission of the Local Government, and that such permission shall not be given till proper bye-laws have been made, and, in the case of passenger-railways, a telegraph established. The fine for opening without permission has been reduced to rupees 200 per day—the equivalent of the English fine in such cases.

In section 36 we have given the Governor General in Council, and not the Local Government, power to call for returns of traffic and tolls. In section 37, the time for delivering returns has been extended from fourteen to thirty days.

In section 48 we have provided that 'the place to which,' and not 'the distance for which,' the fare has been paid, shall appear on passenger tickets.

In the list of articles (section 54), for loss of which Companies are not to be liable in the absence of a special engagement, we have substituted 'Government stamps of any description' for 'postage stamps.'

We have altered section 55 (= Act XVIII of 1854, section 11) so as to render Railway Companies liable for loss or injury to goods *only* when it shall have been caused by their negligence or misconduct or that of their servants.

We have doubled the fine provided (section 58) for giving a false account of goods, and have declared that such penalties shall be in addition to

যে চুক্তি থাকে উক্ত প্রকরণ তাহাতে অসঙ্গত বোধ হয়। যে পাণ্ডুলিপি উপস্থিত করা গিয়াছে তাহার ৬৩, ৬৪, ও ৬৫ ধারাও রিচি সাহেবের পাণ্ডুলিপিহইতে গৃহীত হইয়াছিল, কিন্তু তদ্বিষয়ের অতি দৃঢ় আপত্তি হইয়াছে, অথচ অকর্ম্মণ্য বোধ হওয়াতে তাহা ত্যাগ করিতে স্থির করিলাম। মাজিষ্ট্রেট সাহেব আপনার আসিষ্টান্টের কি ডেপুটীর প্রতি মোকদ্দমা অর্পণ করিতে পারেন ও স্থানীয় গবর্ণমেন্ট আসিষ্টান্টদিগকে উপরিস্থ কার্য্যকারকের আদেশ ভিন্ন কোন২ ক্ষমতাক্রমে কার্য্য করিবার শক্তি প্রদান করিতে পারেন, এবং মান্দ্রাজ ও বোম্বাইদেশে জিলার পোলীসের প্রধান ব্যক্তিদিগকে ও পোলীসের আমীনদিগকে বিচারাধিপত্য প্রদান করা যায়, এই সকল প্রকরণ ত্যাগ করা গিয়াছে। ব্যাপারের যে অবস্থ বিবেচনায় সেই সকল বিধি হইয়াছে এইক্ষণে সেই অবস্থা নাই।

৩।—পরিবর্ত্তনের কথা।

৯ ধারাতে ক্ষতিপূরণ বিষয়ক যে প্রকরণ আছে, কোম্পানির ও ষ্টেট সেক্রেটারীর মধ্যে যে চুক্তি হয় ঐ বিধান সেই চুক্তির অধীনে প্রবল করিলাম।

রাজপথের উপর দিয়া রেলপথ ও রেলপথের উপর দিয়া রাজপথ এবং ফটক প্রস্তুত করা ও রাখা বিষয়ক যে২ ধারা আছে তাহা ১২ ধারামতে পুনরুল্লেখ করিয়া পূর্ব্বাপেক্ষা স্পষ্ট ও পূর্ণ করিয়াছি।

২২ ধারাতে এই সাধারণ বিধি করিয়াছি। স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি প্রাপ্ত না হইলে সর্ব্বসাধারণের গমনাদির জন্যে রেলপথ খোলা যাইবে না, এবং উপবিধি করা না গেলে, ও যে রেলপথে লোকদের গমনাগমন হইবে. তাহার ধারে টেলিগ্রাফ স্থাপন না হইলে উক্ত অনুমতি দেওয়া যাইবে না। অনুমতি না পাইয়া রেলপথ খুলিলে প্রতি দিন ২০০৲ টাকা অর্থদণ্ড হইবে। ইঙ্গলণ্ডে তত্তুল্য অর্থদণ্ডের বিধি আছে।

৩৬ ধারাতে, ব্যবসায়াদির ও মাসুলের রিটর্ণ দিতে আজ্ঞা করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেন্টের প্রতি অর্পণ না করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি করিয়াছি। ৩৭ ধারাতে ঐ রিটর্ণ দিবার সময় চৌদ্দ দিনহইতে ত্রিশ দিনপর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে।

যত দূর যাইতে হইবে চড়নদারদের টিকিটে ইহা না লিখিয়া যে স্থানে যাইতে হইবে ৪৮ ধারাতে সেই স্থানের নাম লিখিবার বিধান করা গিয়াছে।

বিশেষ প্রতিজ্ঞার অভাবে কোম্পানি যে২ দ্রব্যের ক্ষতির নিমিত্তে দায়ী হইবেন না, ৫৪ ধারাতে-সেই২ দ্রব্যের নামের মধ্যে আমরা "ডাকমাসুলের ইষ্টাম্প" এই কথার পরিবর্ত্তে "গবর্ণমেন্টের কোন প্রকারের ইষ্টাম্প" দিয়াছি।

রেলওয়ে কোম্পানির কিম্বা তাঁহাদের চাকরদের অমনোযোগ কি অহিতাচার দ্বারা দ্রব্যের ক্ষতি কি হানি না হইলে ঐ কোম্পানি দায়ী হইবেন না, আমরা এই মর্ম্মের বিধি করিয়া ৫৫ ধারা অর্থাৎ ১৮৫৪ সালের ১৮ আইনের ১১ ধারা পরিবর্ত্তন করিয়াছি।

দ্রব্যাদির মিথ্যা হিসাব দিলে যে অর্থদণ্ডের আজ্ঞা ছিল আমরা ৫৮ ধারাতে তাহা দ্বিগুণ করিয়া, ঐ দ্রব্যাদির উপর যে মাসুল লাগে তদতিরিক্ত সেই

the toll chargeable for the goods. We have also, in section 59, raised from rupees 200 to rupees 500 the fine for delivering dangerous goods without notifying their nature.

The penalty for drunkenness or breach of duty (section 75) by a Railway official, has been changed from rupees 50 to imprisonment for a year, fine or both (and in case his omission or neglect is likely to endanger the safety of passengers), from imprisonment for a year to imprisonment for two years.

In section 89 we have provided that fines under the proposed Act shall, as a rule, be recovered in the manner prescribed by the Code of Criminal Procedure, but that fines imposed on a Railway Company or an officer or servant of such Company may, in case of non-payment within a week, be levied by distress or sale of the Company's moveable property, excepting the engines or other rolling-stock.

These changes have rendered it desirable to re-arrange the Bill, which accordingly now consists of six parts,—1, Preliminary; 2, Construction of Railways; 3, Rules as to use of Railway; 4, Rules for the protection of the Company; 5, Rules for the protection of the Public; and 6, Fines and Convictions.

We recommend that, before taking any further steps in the matter, the Bill, as now altered, be re-published with this Report, and that copies be sent home to the Secretary of State for India and the Boards of the Indian Railway Companies. The Bill, in its present form, is likely to prove so beneficial to the Companies that they will (it is hoped) consent by supplementary agreements under seal, to its becoming law, and thus waive any claim which they might otherwise make by reason of its interference with the rights secured to them by their respective contracts with the Secretary of State.

SIMLA, } G. N. TAYLOR.
The 23rd October 1867. } H. M. DURAND.

SCHEDULE.

Under-Secretary to Government of India, to Public Works Department, No. 966, dated 12th August 1865, with enclosures.

Secretary to Government of India, Public Works Department, to Home Department, No. 704R., dated 19th August 1865, with enclosures.

Officiating Junior Secretary to Government of Bengal, to Secretary to Government of India,

অর্থদণ্ডের বিধান করিয়াছি। এবং আশঙ্কাজনক দ্রব্যের ভাব জ্ঞাত না করিয়া তাহা অর্পণ করিবার যে ২০০৲ টাকা দণ্ড ছিল আমরা ৫৯ ধারাতে তাহা ৫০০৲ টাকা পর্য্যন্ত বৃদ্ধি করিয়াছি।

রেলপথের কর্ম্মকারক মাতাল হইলে কি কর্ত্তব্য কর্ম্ম না করিলে, তাহার ৫০৲ টাকা দণ্ড অবধারিত ছিল! আমরা ৭৫ ধারাতে ঐ দণ্ডের পরিবর্ত্তে এক বৎসর কারাদণ্ড কি অর্থদণ্ড কি উভয়দণ্ডের বিধান করিয়াছি। যদি তাহার ত্রুটি কি অমনোযোগ দ্বারা চড়নদারদের আপদের সম্ভাবনা হয়, তবে এক বৎসর না হইয়া দুই বৎসর কারাদণ্ড হইবে।

৮৯ ধারাতে এই বিধান হইয়াছে। প্রস্তাবিত আইন মতে যে অর্থদণ্ড করা যায়, তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্দ্দিষ্টমতে আদায় করিতে হইবে। এই সাধারণ বিধি। কিন্তু রেলওয়ে কোম্পানির কিম্বা তদীয় কোন চাকরের কি কর্ম্মকারকের অর্থদণ্ডের আজ্ঞা হইলে যদি তাহা সপ্তাহের মধ্যে না দেওয়া যায়, তবে কোম্পানির কল কি চক্রবিশিষ্ট কোন দ্রব্যভিন্ন ঐ কোম্পানির অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণদ্বারা টাকা আদায় হইবে।

পূর্ব্বোক্তমতে পরিবর্ত্তন হওয়াতে নূতন নিয়মমতে পাণ্ডুলিপি লিখিতে হইয়াছে। এইক্ষণে পাণ্ডুলিপির ছয় খণ্ড। ১। পরিভাষা। ২। রেলপথ প্রস্তুত করণের বিধি। ৩। রেলপথের ব্যবহারবিষয়ক বিধি। ৪। কোম্পানির রক্ষার জন্যে বিধি। ৫। সর্ব্বসাধারণের রক্ষার জন্যে বিধি। ৬। অর্থদণ্ডের ও দোষনির্ণয়ের বিধি।

এই বিষয়ের অধিক কোন কার্য্য হইবার পূর্ব্বে আমারদের এই পরামর্শ যে, উপস্থিত পাণ্ডুলিপি এই রিপোর্টের সঙ্গে পুনশ্চ প্রকাশিত হইয়া তাহার কএক প্রস্থ ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের এবং ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানির বোর্ডের নিকটে পাঠান যায়! পাণ্ডুলিপি এইক্ষণে যেরূপ লেখা গিয়াছে ইহাতে কোম্পানির অত্যন্ত লভ্য সম্ভাবনা এইহেতুক আশা হইতেছে যে তাঁহারা নিয়মপত্রের ক্রোড়পত্র করিয়া মোহরাঙ্কিত করিয়া আইনমতে তাহার প্রচলিত হইবার সম্মতি প্রকাশ করেন, এবং ষ্টেট সেক্রেটারী সাহেবের সহিত তাহাদের যে চুক্তি হইয়াছে সেই চুক্তিদ্বারা প্রাপ্তস্বত্বের প্রতি হস্তক্ষেপ হওয়াপ্রযুক্ত যে দাওয়া করিতে পারেন তাহাতে এইক্ষণে বিরত হউন।

জি এন টেলর।
এচ এম ডুরাণ্ড!

সিমলা।
১৮৬৭ সাল ২৩ অক্টোবর।

তফসীল।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে, ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের আগষ্ট মাসের ১২ তারিখের ৯৬৬ নম্বরের পত্র, ও তৎসহ পত্রাদি।

হোম ডিপার্টমেন্টে, পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের আগষ্ট মাসের ১৯ তারিখের ৭০৪ R নং, পত্র, ও তৎসহ পত্রাদি।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণ-

Public Works Department, No. 5949, dated 25th October 1865.	মেন্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের অক্টোবর মাসের ২৫ তারিখের ৫৯৪৯ নং পত্র।
Secretary to Government of Bombay, to Secretary to Government of India, No. 2766 of 13th December 1865.	ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে বোম্বাইয়ের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ১৩ তারিখের ২৭৬৬ নং পত্র।
Resolution of Government of India, Public Works Department, No. 1105R., dated 20th December 1865.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২০ তারিখের ১১০৫ R নং নির্দ্ধারণ।
Resolution of Government of India, Public Works Department, No. 31R., dated 9th January 1866, with enclosures.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের জানুআরি মাসের ৯ তারিখের ৩১R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।
Assistant Secretary to Government of India, Public Works Department, to Home Department, Legislative, No. 69R., dated 22nd January 1867, with enclosures.	ব্যবস্থাপনসংক্রান্ত হোম ডিপার্টমেণ্টের নিকট পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ২২ তারিখের ৬৯ R নং পত্র ও তৎসহ পত্রাদি।
Resolution of Government of India, Public Works Department, No. 87R., dated 24th January 1866, with enclosures.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের জানুআরি মাসের ২৪ তারিখের ৮৭ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।
Under-Secretary to Government of Bengal, to Secretary to Government of India, Public Works Department, No. 603, dated 26th January 1866.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের জানুআরি মাসের ২৬ তারিখের ৬০৩ নং পত্র।
Resolution of Government of India, Public Works Department, No. 100R., dated 27th January 1866.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের জানুআরি মাসের ২৭ তারিখের ১০০ R নং নির্দ্ধারণ।
Honorary Secretary, British Indian Association, to Secretary to Government of India, Home Department, dated 2nd March 1866.	হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে ব্রিটিশ ইণ্ডিয়ান্ এসোসিএসনের অনররি সেক্রেটারীর ১৮৬৬ সালের মার্চ মাসের ২ তারিখের পত্র।
Resolution of Government of India, Public Works Department, No. 308R., dated 23rd March 1866.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের মার্চ মাসের ২৩ তারিখের ৩০৮ R নং নির্দ্ধারণ।
From Under-Secretary to Government, Punjab, No. 79, dated 24th March 1866, with enclosures.	পঞ্জাবের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের মার্চ মাসের ২৪ তারিখের ৭৯ নং পত্র ও তৎসহ পত্রাদি।
Resolution of Government of India, Public Works Department, No. 329R., dated 29th March 1866, with enclosures.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের মার্চ মাসের ২৯ তারিখের ৩২৯ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।
From Secretary to Government, Fort St. George, to Secretary to Government of India, Public Works Department, No. 1243, dated 20th April 1866, with enclosures.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে মান্দ্রাজ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের আপ্রিল মাসের ২০ তারিখের ১২৪৩ নং পত্র ও তৎসহ পত্রাদি।
Resolution of Government of India, Public Works Department, No. 475R., dated 19th May 1866.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের মে মাসের ১৯ তারিখের ৪৭৫ R নং নির্দ্ধারণ।
Resolution of Government of India, Public Works Department, No. 15R., dated 11th August 1866.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের আগষ্ট মাসের ১১ তারিখের ১৫ R নং নির্দ্ধারণ।
Resolution of Government of India, Public Works Department, No. 22R., dated 29th October 1866, with enclosures.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের অক্টোবর মাসের ২৯ তারিখের ২২ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।
Resolution of Government of India, Public Works Department, No. 1096R., dated 3rd November 1866, with enclosures.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ৩ তারিখের ১০৯৬ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

[*Government Gazette*, 7th *January* 1868.]

Resolution of Government of India, No. 1181, dated 8th December 1866, with enclosures.	ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ৮ তারিখের ১১৮১ নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।
From Secretary of State, to the Governor General of India in Council, Railway, No. 44, dated 17th December 1866, with enclosures.	মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকটে ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ১৭ তারিখের রেলপথসংক্রান্ত ৪৪ নং পত্র ও তৎসহ পত্রাদি।
Assistant Secretary to Government of India, Public Works Department, to Secretary to Government of India, Home (Legislative) Department, No. 85R., dated 26th January 1867, with enclosures.	ব্যবস্থাপনসংক্রান্ত হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৫ তারিখের ৮৫ R নং পত্র ও তৎসহ পত্রাদি।
Acting Secretary to Government of Bombay, to Secretary to Government of India, Home Department, No. 401 of 1867, dated 4th February 1867, with enclosures.	হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে বোম্বাই গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখের ৪০১ নং পত্র ও তৎসহ পত্রাদি।
Secretary to Government of India, Public Works Department, to Secretary to Government of India, Home Department, No. 161R., dated 16th February 1867, with enclosures.	হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের ফেব্রুআরী মাসের ১৬ তারিখের ১৬১ R নং পত্র ও তৎসহ পত্রাদি।
Acting Under-Secretary to Government, Bombay, to Secretary to Government of India, No. 1222, dated 16th April 1867.	ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে বোম্বাই গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১৬ তারিখের ১২২২ নং পত্র।
Resolution of Government of India, Public Works Department, No. 767R., dated 4th September 1867, with enclosures.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ৪ তারিখের ৭৬৭ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।
Secretary to Government of India, Public Works Department, to Secretary to Government of India, Home Department, No. 462R., dated 3rd June 1867, with enclosures.	হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জুন মাসের ৩ তারিখের ৪৬২ R নং পত্র ও তৎসহ পত্রাদি।
Resolution of Government of India, Public Works Department, No. 631R., dated 22nd July 1867, with enclosure.	পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের জুলাই মাসের ২২ তারিখের ৬৩১ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।
Home Department, to Legislative Branch, No. 6320, dated 10th October 1867, with enclosure.	ব্যবস্থাপন শাখার নিকটে হোম ডিপার্টমেণ্টের ১৮৬৭ সালের অক্টোবর মাসের ১০ তারিখের ৫৩২০ নং পত্র ও তৎসহ পত্রাদি।
Secretary to Government of India, Public Works Department, to Secretary to Government of India, Home Department, No. 889R., dated 10th October 1867, with enclosure.	হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের অক্টোবর মাসের ১০ তারিখের ৮৮৯ R নং পত্র ও তৎসহ পত্রাদি।

INDIAN RAILWAY BILL.

A Bill to consolidate and amend the Law relating to Railways in India.

(As altered by the Select Committee.)

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to Railways in India; It is hereby enacted as follows:—

PART I.

PRELIMINARY.

[Short Title.]

1. This Act may be called "The Indian Railway Act."

[Interpretation Clause.]

2. In this Act, unless there be something repugnant in the subject or context,—

["Railway."]

"Railway" includes all Railways and Tramways in India upon which steam or other mechanical power is used, whether such Railways and Tramways be under the superintendence of the Government or not, and whether opened or not for the public conveyance of passengers or goods:

["British India." "India."]

"British India" means the territories which are or shall be vested in Her Majesty under the Statute 21 and 22 Vic., cap. 106 *(An Act for the better government of India)*; and "India" shall mean such territories and also (so far only as regards British subjects within the dominions hereinafter mentioned) the dominions of Princes and States in the East Indies in alliance with Her Majesty:

["Secretary of State."]

"Secretary of State" means Secretary of State for India in Council:

["Magistrate."]

"Magistrate" means any person invested with the powers of a Magistrate, and includes a Justice of the Peace and a Magistrate of Police:

["Collector."]

"Collector" means any Officer whose duty it is to collect land-revenue:

["Imprisonment."]

"Imprisonment" means imprisonment of either description as defined in the Indian Penal Code:

["Fine."]

"Fine" includes a sum of money due upon a forfeited recognizance:

["Consulting Engineer."]

"Consulting Engineer" means Consulting Engineer to the Local Government, and includes a Deputy or Assistant Consulting Engineer:

[*Government Gazette, 7th January* 1868.]

ভারতবর্ষের রেলপথের পাণ্ডুলিপি।

(বিশেষ কমিটির দ্বারা পরিবর্ত্তিত)

ভারতবর্ষের রেলপথবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ভারতবর্ষের অন্তর্গত রেলপথ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় রেলপথের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[অর্থ নির্ণয়ের ধারা।]

২ ধারা। বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার দ্বারা এই ধারার লিখিত অর্থ বিপক্ষ না হইলে এই আইনেতে—

"রেলপথ"

ভারতবর্ষের অন্তর্গত যে সকল রেলপথে কি ট্রামপথে ষ্টীম কিম্বা কলযুক্ত অন্য শক্তির ব্যবহার হয়, তাহা গবর্ণমেণ্টের তত্ত্বাধানে থাকিলে কি না থাকিলে, এবং সাধারণ লোককে বহন কি দ্রব্যাদি চালান করিবার জন্যে খোলা গেলে কি না গেলেও "রেলপথ" শব্দে সেই সকল রেলপথ ও ট্রামপথ বুঝায়।

"ব্রিটনীয় ভারতবর্ষ ও ভারতবর্ষ"

ভারতবর্ষের সুশাসনার্থ আইন নামে বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইনমতে যে দেশ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তে কি বর্ত্তিবে "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই দেশ বুঝায়। এবং ভারতবর্ষ শব্দেতে সেই দেশ ও ভারতবর্ষের মধ্যে শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ রাজগণের দেশের মধ্যে যে ব্রিটনীয় প্রজাগণ থাকেন কেবল তাঁহারদের সম্পর্কে সেই সন্ধিবদ্ধ রাজাদের দেশ ও অধিকার বুঝায়।

"ষ্টেট সেক্রেটারী"

ষ্টেট সেক্রেটারী শব্দেতে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবকে বুঝায়।

"মাজিষ্ট্রেট"

যে কোন ব্যক্তির প্রতি মাজিষ্ট্রেটের ক্ষমতা অর্পণ করা যায় মাজিষ্ট্রেট শব্দে তাঁহাকে বুঝায়। শান্তিরক্ষার্থ জষ্টিস এবং পোলীসের মাজিষ্ট্রেটও সেই শব্দে গণ্য।

"কালেক্টর"

ভূমির রাজস্ব আদায় করা যে কার্য্যকারকের কর্ত্তব্য হয়, কালেক্টর শব্দে তাঁহাকে বুঝায়।

"কারাদণ্ড"

কারাদণ্ড শব্দে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারের কারাদণ্ড বুঝায়।

"অর্থদণ্ড।"

প্রতিজ্ঞা ভঙ্গ হওয়াতে যে টাকা দণ্ড দিতে হয়, অর্থদণ্ড শব্দের মধ্যে তাহাও গণ্য।

"কনসলটিং ইঞ্জিনিয়র।"

কনসলটিং ইঞ্জিনিয়র শব্দে স্থানীয় গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়রকে বুঝায়। ডেপুটী কি আসিষ্টাণ্ট কনসলটিং ইঞ্জিনিয়রও সেই শব্দে গণ্য।

[" District Superintendent of Police."]

"District Superintendent of Police" includes an Assistant Superintendent of Police in charge of a division of a district :

[" Company."]

" Company" means the proprietors for the time being of any Railway to which this Act applies, and their lessees, representatives and assigns :

[" Station-Master."]

"Station-Master" denotes the officer for the time being in charge of a Railway Station :

[" Servant."]

" Servant" includes any person employed in the Railway Police or otherwise by or on behalf of a Company to do any act upon the Railway :

[" Mails."]

"Mails" includes post letter bags and boxes, and banghy parcels :

[" Carriage."]

" Carriage" includes engines, tenders, wagons and vehicles of every description adapted for running on a Railway :

[" Traffic."]

"Traffic" includes not only passengers and their luggage, and goods, animals and other things conveyed by any Company, but also carriages :

[" Local Government."]

And in every part of India in which this Act shall operate, " Local Government" shall mean the person authorized by law to administer executive Government in such part, and shall include a Chief Commissioner: Provided that in respect of matters affecting the general administration of any Railway and so far as regards British subjects in the said dominions, " Local Government" shall mean the authority, or the concurrent authorities, which the Governor General of India in Council shall from time to time prescribe in that behalf by notification in the *Gazette of India :*

[" Advocate General."]

And " Advocate General" includes any other person authorised to act for the Local Government in any judicial proceeding.

[Acts repealed.]

3. The Acts mentioned in the Schedule hereto are repealed to the extent specified in the third column of such Schedule, except in so far as the first-mentioned Act repeals any other Act, and except as to acts done, offences committed and liabilities incurred before the passing of this Act.

(To be continued.)

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ৭ জানুআরি] ।

" পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট ।"

" পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট" এই কথার মধ্যে জিলার খণ্ড পোলীসের যে আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টের অধীনে থাকে তিনিও গণ্য ।

" কোম্পানি ।"

এই আইন যে রেলপথের প্রতি বর্ত্তে যাঁহারা যৎকালে সেই রেলপথের স্বামী হন কোম্পানি শব্দে তাঁহারদিগকে ও তাঁহারদের স্থানে পাট্টাপ্রাপ্ত ব্যক্তিদিগকে ও তাঁহারদের স্থলাভিষিক্তদিগকে ও আসৈনদিগকে বুঝায় ।

" ষ্টেশন মাষ্টর ।"

যৎকালে যে কর্ম্মকারক রেলওয়ে ষ্টেশনের অধ্যক্ষ হন ষ্টেশন মাষ্টর শব্দে তাঁহাকে বুঝায় ।

" চাকর ।"

যে ব্যক্তি রেলপথ সংক্রান্ত পোলীসের কর্ম্মে কিম্বা কোম্পানির দ্বারা কি তৎপক্ষে রেলপথের কোন কর্ম্মে নিযুক্ত হন " চাকর" শব্দে তিনিও গণ্য ।

" ডাকপত্রাদি ।"

" ডাকপত্রাদি" শব্দের মধ্যে ডাকপত্রের থলি ও বাকৃস ও বাঙ্গি পুলিন্দা গণ্য ।

" গাড়ি ।"

গাড়ি শব্দের মধ্যে কলের ও কয়লার ও মালের গাড়ি এবং রেলপথের উপর চলিবার উপযুক্ত প্রত্যেক প্রকারের গাড়ি গণ্য ।

" ট্রাফিক ।"

ট্রাফিক শব্দের মধ্যে চড়নদার ও তাহারদের বস্ত্রাদির পেটারা ও কোন কোম্পানি কর্ত্তৃক যে মাল ও পশু ও অন্য দ্রব্য চালান করা যায় তাহা এবং গাড়িও গণ্য ।

" স্থানীয় গবর্ণমেণ্ট ।"

এই আইন ভারতবর্ষের যে প্রত্যেক স্থানে প্রচলিত হয়, সেই স্থানে যিনি আইনমতে কর্ত্তত্ব কর্ম্ম নিরূপণাধিকারিত্ব প্রাপ্ত হন, স্থানীয় গবর্ণমেণ্ট শব্দে তাঁহাকে বুঝায় । প্রধান কমিস্যনরও সেই শব্দে গণ্য । পরন্তু কোন রেলপথের সাধারণ কার্য্য নিরূপণসম্পর্কীয় বিষয়ে এবং উক্ত দেশের অন্তর্গত ব্রিটনীয় প্রজা সম্পর্কে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে কর্ত্তৃপক্ষকে কি তুল্য ক্ষমতাবিশিষ্ট যে কর্ত্তৃপক্ষদিগকে নিযুক্ত করেন " স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাঁহাকে কি তাঁহারদিগকেও বুঝায় ।

" আডবোকেট জেনরল ।"

আদালত সংক্রান্ত কোন কার্য্যে অন্য যে ব্যক্তি স্থানীয় গবর্ণমেণ্টের পক্ষসমর্থন করিতে ক্ষমতাপ্রাপ্ত হন, আডবোকেট জেনরল শব্দের মধ্যে তিনিও গণ্য ইতি ।

[যে২ আইন রহিত হইল তাহার কথা ।]

৩ ধারা । এই আইনের তপসীলের লিখিত আইন তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইয়াছে তত দূর রহিত হইল । কিন্তু তম্মধ্যে কোন আইনের যে কথাদ্বারা অন্য কোন আইন রহিত হয় সেই কথা প্রবল থাকিবে । এবং এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে ক্রিয়া ও যে অপরাধ করা যায় ও যে দায় বর্ত্তে তৎসম্পর্কে ঐ২ আইন প্রবল থাকিবে, ইতি ।

[ক্রমশঃ প্রকাশ্য ।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4736.

APPOINTMENTS.

The 23rd December 1867.

Lieutenant E. N. D. LaTouche to be Secretary to the Local Committee of Public Instruction at Tezpore.

The 24th December 1867.

The following gentlemen to be Visitors of the Lunatic Asylum at Patna under Section 2, Act XXXVI. of 1858:—

Dr. N. Jackson.
„ J. C. Collins.

Mr. E. W. Molony is vested with the powers of a Commissioner of Revenue and Circuit in the Cuttack Division, and appointed to have charge of the current duties of the Commissioner's Office, during the absence of Mr. T. E. Ravenshaw from Cuttack, or until further orders.

The 26th December 1867.

The following Officers of the Subordinate Executive Service are promoted, *viz.:—*

From the Fifth to the Fourth Grade.

Baboo Gopal Chunder Mookerjee.

From the Sixth to the Fifth Grade.

Baboo Poorno Chunder Ghose.
„ Kristo Chunder Dutt.
„ Shib Persad Sandyal.
„ Anund Mohun Mozoomdar.
„ Kristobehary Mookerjee.
Moulvy Fyzoollah.
„ Wassifooddeen.

Moulvy Wassifooddeen, Deputy Magistrate and Deputy Collector of Pubna, is vested with the powers of a Magistrate in that District.

Baboo Dwarkanath Sen, Officiating Deputy Magistrate and Deputy Collector, Soonderbuns, is confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service.

Baboo Chunder Seekhur Banerjee, Special Deputy Magistrate and Deputy Collector, Cuttack, is confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service.

The 27th December 1867.

The following gentlemen are appointed to officiate temporarily as Deputy Collectors for Settlement Operations under Act IX. of 1847, *viz.:—*

Baboo Bhugabati Churn Chatterjee, in the Bhaugulpore Division.

Mr. A. W. Jones, in the Rajshahye Division.

Mr. R. T. Sevestre, Deputy Magistrate and Deputy Collector of Diamond Harbour, is

[*Government Gazette, 7th January* 1868.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৭৩৬ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ২৩ ডিসেম্বর।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ই. এন, ডি, লাটুচ সাহেব তেজপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৬৭ সাল ২৪ ডিসেম্বর।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারামতে পাটনার ক্ষিপ্তব্যক্তিদের আশ্রয় বাটীর পরিদর্শক হইবেন।

ডাক্তর শ্রীযুত এন্ জাক্সন সাহেব।
„ „ জে সি কলিন্স সাহেব।

ছুটী প্রযুক্ত শ্রীযুত টি, ই, রেবান্সা সাহেবের কটক হইতে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই, ডবলিউ মলনী সাহেব কটক খণ্ডে রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের ক্ষমতা এবং কমিস্যনরের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৬ ডিসেম্বর।

নিম্নলিখিত অধঃস্থ বিচারকর্ত্তৃত্ব কার্য্যকারকেরা উচ্চ পদভুক্ত হইয়াছেন।

পঞ্চম শ্রেণী হইতে চতুর্থ শ্রেণীতে

শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়।

ষষ্ঠ শ্রেণীহইতে পঞ্চম শ্রেণীতে

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র ঘোষ।
„ বাবু কৃষ্ণচন্দ্র দত্ত।
„ বাবু শিবপ্রসাদ সান্ন্যাল।
„ বাবু আনন্দমোহন মজুমদার।
„ বাবু কৃষ্ণবিহারী মুখোপাধ্যায়।
„ মৌলবী ফয়জুল্লা।
„ মৌলবী ওয়াসীফুদ্দীন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াসীফুদ্দীন ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

সুন্দরবনের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ সেন অধঃস্থ বিচারকর্ত্তৃত্ব কার্য্যের ষষ্ঠ শ্রেণীতে স্থিরতররূপে নিযুক্ত হইয়াছেন।

কটকের বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রশিখর বন্দ্যোপাধ্যায় অধঃস্থ বিচার কর্ত্তৃত্ব কার্য্যের ষষ্ঠ শ্রেণীতে স্থিরতররূপে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৭ সাল ২৭ ডিসেম্বর।

নিম্নলিখিত মহাশয়েরা কিয়ৎকালের নিমিত্তে ১৮৬৭ সালের ৯ আইনমতে বন্দোবস্তের কার্য্যের ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন। অর্থাৎ

ভাগলপুর খণ্ডে শ্রীযুত বাবু ভগবতীচরণ চট্টোপাধ্যায়।

রাজশাহী খণ্ডে শ্রীযুত এ ডবলিউ জোন্স সাহেব।

কলাগাছির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর টি সিবেষ্টার সাহেব বর্দ্ধমান খণ্ডে

transferred to the Burdwan Division, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in all the Districts of that Division.

Baboo Hem Chunder Ker, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Diamond Harbour, and to exercise the powers of a Magistrate in the 24-Pergunnahs.

The 28th December 1867.

Mr. E. W. Molony to be Magistrate and Collector of Chumparun, but to continue in charge of the current duties of the Commissioner's Office at Cuttack, during the absence of Mr. T. E. Ravenshaw from Head-Quarters, or until further orders.

Mr. H. Hankey to be Magistrate and Collector of Moorshedabad.

Mr. H. W. Alexander, Magistrate and Collector of Shahabad, to be a Magistrate and Collector of the First Grade.

Mr. E. E. Lowis to be a Magistrate and Collector of the Second Grade, and to be Magistrate and Collector of Maldah.

Mr. J. Monro to be Deputy Collector of Customs, Calcutta, but to continue to officiate as Magistrate and Collector of Jessore.

Mr. T. T. Allen to be Joint-Magistrate and Deputy Collector of Jessore, but to continue to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of Tipperah.

Mr. J. D. Maclean to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, but to continue to officiate, until further orders, as Deputy Collector of Customs, Calcutta.

The above seven appointments will have effect from the 11th instant, the date on which Mr. J. J. Grey forfeited his appointment by exceeding twenty months of leave.

Mr. A. V. Palmer to officiate as Magistrate and Collector of Monghyr, until further orders.

Mr. G. S. Park to officiate as Magistrate and Collector of Furreedpore.

This cancels Mr. Park's appointment to officiate as Magistrate and Collector of Sylhet, notified in the *Calcutta Gazette* of the 11th instant.

Mr. W. Kemble to officiate temporarily as Magistrate and Collector of Sylhet.

Mr. J. Boxwell to officiate temporarily as Joint-Magistrate and Deputy Collector of Sylhet.

The 30th December 1867.

Mr. D. W. Ritchie to officiate as District Superintendent of Police, Singbhoom, during the absence, on leave, of Mr. R. S. O'Connor, or until further orders.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৭ জানুআরি।]

নিযুক্ত হইয়াছেন, এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অবংস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু হেমচন্দ্র কর কলাগাছি শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ২৪ পরগনায় মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২৮ ডিসেম্বর।

শ্রীযুত ই ডবলিউ মলনী সাহেব চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন কিন্তু শ্রীযুত টি, ই, রেবানশা সাহেবের সদর মোকামহইতে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কটকের কমিস্যনর সাহেবের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভারপ্রাপ্ত থাকিবেন।

শ্রীযুত এচ হান্কী সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন।

শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত এচ, ডবলিউ আলেকজণ্ডার সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন।

শ্রীযুত ই, ই, লৌইস সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেকুটর হইয়া মালদহের মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন।

শ্রীযুত জে মনরো সাহেব কলিকাতার কষ্টমের ডেপুটী কালেকুটর হইবেন, কিন্তু যশোহরের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত টি, টি, আলেন সাহেব যশোহরের জাইন্ট মাজিষ্ট্রেট ও কালেকুটর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ত্রিপুরার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে, ডি, মাকুলীন সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর হইবেন কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কলিকাতার কষ্টমের ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিতে থাকিবেন।

উপরোক্ত সাত নিয়োগ এই মাসের ১১ তারিখঅবধি প্রবল হইবে। শ্রীযুত জে, জে, গ্রে সাহেব বিশ মাসের অধিক কাল ছুটী গ্রহণ করাতে ঐ তারিখে তাঁহার নিয়োগ রহিত হইল।

শ্রীযুত এ, বি, পামর সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি, এস, পার্ক সাহেব ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীহট্টে মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে শ্রীযুত পার্ক সাহেবের নিযুক্ত হইবার যে কথা এই মাসের ১১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

শ্রীযুত ডবলিউ কেম্বল সাহেব কিয়ৎকালের নিমিত্তে শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বক্সওয়েল সাহেব কিয়ৎকালের নিমিত্তে শ্রীহট্টের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত আর, এস, ও'কনর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডি, ডবলিউ রীচি সাহেব সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Maldah :—

Gossain Mohendra Geer.
Baboo Domun Chunder Chowdry.

The 31st December 1867.

With the sanction of His Excellency the Governor General of India, the Lieutenant-Governor has been pleased to nominate Mr. V. H. Schalch to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

LEAVE OF ABSENCE.

The 21st December 1867.

Baboo Gocool Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector, Noakhally, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him on the 27th September last.

Baboo Sumbhoo Chunder Goopto, Sub-Assistant Surgeon, attached to the Burrisaul Charitable Dispensary, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him on the 14th August last.

The 24th December 1867.

Baboo Denonath Mookerjee, Personal Assistant to the Commissioner of the Cooch Behar Division, for one month and three days, from the 13th October last, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865.

The 30th December 1867.

Mr. R. S. O'Connor, District Superintendent of Police, Singbhoom, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

The 21st December 1867.

Mr. H. M. Reily, of the Bengal Police, reported his departure from India per Steam-ship *Candia,* which was left at sea by the Pilot on the 10th instant.

Mr. W. Gordon Young, C. S., reported his departure from India per Steam-ship *Candia,* which was left at sea by the Pilot on the 10th instant.

The 26th December 1867.

Mr. H. W. Gordon, of the Civil Service, reported his return to India on the 25th instant per Steam-ship *Newcastle.*

[*Government Gazette, 7th January* 1868.]

নিম্নলিখিত মহাশয়েরা মালদহের দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত গোস্বামী মহেন্দ্র গীর।
,, বাবু ডোমনচন্দ্র চৌধুরী।

১৮৬৭ সাল ৩১ ডিসেম্বর।

ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব শ্রীযুত বি, এচ, শল্ক সাহেবকে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদে মনোনীত করিলেন।

ছুটী।

১৮৬৭ সাল ২১ ডিসেম্বর।

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোকুলচন্দ্র রায় গত সেপ্টেম্বর মাসের ২৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বরিশালে দাতব্য ঔষধালয়ে নিযুক্ত শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র গুপ্ত গত আগষ্ট মাসের ১৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৪ ডিসেম্বর।

কুচবেহার খণ্ডের কমিসানর সাহেবের নিজের আসিষ্টান্ট শ্রীযুত বাবু দীননাথ মুখোপাধ্যায় ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে গত অক্টোবর মাসের ১৩ তারিখ অবধি এক মাস তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৩০ ডিসেম্বর।

সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর, এস ও'কনর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২১ ডিসেম্বর।

বঙ্গদেশের পোলীসসংক্রান্ত শ্রীযুত এচ, এম, রাইলী সাহেব কাণ্ডিয়া নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব উক্ত জাহাজ এই মাসের ১০ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

সিবিল কার্য্যসংক্রান্ত শ্রীযুত ডবলিউ গর্ডন ইয়ং সাহেব কাণ্ডিয়া নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, আড়কাটী সাহেব উক্ত জাহাজ এই মাসের ১০ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৬৭ সাল ২৬ ডিসেম্বর।

সিবিল কার্য্যসংক্রান্ত শ্রীযুত এচ ডবলিউ গর্ডন সাহেব নিউকাষ্টল নামক বাষ্পীয় জাহাজে এই মাসের ২৫ তারিখে ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

The leave granted to Lieutenant-Colonel H. S. Bivar, Deputy Commissioner of the Cossyah and Jynteah Hills, under orders of the 4th November last, is cancelled at his own request.

NOTIFICATION.

The 23rd December 1867.

On the report of the Board of Examiners, the following Officers are declared to have passed the Examinations prescribed in the Government Resolution, dated 19th November 1851, *viz.*:—

By the Second or Higher Standard.

Mr. C. C. Quinn.
„ H. S. Beadon.
„ J. R. Hallett.
„ W. H. Verner.
Baboo Gobind Chunder Bose.
„ Poorno Chunder Ghose.
Mr. G. K. Webster.
Baboo Kristo Chunder Dutt.
Mr. G. J. S. Hodgkinson.
„ J. A. Hopkins.
„ H. Clark.
„ J. G. Charles.
Captain E. Y. Walcott.
Baboo Chunder Narain Sing.
Moulvy Mofeezooddeen.
Mr. W. F. Meres.

„ F. J. G. Campbell ...
Baboo Kristo Persad Ghose
} Still liable to a further examination in Urdu.

Mr. J. F. Stevens ... } Still liable to a further examination in Bengali.

Police Officers.

Mr. E. A. Vines.
„ A. C. Bolst.

„ J. S. Larminie ...
„ W. B. Maxwell ...
} Still liable to a further examination in Urdu.

By the First or Lower Standard.

Baboo Chunder Seekhur Banerjee.
Mr. W. E. Kinsey.
Baboo Tariny Porsad Roy.
Lieutenant J. Butler.
Baboo Baroda Kant Mozoomdar.
„ Dwarka Nath Sen.
Mr. J. Stewart.
Lieutenant W. L. Samuells.
Baboo Heeralall Mookerjee.
Mr. W. B. Oldham.
„ G. Smeaton.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৭ জানুআরি।]

কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের ডেপুটী কমিস্যনর লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ, এস বিবার সাহেব গত নবেম্বর মাসের ৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৩ ডিসেম্বর।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে নিম্নলিখিত কার্য্যকারকেরা গবর্ণমেন্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন, যথা—

দ্বিতীয় অর্থাৎ উচ্চতর কক্ষাতে।

শ্রীযুত সি সি কুইন সাহেব।
„ এচ এস বীডন সাহেব।
„ জে আর হালেট সাহেব।
„ ডবলিউ এচ বর্ণর সাহেব।
„ বাবু গোবিন্দ চন্দ্র বসু।
„ বাবু পুর্ণচন্দ্র ঘোষ।
„ জি কে ওয়েবষ্টর সাহেব।
„ বাবু কৃষ্ণচন্দ্র দত্ত।
„ জি জে এস হজকিন্সন সাহেব।
„ জে এ হপকিন্স সাহেব।
„ এচ ক্লার্ক সাহেব।
„ জে জি চার্লস সাহেব।
কাপ্তান শ্রীযুত ই ওযাই ওয়ালকট সাহেব।
শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ।
„ মৌলবী মফীজুদ্দীন।
„ ডবলিউ এফ মিয়র্স সাহেব।

„ এফ জে জি কাম্বেল সাহেব } উর্দ্দু ভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবে।
„ বাবু কৃষ্ণ প্রসাদ ঘোষ।

„ জে এফ ষ্টীবন্স সাহেব ... } বঙ্গভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে দিতে হইবে

পোলীস কার্য্যকারকেরা।

শ্রীযুত ই এ বাইন্স সাহেব।
„ এ সি বোলষ্ট সাহেব।

„ জে এস লার্ম্মিনী সাহেব
„ ডবলিউ বি মাক্সওয়েল সাহেব
} উর্দ্দু ভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবে।

প্রথম অর্থাৎ নিম্নতর কক্ষাতে।

শ্রীযুত বাবু চন্দ্রশিখর বন্দ্যোপাধ্যায়।
„ ডবলিউ ই কিন্সি সাহেব।
„ বাবু তারিণীপ্রসাদ রায়।
লেপ্টেনেন্ট শ্রীযুত জে বটলর সাহেব।
শ্রীযুত বাবু বরদাকান্ত মজুমদার।
„ বাবু দ্বারকানাথ সেন।
„ জে ষ্টুয়ার্ট সাহেব।
লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এল সামুয়েলস্ সাহেব।
শ্রীযুত বাবু হীরালাল মুখোপাধ্যায়।
„ ডবলিউ বি ওল্ড্হাম সাহেব।
„ জি স্মীটন সাহেব।

Police Officers.

Mr. W. B. Maxwell.
„ G. K. Meares.
„ W. B. Savi.
„ T. G. Charles.
„ K. G. Burn.

The following Officers of the Opium Department have passed, *viz.* :—

Mr. W. Blundell ... }
„ J. F. Clinton ... } Still liable to a further examination in Urdu.

APPOINTMENTS.

The 23rd December 1867.

The following Officers are vested with the powers of a Magistrate and Deputy Collector in the Districts mentioned, *viz.* :—

Mr. G. K. Webster, in Nuddea.
„ H. Clark, in the 24-Pergunnahs.
„ W. F. Meres, in Howrah.

Moulvy Mofeezooddeen, Deputy Magistrate and Deputy Collector of Tipperah, is vested with the powers of a Magistrate in that District.

Mr. J. Stewart, Assistant Magistrate and Collector, Rajshahye, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in that District.

Lieutenant J. Butler, Assistant Commissioner, Kamroop, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class and Moonsiff in Assam.

Lieutenant W. L. Samuells, Assistant Commissioner, Hazareebaugh, is vested with the powers of a Moonsiff in that District.

The following Deputy Magistrates and Deputy Collectors are vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the Districts mentioned, *viz.* :—

Baboo Chunder Seekhur Banerjee, in Cuttack.
„ Dwarka Nath Sen, in Backergunge and in all the Districts of the Presidency Division.
Baboo Heeralall Mookerjee, in Backergunge.

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

পোলীস কার্য্যকারকেরা।

শ্রীযুত ডবলিউ বি মাক্সওয়েল সাহেব।
,, জি, কে, মিয়র্স সাহেব।
,, ডবলিউ বি সাবি সাহেব।
,, টি জি চার্লস সাহেব।
,, কে, জি, বর্ণ সাহেব।

আফীম ডিপার্টমেন্টের নিম্নলিখিত কার্য্যকারকেরা পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ ব্লণ্ডেল সাহেব। }
,, জে এফ ক্লিন্টন সাহেব। } উর্দ্দু ভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবে।

নিয়োগ।

১৮৬৭ সাল ২৩ ডিসেম্বর।

নিম্নলিখিত কার্য্যকারকেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ—

নদীয়ার শ্রীযুত জি কে ওয়েবষ্টর সাহেব।
২৪ পরগনায় শ্রীযুত এচ ক্লার্ক সাহেব।
হাবড়ায় শ্রীযুত ডবলিউ এফ মিয়র্স সাহেব।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মফীজুদ্দীন ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

রাজশাহীর আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে ষ্টুয়ার্ট সাহেব ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

কামরূপের আসিষ্টান্ট কমিসানর লেপ্টেনেন্ট শ্রীযুত জে বটলর সাহেব আসামে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

হাজারীবাগের আসিষ্টান্ট কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ, এল, সামুয়েল্‌স সাহেব ঐ জিলাতে মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ—

কটকে শ্রীযুত বাবু চন্দ্রশিখর রায়।
বাকরগঞ্জে ও প্রেসীডেন্সী খণ্ডের সকল জিলাতে শ্রীযুত বাবু দ্বারকানাথ সেন।
বাকরগঞ্জে শ্রীযুত বাবু হীরালাল মুখোপাধ্যায়।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 23rd December 1867.

Moonshee Lootfur Ruhman to officiate as Moonsiff of Selimabad, Zillah East Burdwan.

The 24th December 1867.

Baboo Poornoo Chunder Sein to take charge of the current duties of the Moonsiffee of Madaree-

[*Government Gazette, 7th January* 1868.]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৭ সাল ২৩ ডিসেম্বর।

শ্রীযুত মুন্সী লুৎফর রহমান পূর্ব্ব বর্দ্ধমান জিলার সেলিমাবাদের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২৪ ডিসেম্বর।

বাকরগঞ্জ জিলার মাদারীপুরের মুনসেফের সদর আমীনী কর্ম্ম করণার্থে নিয়োগহেতু তথাকার মুনসেফী

pore, Zillah Backergunge, vacated by the appointment of the Moonsiff to officiate as Sudder Ameen.

Baboo Poornoo Chunder Sein to officiate as Moonsiff of Madareepore, Zillah Backergunge, during the absence on deputation of Baboo Brojo Kishore Sein, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 23rd December 1867.

Baboo Rampershad, Moonsiff of Soorujgurrah, Zillah Bhaugulpore, for seven days, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules, placing his Sheristadar in charge of the current duties of his office.

The 24th December 1867.

Baboo Kumla Kant Chuckerbutty, Moonsiff of Juggernathdiggee, Zillah Tipperah, for one month, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Absentee Rules of the 13th April 1864.

Baboo Chunder Kishore Roy, Moonsiff of Hathazaree, Zillah Chittagong, for three weeks without pay under the Financial Resolution, dated the 4th June 1864, in extension of that granted on the 19th September last.

C. D. FIELD,
Registrar.

HIGH COURT, &c.,
The 3rd January 1868.

পদ শূন্য হইলে শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র সেন উক্ত মুনসেফের চলিত কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

রাজকীয় কর্ম্মোপলক্ষে শ্রীযুত বাবু ব্রজকিশোর সেনের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র সেন বাকরগঞ্জ জিলার মাদারীপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ২৩ ডিসেম্বর।

ভাগলপুর জিলার সূর্য্যগড়ার মুনসেফ শ্রীযুত রামপ্রসাদ বাবু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে সাত দিনের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার শিরিশ্তাদারের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৭ সাল ২৪ ডিসেম্বর।

ত্রিপুরা জিলার জগন্নাথ দীঘীর মুনসেফ শ্রীযুত বাবু কমলাকান্ত চক্রবর্ত্তী ১৮৬৪ সালের আপ্রিল মাসের ১৩ তারিখের অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রাম জিলার হাটহাজারীর মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকিশোর রায় গত সেপ্টেম্বর মাসের ১৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড।
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ৩ জানুআরি।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

Notice.

IN modification of the previous notice, published in the *Calcutta Gazette* of the 23rd October last, it is hereby notified that the Special Sub-Registrars will hold office at the places mentioned in the first four groups on the dates specified below:—

Patna, Monghyr, Burdwan, and Howrah, from 1st to 8th and from 16th to 22nd of every month.

Arrah, Bhaugulpore, Hooghly, and Serampore, from 9th to 15th and from 23rd to the end of the month.

H. BEVERLEY,
Registrar-General, L. P.

FORT WILLIAM,
The 20th December 1867.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৭ জানুআরি।]

বিজ্ঞাপন।

ইতিপূর্ব্বে যে বিজ্ঞাপন গত অক্টোবর মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা মতান্তর করিয়া ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বিশেষ সব-রেজিষ্ট্রারেরা প্রথম চারি সমাহারে নিম্ন লিখিত তারিখে কার্য্য করিবেন। অর্থাৎ

প্রতি মাসের ১ অবধি ৮ পর্য্যন্ত ও ১৬ অবধি ২২ পর্য্যন্ত পাটনায়, মুঙ্গেরে, বর্দ্ধমানে, ও হাবড়ায়।

৯ অবধি ১৫ পর্য্যন্ত ও ২৩ অবধি মাসের শেষে পর্য্যন্ত আরায়, ভাগলপুরে, হুগলীতে ও শ্রীরামপুরে।

এচ বেবরলী,
বঙ্গপ্রভৃতিদেশের রেজিষ্ট্রার জেনরল।

ফোর্ট উলিয়ম,
১৮৬৭ সাল ২০ ডিসেম্বর।

NOTICE.

It is hereby notified that a large "Mela" or "Fair" will be held at Gowhatty, in Kamroop, Assam, in February 1868, commencing on Wednesday, the 5th day of February 1868, corresponding with the 23rd of Maugh 1274 *B. S.*, and continuing for as many days as may be deemed necessary.

J. F. Sherer,
Dy. Commr. of Kamroop.

Dy. Commr.'s Office ;
Gowhatty, Assam,
The 26th November 1867.

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে আসাম প্রদেশান্তর্গত জিলা কামরূপের "গোহাটী শহরে" আগামি ইঙ্গরাজী ১৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ৫ই তারিখ বাঙ্গালা ১২৭৪ সালের মাঘ মাসের ২৩সা তারিখ বুধবার. অবধি এক বৃহত মেলা আরম্ভ হইবেক ও তাহা যত দিবস রাখা আবশ্যক বোধ হয় তত দিবস রাখা যাইবেক ইতি।

ডেপুটী কমিস্যনর,
জিলা কামরূপ, আসাম।

আসাম গোহাটীর ডেপুটী কমিস্যনর
সাহেবের কার্য্যালয়,
তারিখ ২৬সা নবেম্বর ১৮৬৭ ইঙ্গরাজী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

TO BE SOLD.

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Thursday, the 23rd January 1868, at the hour of 12 o'clock, noon, the right and interests of the Defendant Raja Puddonabh Deb, of Killah Aul, in the said Killah of Aul, and also in the undermentioned Zemindaries, in satisfaction of certain Decrees held by Kunhyalall Pundit, and others, Plaintiffs, and execution of which has been taken out against him. The Killah in question is a fixed Tributary Estate, the permanent jumma of which is Rs. 28,139-2-7 per annum. Twenty-five per cent. on the amount bid, will be required to be paid in at the time of purchase, and the balance within a fortnight from the date of sale.

Name of Zemindary.	*Amounts of Sudder Jumma.*		
	Rs.	As.	P.
Talook Burree, Pergunnah Kullamatea, ...	5,359	14	10¾
Talook Narrainpore, Pergunnah Ditto, ...	4,876	11	4
Kismut Talook Baligan Nagpore, Pergunnah Kaima, ...	317	8	5
Futna Goolnugger, Pergunnah Soojabad, ...	608	7	2
Kismut Talook Nupooni, Killah Kaima, ...	839	5	11
Do. Do. Deoolturra, Pergunnah Burrooah, ...	2,288	8	3
Mouzah Urgul, Pergunnah Hasimoonda, ...	873	1	3
And Kismut Killah Ghagra Damurpore, Killah Ghagra Damurpore, ..	850	7	1¼

W. Wright,
Principal Sudder Ameen.

Cuttack,
The 12th December 1867.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় করসংক্রান্ত আইনঘটিত কার্য্যবিধান।

অর্থাৎ

বঙ্গদেশীয় জমীদার ও প্রজার পরস্পর সম্বন্ধ নিরূপক আইন সমূহের সংক্ষিপ্ত কার্য্যোপযোগি পুস্তক। ইহা পুর্ব্বতন সদর দেওয়ানী আদালতের ও বর্ত্তমান হাই কোর্টের অতি কার্য্যকর নিষ্পত্তি সকল দ্বারা ব্যাখ্যাকৃত হইয়াছে, এবং লাখেরাজ ভূমি ও কররৃদ্ধি সম্বন্ধীয় হাই কোর্টের ইদানীন্তন নিষ্পত্তি সকল এই পুস্তকের শেষভাগে সংযোধিত হইয়াছে। জমীদার, প্রজা, বিচারক, উকীল, ও মোক্তারদিগের ব্যবহারার্থ কৃষ্ণনগর ও যশোহরের প্রধান ছোট আদালতের পূর্ব্বতন বিচারপতি এবং কলিকাতা হাই কোর্টের অধুনাতন রেজিষ্ট্রার বেঙ্গাল সিবিল সর্ভান্ট সি ডি ফিল্ড সাহেব কর্ত্তৃক এই পুস্তক প্রস্তুত হইয়াছে। ইহার দ্বারা মোক্তারগণ পরীক্ষার্থে প্রস্তুত হইবার জন্য বিশেষ উপকার প্রাপ্ত হইবে। ইহার বাঙ্গলা অনুবাদের মূল্য ৩৲ টাকা। একত্র দশ খণ্ড লইলে তাহা ২০৲ টাকা মূল্যে প্রাপ্ত হইবেন। কলিকাতা লোয়ার সরক্যুলর রোডের ২১ সংখ্যক ভবনে ব্যাপ্‌টিষ্ট মিসন প্রেসের তত্ত্বাবধারকের নিকট পত্র এবং তাঁহার নামে মনি অর্ডর প্রেরণ করিতে হইবে।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে রার্কো সাহেব কর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 14, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৪ জানুআরি।

HOME DEPARTMENT.

Legislative.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 3rd January 1868, and is hereby promulgated for general information:—

Act No. I of 1868.

An Act for shortening the language used in Acts of the Governor General of India in Council and for other purposes.

[Preamble.]

Whereas it is expedient to shorten the language used in Acts made by the Governor General of India in Council, and to make certain provisions relating to such Acts; It is hereby enacted as follows:—

[Short title.]

1. This Act may be cited as "The General Clauses' Act, 1868."

[Interpretation clause.]

2. In this Act and in all Acts made by the Governor General of India in Council after this Act shall have come into operation,—unless there be something repugnant in the subject or context,—

[Gender.]

(1.) Words importing the masculine gender shall be taken to include females;

[*Government Gazette, 14th January* 1868.]

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইনেতে উক্ত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের জানুআরি মাসের ৩ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইনের কথা সংক্ষেপ করণার্থ ও অন্য২ অভিপ্রায়ার্থ আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইনের বাক্যবাহুল্য সংক্ষেপ করা এবং ঐ২ আইন সম্পর্কীয় কোন২ বিধান করা বিহিত। এই হেতু নিম্নলিখিত বিধান করা গেল।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন ১৮৬৮ সালের "সাধারণ ধারাবিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[অর্থ করিবার ধারা।]

২ ধারা। এই আইনেতে, এবং এই আইন প্রচলিত হইবার পর মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে সকল আইন প্রণয়ন করেন, সেই সকল আইনেতে, যদি লিখিত বিষয়ের ও পূর্ব্বাপর কথার বিপরীত অর্থ না হয়, তবে

"লিঙ্গ।"

(১) পুংলিঙ্গবোধক শব্দে স্ত্রীগণও গণ্য।

[Number.]

(2.) Words in the singular shall include the plural and *vice versâ*;

[" Person."]

(3.) "Person" shall include any company, or association, or body of individuals whether incorporated or not;

["Year" and "month."]

(4.) "Year" and "month" shall respectively mean a year and month reckoned according to the British calendar;

[" Immoveable property."]

(5.) "Immoveable property" shall include land, benefits to arise out of land, and things attached to the earth, or permanently fastened to anything attached to the earth;

[" Moveable property."]

(6.) " Moveable property" shall mean property of every description, except immoveable property;

[" Her Majesty."]

(7.) " Her Majesty" shall include Her heirs and successors to the Crown;

[" British India."]

(8.) " British India" shall mean the territories for the time being vested in Her Majesty by the Statute 21 & 22 Vic., cap. 106 (*An Act for the better government of India)*, other than the settlement of Prince of Wales' Island, Singapore and Malacca;

[" Government of India."]

(9.) " Government of India" shall denote the Governor General of India in Council, or during the absence of the Governor General of India from his Council, the President in Council, or the Governor General of India alone, as regards the powers which may be lawfully exercised by them or him respectively;

[" Local Government."]

(10.) "Local Government" shall mean the person authorized by law to administer executive government in the part of British India in which the Act containing such expression shall operate, and shall include a Chief Commissioner;

[" High Court."]

(11.) " High Court" shall mean the highest Civil Court of appeal in such part;

[" District Judge."]

(12.) " District Judge" shall mean the Judge of a principal Civil Court of original jurisdiction; but shall not include a High Court in the exercise of its ordinary of extraordinary original civil jurisdiction;

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ১৪ জানুয়ারি।]

"বচন।"

(২) এক বচনান্ত শব্দে বহুবচনান্ত ও বহুবচনান্ত শব্দে এক বচনান্ত শব্দ গণ্য।

"ব্যক্তি।"

(৩) ব্যক্তি শব্দেতে কোন কোম্পানি কি সমাজ এবং সমবায়িত ও অসমবায়িত লোকসমাজ গণ্য।

"বৎসর" ও "মাস।"

(৪) বৎসর ও মাস শব্দে ব্রিটনীয় পঞ্জিকামতে গণিত বৎসর ও মাস বুঝাইবে।

"স্থাবর সম্পত্তি।"

(৫) ভূমি ও ভূমিহইতে উৎপাদনীয় লভ্য ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্য ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্যেতে চিরন্তনরূপে নিবদ্ধ দ্রব্য "স্থাবর সম্পত্তি" শব্দে গণ্য।

"অস্থাবর সম্পত্তি।"

(৬) "অস্থাবর সম্পত্তি" শব্দে স্থাবরভিন্ন সকল প্রকারের সম্পত্তি বুঝাইবে।

"শ্রীশ্রীমতী মহারাণী।"

(৭) "শ্রীশ্রীমতী মহারাণী" শব্দে তদীয় উত্তরাধিকারিগণ ও উত্তরপদধারিগণকে বুঝাইবে।

"ব্রিটনীয় ভারতবর্ষ।"

(৮) ভারতবর্ষের সুশাসনার্থ আইন নামে মহারাণী বিকুটোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ক্রমে শ্রীশ্রীমতীর প্রতি যে সময়ে যে দেশ বর্ত্তে, "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে পুলপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা উপনিবেশভিন্ন সেই সকল দেশ বুঝাইবে।

"ভারতবর্ষের গবর্ণমেন্ট।"

(৯) "ভারতবর্ষের গবর্ণমেন্ট" শব্দে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেব, কিম্বা মন্ত্রিসভাতে তাঁহার অনুপস্থানকালে মন্ত্রিসভার সভাপতি সাহেব কিম্বা ভারতবর্ষের গবর্ণর জেনরল সাহেব একাকী লক্ষিত হন। তিনি কি তাঁহারা আইন অনুসারে ক্রমশঃ যে সকল ক্ষমতাক্রমে কার্য্য সম্পাদন করিতে পারেন তৎসম্পর্কে উক্ত শব্দে তাঁহাকে কি তাঁহাদিগকে বুঝাইবে।

"স্থানীয় গবর্ণমেন্ট।"

(১০) "স্থানীয় গবর্ণমেন্ট" এই শব্দ যে আইনেতে থাকে সেই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে অংশে প্রচলিত হইবে, সেই অংশে যিনি আইনমতে কর্ত্তৃত্বকার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতা প্রাপ্ত হন, স্থানীয় গবর্ণমেন্ট শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে। প্রধান কমিসানর সাহেবও সেই শব্দে গণ্য।

"হাই কোর্ট।"

(১১) "হাই কোর্ট" শব্দে উক্ত অংশের মধ্যে আপীলের উচ্চতম দেওয়ানী আদালত বুঝাইবে।

"জিলার জজ।"

(১২) "জিলার জজ" এই শব্দে মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালতের জজ সাহেবকে বুঝাইবে। কিন্তু আদৌ মোকদ্দমা বিচার করিবার সাধারণ কি বিশেষ আধিপত্য প্রাপ্ত হাই কোর্ট সেই শব্দে গণ্য নহে।

["Magistrate."]

(13.) "Magistrate" shall include all persons exercising all or any of the powers of a Magistrate under the Code of Criminal Procedure;

["Barrister."]

(14.) "Barrister" shall mean a barrister of England or Ireland, or a member of the Faculty of Advocates in Scotland;

["Section."]

(15.) "Section" shall denote a section of the Act in which the word occurs;

["Will."]

(16.) "Will" shall include a codicil and every writing making a voluntary posthamous distribution of property;

["Oath," "swear," and "affidavit."]

(17.) "Oath," "swear" and affidavit" shall include affirmation, declaration, affirming and declaring in the case of persons by law allowed to affirm or declare instead of swearing;

["Imprisonment."]

(18.) "Imprisonment" shall mean imprisonment of either description as defined in the Indian Penal Code;

["Son." "Father."]

(19.) And in the case of any one whose personal law permits adoption, "son" shall include an adopted son, and "father" an adoptive father.

3. In all Acts made by the Governor General of India in Council after this Act shall have come into operation:—

[Revival of repealed enactments.]

(1.) For the purpose of reviving, either wholly or partially, a Statute, Act or Regulation repealed it shall be necessary expressly to state such purpose;

[Commencement of time.]

(2) For the purpose of excluding the first in a series of days or any other period of time, it shall be sufficient to use the word "from;"

[Termination of time.]

(3.) For the purpose of including the last in a series of days or any other period of time, it shall be sufficient to use the word "to;"

[Official chiefs and subordinates.]

(4.) For the purpose of expressing that a law relative to the chief or superior of an office, shall apply to the deputies or subordinates lawfully executing the duties of such office in the place of their superior, it shall be sufficient to prescribe the duty of the superior;

[*Government Gazette*, 14*th January* 1868.]

"ম্যাজিষ্ট্রেট।"

(১৩) যে ব্যক্তি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ম্যাজিষ্ট্রেটের সকল কি কোন শক্তিক্রমে কর্ম্ম করেন "ম্যাজিষ্ট্রেট" শব্দে সেই সকল ব্যক্তি গণ্য।

"বারিষ্টর।"

(১৪) "বারিষ্টর" শব্দে ইঙ্গলণ্ডের কি ঐরলণ্ডের বারিষ্টরকে, অথবা স্কটলাণ্ডের আডবোকেটের ফাকল্টীর অন্তর্গত ব্যক্তিকে বুঝাইবে।

"ধারা।"

(১৫) কোন আইনেতে "ধারা" শব্দ থাকিলে সেই শব্দে সেই আইনের ধারা লক্ষিত হয়।

"উইল।"

(১৬) উইলের ক্রোড়পত্র এবং মরণোত্তর সম্পত্তি নিরূপণ বিষয়ে অভীষ্টসূচক প্রত্যেক লিপি "উইল" শব্দে গণ্য।

"শপথ" "শপথ করা" ও "আফিডেবিট।"

(১৭) যে ব্যক্তিদের প্রতি আইনমতে শপথ করণের পরিবর্ত্তে ধর্ম্মতঃ কি সত্য প্রতিজ্ঞা করিবার অনুমতি আছে তাঁহাদের পক্ষে শপথ ও শপথ করা ও আফিডেবিট এই২ শব্দের অর্থের মধ্যে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা ও সত্য প্রতিজ্ঞা ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করণ ও সত্য প্রতিজ্ঞা করণ গণ্য।

"কারাবন্ধন।"

(১৮) "কারাবন্ধন" শব্দে ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের নির্দ্দিষ্ট একতর প্রকারের কারাবন্ধন বুঝাইবে।

"পুত্র" "পিতা।"

(১৯) কোন ব্যক্তির স্বদেশীয় ব্যবস্থামতে যদি দত্তকপুত্র গ্রহণ করিবার অনুমতি থাকে তবে তাঁহার সম্পর্কে "পুত্র" শব্দের মধ্যে দত্তক পুত্র গণ্য ও পিতা শব্দের মধ্যে দত্তক গৃহীতা গণ্য ইতি।

৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইন প্রচলিত হইবার পরে যে সকল আইন প্রণয়ন করেন তন্মধ্যে

[রহিত বিধান পুনঃ প্রবল করণের কথা।]

(১) রহিত কোন ব্যবস্থা কি আইন অংশতঃ কিম্বা সম্পূর্ণরূপে পুনশ্চ প্রবল করিবার অভিপ্রায় থাকিলে সেই অভিপ্রায় স্পষ্টরূপে ব্যক্ত করা আবশ্যক।

[সময়ারম্ভের কথা।]

(২) দিনশ্রেণীর কিম্বা নিরূপিত সময়ের আরম্ভ সূচক শব্দের পরে "অবধি" শব্দ থাকিলে প্রথম দিন না ধরিবার অভিপ্রায় বুঝাইবে।

[সময়শেষের কথা।]

(৩) দিনশ্রেণীর কিম্বা নিরূপিত সময়ের অন্তসূচক শব্দের পরে "পর্য্যন্ত" শব্দ থাকিলে তন্মধ্যে শেষ দিন ধরিবার অভিপ্রায় বুঝাইবে।

[রাজকীয় প্রধান ও অধীন কার্য্যকারকদের কথা।]

(৪) কোন পদের প্রধান ব্যক্তির কি কর্ত্তৃপক্ষের প্রতি যে আইন বর্ত্তে, তদীয় প্রতিনিধি কি অধীন কর্ম্মকারক আইনমতে উপরিস্থ কার্য্যকারকের স্থলে ঐ পদের কর্ম্ম সম্পাদন করিলে ঐ আইন তাঁহারও প্রতি বর্ত্তে, উপরিস্থ কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দিষ্ট করিলেই উক্ত অভিপ্রায় জানা যাইবে।

[Successor.]

(5.) For the purpose of indicating the relation of a law to the successors of any functionaries, or of corporations having perpetual succession, it shall be sufficient to express its relation to the functionaries or corporations; and

[Substitution of functionaries.]

(6.) For the purpose of indicating the application of a law to every person or number of persons for the time being executing the functions of an office, it shall be sufficient to mention the official title of the officer at present executing such functions, or that of the officer by whom the functions are commonly executed.

[Duty may be taken *pro rata*.]

4. Whenever by any Act or Regulation now in force or hereafter to be in force, any duty of customs or excise or in the nature thereof is leviable on any given quantity by weight, measure or value of any goods or merchandize, a like duty shall be leviable according to the same rate on any greater or less quantity.

[Recovery of fines.]

5. The provisions of sections sixty-three to seventy, both inclusive, of the Indian Penal Code, and of section sixty-one of the Code of Criminal Procedure, shall apply to all fines imposed under the authority of any Act hereafter to be passed, unless such Act shall contain an express provision to the contrary.

[Matters done under an enactment before its repeal to be unaffected.]

6. The repeal of any Statute, Act or Regulation, shall not affect anything done or any offence committed or any fine or penalty incurred or any proceedings commenced before the repealing Act shall have come into operation.

[Judicial notice to be taken of Acts.]

7. All Courts of Justice, whether exercising civil or any other jurisdiction, and all persons having by law or consent of parties authority to receive evidence, shall take judicial notice of all Acts and Regulations heretofore made, or hereafter to be made, by the Governor General of India in Council, the Governor of Madras in Council, the Governor of Bombay in Council and the Lieutenant-Governor of Bengal in Council, or by the like authority in other parts of British India, whether the same be of a public or of a private nature.

[Recital to be *primâ facie* evidence of truth of fact recited.]

8. Any recital contained in any Act of the Governor General of India in Council heretofore

[উত্তরপদধারি কথা।]

(৫) কর্ম্মসম্পাদকদিগের কিম্বা নিয়ত পর্য্যায়বিশিষ্ট লোকসমাজের উত্তরপদধারিদের সহিত আইনের যে সম্পর্ক থাকে ইহা প্রদর্শন করিবার জন্যে ঐ কর্ম্মকারকদিগের কি লোকসমাজের পক্ষে ঐ সম্পর্ক ব্যক্ত করাই প্রচুর।

[কর্ম্মসম্পাদকদিগের প্রতিনিধির কথা।]

(৬) যিনি কি যাঁহারা যে সময়ে কোন পদের কর্ম্ম সম্পাদন করেন তাঁহার কি তাঁহারদের পক্ষে কোন ব্যবস্থা যেরূপে প্রয়োগ হইবে, ইহা দর্শাইবার জন্যে, যে কার্য্যকারক তৎকালে ঐ কর্ম্মসম্পাদন করিতেছেন কিম্বা তাহা সামান্যতঃ যে কার্য্যকারকদ্বারা সম্পাদন হইয়া থাকে তাঁহার পদখ্যাতি ব্যক্ত করাই প্রচুর ইতি।

[ভাবানুসারে মাসুল লইতে পারিবার কথা।]

৪ ধারা। যে আইন এইক্ষণে প্রচলিত থাকে কি পরে প্রচলিত হইবে, তদ্দ্বারা যদি কোন মালের কি বাণিজ্য দ্রব্যের ওজন কি মাপ কি মূল্যানুসারে অবধারিত পরিমাণের উপর কষ্টম কি আবকারী মাসুল কিম্বা তত্তুল্য প্রকারের শুল্ক আদেয় হয়, তবে সেই দ্রব্যের ন্যূনাধিক পরিমাণের উপর সেই হারে তদ্রূপ মাসুল আদেয় হইবে ইতি।

[অর্থদণ্ড আদায় করিবার কথা।]

৫ ধারা। ইহার পরে যে সকল আইন প্রচারিত হইবে তাহাতে যদি প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকে, তবে সেই আইনের শক্তিক্রমে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় তৎ প্রতি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬৩ অবধি ৭০ পর্য্যন্ত সমস্ত ধারার এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[কোন আইন রহিত হইবার পূর্ব্বে তদ্দ্বারা যে ক্রিয়া করা যায় তাহার বৈলক্ষণ্য না হইবার কথা।]

৬ ধারা। যদি কোন ব্যবস্থা কি আইন রহিত করা যায়, তবে যে আইনদ্বারা রহিত করা গেল সেই আইন প্রচলিত হইবার অগ্রে যে কোন ক্রিয়া করা যায় কিম্বা যে অপরাধ হইয়া থাকে, কিম্বা যে দণ্ডের কি অর্থদণ্ডের যোগ্যতা বর্ত্তিয়া থাকে কিম্বা যে মোকদ্দমাপ্রভৃতি আরম্ভ হইয়া থাকে তাহার কোন প্রকারে বৈলক্ষণ্য হইবে না ইতি।

[বিচার কার্য্যে আইন স্বীকার করিবার কথা।]

৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ও মান্দ্রাজের মন্ত্রিসভাধিষ্ঠিত গবর্ণর সাহেব ও বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত গবর্ণর সাহেব এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, এবং ব্রিটনীয় ভারতবর্ষের অন্য অংশে তত্তুল্য ক্ষমতাবিশিষ্ট কর্ত্তৃপক্ষ ইতিপূর্ব্বে যে সকল আইন প্রণয়ন করিয়াছেন কি পরে করেন, তাহা সাধারণ কি বিশেষভাবাপন্ন হইলেও, দেওয়ানী ও অন্য প্রকারের বিচারাধিপত্যক্রমে কর্ম্মকারি সকল আদালত ও যে সকল ব্যক্তি আইনক্রমে কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে সাক্ষ্য গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারা বিচারকার্য্যে সেই সকল আইন স্বীকার করিবেন ইতি।

[আইনের উল্লিখিত কথা সেই কথার সত্যতার প্রমাণ হইবার কথা।]

৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইতিপূর্ব্বে যে আইন প্রণয়ন করিয়া-

made or hereafter to be made, shall be deemed by all such Courts and persons to be *primâ facie* evidence of the truth of the fact recited.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Department, (Legislative.)

ছেন কি পশ্চাৎ করেন তাহাতে কোন বিষয় ব্যক্ত হইলে সকল আদালত ও সকল ব্যক্তি দৃষ্টিমাত্রে ঐ ব্যক্ত বিষয়ের প্রমাণস্বরূপ আইনের সেই কথা গ্রাহ্য করিবেন ইতি।

উইটলী স্টোক্স,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengale Translator.*

INDIAN RAILWAY BILL.

A Bill to consolidate and amend the Law relating to Railways in India.

(As altered by the Select Committee.)

[Continued from page 10.]

PART II.

CONSTRUCTION OF RAILWAYS.

A. Preliminary proceedings.

[Certificate authorizing surveys, &c., necessary for prosecution of Railway.]

4. The Local Government may from time to time issue certificates authorizing any Company which shall have entered into an agreement with the Secretary of State or the Governor General of India in Council, for the construction of a Railway, their servants and agents, to enter upon any lands, and to undertake such surveys, levels, or other examinations, as may be necessary for the proper prosecution of the said Railway; also to dig and bore into the subsoil, and to indicate by suitable landmarks the boundaries of the land proposed to be taken, and the positions of the works proposed to be made and to perform all other necessary preliminary acts of the like nature.

[Contents of Certificate.]

Such certificates shall declare the persons entitled to use them, the time for which they shall be in force, and the districts or locality for which they shall be valid. They shall be published in the official *Gazette*; they shall be judicially noticed;

And all persons acting under the authority so given shall be deemed to be public servants, within the meaning of Clause 10 of Section 21 of the Indian Penal Code and of Chapter IX of the same Code.

[Proviso limiting authority.]

Provided that they shall not enter any house, building or enclosure without having given twenty-four hours notice to the occupier thereof, or without his assent, nor shall they injure or destroy any property, unless such injury or destruction be necessary.

ভারতবর্ষের রেলপথের পাণ্ডুলিপি।

(বিশেষ কমিটীর দ্বারা পরিবর্ত্তিত)

ভারতবর্ষের রেলপথবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

[১০ পৃষ্ঠা হইতে চলিতেছে।]

দ্বিতীয় খণ্ড।

রেলপথ প্রস্তুত করণসংক্রান্ত বিধি।

(A) প্রথমস্থলীয় কার্য্য।

[রেলপথ প্রস্তুত করণার্থে জরীপপ্রভৃতি করিবার ক্ষমতাপত্র আবশ্যক হওয়ার কথা।]

৪ ধারা। যখন কোন কোম্পানি শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সঙ্গে রেলপথ করিবার সম্বিৎ করেন, তখন উক্ত রেলপথসংক্রান্ত কার্য্য উপযুক্তমতে নির্ব্বাহ করিবার জন্যে ভূমিতে যাইবার এবং তাহা মাপিবার ও মৃত্তিকার সমতা দৃষ্টি করিবার ও অন্য বিষয়ের পরীক্ষা করিবার যে ক্ষমতাপত্র আবশ্যক, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ ঐ কোম্পানিকে ও তাঁহাদের চাকরদিগকে ও নিয়োগিদিগকে সেই ক্ষমতাসূচক সর্টিফিকট দিবেন। এবং মৃত্তিকা খনন করিয়া নিম্ন ভূমিতে গর্ত্ত করিবার, ও যে ভূমি লইবার প্রস্তাব হয় উপযুক্ত চিহ্নদ্বারা সেই ভূমির সীমা, এবং যে কার্য্য করিবার প্রস্তাব হয় তাহার স্থান নিরূপণ করিবার ও অগ্রে কর্ত্তব্য তদ্রূপ অন্য২ কার্য্য করিবার ক্ষমতাপত্র দিবেন ইতি।

[ঐ পত্রের মর্ম্মের কথা।]

যে ব্যক্তিরা উক্ত সর্টিফিকটের ব্যবহার করিবার অধিকারী হন তাঁহারদের নাম, ও সেই পত্র যত কাল ও যে জিলার কি স্থানের মধ্যে প্রবল থাকিবে তাহা ঐ পত্রে ব্যক্ত থাকিবে। পত্র রাজকীয় গেজেটে প্রকাশ হইবে এবং বিচার আদালতে তাহার প্রবলতা স্বীকার করা যাইবে।

এবং যে সকল ব্যক্তি তদ্রূপ দত্ত ক্ষমতাক্রমে কার্য্য করেন তাঁহারা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২১ ধারার ১০ প্রকরণের ও সেই আইনের ৯ অধ্যায়ের অর্থমতে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন।

[ক্ষমতার সীমা নিরূপণার্থক উপবিধি।]

কিন্তু তাঁহারা কোন গৃহনিবাসিকে চব্বিশ ঘণ্টার সম্বাদ না দিয়া ও তাহার অনুমতি না পাইয়া কোন ঘরে কি কোটায় কি আবৃত স্থানে যাইবেন না। এবং কোন দ্রব্যের হানি কি নাশকরা আবশ্যক না হইলে কোন বিষয়ের হানি কি নাশ করিবেন না ইতি।

B. Occupation of lands and payment therefor.

[Issue of declaration as to land required. Taking of land.]

5. When the boundaries of the land required for the construction of any Railway shall have been settled by the Consulting Engineer, the Company shall cause the land to be measured, and suitable land-plans to be prepared of the same, and thereupon the Local Government shall notify in the official *Gazette* that such land is required for the Railway, and may then proceed to take any such land as if it had been required to be taken at the public expense and for public purposes, and as if a declaration to that effect had been made as required by Act No. VI. of 1857, (*for the acquisition of land for public purposes.*)

All such land shall vest absolutely in the Local Government.

[Provision as to boundaries, plans and measurements.]

6. The boundaries, as determined by the Consulting Engineer, and the plans and measurements aforesaid, when verified and found to be correct, or when duly corrected by the Collector or other officer appointed to proceed under the said Act No. VI. of 1857, shall be held to be the boundaries, plans and measurements, required under Section 4 of the same Act, so far as the said land is concerned.

[Land required for extending or adding to Railway.]

7. If at any time land shall be required for any necessary or reasonable extension of, or addition to, any Railway constructed under agreement with the Secretary of State, the Local Government may make all requisite declarations for the purpose of taking such land; and all proceedings for the actual taking possession of the land shall be had in accordance with the provisions of the said Act No. VI. of 1857.

[Taking land for temporary purpose.]

Land may be taken under this Act for a temporary purpose, in like manner as under the said Act No. VI of 1857.

[Company when to be placed in possession.]

8. When the transfer of the land to the Local Government shall have been completed, the Government shall cause the Company to be placed in possession of such land in accordance with their agreement with the Secretary of State. The title of the Local Government, or of the Company, to such land or any part thereof, shall

B ভূমির অধিকার করণের ও তাহার মূল্য দেওনের বিধি।

[যে ভূমির প্রয়োজন হয় তদ্বিষয়ের কথা প্রচার করণের ও ভূমি গ্রহণের কথা।]

৫ ধারা। কোন রেলপথ প্রস্তুত করিবার জন্যে যে ভূমির প্রয়োজন হয়, কনসল্টিং ইঞ্জিনিয়র তাহার সীমা নির্দ্ধার্য্য করিলে পর, কোম্পানি ঐ ভূমি মাপ করাইবেন, ও তাহার উপযুক্ত নকুশা প্রস্তুত করাইবেন, তাহা হইলে পর রেলপথের জন্যে সেই ভূমি লওয়া প্রায়োজন স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে এই কথা প্রচার করিবেন, এবং সেই ভূমি যেন রাজকীয় অর্থব্যয়ে রাজকীয় কর্ম্মের নিমিত্তে লওয়া প্রয়োজন হইল এবং রাজকীয় কর্ম্মের নিমিত্তে ভূমি গ্রহণার্থ ১৮৫৭ সালের ৬ আইনের আজ্ঞামতে যেন সেই মর্ম্মের জ্ঞাপনপত্র প্রকাশ হইল, এই বিবেচনায় স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ভূমি গ্রহণ করিতে প্রবর্ত্ত হইবেন।

তদ্রূপ সমস্ত ভূমি একান্ত ভাবে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি অর্শিবে ইতি।

[সীমা ও নকশা ও পরিমাণ বিষয়ক বিধি।]

৬ ধারা। কনসলটিং ইঞ্জিনিয়র সীমা নির্দ্ধার্য্য করিলে এবং পূর্ব্বোক্ত নকশা ও মাপ পরীক্ষিত হইয়া শুদ্ধ দেখা গেলে, কিম্বা যে কালেক্টর সাহেব কি অন্য কার্য্যকারক ১৮৫৭ সালের উক্ত ৬ আইনঅনুসারে সেই কর্ম্মে নিযুক্ত হন তিনি তাহা উচিতমতে সংশোধন করিলে, ঐ আইনের ৪ ধারাতে যে সীমা নিরূপণের ও নকশার ও পরিমাপণের আজ্ঞা আছে উক্ত ভূমিসম্পর্কে তাহাই সেই সীমা নিরূপণ ও নকুশা ও পরিমাপণ জ্ঞান হইবে ইতি।

[রেলপথ বিস্তৃত কি বৃদ্ধি করিবার জন্যে যে ভূমির প্রয়োজন তাহার কথা।]

৭ ধারা। শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সহিত সম্বিৎ হইয়া যে রেলপথ প্রস্তুত করা যায়, যদি কোন সময়ে তাহার আবশ্যক কি যুক্তিমত বিস্তৃত কি বৃদ্ধি করণের জন্যে ভূমি লওয়ার প্রয়োজন হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ভূমি লইবার আবশ্যক সকল কথা প্রচার করিবেন। এবং সেই ভূমি অধিকার করণের সমস্ত কার্য্য ১৮৫৭ সালের উক্ত ৬ আইনের বিধান মতে করা যাইবে।

[কিঞ্চিৎকালের নিমিত্তে ভূমি গ্রহণের কথা।]

১৮৫৭ সালের উক্ত ৬ আইনমতে ভূমি যেমন কিঞ্চিৎকালের নিমিত্তে লওয়া যাইতে পারে, এই আইনমতেও তেমনি লওয়া যাইতে পারিবে ইতি।

[কোম্পানি যে সময়ে অধিকার প্রাপ্ত হইবেন তাহার কথা।]

৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি সেই ভূমির হস্তান্তর করণ কার্য্য সমাপ্ত হইলে পর, কোম্পানি শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সহিত যে সম্বিৎ করিয়াছেন গবর্ণমেণ্ট তদনুসারে ঐ কোম্পানিকে ভূমির অধিকার দেওয়াইবেন। এই আইনঅনুযায়ি কোন কার্য্যেতে নিয়মের ব্যতিক্রম হইলেও তৎপ্রযুক্ত সেই ভূমির কি তাহার কোন অংশের প্রতি স্থানীয়

not be questioned on account of informality in any proceeding taken under this Act.

[Power to enter upon adjoining lands to repair accidents.]

9. The Local Government may authorize any Company, in case of any accident or slip happening or being apprehended to any cutting, embankment, or other work belonging to them, to enter upon any lands adjoining their Railway for the purpose of repairing or preventing such accident, and to do such works as may be necessary for the purpose:

Provided that in case of necessity, any Company may enter upon such lands and do such works as aforesaid, without having obtained the authority of the Local Government; but in every such case the Company shall, within forty-eight hours after such entry, make a report to the Local Government, specifying the nature of such accident or apprehended accident, and of the works necessary to be done. Such powers shall cease if the Local Government shall, after considering the said report, certify that their exercise is not necessary for the public safety:

Provided also, that such works shall be as little injurious to the said adjoining lands as the nature of the accident or apprehended accident will admit of, and shall be executed with all possible despatch.

[Compensation.]

Subject to the provisions of any contract that shall have been entered into between the Secretary of State, or the Government of India and the Company, full compensation shall be made to the owners and occupiers of such lands for the loss, or injury, or inconvenience sustained by them respectively by reason of such works. The amount of such compensation, in case of any dispute about the same, shall be settled by the Local Government.

C. *Mines near or under Railways.*

[Provision as to mines lying under land.]

10. Whenever land shall be taken under this Act, for the construction of any Railway, the taking thereof shall not be held to comprise the right to any mine of coal, or other minerals, lying under such land, except only such part thereof as it shall be necessary to dig or carry away, or use in the construction of the Railway, unless compensation for such right shall have been expressly allowed in the award made in favour of the persons interested in the land.

[Working mines under or near Railway.

11. If the owner, lessee or occupier of any mine of coal or other mineral, lying immediately

[*Government Gazette 11th January* 1868.]

গবর্ণমেণ্টের কি কোম্পানির অধিকারের অপত্তি হইবে না ইতি।

[বিঘটনাজন্য ক্ষতির প্রতিকারের নিমিত্তে সন্নিহিত ভূমিতে যাইবার কথা।]

৯ ধারা। কোম্পানির কোন কাটা ভূমিতে কি বাঁধে কি তাঁহারদের কোন কর্ম্মে যদি কোন বিঘটনা হয়, কিম্বা মাটি আলগা হইয়া পড়ে কি পড়িবার সম্ভাবনা থাকে, তবে সেই বিঘটনার প্রতিকার কি নিবারণ করিবার জন্যে এবং তদর্থে যে কর্ম্ম আবশ্যক তাহা করিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ কোম্পানিকে আপনারদের রেলপথের লাগাও কোন ভূমিতে যাইবার ক্ষমতা দিতে পারিবেন।

কিন্তু আবশ্যক হইলে কোন কোম্পানি স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি না পাইয়াও পূর্ব্বোক্ত ভূমিতে গিয়া সেই কর্ম্ম করিতে পারিবেন। এমন স্থলে কোম্পানি সেই ভূমিতে যাইবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট রিপোর্ট করিয়া সেবিঘটনার কি সম্ভাবিত বিঘটনার ভাব ও যে কর্ম্ম করা আবশ্যক হইল তাহা জানাইবেন। স্থানীয় গবর্ণমেণ্ট সেই রিপোর্ট বিবেচনা করিলে পর, সর্ব্বসাধারণের নিরাশঙ্কার জন্যে সেই ক্ষমতামতে কার্য্য করা অনাবশ্যক, যদি এই মর্ম্মের সর্টিফিকট দেন, তবে সেই ক্ষমতা রহিত হইবে।

আরো বিঘটনার কি সম্ভাবিত বিঘটনার ভাব বিবেচনায় পূর্ব্বোক্ত কর্ম্ম দ্বারা সন্নিহিত ভূমির যথা সাধ্য অল্প হানি করিতে ও সেই কর্ম্ম সাধ্যমতে ত্বরায় নিষ্পন্ন করিতে হইবে।

[ক্ষতিপূরণের কথা।]

ষ্টেট সেক্রেটারী সাহেবের কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের এবং কোম্পানির মধ্যে যে সম্বিৎ হইয়া থাকে তাহার বিধান বলবৎ রাখিয়া উক্ত কর্ম্ম হেতুক ঐ ভূমির স্বামিদের কি অধিকারিদের যে ক্ষতি কি হানি কি ক্লেশ হয়, তাহার সম্পূর্ণ প্রতিকার করিতে হইবে। কত টাকার ক্ষতিপূরণ করা আবশ্যক যদি এই বিষয়ে বিবাদ হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা নিষ্পত্তি করিবেন ইতি।

C. রেলপথের তলভাগে কি নিকট খনিবিষয়ক বিধি।

[ভূমির তলভাগে যে খনি থাকে তদ্বিষয়ক বিধান।]

১০ ধারা। এই আইনমতে যখন রেলপথ করিবার জন্যে ভূমি লওয়া যায়, তখন সেই ভূমির নীচে কয়লার কি অন্য ধাতুর খনি থাকিলে, ঐ রেলপথ প্রস্তুত করিবার জন্যে ঐ খনির যে অংশ খনন করা কি তুলিয়া ফেলা কি ব্যবহার করা আবশ্যক তদ্ভিন্ন ভূমি গ্রহণ হেতুক খনির প্রতি অধিকার প্রাপ্তি বোধ হইবে না। কিন্তু ঐ ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের পক্ষে নিষ্পত্তি হইয়া যদি ঐ খনির অধিকার গ্রহণের জন্যে হানি পূরণের স্পষ্ট নিয়ম করা গিয়া থাকে, তবে ঐ অধিকার প্রাপ্ত হইবে ইতি।

[রেলপথের তলভাগে কি তন্নিকট খনিতে কার্য্য করণের কথা।]

১১ ধারা। কোন রেলপথের তলভাগে কিম্বা তাহা-হইতে চল্লিশ গজের মধ্যে কয়লার কি অন্য ধাতুর যে

under any Railway, or within forty yards therefrom, shall work the same, the Local Government may on the application of the Company require him to abandon such working, or so to work the mine as not to damage the works of the Railway.

[Compensation.]

Compensation shall be awarded to him, in manner provided in the said Act No. VI. of 1857, for any loss sustained by him from being compelled to abandon or alter his mode of working the mine.

If any damage or obstruction be occasioned to the works of the Railway by improper working of such mine, the damage or obstruction shall be forthwith repaired or removed, as the case may require, by and at the expense of the owner, lessee or occupier, and at his own expense.

If such repair or removal be not forthwith effected by the owner, lessee or occupier, or if the Company shall so think fit, without waiting for the same to be effected by him, the Company may effect the same and recover from him the expense occasioned thereby in any Court of competent jurisdiction.

D. Construction and Inspection of Works.

Crossings, Roads and Gates.

[Crossing over roads.]

12. (1.) If the Railway cross any road, the Local Government shall determine whether the road shall be continued, and, if so, whether the crossing shall be by a bridge or on a level.

(2.) If the crossing is to be by a bridge, the height and width of such bridge, and the gradients of approach thereto shall be determined by the Consulting Engineer;

(3.) If the crossing is to be on a level, the Company shall erect, and at all times maintain, sufficient gates across the Railway and across the road on each side of the Railway, and shall employ proper persons to open and shut such gates;

[Roads over Railways.]

(4.) At any time after a Railway is constructed it shall be lawful for the Local Government to make, or to authorize any person to make, roads across the Railway;

(5.) Every such road shall either be carried over or under such Railway by means of a bridge or tunnel of the height and width, and with the gradients of approach approved of by the Consulting Engineer, or it shall cross the Railway on a level;

(6.) If the road cross the Railway by means of a bridge or tunnel, such bridge or tunnel, as

খনি থাকে, যদি তাহার স্বামী কি পাট্টাদার কি অধিকারী তাহা খনন করিয়া তাহাতে কার্য্য চালাইয়া থাকেন, তবে কোম্পানির প্রার্থনা হইলে স্থানীয় গবর্ণমেন্ট সেই স্বামিপ্রভৃতিকে সেই কার্য্য ত্যাগ করিতে কিম্বা যাহাতে রেলপথের হানি না হয় এমতে কার্য্য চালাইতে আজ্ঞা করিতে পারিবেন।

[ক্ষতিপূরণের কথা।]

সেই খনি ত্যাগ করিতে হইলে কিম্বা তৎসংক্রান্ত কার্য্য চালাইবার নিয়ম পরিবর্ত্তন করিতে হইলে যদি তাঁহার ক্ষতি হয়, তবে ১৮৫৭ সালের উক্ত ৬ আইনের বিধানমতে তাহার ক্ষতিপূরণ পাইবার আজ্ঞা হইবে।

সেই খনির কার্য্য অনুপযুক্তমতে নির্ব্বাহ হওয়াতে যদি রেলপথের কর্ম্মের কোন হানি কি বাধা হয়, তবে সেই ক্ষতির প্রতিকার কিম্বা বিষয়বিশেষে সেই বাধকতার নিবৃত্তি স্বামির কি পাট্টাদারের কি অধিকারির নিজ খরচে অগোণে করিতে হইবে।

যদি সেই প্রতিকার কি নিবৃত্তি স্বামির কি পাট্টাদারের কি অধিকারির দ্বারা অগোণে না করা যায় অথবা কোম্পানি বিহিত বোধ করিলে তাঁহার দ্বারা সেই কর্ম্ম সম্পাদন হইবার অপেক্ষা না করিয়া স্বয়ং সেই কর্ম্ম করিতে পারিবেন ও তদ্দ্বারা তাঁহারদের যে খরচ হয় তাহা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে তাঁহার স্থানে আদায় করিতে পারিবেন ইতি।

D. বিষয় নির্ম্মাণ ও তত্ত্বাবধারণ করিবার বিধি।

ক্রসিং ও পথ ও ফটকের কথা।

[পথের উপর দিয়া যাইবার পথের কথা।]

১২ ধারা। (১) রেলপথ যদি কোন রাজপথের উপর দিয়া যায়, তবে সেই পথ থাকিবে কি না, ও থাকিলে রেলপথের জন্যে সাঁকো করিতে হইবে কি তাহা সমভূমিতে চলিবে স্থানীয় গবর্ণমেণ্ট এই কথা নিরূপণ করিবেন।

(২) যদি সাঁকো দ্বারা পার হইতে হয়, তবে সেই সাঁকো কত উচ্চ ও কত চৌড়া ও দুই দিগে কি পরিমাণে ঢালু হইবে কন্সলটিং ইঞ্জিনিয়র সাহেব ইহা নিরূপণ করিবেন।

(৩) যদি লোকগমনের পথ ও রেলপথ সমভূমিতে থাকে তবে কোম্পানি রেলপথের দুই দিগে লোক গমনের পথে উপযুক্ত ফটক করিয়া তাহা সর্ব্বদাই উপযুক্তমতে রাখিবেন ও সেই ফটক খুলিবার ও বন্দ করিবার নিমিত্তে উপযুক্ত লোককে নিযুক্ত করিবেন।

[রেলপথের উপর লোক গমনের পথের কথা।]

(৪) রেলপথ প্রস্তুত করা গেলে পর স্থানীয় গবর্ণমেণ্ট সেই রেলপথ পার হইবার জন্যে লোক গমনের পথ করিতে পারিবেন কিম্বা কোন ব্যক্তিকে তাহা করিবার ক্ষমতা দিতে পারিবেন।

(৫) তদ্রূপ প্রত্যেক পথ রেলপথের উপর সাঁকো করিয়া কিম্বা তাহার তলে সুড়ঙ্গ করিয়া কিম্বা সমভূমিতে করা যাইবে। যদি সাঁকো কি সুড়ঙ্গ করা যায় তবে তাহা কত উচ্চ ও কত চৌড়া হইবে, ও কি পরিমাণে ঢালু হইবে, কন্সলটিং ইঞ্জিনিয়র ইহা নিরূপণ করিবেন।

(৬) যদি রেলপথ পার হইবার সেই পথ সাঁকো কি সুড়ঙ্গ হয়, তবে কোম্পানি ইচ্ছা করিলে আপনি সেই

the case may be, with the immediate approaches thereto, and all other necessary works connected therewith, may be constructed, and at all times maintained, by the Company if it shall so desire, but at the expense of the Local Government;

[Company to erect and maintain gates.]

(7.) If the road cross the Railway on a level, the Company shall erect, and at all times maintain, sufficient gates across the Railway and across the road on each side of the Railway in manner to be approved by the Consulting Engineer, and shall employ proper persons to open and shut such gates;

(8.) The Local Government shall, if the Company so require, pay for the erection and maintenance of such gates and the wages of the persons so employed;

(9.) All gates constructed under any of the provisions of this section shall be kept constantly closed across the road, except during the time when persons, animals or vehicles passing along the same shall have to cross the Railway;

Provided that the Local Government may authorize any such gate to be kept constantly closed across the Railway, except when carriages passing along the Railway shall have to cross the road.

[Fine for not erecting or maintaining gates.]

13. Any Company wilfully failing to comply with the provisions of Section 12, shall be liable to a fine not exceeding fifty Rupees for every day during which such failure shall continue.

[Power to compel erection or maintenance of gates.]

70. If any person shall commit any offence hereby made punishable by fine, and his name and address shall be unknown, or there be reason to believe that he will abscond, any officer or servant of the Company, or any Police Officer, or other person whom such officer or servant may call to his aid, may, without any warrant or written authority, lawfully apprehend and, detain the offender until he can be taken before a Magistrate, or other officer having jurisdiction over the offence, or shall give sufficient security for his appearance before such Magistrate or other officer or shall be otherwise discharged by due course of law.

Destruction of perishable goods.

[Destruction of perishable goods.]

71. The Company may destroy any perishable goods conveyed or sent for conveyance by their

কি বেড়ার কি অন্য বিষয়ের ক্ষতি কি হানি করে তবে তাহার সেই তুলিয়া ফেলা কি ক্ষতি করা দ্রব্য নূতন করিবার কি সারাইবার খরচ দিতে হইবে ও তদ্ভিন্ন তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জ্ঞাপনি প্রকাশ করিবার তক্তা অপাঠ্য করিবার দণ্ডের কথা।]

৬৮ ধারা। এই আইনের ৩১ ধারামতে যে তক্তা লটকান কি টাঙ্গান যায়, কিম্বা রেলপথের কোন অংশে কি কোন গাড়িতে কোম্পানি যে বিজ্ঞাপনপত্র লাগাইয়া দেন যদি কেহ তাহা তুলিয়া ফেলে কি তাহার ক্ষতি করে, কিম্বা তল্লিখিত কোন অক্ষর কি অঙ্ক বিলুপ্ত কি পরিবর্ত্তন করে কি তাহাতে অধিক অঙ্কাদি দেয় কি তাহা অপাঠ্য করে, তবে তাহার সেই তক্তা কি জ্ঞাপনপত্র কি অক্ষর কি অঙ্ক সারাইবার খরচ দিতে হইবে ও তদ্ভিন্ন উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[লোকের সুবিধার জন্যে দ্বার করা গেলে তাহা খুলিবার কি উপযুক্তমতে বন্ধ না করিবার দণ্ডের কথা।]

৬৯ ধারা। যদি কোন কোম্পানি কোন ব্যক্তির ব্যবহারের কি সুবিধার নিমিত্তে আপনাদের রেলপথের কোন পার্শ্বে কোন দ্বার প্রস্তুত করেন এবং সেই পথগামি কোন ইঞ্জিন কি ট্রেন আসিতে দেখিলে যদি সেই ব্যক্তি কি অন্য কোন ব্যক্তি ঐ দ্বার খোলেন কি ঐ রেলপথ পার হন কি পারে যাইবার উদ্যোগ করেন কিম্বা কোন গাড়ি কি গোমেষাদি পশু কি কোন দ্রব্য পার করেন কি করিবার উদ্যোগ করেন অথবা তিনি ও তাঁহার রক্ষিত কোন গাড়ি কি গোমেষাদি কোন পশু কি দ্রব্য দ্বার দিয়া গেলে পর যদি সেই দ্বার বন্ধ না করেন, তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোম্পানির চাকরদের দ্বারা অপরাধির ধৃত হইবার কথা]

৭০ ধারা। এই আইনেতে যে অপরাধের অর্থদণ্ড হইতে পারে, কোন ব্যক্তি এমত অপরাধ করিলে যদি তাহার নাম ও ধাম জানা না যায়, কিম্বা যদি তাঁহার পলাইবার সন্দেহ থাকে, তবে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক, কিম্বা ঐ কার্য্যকারক কি চাকর অন্য যে ব্যক্তির সাহায্য চাহেন তিনি পরওয়ানা কিম্বা লিখিত কোন ক্ষমতাপত্রভিন্ন ঐ অপরাধিকে ধৃত করিতে পারিবেন। ইহাতে আইনের লঙ্ঘন হয় না। এবং মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা সেই অপরাধ উপলক্ষে অন্য যে কার্য্যকারকের বিচারাধিপত্য থাকে তাঁহার সম্মুখে যত কাল তাহাকে উপস্থিত করা যাইতে না পারে কিম্বা যত কাল সে ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত দর্শনপ্রতিভূ না দেয়, কিম্বা তাহাকে যত কাল আইনের নিয়মিত ধারামতে মুক্ত করা না যায় ততকাল তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

আশু বিকৃত হয় এমত দ্রব্য নষ্ট করিবার বিধি।

[আশু বিকৃত হয় এমত দ্রব্য নষ্ট করিবার কথা।]

৭১ ধারা। আশু বিকৃত হয় এমত দ্রব্য কোন কোম্পানির রেলপথে চালান করা গেলে কি করিবার জন্যে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ জানুআরি।]

Railway upon obtaining from the chief Officer of the Railway Police at the place where such goods are, a certificate under his hand, specifying the particular goods with their marks (if any), and the names of the consignee and consignor thereof, and certifying that in his opinion the goods are in such a state that they ought to be destroyed.

Every such certificate shall be conclusive evidence of the facts therein stated.

The destruction of any goods under the provisions of this section shall not affect the right of the Company to recover the freight (if any) due for the conveyance of the same.

Sale of unclaimed goods.

[Sale of unclaimed goods.]

72. If within two months after the arrival of any goods at the station to which they shall have been consigned, the consignee or his agent shall not take delivery thereof, the Company may give notice in writing to such consignee requiring him to take delivery of such goods within a reasonable time to be specified in the notice.

Such notice may be given by registered letter sent through the Post Office, or (in case the address of the consignee is unknown to the Company) by posting the notice in the booking-office of the station to which the goods are consigned and by publishing the notice in a newspaper circulating within the district in which such station is situate.

If delivery of such goods is not taken within the time specified in the said notice, the Company may sell the goods by public auction and apply the proceeds (after deducting the costs of such sale) in payment of the freight (if any) and demurrage due in respect of the said goods, and may hold the surplus (if any) for a period of three years from the date of the sale, within which time (but not afterwards) the person entitled thereto may recover the amount, without interest or costs, by suit in any court of competent jurisdiction.

On the expiration of the said period of three years without any claim to such amount having been established, the amount shall be paid to the Local Government and be carried to the credit of the Government of India for the general purposes of Government. Provided that this Act shall not authorize the payment of any such amount pending any suit which shall have been instituted against the Company in respect thereof.

প্রেরণ করা গেলে, ঐ দ্রব্য যে স্থানে থাকে যদি সেই স্থানের রেলওয়ে পোলীসের প্রধান কর্ম্মকারক নিম্নলিখিত মর্ম্মের সর্টিফিকট স্বাক্ষর করিয়া দেন তবে কোম্পানি তাহা পাইলে ঐ দ্রব্য নষ্ট করিতে পারিবেন। সর্টিফিকটের মর্ম্ম এই, অমুক ব্যক্তির নিকট হইতে অমুক ব্যক্তির নামে (অঙ্ক থাকিলে) অমুক অঙ্কে চিহ্নিত অমুক২ যে দ্রব্য চালান হইবে তাহার অবস্থা বিবেচনায় বোধ করি সেই দ্রব্য নষ্ট করা উচিত।

ঐ সর্টিফিকটে যে কথা ব্যক্ত থাকে, সর্টিফিকট সেই কথার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

ঐ দ্রব্য চালান করিবার নিমিত্তে যদি কোম্পানির কিছু ভাড়া পাওনা থাকে, তবে এই ধারার বিধানমতে তাহা নষ্ট করিলেও তাঁহারদের সেই ভাড়া পাইবার স্বত্বের অন্যথা হইবে না ইতি।

অস্বামিক দ্রব্য বিক্রয়ের বিধি।

[অস্বামিক দ্রব্য বিক্রয়ের কথা।]

৭২ ধারা। কোন মাল যে ষ্টেশনে চালান করা যায়, যাঁহার নামে তাহা চালান হইল সেই ব্যক্তি কিম্বা তাঁহার নিয়োগী যদি সেই মাল পঁহুছিবার পর দুই মাসের মধ্যে তাহা লইয়া না যায়, তবে কেম্পানি সেই ব্যক্তির নামে পত্র লিখিয়া তাঁহাকে ঐ পত্রের নির্দ্দিষ্ট যুক্তি মত সময়ের মধ্যে ঐ দ্রব্য লইয়া যাইবার নোটিস দিবেন।

ঐ নোটিস রেজিস্টরী পত্রদ্বারা ডাকযোগে পাঠান যাইতে পারিবে। যাঁহার নিকটে ঐ দ্রব্য চালান হইল যদি কোম্পানি তাহার নাম না জানেন, তবে যে ষ্টেশনে দ্রব্য চালান হইল তাঁহারা সেই ষ্টেশনের বুকিং আফিসে ঐ নোটিস লটকাইয়া দিবেন, এবং ঐ ষ্টেশন যে জিলার অন্তর্গত থাকে সেই জিলার কোন সম্বাদপত্রে ঐ নোটিস প্রচার করিবেন।

ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যদি ঐ দ্রব্য সামগ্রী লইয়া যাওয়া না যায়, তবে কোম্পানি তাহা নীলামে বিক্রয় করিতে পারিবেন। এবং নীলাম করিবার খরচ বাদ দিয়া অবশিষ্ট টাকাহইতে ঐ দ্রব্যের ভাড়া পাওনা হইলে লইবেন, এবং ঐ দ্রব্যসামগ্রীর উপলক্ষে গছেরী বলিয়া কাটিয়া লইবেন। তাহার পর ঐ টাকার যাহা অবশিষ্ট থাকে তাহা নীলামের তারিখ অবধি তিন বৎসর রাখিবেন। সেই সময়ের মধ্যে যাঁহার অধিকার থাকে তিনি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে মোকদ্দমা করিয়া সুদ ও খরচা ভিন্ন ঐ টাকা পাইতে পারিবেন। কিন্তু তিন বৎসরের পরে পাইতে পারিবেন না।

সেই তিন বৎসর গত হইলেও যদি সেই টাকার উপর কোন দাওয়া সপ্রমাণ না করা যায়, তবে সেই টাকা স্থানীয় গবর্ণমেন্টকে দেওয়া যাইবে, এবং সাধারণ কর্ত্তৃত্ব কার্য্যের নিমিত্তে তাহা ভারতবর্ষের গবর্ণমেন্টের নামে জমা হইবে। কিন্তু যদি ঐ টাকার নিমিত্তে কোম্পানির নামে কোন মোকদ্দমা উপস্থিত থাকে তবে এই আইনের বলে কাহাকেও সেই টাকা দিবার অনুমতি হইবে না ইতি।

PART V.

REGULATIONS FOR THE PROTECTION OF THE PUBLIC.

[Penalty for wilful act or omission with a view to endanger a passenger.]

73. Whoever, whether an officer or servant of any Company or not, shall wilfully do any act, or shall wilfully omit to do what he is legally bound to do, intending by such act or omission to cause, or knowing that he is thereby likely to cause the safety of any person travelling or being upon any such Railway to be endangered, shall be liable to transportation for life, or to imprisonment for any term not exceeding seven years.

Whoever shall abet any such act or omission within the meaning of Sections 107 and 108 of the Indian Penal Code, shall be punishable as if the act or omission had been contrary to the provisions of such Code.

[Penalty for wilful act or ommission by a Railway officer endangering passenger.]

74. If any officer or servant of a Company shall wilfully do any act which he is legally prohibited from doing, or shall wilfully or negligently omit to do what he is legally bound to do, and if in consequence of such act or omission, the safety of any person travelling or being upon such Railway shall be endangered, such officer or servant shall be punished with imprisonment for a term not exceeding three years, or with fine, or with both.

Explanation.—Every such officer and servant shall be deemed to be legally bound to do everything necessary for or conducive to the safety of the public, which he shall be required to do by any regulation which shall be made by the Company and allowed by the Governor General in Council and of which regulation he shall have notice, and shall be deemed to be legally prohibited from doing every act which shall be likely to cause danger, and which by any such regulation he shall be prohibited from doing.

[Penalty for drunkenness or breach of duty by Railway officer.]

75. Any officer or servant of a Company who shall be in a state of intoxication whilst actually employed upon the Railway, or any of the works connected therewith, in the discharge of any duty, and any officer or servant of such Company who negligently shall omit to perform his duty, or shall perform the same in an improper manner, shall be punished with imprisonment for a term not exceeding one year, or with fine, or with both.

If the duty in any of the cases mentioned in the former part of this section be such that the omission or negligent performance thereof would

পঞ্চম খণ্ড।

সাধারণ লোকদের ক্ষতি নিবারণার্থ বিধি।

[চড়নদারের প্রাণাশঙ্কা জন্মাইবার অভিপ্রায়ে, ইচ্ছাপূর্ব্বক কোন ক্রিয়া কি ত্রুটি করিবার দণ্ডের কথা।]

৭৩ ধারা। কোন কোম্পানির রেলপথে যে ব্যক্তি গমন করিতেছেন কি থাকেন, যদি সেই কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর কি অন্য কেহ তাহার প্রাণাশঙ্কা জন্মাইবার অভিপ্রায়ে কি প্রাণাশঙ্কা জন্মাইবার সম্ভাবনা জানিয়া ইচ্ছাপূর্ব্বক কোন কার্য্য করেন কিম্বা আইনমতে তাঁহার যে কর্ম্ম অবশ্য কর্ত্তব্য যদি সেই কর্ম্ম না করেন, তবে তাঁহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড কিম্বা সাত বৎসরের অনধিক কারাদণ্ড হইতে পারিবে।

যদি কেহ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০৭ ও ১০৮ ধারার অর্থক্রমে তদ্রূপ কোন কার্য্যের কি ত্রুটির সহায় হয়, তবে ঐ আইনের বিধানের বিপক্ষ হওনমতে তাঁহার দণ্ড হইতে পারিবে ইতি।

[রেলওয়ের কার্য্যকারকের ইচ্ছাক্রমে চড়নদারের প্রাণাশঙ্কাজনক কার্য্যের কি ত্রুটির দণ্ডের কথা।]

৭৪ ধারা। কোম্পানির কোন কার্য্যকারকের কি চাকরের যে কার্য্য আইনক্রমে নিষিদ্ধ হইয়াছে, যদি তিনি ইচ্ছাপূর্ব্বক সেই কার্য্য করেন, কিম্বা আইনমতে তাঁহার যে ক্রিয়া অবশ্য কর্ত্তব্য, যদি ইচ্ছাপূর্ব্বক কি শৈথিল্য হেতুক সেই কর্ম্ম না করেন, ও যদি সেই কার্য্য কি ত্রুটিপ্রযুক্ত ঐ রেলপথে গমনকারি কি থাকা কোন ব্যক্তির প্রাণাশঙ্কা হয়, তবে সেই কার্য্যকারকের কি চাকরের তিন বৎসরের অনধিককাল কারাদণ্ড কিম্বা তাঁহার অর্থদণ্ড কি ঐ দুই দণ্ড হইবে।

অর্থ। কোম্পানির প্রণীত যে বিধান মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক অনুমোদিত হয়, উক্ত কার্য্যকারক ও চাকর সেই বিধান অবগত হইলে, তদনুসারে সাধারণ লোকদের নিরাপদের জন্যে আবশ্যক কিম্বা নিরাপদজনক যে কার্য্য তাঁহার কর্ত্তব্য হয়, সেই কার্য্য আইনমতে তাঁহার অবশ্য কর্ত্তব্য জ্ঞান হইবে। এবং সেই বিধানদ্বারা তাঁহার যে কার্য্য করিবার নিষেধ হইয়াছে আপদ জন্মাইবার সম্ভাবনাঘটিত এমত প্রত্যেক কার্য্য আইনমতে তাঁহার নিষিদ্ধ জ্ঞান হইবে ইতি।

[রেলওয়ে কর্ম্মকারকের মাতাল হওয়ার কি কর্ত্তব্য কর্ম্ম লঙ্ঘন করিবার দণ্ডের কথা।]

৭৫ ধারা। কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর আপনার কোন কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনার্থে রেলপথের উপর কিম্বা তৎসংক্রান্ত কোন কার্য্যে নিযুক্ত আছেন এমন সময়ে যদি মাতাল হন, এবং ঐ কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর যদি শৈথিল্যহেতুক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করেন কিম্বা তাহা অনুপযুক্তমতে করেন, তবে তাঁহার এক বৎসর পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে।

এই ধারার পূর্ব্ব ভাগের উল্লিখিত গতিকে কর্ত্তব্য যে কর্ম্ম না করা যায় কি অমনোযোগে করা যায়, যদি তদ্দ্বারা উক্ত রেলপথের উপর গমনকারি কি থাকা

be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, such officer or servant shall be punished with imprisonment for a term not exceeding two years, or with fine, or with both.

[Penalty for an act not wilful.]

76. Whoever rashly or negligently and without lawful excuse, does any act likely to endanger the safety of any person travelling or being upon such Railway, shall be punished with imprisonment for a term not exceeding one year, or with fine, or with both. Whoever abets any such act within the meaning of Sections 107 and 108 of the Indian Penal Code, shall be punished as if the act had been contrary to the provisions of such Code.

[Apprehension of offenders.]

77. Whoever is guilty of any offence mentioned in Sections 73, 74, 75 and 76 of this Act, may be apprehended, without any warrant or written authority, by any officer or servant of the Company, or by any other person whom such officer or servant shall call to his aid, or by any Police officer of such grade as shall by any law in force for the time being have power of arrest without a warrant.

Every person so apprehended shall, with all convenient despatch, be carried and conveyed before a Magistrate or other officer authorized to punish the offender or to commit him for trial.

[Jurisdiction of Police Magistrate in cases under Sections 75, 76.]

78. If any person is charged before a Police Magistrate with committing any offence which, under Sections 75 or 76 of this Act, is punishable with imprisonment, and if such Magistrate shall think that, in consequence of the probable departure of any material witness from the local limits of his jurisdiction, the prosecution of such offender in the High Court will be ineffectual, the Magistrate may try the offender, and on conviction may award a sentence not exceeding six months' imprisonment.

[Extent of such jurisdiction.]

79. The jurisdiction given to Police Magistrates under the last preceding section may be exercised, whether the offence shall be charged to have been committed within the local limits of the jurisdiction of such Magistrates or not; and any person hereby made punishable by a Police Magistrate shall be punishable upon summary conviction, but such jurisdiction shall only be

[*Government Gazette*, 28*th January* 1868.]

কোন ব্যক্তির নিরাপদের বিঘ্ন হওয়ার সম্ভাবনা হয় তবে সেই কার্য্যকারকের দুইবৎসরের অনধিক কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

[অনভিপ্রেত কোন কার্য্যের দণ্ডের কথা।]

৭৬ ধারা। যদি কোন ব্যক্তি তদ্রূপ রেলপথে গমন করেন কি থাকেন এবং যাহাতে তাঁহার নিরাপদের আশঙ্কা সম্ভাবনা হয় যদি কেহ সহসা কিম্বা অমনোযোগে ও বৈধ কারণ না থাকিলেও এমত কর্ম্ম করেন তবে তাঁহার এক বৎসরের অনধিক কারাদণ্ড কি অর্থদণ্ড কি ঐ দুই দণ্ড হইবে। যদি কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০৭ ও ১০৮ ধারার অর্থক্রমে তদ্রূপ কোন কার্য্যের সহায় হন, তবে ঐ আইনের বিপক্ষ কর্ম্ম হওনমতে তাহার দণ্ড হইবে ইতি।

[অপরাধিদিগকে ধৃত করিবার কথা।]

৭৭ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ধারার লিখিত কোন অপরাধের দোষী হয়, তবে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর, অথবা সেই কার্য্যকারক কি চাকর অন্য যে ব্যক্তির সাহায্য প্রার্থনা করেন তিনি, কিম্বা তাৎকালিক প্রচলিত আইনক্রমে পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারক পরওয়ানা বিনা ব্যক্তিকে ধৃত করিতে সক্ষম হন তিনি, কোন পরওয়ানা কি লিখিত ক্ষমতাপত্রভিন্ন সেই ব্যক্তিকে ধৃত করিতে পারিবেন।

তদ্রূপে যে প্রত্যেক ব্যক্তিকে ধরা যায় তাঁহাকে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কিম্বা অন্য যে কার্য্যকারক অপরাধির দণ্ড করিতে কিম্বা তাঁহাকে বিচারার্থে সমর্পণ করিতে সক্ষম হন তাঁহার সম্মুখে সুবিধামতে ত্বরায় আনাইতে ও চলান করিতে হইবে ইতি।

[৭৫ ও ৭৬ ধারার লিখিত স্থলে পোলীস মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।]

৭৮ ধারা। এই আইনের ৭৫ কি ৭৬ ধারামতে যে অপরাধের কারাদণ্ড হইতে পারে পোলীস মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির নামে সেই অপরাধের অভিযোগ হইলে আপনার ক্ষমতাধীন স্থানহইতে কোন গুরুতর সাক্ষির গমন করিবার সম্ভাবনা প্রযুক্ত হাই কোর্টে সেই অপরাধির নামে নালিশ করা নিষ্ফল হইবে যদি মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করেন তবে তিনি অপরাধির বিচার করিতে পারিবেন এবং দোষ প্রমাণ হইলে ছয় মাসের অনধিক কারা দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[উক্ত ক্ষমতার ব্যাপকতার কথা।]

৭৯ ধারা। ইহার পূর্ব্ব ধারাতে পোলীসমাজিষ্ট্রেটদের প্রতি যে ক্ষমতা প্রদান হইয়াছে তাঁহাদের ক্ষমতাধীন স্থানের মধ্যে কিম্বা বাহিরে অভিযোগের অপরাধ করা গেলে তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন এবং এই ধারামতে যে ব্যক্তি পোলীসমাজিষ্ট্রেটদ্বারা দণ্ডনীয় হয় সরাসরী বিচারমতে অপরাধের প্রমাণ হইলে তাহার দণ্ড হইতে পারিবে। কিন্তু পোলীসের যে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধির অভি-

exercised if the witnesses necessary for the prosecution of the offender are to be found within the local limits of the jurisdiction of the Police Magistrate before whom the offender is charged.

[Railway servants to be public servants within meaning of Sections 161 to 165 of Penal Code.]

80. Every officer and servant of a Railway Company shall be deemed a "public servant" within the meaning of Sections 161, 162, 163, 164 and 165 of the Indian Penal Code; and in the definition of legal remuneration contained in the said Section 161, the word "Government" shall, for the purposes of this section, be deemed to include a Railway Company.

[Penalty for making charges not in accordance with Tariff.]

81. Any servant of the Company making any charge or accepting any payment not in accordance with the said Tariff of tolls, rates and charges, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Notice of accidents to be given to Police.]

82. Within twelve hours after the occurrence upon any Railway or in or upon any of the stations, sheds, sidings, carriages, or other property of the Company to which the Railway belongs, of any accident, act or omission causing or likely to cause personal injury, or loss or of injury to goods carried thereon, the station-master at the station nearest to the place of the occurrence shall give notice thereof in writing to the District Superintendent of Police, and the officer in charge of the Police station nearest to such place.

[Penalty for default.]

Any station-master wilfully omitting to give such notice shall be liable to a fine of fifty Rupees for every day during which the omission shall continue.

[Penalty on officer of Company making false return.]

83. Every officer of any Company wilfully making any false return required under this Act to the Governor General in Council or Local Government, shall be punished with imprisonment for a term not exceeding three years, or with fine, or with both.

[Remedy against Companies contravening or exceeding provisions of their contracts or this Act.]

84. Whenever it shall appear to the Governor General in Council or to the Local Government that any of the provisions of the contract between the Secretary of State and any Company, or the

যোগ হয় ঐ অভিযোগ সংক্রান্ত কার্য্য করিবার আবশ্যক সাক্ষিদিগকে তাঁহারই ক্ষমতাধীন স্থানের মধ্যে না পাওয়া গেলে তিনি ঐ ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন না ইতি।

[দণ্ডবিধির আইনের ১৬১ অবধি ১৬৫ পর্য্যন্ত ধারার অর্থক্রমে রেলপথের কার্য্যকারকদিগের রাজকীয় কার্য্যকারক হওয়ার কথা।]

৮০ ধারা। রেলপথ কোম্পানির প্রত্যেক কার্য্যকারক ও চাকর ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪, ও ১৬৫ ধারার অর্থক্রমে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন। উক্ত ১৬১ ধারার মধ্যে আইনমত পারিতোষিক এই যে কথা আছে তাহার অর্থ করণেতে এই ধারার অভিপ্রায়ার্থে গবর্ণমেন্ট শব্দের মধ্যে রেলপথ কোম্পানি গণ্য হইবে ইতি।

[ফর্দ্দের অলিখিত ভাড়াপ্রভৃতি লওয়ার দণ্ডের কথা।]

৮১ ধারা। মাসুলের ও ভাড়ার ও খরচের পূর্ব্বোক্ত যে ফর্দ্দ করা যায় যদি কোম্পানির কোন চাকর তদনুযায়ি মাসুলাদিভিন্ন কোন টাকা দাওয়া করেন কি লন তবে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[বিঘটনার সংবাদ পোলীসকে দিবার কথা।]

৮২ ধারা। কোন রেলপথে কিম্বা রেলপথ যে কোম্পানির হয় সেই কোম্পানির কোন ষ্টেশনে কি শেডে কি পার্শ্ব পথে কি গাড়িতে কি অন্য সম্পত্তিতে যদি কোন বিঘটনা হইয়া থাকে কিম্বা যদ্দ্বারা ব্যক্তির কায়িক হানি হয় কিম্বা ঐ রেলপথে চালান করা দ্রব্যের চুরি হয় কি হইবার সম্ভাবনা থাকে যদি এমত কোন ক্রিয়া করা যায় কি কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি হয়; তবে ঐ ব্যাপার যে স্থানে ঘটিয়াছে তাহার নিকটস্থ ষ্টেশনের ষ্টেশন মাষ্টর ঐ বিঘটনার পর ১২ ঘণ্টার মধ্যে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে এবং সেই স্থানের নিকট পোলীস থানার অধ্যক্ষতা কর্ম্মকারকের নিকটে পত্র লিখিয়া সেই বিষয়ের সংবাদ দিবেন।

[না দিবার দণ্ডের কথা।]

যদি কোন ষ্টেশন মাষ্টর ইচ্ছাপূর্ব্বক উক্ত সংবাদ দিতে ত্রুটি করেন, তবে যত দিন তাঁহার সেই ত্রুটি হয় তাহার দিনপ্রতি তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোম্পানির কার্য্যকারক মিথ্যা বর্ণনা লিখিলে তাঁহার দণ্ডের কথা।

৮৩ ধারা। এই আইনমতে মন্ত্রিসভাবিশিষ্ট শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে যে বর্ণনা পাঠাইবার আজ্ঞা হইল যদি কোম্পানির কার্য্যকারক সেই বর্ণনা ইচ্ছাপূর্ব্বক মিথ্যা করিয়া পাঠান তবে তাঁহার তিন বৎসরের অনধিক কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

[কোম্পানি আপনাদের কৃত চুক্তির কি এই আইনের বিধানের বিপক্ষতা কি লঙ্ঘন করিলে তৎপ্রতিকারের কথা।]

৮৪ ধারা। ষ্টেট সেক্রেটারী সাহেবের এবং কোন কোম্পানির মধ্যে যে চুক্তি করা গেল ঐ কোম্পানি কি তাঁহার কোন কার্য্যকারক সেই চুক্তির কিম্বা এই আইনের বিধান অনুসারে কার্য্য করেন নাই এবং

provisions of this Act, has or have not been complied with on the part of any Company or any of its Officers, or that any Company has acted or is acting in a manner unauthorised by the said provisions, or in excess of the powers and objects thereby given and defined, and also that it would be for the public advantage that the Company should be restrained from so acting,—

The Advocate General shall,—

In case such default shall consist of non-compliance with such provisions,—

Proceed by information, suit, or other legal proceeding, as the case may require, to recover such penalties and forfeitures or otherwise to enforce the due performance of the said provisions by such means as any person aggrieved by such non-compliance or otherwise authorized to sue for such penalties, might employ under such provisions:

And in case the default shall consist in the commission of some act unauthorised by law,—

Proceed to obtain an injunction or order to restrain the Company from acting in such illegal manner, or to give such other relief as the nature of the case may require.

The Judge to whom the application is made shall grant such injunction or order, if he shall be of opinion that the act of the Company complained of is not authorized by law:

Provided that no such proceeding shall be taken by the Advocate-General until twenty-one days after the Local Government shall have given notice to the Agent of the Company offending, and that every such proceeding shall be taken within one year after such offence shall have been committed.

Compensation for death.

[Suit for compensation to the family of a person for loss occasioned to it by actionable wrong.]

85. Whenever the death of a person shall be caused by the wrongful act, neglect, or default of any Company or any of their officers or servants, and the act, neglect, or default is such as would (if death had not ensued) have entitled the person injured to maintain a suit and recover damages in respect thereof, the Company shall be liable to a suit for damages notwithstanding the death of the person injured, and although the death shall have been caused under such circumstances as amount in law to a crime:

Every such suit shall be for the benefit of the wife, husband, parent, grandfather or grandmother, child, step-child and grand-child, if any, of the person whose death shall have been so caused, and shall be brought by and in the name

[*Government Gazette*, *28th January* 1863.]

উক্ত বিধান দ্বারা যদ্রূপ কার্য্য করিবার অনুমতি হইল উক্ত কোম্পানি তদন্যথায় কিম্বা ঐ বিধানক্রমে দত্ত ও নির্দ্দিষ্ট শক্তির ও অভিপ্রায়ের উল্লঙ্ঘনে কর্ম্ম করিয়াছেন কি করিতেছেন এবং কোম্পানির তদ্রূপ কার্য্যের নিষেধ হইলে সর্ব্বসাধারণের মঙ্গল হয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট যদি এমত বোধ করেন তবে

ঐ বিধান অনুযায়ি কর্ম্ম করণের ত্রুটিরূপ দোষ হইলে সেই বিধানমতে কর্ম্ম না হওনপ্রযুক্ত যেব্যক্তি ক্ষতিগ্রস্ত হন কিম্বা অর্থদণ্ডের নিমিত্তে যাঁহার প্রকারান্তরে প্রার্থনা করিবার ক্ষমতা থাকে তিনি সেই বিধান অনুসারে দোষ জ্ঞাত করণ কিম্বা বিষয় বিশেষে মোকদ্দমা করণ কি মোকদ্দমাঘটিত অন্য কার্য্য করণ দ্বারা যদ্রূপে উক্ত বিধান উপযুক্তমতে প্রবল করণার্থে অর্থ ও সম্পত্তিদণ্ড প্রভৃতি দেওয়াইতে পারিতেন আডবোকেট জেনরল সাহেব তাহাও তদ্রূপে করিতে পারিবেন।

আইনদ্বারা যে কার্য্যের অনুমতি হয় নাই যদি এমত কার্য্য করণে উপরোক্ত দোষ হইয়া থাকে,

তবে সেই কোম্পানিকে উক্ত বেআইনী কার্য্য করিতে নিষেধ করিবার জন্যে উক্ত আডবোকেট জেনরল সাহেব আজ্ঞাপত্র পাইবার কিম্বা বিষয় বিবেচনায় অন্য যদ্রূপ উপকার প্রাপ্তির প্রয়োজন তাহা পাইবার উপযুক্ত কর্ম্ম করিবেন।

যে জজ সাহেবের নিকটে প্রার্থনা হয় অভিযুক্ত কোম্পানির ক্রিয়া আইনের অনুমত নহে যদি তাঁহার এইরূপ বিবেচনা থাকে তবে তিনি সেই নিষেধ আজ্ঞা দিবেন।

কিন্তু যে কোম্পানির অপরাধ হয় স্থানীয় গবর্ণমেন্ট সেই কোম্পানির এজেন্ট সাহেবকে সংবাদ দিলে পর একুশ দিন গত না হইলে, আডবোকেট জেনরল সাহেব মোকদ্দমাঘটিত পূর্ব্বোক্ত কোন কার্য্য করিবেন না এবং অপরাধ হইলে পর এক বৎসরের মধ্যেই তদ্রূপ প্রত্যেক কার্য্য করিতে হইবে ইতি।

মৃত্যু হইলে পারিতোষিকের বিধি।

[যে অন্যায় ক্রিয়াহেতুক নালিশ হইতে পারে, তদ্দ্বারা কোন ব্যক্তির পরিবারের হানি হইলে, ক্ষতিপূরণের মোকদ্দমার কথা।]

৮৫ ধারা। যদি কোন কোম্পানির কি তাঁহারদের কোন কার্য্যকারকদের কি চাকরদের কোন অন্যায় ক্রিয়া কি শৈথিল্য কি ত্রুটিদ্বারা কোন ব্যক্তির মৃত্যু হয়, এবং তাঁহার মৃত্যু না হইলে সেই ক্রিয়া কি শৈথিল্য কি ত্রুটির ভাব বিবেচনায়, যদি তদ্ধেতুক সেই আহত ব্যক্তির মোকদ্দমা করিয়া ক্ষতিপূরণ পাইবার অধিকার থাকিত, তবে আহত ব্যক্তির মৃত্যু হইলেও এবং যে বিষয়োপলক্ষে তাহার মৃত্যু হইল তাহা আইনমতে অপরাধের তুল্য হইলেও কোম্পানির নামে হানি পূরণের মোকদ্দমা হইতে পারিবে।

তদ্দ্বারা যে ব্যক্তির মৃত্যু হইয়া থাকে, তাঁহার স্ত্রী কি স্বামী কি পিতা কি মাতা কি পিতামহ কি পিতামহী কি মাতামহ কি মাতামহী কি সন্তান কিম্বা ভর্ত্তৃসুত কি সপত্নীসুত কি পৌত্র কি দৌহিত্র থাকিলে তাঁহারদের কাহার উপকারের নিমিত্তে এবং মৃত ব্যক্তির অছি

of the executor or administrator (if any) of the person deceased:

If there shall be no such executor or administrator:

Or if (there being such executor or administration) no such suit shall, within six months after the death, have been brought by such executor or administrator:

Then the suit may be brought by and in the names of the persons for whose benefit such action would have been if it had been brought by and in the name of such executor or administrator. And every such suit shall be for the benefit of the same persons, and shall be subject to the same procedure, as nearly as may be, as if it had been brought by and in the name of the executor or administrator.

[Damages.]

86. In every such suit the Court may give such damages as it may think proportioned to the pecuniary loss resulting from such death to the parties respectively for whom and for whose benefit the suit shall be brought:

The amount so recovered, after deducting all costs and expenses, including the costs not recovered from the defendant, shall be divided amongst the before-mentioned parties, or any of them, in such shares as the Court shall direct:

It shall be sufficient if the defendant pays money into Court, that he pays it as a compensation in one sum to all persons entitled under this Act for his wrongful act, neglect, and default, without specifying the shares into which it is to be divided by the Court. And if the said sum be not so accepted and an issue is framed as to its sufficiency, and the Court shall think the same sufficient, the defendant shall be entitled to judgment upon that issue.

[Claim for loss to estate may be added.]

87. In any such suit the plaintiff may insert a claim for and recover any pecuniary loss to the estate of the deceased occasioned by such wrongful act, neglect or default, which sum, when recovered, shall be deemed part of the assets of the estate of the deceased.

[Limitation of suits under Section 85.]

88. Provided that not more than one suit under Section 85 shall be brougnt for, or in respect of, the same subject-matter of complaint, and that every such suit shall be brought within twelve months after the death of the deceased.

কি সম্পত্তিনিরূপণাধিকারী থাকিলে, তাঁহার দ্বারা ও তাঁহার নাম দিয়া উক্ত প্রত্যেক মোকদ্দমা উপস্থিত করা যাইবে।

যদি তদ্রূপ অছি কি সম্পত্তিনিরূপণাধিকারী না থাকে,

অথবা অছি কি সম্পত্তি নিরূপণাধিকারী থাকিলে, যদি তিনি ঐ ব্যক্তির মৃত্যুর পর ছয় মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত না করেন,

তবে ঐ অছি কি সম্পত্তিনিরূপণাধিকারির দ্বারা ও তাঁহার নাম দিয়ামোকদ্দমা উপস্থিত করা গেলে, যে ব্যক্তিরদের উপকারার্থে করা যাইত, তাঁহারাই নিজ নামে সেই মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। এবং তদ্রূপ প্রত্যেক মোকদ্দমা সেই ব্যক্তিদের উপকারের জন্যে হইবে। এবং অছি কি সম্পত্তিনিরূপণাধিকারী নিজ নামে মোকদ্দমা করিলে, ঐ মোকদ্দমার যে কার্য্য প্রণালী হইত সাধ্যমতে তত্তুল্য প্রণালীতে কার্য্য হইবে ইতি।

[ক্ষতিপূরণের কথা।]

৮৬ ধারা। যে ব্যক্তিদের নিমিত্ত ও যাঁহারদের উপকারার্থে মোকদ্দমা উপস্থিত করা যায়, আদালতের বিবেচনাতে মৃত ব্যক্তির মরণদ্বারা তাঁহারদের টাকার হিসাবে যত ক্ষতি হয় তদ্রূপ প্রত্যেক মোকদ্দমায় আদালত তদনুসারে ক্ষতিপূরণের আজ্ঞা করিবেন।

তদ্রূপ প্রাপ্ত টাকাহইতে খরচ খরচা বাদ দিতে হইবে। প্রতিবাদির স্থানে যে খরচা আদায় না হয়, তাহাও বাদ দেওয়া যাইবে। অবশিষ্ট টাকা আদালত যদ্রূপ আজ্ঞা করেন, তদ্রূপে অংশ করিয়া পূর্ব্বোক্ত ব্যক্তিদের কি তাহারদের কোন কাহারও মধ্যে বন্টন করা যাইবে।

এই আইনমতে প্রতিবাদির অন্যায় ক্রিয়া ও শৈথিল্য ও ত্রুটিহেতুক যে সকল ব্যক্তির ক্ষতিপূরণ পাইবার অধিকার থাকে, তাঁহারদের মধ্যে যত অংশ করিয়া আদালতের সেই টাকা বন্টন করিতে হইবে, প্রতিবাদী ইহা নির্দ্দিষ্ট না করিয়া যদি ক্ষতিপূরণার্থ সেই টাকা মোটে আদালতে অর্পণ করেন তাহা হইলে কার্য্য সিদ্ধ হইবে। যদি সেই টাকা তদ্রূপে গ্রাহ্য না হয়, এবং তাহা অকুলান বলিয়া ইস্যু নির্ণয় হইলে, যদি আদালত তাহা পর্য্যাপ্ত জ্ঞান করেন, তবে সেই ইস্যুর উপর প্রতিবাদির পক্ষে ডিক্রী হইতে পারিবে ইতি।

[সম্পত্তির পক্ষে ক্ষতির দাওয়া সংযোগ হইবার কথা।]

৮৭ ধারা। পূর্ব্বোক্ত অন্যায় ক্রিয়ার কি শৈথিল্যের কি ত্রুটির দ্বারা মৃত ব্যক্তির সম্পত্তি সম্পর্কে টাকার ক্ষতি হইলে, বাদী পূর্ব্বোক্ত কোন মোকদ্দমায় সেই টাকার নিমিত্তে দাওয়া করিয়া তাহাও পাইতে পারিবেন। সেই টাকা আদায় হইলে, মৃত ব্যক্তির সংস্থানের একাংশ জ্ঞান হইবে ইতি।

[৮৫ ধারামত মোকদ্দমা করিবার সময়সীমার কথা।]

৮৮ ধারা। পরন্তু অভিযোগের একি বিষয় ধরিয়া ৮৫ ধারামতে একি মোকদ্দমার অধিক করিতে হইবে না। ও মৃত ব্যক্তির মৃত্যুর পর দ্বাদশ মাসের মধ্যে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ জানুআরি।]

PART VI.

FINES AND CONVICTIONS.

[Levy of fines under this Act.]

89. All fines imposed under this Act may be recovered if for offences committed outside the local limits of the towns of Calcutta, Madras and Bombay, in the manner prescribed by the Code of Criminal Procedure, and if for offences committed within those limits in the manner prescribed by any Act regulating the Police of such towns in force for the time being: Provided that all such fines when imposed upon a Company, or upon an officer or servant of a Company, may in case of non-payment thereof within seven days after the imposition, be levied by distress and sale of the moveable property of the Company, excepting the engines or other rolling-stock, by warrant under the hand of the Magistrate who shall have imposed the fine, or in case of his absence, sickness, or death, by warrant under the hand of any other Magistrate.

[Company's servant liable to be summoned where fine imposed on Company in consequence of his negligence or misconduct.]

90. When any fine is imposed under this Act upon and paid by any Company, and failure, omission, or neglect, for which the fine is imposed, shall have been caused by the negligence or wilful misconduct of any of their servants, such servant shall be liable to be summoned, on the complaint of the Company, before a Magistrate, and upon proof to his satisfaction that the said failure, omission, or neglect, was caused by the negligence or wilful misconduct of such servant, the Magistrate may order him to make good and reimburse to the Company the amount of the said fine.

[Prosecution of Railway servants for offences under this Act. Penalty in default of prosecution.]

91. Whenever any servant of a Company shall be guilty of any act or omission contrary to the provisions of this Act, or by reason of which any accident causing or likely to cause serious personal injury, occurs, the Company shall give notice thereof to the Local Government, and may, if it thinks fit, and shall, if the Local Government so requires, prosecute such servant before a Magistrate. Any Company wilfully omitting to give such notice, or (after being required as aforesaid) failing to institute and complete such prosecution, shall be liable to a fine not exceeding one thousand Rupees.

[*Government Gazette*, 28*th January* 1868.]

ষষ্ঠ খণ্ড।

অর্থদণ্ডের ও দোষ নির্ণয়ের বিধি।

[এই আইনমত অর্থদণ্ড আদায় করিবার কথা।]

৮৯ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার বহির্ভূত স্থানে অপরাধ হইয়া এই আইনমতে যে অর্থদণ্ড ধার্য্য হয়, তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্দ্দিষ্টমতে আদায় হইতে পারিবে। উক্ত সীমার মধ্যে অপরাধ হইয়া যে অর্থদণ্ডের আজ্ঞা হয়, ঐ২ নগরের পোলীসের কার্য্যবিধায়ক যে আইন যৎকালে প্রচলিত থাকে অর্থদণ্ড সেই আইনের নির্দ্দিষ্টমতে আদায় হইবে। কিন্তু কোম্পানির কিম্বা তদীয় কোন কার্য্যকারকের কি চাকরের তদ্রূপ যে অর্থদণ্ড দিবার আজ্ঞা হয়, সেই দণ্ড ধার্য্য হইবার পর যদি সাত দিনের মধ্যে না দেওয়া যায়, তবে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ অর্থদণ্ডের আজ্ঞা দিলেন তাঁহার স্বাক্ষরিত পরওয়ানার বলে, কিম্বা তাহার অনুপস্থান কি পীড়া কি মৃত্যু হইলে অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষরিত পরওয়ানার বলে, কোম্পানির ইঞ্জিন ও চক্রবিশিষ্ট দ্রব্য ভিন্ন অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণ দ্বারা ঐ দণ্ডের টাকা আদায় হইতে পারিবে ইতি।

[কোম্পানির কোন চাকরের অমনোযোগ কি অসদাচারপ্রযুক্ত কোম্পানির অর্থদণ্ডের আজ্ঞা হইলে সেই চাকরকে আহ্বান করিতে পারিবার কথা।।

৯০ ধারা। যদি এই আইনমতে কোন কোম্পানির অর্থদণ্ডের আজ্ঞা হয়, ও সেই দণ্ডের টাকা দেওয়া গিয়া থাকে, কিন্তু যে ক্রটির কি শৈথিল্যের জন্যে অর্থদণ্ডের আজ্ঞা হইল তাহা যদি কোম্পানির কোন চাকরদিগের অমনোযোগ কি ইচ্ছাপূর্ব্বক অহিতাচার দ্বারা হইয়া থাকে, তবে কোম্পানি নালিশ করিলে সেই চাকরকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আহ্বান করা যাইতে পারিবে এবং সেই চাকরের অমনোযোগ কি ইচ্ছাপূর্ব্বক অহিতাচার দ্বারা উক্ত ক্রটি কি শৈথিল্য হইয়াছিল মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ হইলে, তিনি সেই চাকরের প্রতি কোম্পানির উক্ত অর্থদণ্ডের টাকা পূরণ করিয়া ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[এই আইন লিখিত অপরাধ হেতুক রেলওয়ে কার্য্যকারকদের নামে নালিশের কথা ও নালিশ না হইলে দণ্ডের কথা।]

৯১ ধারা। যদি কোম্পানির কোন চাকর এই আইনের বিধানের বিপরীত কোন কার্য্যের কি ক্রটির অপরাধী হয় কিম্বা যে বিঘটনার দ্বারা কোন ব্যক্তির কায়িক গুরুতর হানি হয় কি হইবার সম্ভাবনা থাকে যদি উক্ত কার্য্য দ্বারা তদ্রূপ বিঘটনা ঘটে, তবে কোম্পানি স্থানীয় গবর্ণমেণ্টের নিকট সেই বিষয়ের সংবাদ দিবেন এবং উপযুক্ত বোধ করিলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সেই চাকরের নামে নালিশ করিতে পারিবেন ও স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করিলে অবশ্য নালিশ করিবেন। যদি কোন কোম্পানি ইচ্ছাক্রমে পূর্ব্বোক্ত সংবাদ না দেন, কিম্বা নালিশ করিবার আজ্ঞা পাইলে যদি মোকদ্দমা উপস্থিত না করেন ও সমাপ্তি পর্য্যন্ত না চালান, তবে সেই কোম্পানির একসহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Jurisdiction of Magistrate, &c., to fine.]

92. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence for which, according to the provisions of this Act, he shall be liable to a fine only, shall be punishable for such offence by any Police Magistrate in any of the Presidency towns, whether the offence shall have been committed within the local limits of the jurisdiction of such officer or not.

[Conviction to be quashed on merits only. Form of conviction, &c.]

93. No conviction, order or judgment of any Magistrate shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment, the evidence on which it proceeds; but the depositions taken, or a copy of them, shall be returned with the conviction, order, or judgment, in obedience to any writ of *certiorari*, and if no jurisdiction appears on the face of the conviction, order, or judgment, but the depositions taken supply that defect, the conviction, order, or judgment, shall be aided by what so appears in such depositions.

SCHEDULE.

No. of Act.	Title of Act.	Extent of Repeal.
XVIII of 1854.	An Act relating to Railways in India.	The whole.
XIII of 1855.	An Act to provide compensation to families for loss occasioned by the death of a person caused by actionable wrong.	So far as regards suits against Railway Companies.
LII of 1860.	An Act to amend Act XVIII of 1854.	The whole.
XXII of 1863.	An Act to provide for taking land for works of public utility to be constructed by private persons or Companies, and for regulating the construction and use of works on lands so taken.	So far as relates to Railways.
XXXI of 1867.	An Act to render penal certain offences committed by servants of Railway Companies,	The whole.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home-Department, (Legislative.)

[মাজিষ্ট্রেট প্রভৃতির অর্থদণ্ড করিবার ক্ষমতার কথা।]

৯২ ধারা। কোন ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলেও এই আইনের বিধানমতে যে অপরাধের কেবল অর্থদণ্ড হইতে পারে তিনি যদি এমত কোন অপরাধের দোষী হন তবে কোন রাজধানীর পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে কিম্বা বাহিরে সেই অপরাধ হইলে সেই মাজিষ্ট্রেট সাহেব তাঁহার সেই অপরাধের দণ্ড করিতে পারিবেন ইতি।

[অপরাধের নির্ণয়পাদ কেবল দোষগুণ হেতুক অসিদ্ধ হইবার এবং দোষনির্ণয় প্রভৃতি লিখিবার পাঠের কথা।

৯৩ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেবের নির্ণয়পাদ কি আজ্ঞা কি নিষ্পত্তি রীতির কি কার্য্যপ্রণালীর ভুল হেতুক অসিদ্ধ হইতে পারিবে না, কেবল দোষগুণ হেতু অসিদ্ধ হইতে পারিবে। এবং নির্ণয়পাদ কি নিষ্পত্তি যে প্রমাণের বলে করা যায় তাহা সেই নির্ণয়পত্রের অভিমুখে লেখা আবশ্যক নহে, কিন্তু যদি সর্টিওরেটের নামক কোন পরওয়ানা বাহির হয় তবে যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহা কি তাহার প্রতিলিপি ঐ নির্ণয়পাদের কি আজ্ঞার কি নিষ্পত্তিপত্রের সঙ্গে পাঠান যাইবে, এবং নির্ণয় পাদ ও আজ্ঞা ও নিষ্পত্তিপত্রের অভিমুখে যদি বিচারাধিপত্য না থাকা দৃষ্ট হয়, কিন্তু যে সাক্ষ্য লওয়া গেল তদ্দ্বারা যদি সেই দোষের প্রতিকার হইয়া থাকে, তবে উক্ত সাক্ষ্যপত্রে যাহা দৃষ্ট হয় তদ্দ্বারা সেই নির্ণয়পাদের কি আজ্ঞার কি নিষ্পত্তির প্রতিপোষণ হইবে ইতি।

তফসীল।

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮৫৪ সা ১৮ আ	ভারতবর্ষেতে রেলওয়ে বিষয়ি ...	সম্পূর্ণ আইন।
১৮৫৫ সা ১৩ আ	যে ক্ষতির বাবৎ দাবির নালিশ হইতে পারে এমত ক্ষতির দ্বারা কোন ব্যক্তির মৃত্যু হইলে তাহার পরিবারের ঐ ক্ষতি পূরণ পাইবার বিধান করণের আইনের ...	যে পর্য্যন্ত রেলওয়ে কোম্পানির নামে মোকদ্দমার সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।
১৮৬০ সা ৫২ আ	১৮৫৪ সালের ১৮ আইন সংশোধনার্থ ...	সম্পূর্ণ আইন।
১৮৬৩ সা ২২ আ	সাধারণ ব্যক্তিরা কি কোন কোম্পানি সর্ব্বসাধারণের উপকারর্থ যে বিষয় প্রস্তুত করিবেন, তজ্জন্যে ভূমি গ্রহণ করিবার এবং তদ্রূপ গৃহীত ভূমিতে বিষয় প্রস্তুত ও তদ্ব্যবহার করণের বিধান করিবার আইনের ...	যে পর্য্যন্ত রেলওয়ের সহিত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।
১৮৬৭ সা ৩১ আ	রেলওয়ে কোম্পানির চাকরদিগের কোন২ অপরাধ দণ্ডাধীন করণার্থ ...	সম্পূর্ণ আইন।

উইটলী ষ্টোকস,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ জানুআরি।]

NOTIFICATION.

It is hereby notified that the High Court have been pleased to add *Elberlings Treatise on Inheritance* to the List of Text Books prescribed for the qualification of Pleaders of the 1st and 2nd Grades, in the *Rules* of the 2nd May 1866, drawn up in accordance with Section 4, Act XX. of 1866, and published in the *Calcutta Gazette* of the 2nd and 9th idem.

The above treatise will accordingly take its place under Rule 6 among the works named in Clause 1, upon the subject of (E) "The Hindoo Law of Inheritance, succession and adoption;" and also under Rule 18, as one of the works shewn under Clause 1, upon the subject of "Hindoo Law."

By order of the High Court,
C. D. Field,
Registrar.

বিজ্ঞাপন।

ইহাতে সংস্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৬ সালের ২০ আইনের ৪ ধারামতে প্রণীত ১৮৬৬ সালের মে মাসের ২ তারিখের বিধিঅনুসারে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর উকীলদের কর্ম্মক্ষম হওয়ার নিমিত্তে যে২ পুস্তক নির্দ্দিষ্ট হইয়া ঐ মাসের ১৫ ও ২২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হইয়াছে তাহাতে হাই কোর্টের সাহেবেরা এলবর্লিং সাহেবের কৃত উত্তরাধিকারিত্ব বিষয়ক ব্যবস্থা পুস্তক সংযোগ করিয়াছেন।

৬ ধারার ১ প্রকরণে যে২ পুস্তকের নামোল্লেখ হইয়াছে তন্মধ্যে B চিহ্নিত দফার দায়ভাগ ও উত্তরাধিকারিত্ব ও দত্তক গ্রহণ বিষয়ে হিন্দু ব্যবস্থার মধ্যে এবং ১৮ বিধির ১ দফায় হিন্দু ব্যবস্থাবিষয়ক যে২ পুস্তক নির্দ্দিষ্ট হইয়াছে তন্মধ্যে এই পুস্তক খানিও গৃহীত হইল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
সি ডি ফীল্ড
রেজিষ্ট্রার

John Robinson, *Bengale Translator.*

FINANCIAL DEPARTMENT.

Notification.

Fort William, the 3rd January 1868.

No. 59.

To remove certain misapprehensions of the rules for leave of absence and pension to Uncovenanted Servants, the Governor General in Council is pleased to publish the following orders :—

2. Financial Notification No. 3031, dated 29th October 1866, promulgated new pension rules for Native Judges. The option of the old pension rules, which is secured by that Notification, to Native Judges who were in the service on 29th October 1866, is not affected by their transfer to Small Cause Courts as Judges.

3. New rules for leave of absence and pensions for Uncovenanted Servants, generally, were promulgated on 8th June 1863. An Uncovenanted Servant appointed before that date, and whom the Government may consider to be entitled to favorable consideration, is allowed by Financial Notification No. 1349, dated 29th March 1865, to count service towards pension under the old rules, whenever, in respect of such reckoning, they may be more beneficial than the new, provided he shall not, at any time, have availed himself of the benefits conferred by the new leave rules. This proviso does not give any Uncovenanted Servant appointed before 8th June 1863, the option of the old leave rules. Whatever leave he requires must

ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৬৮ সাল ৩ জানুআরি।

৫৯ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর ও পেন্স্যানের বিধির কোন২ ভ্রমাপনোদন করণার্থ নিম্নলিখিত আজ্ঞা প্রচার করিলেন।

২। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৬ সালের অক্টোবর মাসের ২৯ তারিখের ৩০৩১ নম্বরের বিজ্ঞাপন দ্বারা দেশীয় বিচারপতিদের নূতন পেন্স্যানের বিধি প্রকাশ হয়। দেশীয় যে বিচারপতিরা ১৮৬৬ সালের অক্টোবর মাসের ২৯ তারিখে কর্ম্মে নিযুক্ত ছিলেন তাঁহাদের প্রতি উক্ত বিজ্ঞাপনদ্বারা সেচ্ছাক্রমে পুরাতন কিম্বা নূতন বিধিমতে পেনস্যন লইবার যে অনুমতি হইয়াছে, ক্ষুদ্র মোকদ্দমার আদালতে তাঁহারা জজস্বরূপ নিযুক্ত হইলেও তাহা অব্যাহত রহিল।

৩। অচিহ্নিত সর্ব্বসাধারণ কার্য্যকারকদের ছুটীর ও পেন্স্যানের নূতন বিধি ১৮৬৩ সালের জুন মাসের ৮ তারিখে প্রকাশ করা যায়। অচিহ্নিত যে কার্য্যকারক ঐ তারিখের পূর্ব্বে নিযুক্ত ছিলেন, যদি গবর্ণমেণ্ট তাঁহাকে অনুগ্রহের যোগ্যপাত্র জ্ঞান করেন, তবে নূতন বিধিমতে পেনস্যন প্রাপ্যোপযুক্ত কর্ম্মের কালের হিসাব করিলে যত লাভ হয়, যদি পুরাতন বিধিমতে হিসাব করিলে তদধিক লাভের সম্ভাবনা তবে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের মার্চ মাসের ২৯ তারিখের ১৩৪৯ নম্বরের বিজ্ঞাপনক্রমে তাঁহার সেই পুরাতন বিধিমতে হিসাব করিবার অনুমতি আছে। কিন্তু ইহাতে প্রয়োজন যে তিনি কস্মিন কালে ছুটীর নূতন বিধির দত্ত উপকার গ্রহণ না করেন। ১৮৬৩ সালের জুন মাসের ৮ তারিখের পূর্ব্বে যে কোন অচিহ্নিত কার্য্যকারক নিযুক্ত হন, উক্ত উপবিধিক্রমে ছুটীর পুরা-

be given under the new rules, but if he desires to retain the benefit conceded in Financial Notification dated 29th March 1865, he must abstain from availing himself of so much of the advantages of the leave that he may take under the new rules as may be in excess of what he could have had under the old rules.

4. Periods of absence on any leave, except privilege leave and (conditionally) preparatory leave, do not count towards pension. This prohibition is a part of the new pension rules, rather than of the new leave rules, and accordingly all who are debarred from the option of the old pension rules, are also debarred from counting as service periods of absence which, in the new pension rules, are not regarded as service.

E. H. LUSHINGTON,
Secy. to the Govt. of India.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 233.

APPOINTMENTS.

The 16th January 1868.

Subject to the sanction of His Excellency the Governor General of India, Mr. T. H. Cowie is appointed to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal, for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Chittagong, *viz.*:—

Mr. A. L. Clay.
„ W. Sarson.
„ H. H. Martin.
„ R. D. Nuthall.

Mr. A. L. Clay to be also Vice-Chairman of the Municipal Commissioners for the said Town.

Baboo Bejoy Kissen Mookerjee to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Ooterparah.

The 17th January 1868.

Mr. C. J. Cowie to officiate as an Extra Assistant Commissioner in Assam, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that Province, during the absence, on deputation, of Mr. J. W. Edgar, or until further orders.

তন বিধিমতে ছুটী লওয়া কি না লওয়া তাঁহার স্বেচ্ছাধীন নহে। ছুটী চাহিলে অবশ্যই নূতন বিধিমতে লইতে হইবে। কিন্তু ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের মার্চ মাসের ২৯ তারিখের বিজ্ঞাপনমতে যে উপকার প্রদত্ত হইয়াছে তাহা যদি স্বপক্ষে রক্ষা করিতে ইচ্ছা করেন, তবে পুরাতন বিধি অপেক্ষা নূতন বিধিমত ছুটীর যে শ্রেষ্ঠতর নিয়ম আছে প্রয়োজন যে তিনি সেই শ্রেষ্ঠতর নিয়মমতে ছুটী গ্রহণ না করেন।

৪। পেনশ্যান পাইবার যোগ্য হওনার্থে যত কাল কর্ম্ম করিতে হইবে, অনুগ্রহের ছুটী এবং নিয়মাধীনে প্রস্তুত হওনার্থ ছুটীভিন্ন অন্য ছুটীর সময় সেই কালের মধ্যে গণ্য নহে। ছুটীর নূতন বিধির মধ্যে এই নিষেধ থাকিলেও পেনশ্যনের নূতন বিধির একাংশ আছে অতএব পেনসানের পুরাতন কিম্বা নূতন বিধিক্রমে যাঁহারদের স্বেচ্ছাধীনে পেনশ্যান পাইবার অনুমতি নাই, পেন্স্যানের নূতন বিধিমতে যে ছুটীর কাল কর্ম্ম করণের কালের মধ্যে গণ্য নয়, তাঁহারা সেই ছুটীর কাল পেনশ্যান প্রাপণোপযুক্ত কর্ম্মের কালের মধ্যে ধরিতে পারিবেন না।

ই এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৩৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ১৬ জানুআরি।

ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনের অপেক্ষায় শ্রীযুত টি, এচ কোই সাহেব ফোর্ট উলিয়ম প্রেসীডেন্সীর বঙ্গদেশ বিভাগের আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার এক জন সভ্যের পদে নিযুক্ত হইয়াছেন।

নিম্নলিখিত মহাশয়েরা চট্টগ্রাম নগরের মুনিসিপল কমিস্যনর হইবেন,

শ্রীযুত এ এল ক্লে সাহেব।
,, ডবলিউ সার্সন সাহেব।
,, এচ এচ মার্টিন্ সাহেব।
,, আর ডি নটহল্ সাহেব।

শ্রীযুত এ এল ক্লে সাহেব উক্ত নগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতিও হইবেন।

শ্রীযুত বাবু বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায় উত্তরপাড়ার দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর এক জন মেম্বর হইবেন।

১৮৬৮ সাল ১৭ জানুআরি।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত জে ডবলিউ এডগর সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি জে কোই সাহেব আসামে অতিরিক্ত আসিস্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন, ও ঐ প্রদেশে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

The 18*th January* 1868.

Mr. H. W. Barber, Deputy Magistrate and Deputy Collector, Cox's Bazar, is vested with the powers of a Magistrate in the District of Chittagong.

The following Deputy Collectors, now employed on duty in connection with the embankment enquiries, are vested with the powers of a Deputy Collector, under Regulation IX. of 1833, in all the Districts of the Cuttack Division, *viz.:*—

Mr. W. C. Taylor.
Baboo Sitakant Mookerjee.
„ Hurri Nath Chatterjee.

The 20*th January* 1868.

Mr. P. T. Carnegy to officiate as Deputy Commissioner of the Cossyah and Jynteah Hills, and to exercise the powers of a Civil Judge in that District, during the absence, on leave, of Lieutenant-Colonel H. S. Bivar, or until further orders.

The 21*st January* 1868.

Baboo Anund Mohun Mozoomdar, Deputy Magistrate and Deputy Collector, Bongong, is vested with the powers of a Magistrate in Furreedpore and Jessore, and is also specially authorized, under Section 19, Act VI. (B. C.) of 1862, to receive suits under that Act and Act X. of 1859, in the District of Furreedpore, and within the limits of the Sub-Divisions of Nurrail and Magoorah in the District of Jessore.

Major W. Reveley to be a Deputy Inspector-General of Police of the First Grade, and to be Deputy Inspector-General of the Fifth Police Circle.

Major J. M. Graham to be Deputy Commissioner of Police of Calcutta.

Mr. J. Westland, Officiating Joint-Magistrate and Deputy Collector of Nuddea, is appointed, under Section 5, Act IV. (B. C.) of 1867, to exercise the powers of a Collector of a District for the purpose of hearing and determining appeals under Act X. of 1859, and Act VI. (B. C.) of 1862.

Mr. O. G. R. McWilliam to be an Assistant Commissioner of the Second Grade in Cachar, and to exercise the powers of a Magistrate, Deputy Collector, and Principal Sudder Ameen in that District.

Mr. W. H. Thompson, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Serajgunge, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in the Districts of Pubna and Bogra.

Mr. J. R. E. Gouldsbury to be an Extra Assistant Commissioner of the First Grade in Chota Nagpore, and to exercise the powers of a Subordinate

[*Government Gazette*, 28*th January* 1868.]

১৮৬৮ সাল ১৮ জানুআরি।

কক্সবাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবলিউ বারবর সাহেব চট্টগ্রাম জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত যে ডেপুটী কালেক্টরেরা বাঁধ সংক্রান্ত কার্য্যের অনুসন্ধানার্থ এইক্ষণে নিযুক্ত আছেন, তাঁহারা কটক খণ্ডের সকল জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব।
„ বাবু সীতাকান্ত মুখোপধ্যায়।
„ বাবু হরিনাথ চট্টোপাধ্যায়।

১৮৬৮ সাল ২০ জানুআরি।

লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ এস বিবার সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি টি কার্ণেগি সাহেব কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন, এবং ঐ জিলাতে সিবিল জজের [illegible]তাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২১ জানুআরি।

23A. The Table is to be approved by the Commissioner of the Division, and is not to be altered without his sanction. Copies of the Table are to be printed at the expense of the Process Fund, and held available for sale at a small price to the Revenue Agents and others interested; as also for distribution to the neighbouring District and Sub-divisional Courts, wherever the issue of any process may be necessary.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 408.

APPOINTMENTS.

The 24th January 1868.

Dr. E. J. Hoskins to be Superintendent of Vaccination of the Ranchee Circle.

The 28th January 1868.

Dr. J. B. Allen to be a Municipal Commissioner for the Town of Midnapore.

The following gentlemen to be members of the Local Committee for the management of the Charitable Dispensary at Beernughur:—

Baboo Bamun Doss Mookerjee
,, Shumbhoonath Mookerjee.
,, Unnodapersad Mookerjee.
,, Kalidoss Mookerjee.
,, Sarodapersad Mookerjee.
,, Kirteenath Moostofee.
,, Mohendronath Brohmocharry.
,, Prosonno Chunder Gangooly.
,, Ram Tarun Sen.
,, Bijoykissen Mookerjee.

The 31st January 1868.

Mr. H. N. Harris to officiate temporarily as District Superintendent of Police, Burdwan, with effect from the 16th November last, and until relieved by Lieutenant J. R. Wimberley.

Mr. R. T. Sevestre, Deputy Magistrate and Deputy Collector, transferred to the Burdwan Division under orders of the 27th December last, is posted to the District of Burdwan.

Baboo Doorgapersad Ghose to be Judge of the Courts of Small Causes at Chooadangah, Meherpore, and Kooshtea, and to exercise the powers of a Principal Sudder Ameen in Nuddea.

Mr. C. D. Linton to be Judge of the Court of Small Causes at Jessore.

[*Government Gazette*, 11*th February* 1868.]

২। আরো এই নূতন বিধি দিতে হইবে।

২৩A. খণ্ডের কমিস্যনর সাহেবের সেই ফর্দ্দ অনুমোদন করা আবশ্যক তাঁহার অনুমতি না হইলে পরিবর্ত্তন করিতে হইবে না। ঐ ফর্দ্দের কএকখানি মুদ্রিত হইবে। মুদ্রিত করণের খরচ পরওয়ানার তহবীলহইতে দেওয়া যাইবে। সেই বিষয়ে রেবিনিউ এজেণ্ট প্রভৃতি যে ব্যক্তিদের সংস্রব থাকে তাঁহারদের নিকট ঐ ফর্দ্দ অল্প মূল্যে বিক্রয় হইবে। এবং নিকটস্থ যে জিলার কি শাখাখণ্ডের আদালতে কোন পরওয়ানা জারী করা আবশ্যক হয় সেই২ আদালতে ঐ ফর্দ্দের এক২ প্রস্থ দেওয়া যাইতে পারিবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪০৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৪ জানুআরি।

ডাক্তর শ্রীযুত ই জে হস্কিন্স সাহেব রাঞ্চি চক্রের টীকা দান কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬৮ সাল ২৮ জানুআরি।

ডাক্তর শ্রীযুত জে বি আলেন সাহেব মেদিনীপুর নগরের এক জন মুনিসিপল কমিস্যনর হইবেন।

নিম্ন লিখিত মহাশয়েরা বীর নগরের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু বামন দাস মুখোপাধ্যায়।
,, বাবু শম্ভু নাথ মুখোপাধ্যায়।
,, বাবু অন্নদা প্রসাদ মুখোপাধ্যায়।
,, বাবু কালীদাস মুখোপাধ্যায়।
,, বাবু শারদা প্রসাদ মুখোপাধ্যায়।
,, বাবু কীর্ত্তীনাথ মুস্তাফী।
,, বাবু মহেন্দ্র নাথ ব্রহ্মচারী।
,, বাবু প্রসন্নচন্দ্র গঙ্গোপাধ্যায়।
,, বাবু রাম তারণ সেন।
,, বাবু বিজয় কৃষ্ণ মুখোপাধ্যায়।

১৮৬৮ সাল ৩১ জানুআরি।

লেপ্টেনেণ্ট শ্রীযুত জে আর উইমবরলী সাহেবের দ্বারা অবকাশ প্রাপ্ত না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ এন হারিশ সাহেব কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমানের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত নবেম্বর মাসের ১৬ তারিখ অবধি প্রবল হইবে।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর টি সেবেষ্টর সাহেব গত ডিসেম্বর মাসের ২৭ তারিখের আজ্ঞামতে বর্দ্ধমান খণ্ডে নিযুক্ত হইয়া বর্দ্ধমান জিলাতে অবস্থিত হইয়াছেন।

শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ চুয়াডাঙ্গা, ও মেহেরপুর ও কুষ্টার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও নদীয়াতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি ডি লিণ্টন সাহেব যশোহরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন।

The 1*st February* 1868.

Mr. G. Toynbee, Assistant Magistrate and Collector, Pooree, is authorized, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Mr. C. W. Hawes to be Sub-Registrar of Assurances of the Sub-District of Ranchee.

The 4*th February* 1868.

Mr. R. A. D. Bignell to officiate as District Superintendent of Police of Balasore, during the absence of Lieutenant W. E. Chambers, on special duty, or until further orders.

Leave of Absence.

The 31*st January* 1868.

Baboo Okhilnath Roy, Assessor of License Tax, Purneah, for one month, from the 24th ultimo, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

In supersession of the orders of the 13th September last, Baboo Bhugwan Chunder Sen, Deputy Collector, lately attached to the Assam Survey, is allowed two months' leave of absence, under orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, with effect from the 7th September 1867.

Mr. H. Beveridge, Joint-Magistrate and Deputy Collector of Sylhet, for one month, under the Financial Resolution No. 2749, dated 24th September 1867, in extension of the leave allowed to him under orders of the 19th November last.

Baboo Bhooputty Roy, Principal Sudder Ameen of Sylhet, for two months, without pay, under the Financial Notification of the Government of India, dated 4th June 1864.

Notifications.

The 28*th January* 1868.

Lieutenant-Colonel H. Raban, Deputy Inspector-General of Police, Bengal, having reported his return to India on the 14th instant, the unexpired portion of his leave of absence is cancelled.

The leave granted to Mr. C. W. Hawes, Extra Assistant Commissioner, Lohardugga, under orders of the 15th November last, is cancelled at his own request.

H. L. Dampier,
Offg. Secy. to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ১১ ফেব্রুআরি ।]

১৮৬৮ সাল ১ ফেব্রুআরি ।

পুরীর আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি টয়নবি সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত সি ডবলিউ হস সাহেব রাঞ্চি সব-ডিষ্ট্রিকটের নিদর্শন পত্রাদির সবরেজিষ্ট্রার হইবেন ।

১৮৬৮ সাল ৪ ফেব্রুআরি ।

বিশেষ কর্ম্মোপলক্ষে লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই চেম্বর্স সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত আর এ ডি বিগনেল সাহেব বালেশ্বরের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন ।

ছুটী ।

১৮৬৮ সাল ৩১ জানুআরি ।

পূরণিয়ার লাইসেন্স টাক্সের আসেসর শ্রীযুত বাবু অখিল নাথ রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ২৪ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন ।

গত সেপ্টেম্বর মাসের ১৩ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল যে পূর্ব্বে আসামের জরীপী কার্য্যে নিযুক্ত ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু ভগবান চন্দ্র সেন ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন। উক্ত ছুটী গত সেপ্টেম্বর মাসের ৭ তারিখ অবধি প্রবল হইবে ।

শ্রীহট্টের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ বেবরিজ সাহেব গত নবেম্বর মাসের ১৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখের ২৭৪৯ নম্বরের নির্দ্ধারণমতে এক মাসের ছুটী পাইয়াছেন ।

শ্রীহট্টের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু ভূপতি রায় ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৪ সালে জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে দুই মাসের ছুটী পাইয়াছেন ।

বিজ্ঞাপন ।

১৮৬৮ সাল ২৮ জানুআরি ।

বঙ্গদেশের পোলীসের ডেপুটী ইনিস্পেকটর জেনরল লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এচ রেবান সাহেব এই মাসের ১৪ তারিখে ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করাতে তাঁহার ছুটীর অবশিষ্টকাল রহিত হইল ।

লোহারডগার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত সি ডবলিউ হস্ সাহেব গত নবেম্বর মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল ।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

COMMUNICATION.

No. 36.

The 4th February. 1868.

DECLARATION.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for a Grand Trunk Road through the Districts of Luckhimpore and Seebsaugur, from a point in the village of Kamargaon on the Dhunseri River, in the Seebsaugur District, to the Station of Dibrooghur, in the Luckhimpore District, it is hereby notified that, for the above purpose, a strip of land, measuring about 114 miles, more or less, by 150 feet in breadth, is required.

This Declaration is made, under the provisions of Sections II. and XXXIII. of Act VI., 1857, to all whom it may concern.

H. LEONARD, *C. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

CIVIL BUILDINGS.

No. 38.

The 4th February 1867.

Declaration under Section II. of Act VI. of 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the sanitary improvement of the Station of Contai, it is hereby declared that, for the above purpose, a strip of land is required, situated to the south of the Public Works Department Buildings, in the Village of West Koerpore, in Pergunnah Majnamoota, in the District of Midnapore, measuring North and South about 320 feet, and East and West about 700 feet, and comprising approximately a total area of five acres and twenty-three perches.

The above plot of land is bounded as follows:—

To the North by the grounds attached to the Executive Engineer's residence; to the South and West by the village of West Koerpore; and to the East by the public road to Ramnugger.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

F. H. RUNDALL, *Lieut.-Col., R. E.,*
Joint-Secy. to the Govt. of Bengal,
P. W. D., Irrigation Branch.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

গমনাগমন বিষয়ক।

৩৬ নম্বর।

১৮৬৮ সাল ৪ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শিবসাগর জিলার অন্তর্গত ধনেশ্বরী নদীর তটস্থ কামারগাঁ গ্রামের এক স্থান হইতে লক্ষ্মীপুর জিলার অন্তর্গত দেব্রুগড় ষ্টেশন পর্য্যন্ত লক্ষ্মীপুর ও শিবসাগর জিলার মধ্যদিয়া পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে, পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১১৪ মাইল দীর্ঘ ও ১৫০ ফুট প্রস্ত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ, লেনার্ড, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের,
একটিং সেক্রেটারী।

অট্টালিকা বিষয়ক।

৩৮ নম্বর।

১৮৬৮ সাল ৪ ফেব্রুআরি।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কাঁতি মোকামের স্বাস্থ্য বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুর জিলার অন্তর্গত মাজনামুটা পরগনার পশ্চিম কুমারপুর গ্রামস্থ পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট বাটীর দক্ষিণ দিগে উত্তর দক্ষিণ ৩২০ ফুট ও পূর্ব্ব পশ্চিম ৭০০ ফুট অর্থাৎ কালীতে গড়ে ৫ একর ২৩ পর্চ পরিমিত ভূমির প্রয়োজন।

পূর্ব্বোক্ত ভূমির সীমা এই২—

উত্তর সীমা একজেক্যুটিব ইঞ্জিনিয়রের বাটীর লাগাও ভূমি দক্ষিণ ও পশ্চিম সীমা পশ্চিম কুমারপুর গ্রাম, পূর্ব্ব সীমা রামনগরে গমনের রাজপথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এফ এচ রণ্ডেল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে জলসেচনার্থ কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 4th February 1868.

The Additional Moonsiff of Nusseerabad to take charge of the Moonsiffee of Madargunge, Zillah Mymensingh, until relieved by Baboo Kashee Nath Dhur.

Baboo Kashee Nath Dhur to officiate as Moonsiff of Madargunge, Zillah Mymensingh, during the absence of the permanent incumbent on leave.

The 7th February 1868.

Baboo Promotho Nath Banerjee, B. L., to officiate as Moonsiff of Bishenpore, Zillah West Burdwan.

The 8th February 1868.

Baboo Mohendro Lall Mitter, B. L., to officiate as Moonsiff of Muxoodpore, Zillah Dacca.

LEAVE OF ABSENCE.

The 1st February 1868.

Baboo Bhoobun Mohun Roy, Moonsiff of Oundah, Zillah West Burdwan, for one month, without pay under Financial Notification, dated the 4th June 1864, placing his Sherishtadar in charge of the current duties of his Office.

The 3rd February 1868.

Baboo Sree Nath Dutt, Moonsiff of Putteah, Zillah Chittagong, for one month, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Absentee Rules.

The 5th February 1868.

Baboo Prosunno Coomar Sein, Moonsiff of Chooadangah, Zillah Nuddea, for three months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

The 7th February 1868.

Baboo Kishen Chunder Chowdhry, Moonsiff of Bishenpore, Zillah West Burdwan, for two months, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Absentee Rules.

C. D. FIELD,
Registrar.

HIGH COURT, &c.,
The 8th February 1868.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ৪ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু কাশীনাথ ধর কর্তৃক অবকাশ প্রাপ্ত না হওন পর্য্যন্ত নসিরাবাদের আডিসানল মুনসেফ ময়মুনসিংহ জিলার মাদারীগঞ্জের মুনসেফীর ভার গ্রহণ করিবেন।

স্থায়ি পদধারকের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে শ্রীযুত বাবু কাশীনাথ ধর ময়মুনসিংহ জিলার মাদারগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল পশ্চিম বর্দ্ধমান জিলার বিষ্ণুপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ৮ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু মহেন্দ্রলাল মিত্র বি, এল, ঢাকা জিলার মকুসদপুরের মুনফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ১ ফেব্রুআরি।

পশ্চিম বর্দ্ধমান জিলার ঔণ্ডার মুনসেফ শ্রীযুত বাবু ভুবনমোহন রায় ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার শিরিস্তাদারের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৮ সাল ৩ ফেব্রুআরি।

চট্টগ্রাম জিলার পতিয়ার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ দত্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৫ ফেব্রুআরি।

নদীয়া জিলার চুয়াডাঙ্গার মুনসেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৭ ফেব্রুআরি।

পশ্চিম বর্দ্ধমান জিলার বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চৌধুরী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ৮ ফেব্রুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১১ ফেব্রুআরি।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 24th February 1868, at the hour of 12 o'clock, noon, the rights and interests of the Defendant, Rajah Bidyadhor Sendh Nurrinder Bahadoor, of Killah Coojung, in the said Killah of Coojung, in satisfaction of certain Decrees held by Goluck Chunder Bose, Chowdry Rughoonauth Doss and others, and execution of which has been taken out against him. The Killah in question is a fixed Tributary Estate, the permanent jumma of which is Rupees 7,503-9-7 per annum.

Twenty-five per cent. on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale.

W. WRIGHT,
P. S. Ameen.

এস্তাহার নামা কাছারি কালেক্‌টরি জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ ইং ১১ আইনের ৬ ধারানুসারে জিলা বাকরগঞ্জের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৮ ইং ১২ জানুআরি বন্দের দিন থাকায় ১৩ জানুআরি তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য ২ দাওয়া চলিত আইন এবং আকট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৮ ইং ১৯ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা ৮ ফাল্গুন রোজ বুধবার অত্র জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্যে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৮।

শ্রেণীর নং	মাহালের শ্রেণী	জেলার তৌজীতে মাহালের নং	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী রাজস্ব	মন্তব্য
৩	ইস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল।	৪৮৭২	বোজর্গওমেদপুর পরগনা বাঞ্ছারাম বসু তালুক হিঃ ॥০	আমজাদালি খোন্দকার সেখ পরযত্তুল্লা	১৫৫০।/৩	১৪৯॥৭	চতুর্থ ঘরের লিখিত মহাল নীলাম হইবেক।

H. C. SUTHERLAND,
Offg. Collector.

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে জেলা ফরিদপুরের নিম্নলিখিত মহাল ১৮৬৮ সালের ১২ জানুআরির তলবের সরকারী বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে ১৮৬৮ সালের ২০ মার্চ মোঃ ১২৭৪ সালের ৮ চৈত্র রোজ শুক্রবার দিবা ২ দুই প্রহরের পর অত্র জেলার কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রয় হইবেক ইতি ১৮৬৮। তাং ১৭ জানুআরি।

কাএমীবন্দবস্তী।

২১৯ নং পরগনে বন্দরখোলা চর নাছিরপুর নীলাম খরিদা তালুক গোপালকৃষ্ণ সাহা সদর জমা .. .. ১০৫৭॥৶০
রোড ফণ্ড ... ১০।৵০

১০৬৮।০

G. S. PARK,
Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরী জেলা চট্টগ্রাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহাল মালগুজারির বাকি বাবৎ ইঙ্গরেজী সন ১৮৬৮ সালের ১৭ ফেব্রুআরি তারিখে মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা তারিখ ৬ ফাল্গুণ সোমবার অত্র কালেক্টরী কাছারীতে বিনা আপত্ত্যে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৮ ইঙ্গরেজী তারিখ ২৩ জানুআরি।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

৩৯।১৯ নং তরফ আলিরোহল্যা মালিক মাহাম্মদ জমা ও মাহাম্মদ আমি ও মাহাম্মদ হোচন ও আতিওল্যা ও ছনওল্যা ও দেওরাম আলী সদাগর সদর জমা ৯৯৫৲৬

J. C. GEDDES,
Offg. Collector.

[*Government Gazette, 11th February* 1868.]

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাছারি কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযাই ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৮ সনের ২৮ ফেব্রুআরি মোং ১২৭৪। ১৭ ফাল্গুণ রোজ শুক্রবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫৯ নম্বর। মৌজে উড়িয়াপাড়া ওগয়রহ পরগনে রাজনগর লিখিত মালিক জয়নুল্যা চৌধুরী সালিয়ানা সদর জমা ৪৬২৫।১১ পাই।

টৈকঃ বাকি রাজস্ব।

১১০ নম্বর। মৌজে তেঘরা ওগয়রহ পরগনে সালবাড়ি লিখিত মালিক সরিয়উল্যা চৌধুরী ও বিবি পাতালী মাদরে জয়নুল্যা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে মজিদুল্যা ও সবকউল্যা চৌধুরী সালিয়ানা সদরজমা

টৈকঃ। মহারাণী শ্যামমোহিনীর ১৮৫৯। ১০ আইনের ডিক্রীর দেনা ৭৪১১৶/৩ পাই আদায় জন্য বিবি পাতালী মাদরে জয়নুল্যা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে মজিদুল্যা ও সাবাকউল্যা চৌধুরী রেজেষ্টরি মালীকের স্বত্ত্ব মধ্যে মজিদুল্যা দেনদারের যে স্বত্ত্ব ও লাভ আছে তাহাই নীলামে ধরা গেল।

W. R. LARMINIE,
Offg. Collector.

জেলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবত ইংরাজী সন ১৮৬৮ সালের ২০ ফিব্রুআরি মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সাল ৯ ফাল্গুণ রোজ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনাওজরে নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৮ সাল তারিখ ৩ ফিব্রুআরি মোতাবেক সন ১২৭৪ সাল তারিখ ২১ মাঘ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল।

৮৫ নং কিঃ পঃ মাগুরা কিঃ আবগাছীযা ওঃ লিখিত মালিক দুর্গাচরণ মুখোপাধ্যায় সদর জমা কোং … … .. ৯৮৪৸৵৭

দ্বিতীয় শ্রেণী গয়ের বন্দবস্তী হওয়া মহাল।

২২০৮ নং ১৬৫ নং লাটের মধ্যগত শুন্দরবন খাষ রমজান নগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌধুরী ওঃ সদর জমা কোং মায় রোড ফণ্ড … … … ১৫০৬৷৷/০

J. S. CARSTAIRS,
Deputy Collector in Charge.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

এলবরলিং সাহেব কর্তৃক সংগৃহীত দায় ও দান ও উইল ও বিক্রয় ও বন্ধকের বিধানের সার সংগ্রহ ওকালতী পরীক্ষার নিমিত্তে বঙ্গভাষায় অনুবাদিত হইয়া থ্যাকর স্পিঙ্ক কোম্পানি ও লেপেজ কোম্পানির ও ডিরজারিও কোম্পানির পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য ২৷৹ টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১১ ফেব্রুআরি।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1490. ১৪৯০)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 18, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৮ ফেব্রুআরি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 8th February 1868, and was referred to a Select Committee who are to report thereon after the 12th of March next:—

A Bill to provide for the conduct of sales of tenures in satisfaction of public demands recoverable as arrears of land revenue.

[Preamble.]

WHEREAS under the provisions of Section 23 of Regulation VII. of 1799, and other laws, lands are declared to be saleable for the recovery of arrears of revenue and of certain other public demands which are by law declared to be recoverable as arrears of revenue; and whereas doubts have arisen, in consequence of the repeal of Act VIII. of 1835, as to the authority by whom, and the procedure under which, tenures not being estates saleable under Act XI. of 1859, are to be sold for the recovery of demands recoverable as arrears of land revenue; It is enacted as follows:—

[Meaning of the word "tenure."]

1. The word "tenure" as used in this Act includes all tenures of land which by the title-deeds

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ৮ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। আগামি মার্চ মাসের ১২ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

রাজকীয় যে দাওয়ার টাকা ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে সেই দাওয়ার পরিশোধে ভূমি নীলাম করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বাকী রাজস্বের নিমিত্তে, এবং রাজকীয় অন্য যে২ দাওয়ার টাকা আইন দ্বারা বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার যোগ্য প্রকাশ হইল সেইং দাওয়ার নিমিত্তে ১৭৯৯ সালের ৭ আইনের ২৩ ধারার ও অন্যান্য আইনের বিধানে ভূমি বিক্রয় হইবার যোগ্য ব্যক্ত হইয়াছে, কিন্তু যে দাওয়ার টাকা ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে ১৮৩৫ সালের ৮ আইন রহিত হওয়াপ্রযুক্ত সেই টাকা আদায় করিবার জন্যে ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে ত্রিক্রের ভূমিভিন্ন অন্য অধিকার কাহার অনুমতিক্রমে ও কোন্ প্রণালীমতে বিক্রয় হইতে পারে, এই বিষয়ের সন্দেহ হইয়াছে। এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[অধিকার শব্দের অর্থ নির্ণয়ের কথা।

১ ধারা। ১৮০০ সালের ৮ আইনের ১৩ ধারাতে যে মহালের অর্থ নির্ণয় হইল তদ্ভিন্ন কোন

thereof or the established usage of the country are transferable, such tenured not being estates as defined by Section 13 of Regulation VIII. of 1800.

[Mode of conducting sale.]

II. All sales of tenures for the recovery of demands recoverable as arrears of land revenue, shall be conducted in the Office of the Collector of the District in whose jurisdiction, as defined by Act VI. of 1853, such tenures may be, according to the provisions hereinafter set forth, not otherwise.

[Application for sale.]

III. An application for the sale of the tenure shall be presented in writing to the Collector and shall contain in a tabular form the following particulars, namely, the name of the applicant, the name of the holder of the tenure, the description of the tenure, the names of the village, estate, and pergunnah or other local division in which the lands comprised in the said tenure are included, the yearly rent, if any, payable under the said tenure, the tenure and gross amount of the demand for which the tenure is brought to sale, and lastly the law under which such tenure is liable to sale for such demand against its proprietor.

[Notice of sale where to be hung.]

IV. The Collector, on receipt of such application, shall cause to be hung up in his Office in the Court of the Civil Judge of the District, and to be affixed in some conspicuous place in the land, and in the town or village in or nearest to which the said land is situated, a copy of such application together with a notification for the sale of the tenure on some fixed date not less than thirty days from the hanging of the said notice in his Office. The notice shall also declare that the sale extends only to the right, title, and interest of the holder of such tenure in the property specified therein.

[If third party claim to be lawful possessor of tenure, Collector may stay sale and enquire into and adjudicate upon the claim.]

V. If, before the day fixed for the sale of such tenure, a third party appear before the Collector and allege that such third party, and not the person against whom the application has been made, is the proprietor of such tenure, and that the tenure is not liable for the demand of the applicant, the Collector shall examine such person or his agent on oath according to the law for the time being in force relative to the examination of witnesses, and if he see sufficient reason for so doing, the Collector shall proceed to enquire into

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ১৮ ফেব্রুয়ারি।]

প্রকারের পাট্টার যে ভুমি আগম অর্থাৎ অধিকারপত্রদ্বারা কিম্বা দেশাচারমতে হস্তান্তর করা যাইতে পারে, এই আইনেতে অধিকার শব্দে সেই সকল প্রকারের ভুমি ধর্ত্তব্য ইতি।

[বিক্রয় করিবার প্রণালীর কথা।]

২ ধারা। অধিকার ১৮৫৩ সালের ৬ আইনের নির্ণীতমতে জিলার যে কালেক্টর সাহেবের ক্ষমতাধীন স্থানে থাকে, বাকী রাজস্বের ন্যায় যে দাওয়ার টাকা আদায় হইতে পারে, তন্নিমিত্তে ঐ ভূমির নীলাম তাঁহার কাছারীতে হইবে। সেই নীলাম নিম্নলিখিত বিধিমতে করিতে হইবে অন্য প্রকারে নয় ইতি।

[বিক্রয় করিবার প্রার্থনার কথা।]

৩ ধারা। ঐ ভূমি নীলাম করিবার প্রার্থনা লিখিয়া কালেক্টর সাহেবকে দিতে হইবে। তাহাতে নিম্নলিখিত বর্ণনা টেবিলের পাঠে লিখিতে হইবে। প্রার্থকের নাম। অধিকারির নাম। ভূমির যে প্রকারের পাট্টা। অধিকারের অন্তর্গত ভূমি গ্রাম ও মহাল ও পরগণাপ্রভৃতি যেং দেশ বিভাগের মধ্যে থাকে তাহার নাম। পাট্টামতে বৎসরং যত খাজানা লাগে। যে দাওয়ার উপলক্ষে ভূমি নীলাম করিবার কল্পনা হয়, তাহার ভাব ও মোটে যত টাকা দাওয়া হয়। এবং শেষ ঘরে ভূম্যধিকারির উপর দাওয়া থাকাতে যে আইনের বলে ভূমি বিক্রয় হইবার যোগ্য হয় তাহা লিখিতে হইবে ইতি।

[নীলামের ইশ্‌তিহার যে স্থানে লটকাইতে হইবে তাহার কথা।]

৪ ধারা। কালেক্টর সাহেব সেই প্রকারের প্রার্থনা পাইলে, আপনার কাছারীতে ও জিলার দেওয়ানী জজের আদালতে, এবং ঐ ভূমির কোন সপ্রকাশ স্থানে ও ভূমি যে নগরের কি গ্রামের অন্তর্গত কি সন্নিহিত সেই নগরে কি গ্রামে ঐ প্রার্থনাপত্রের এক কেতা নকল লটকাইবেন। এবং ঐ ইশ্‌তিহার যে তারিখে আপনার কাছারীতে লটকান, সেই তারিখঅবধি ত্রিশ দিনের অন্যূন কোন দিন নিরূপণ করিয়া ভূমি সেই দিনে বিক্রয় হইবে, এই মর্ম্মের জ্ঞাপনি ঐ প্রার্থনাপত্রের সহিত দিবেন। এবং ঐ ইশ্‌তিহারের নির্দ্দিষ্ট সম্পত্তির মধ্যে অধিকারির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক থাকে কেবল তাহাই বিক্রয় হইবে, জ্ঞাপনিপত্রে ইহা স্পষ্ট প্রকাশ থাকিবে ইতি।

[যদি তৃতীয় ব্যক্তি ঐ ভূমির ন্যায্য অধিকারী বলিয়া স্বত্ব ব্যক্ত করেন, তবে বিক্রয় স্থগিত করিয়া ঐ স্বত্বের সন্ধানপূর্ব্বক নিষ্পত্তি করিতে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।]

৫ ধারা। ঐ ভূমি বিক্রয়ের যে দিন নিরূপণ হইল যদি সেই দিনের পূর্ব্বে তৃতীয় ব্যক্তি কালেক্টর সাহেবের সম্মুখে গিয়া কহেন যে যাঁহার বিপক্ষে প্রার্থনা হইয়াছে তিনি ঐ ভূমির অধিকারী নন আমিই অধিকারী, এবং প্রার্থকের দাওয়া হেতুক ঐ ভূমির উপর দায় বর্ত্তে না, তাহা হইলে, সাক্ষিদের পরীক্ষার যে সময়ে যে বিধি প্রবল থাকে, কালেক্টর সাহেব তদনুসারে সেই ব্যক্তিকে কি তাঁহার নিযোগিকে শপথ করাইয়া পরীক্ষা করিবেন। এবং যদি দাওয়ার অনুসন্ধান ও নিষ্পত্তি করিবার উপযুক্ত হেতু দেখেন, তবে তাহাও করিতে প্রবর্ত্ত হইবেন, এবং আবশ্যক হইলে

and adjudicate upon the claim, and may, if it appear necessary, stay the sale pending the adjudication of the claim.

[Issue of second notice if claim be disallowed.]

VI. If the claim be adjudicated and disallowed on a date subsequent to that notified for the sale of the tenure, the Collector shall issue a second notice, in the manner prescribed in Section IV. of this Act, for the sale of tenure on some fixed date not less than fifteen days from the hanging up of such notice in his Office.

[Mode of adjudicating such claim.]

VII. In trying such claim the Collector shall be guided by the Code of Civil Procedure so far as the same may be applicable, and the judgment passed by the Collector on such claim shall not be subject to appeal, but the party against whom it is given may bring a suit in the Civil Court to establish his right at any time within one year from the date of judgment.

[How the sale may be stopped.]

VIII. If the demand, together with interest to date of payment and all costs of process, be paid into Court at any time before the property be knocked down to any bidder, whether by the defaulting holder of the tenure or any one on his behalf, or any one interested in the protection of the tenure, such sale shall not take place.

[Place of sale and person to sell.]

IX. The sale of the tenure shall be held in the public Office of person conducting the same, who shall be the Collector in person or any Deputy Collector subordinate to him, or any Assistant duly authorized by the Commissioner of Revenue to hold such sales.

[Purchaser to deposit 25 per cent.]

X. The tenure shall be sold to the highest bidder at such sale. The party who shall be declared to be the purchaser shall be required to deposite immediately twenty-five per cent. of the amount of his bid, and in default of such deposit the tenure shall be put and sold forthwith or on the next ensuing office day.

[When full amount of purchase money to be made good. Procedure in default. Defaulting purchaser answerable for loss by re-sale.]

XI. The full amount of the purchase money shall be made good by the purchaser before sunset of the fifteenth day from that on which the sale of the tenure took place, reckoning that day as one of the fifteen, or the fifteenth day be a Sunday or other close holiday, then on the first office day after such fifteenth day; and in default of

যাবৎ দাওয়ার নিষ্পত্তি না হয় তাবৎ বিক্রয় স্থগিত করিতে পারিবেন ইতি।

[দাওয়া অগ্রাহ্য হইলে দ্বিতীয় ইশ্তিহার দিবার কথা।]

৬ ধারা। জ্ঞাপনিপত্রে ভূমি নীলাম করিবার যে তারিখ প্রকাশ হইল, যদি তাহার পরে দাওয়ার বিচার হইয়া তাহা অগ্রাহ্য হয়, তবে কালেক্টর সাহেব এই আইনের ৪ ধারার নির্দ্দিষ্টমতে দ্বিতীয় ইশ্তিহার জারী করিবেন। তাহাতে তাঁহার কাছারীতে ঐ ইশ্তিহার লটকাইবার তারিখঅবধি পনের দিনের অন্যূন কোন নিরূপিত দিনে ঐ ভূমি নীলাম করিবার জ্ঞাপনি প্রকাশ হইবে ইতি।

[উক্ত দাওয়ার বিচার করিবার প্রণালীর কথা।]

৭ ধারা। সেই দাওয়ার বিচার কালে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যে পর্য্যন্ত খাটে কালেক্টর সাহেব সেই পর্য্যন্ত তদনুসারে কার্য্য করিবেন। ও সেই দাওয়া সম্পর্কে তিনি যে নিষ্পত্তি করেন তাহার উপর আপীল হইতে পারিবে না। কিন্তু যে ব্যক্তির বিপক্ষে নিষ্পত্তি হয় তিনি ঐ নিষ্পত্তির তারিখঅবধি এক বৎসরের মধ্যে দেওয়ানী আদালতে আপনার স্বত্ব স্থাপন করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[বিক্রয় যদ্রূপে স্থগিত হইতে পারিবে তাহার কথা।]

৮ ধারা। যে দাওয়ার উপলক্ষে নীলাম হয়, কোন ডাকনিয়ার নামে সম্পত্তি পতনের পূর্ব্বে কোন সময়ে যদি ভূমির বাকীদার অধিকারী কিম্বা তাহার সপক্ষ কোন ব্যক্তি কিম্বা ঐ অধিকার রক্ষা করণে যাঁহার স্বার্থ থাকে এমত কোন ব্যক্তি ঐ দাওয়ার টাকা দেন এবং টাকা দিবার তারিখ পর্য্যন্ত সুদ ও পরওয়ানা প্রভৃতির সকল খরচ দেন, তবে নীলাম হইবে না ইতি।

[যে ব্যক্তি যে স্থানে নীলাম করিবেন তাহার কথা।]

৯ ধারা। যে ব্যক্তি নীলাম করেন তাঁহার কাছারীতে ভূমিতে নীলাম হইবে। কালেক্টর সাহেব আপনি কিম্বা তাঁহার অধীন কোন ডেপুটী কালেক্টর, অথবা রাজস্বের কমিস্যনর নিয়মমতে যে আসিষ্টান্ট কালেক্টরকে সেইরূপ নীলাম করিবার ক্ষমতা প্রদান করেন তিনি ঐ নীলাম করিবেন ইতি।

[ক্রেতার শতকরা ২৫ টাকা আমানৎ করিবার কথা।]

১০ ধারা। ঐ নীলামে যে ব্যক্তি অত্যুচ্চ মূল্য ডাকেন তাঁহাকে ভূমি বিক্রয় করা যাইবে। যে ব্যক্তিকে ক্রেতা বলিয়া প্রকাশ করা যায় তাঁহার ডাকের টাকার শত করা ২৫ টাকা হিসাবে তৎক্ষণাৎ দিতে হইবে। না দিলে সেই সময়েই অথবা তৎপরে কাছারী খুলিবার প্রথম দিনে পুনরায় নীলাম হইয়া ভূমি বিক্রয় হইবে ইতি।

[যে সময়ে সম্পূর্ণ মূল্য দিতে হইবে তাহার কথা ও না দিলে ইতি কর্ত্তব্যতার কথা ও পুনরায় নীলাম হইয়া ক্ষতি হইলে বাকীদারের পরিশোধ করিবার কথা।]

১১ ধারা। যে তারিখে ভূমির নীলাম হইয়াছে সেই তারিখ অবধি গণিয়া পঞ্চদশ দিনে সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে মূল্যের সমুদয় টাকা পূরণ করিয়া দিতে হইবে। ঐ পঞ্চদশ দিনের মধ্যে নীলামের দিনও ধরা যাইবে। যদি পঞ্চদশ দিন রবিবার কি বন্দের অন্য দিন হয়, তবে ঐ পঞ্চদশ দিনের পর কাছারী খুলিবার প্রথম দিনে ঐ টাকা দিতে হইবে। যদি পূর্ব্বোক্ত

[*Government Gazette*, 18*th February* 1863.]

payment within the prescribed period as aforesaid, the deposit, after defraying the expenses of the sale shall be forfeited to Government, and the tenure shall be re-sold, and the defaulting purchaser shall forfeit shall claims thereto or to any part of the sum for which the said tenure may be subsequently sold. If the proceeds of the sale which may be eventually completed, be less than the price bid by the defaulting purchaser, the difference shall be leviable from him as if the same were an arrear of revenue.

[Provisions as to sales applicable to re-sales.]

XII. The provisions of all the Sections of this Act with regard to sales shall also be applicable to all re-sales under this Act which may be rendered necessary by the default of any purchaser.

[Confirmation of sale.]

XIII. No sale of such tenure shall become absolute until confirmed by the Collector. At any time within thirty days from the date of the sale, application may be made to the Collector to set aside the sale, on the ground of irrelevancy of the law or of any material irregularity in publishing or conducting the sale, but no sale shall be set aside on the ground of such irregularity unless the applicant shall prove, to the satisfaction of the Collector, that he has sustained substantial injury by reason of such irregularity.

[The sale if not objected to, or if objection be disallowed, shall become absolute. When the order to confirm a sale shall be open to appeal.]

XIV. If no such application as is mentioned in the last preceding Section be made, or if such application be made and the objection be disallowed, the Collector shall pass an order confirming the sale; and in like manner, if such application be made, and if the objection be allowed, the Collector shall pass an order setting aside the sale. If the objection be allowed, the order made to set aside the sale shall be final: if the objection be disallowed, the order confirming the sale shall be open to appeal to the Commissioner within thirty days from the date of such order, and such order, unless appealed from, and if appealed from, then the order passed on the appeal, shall be final; and the party against whom the same has been given shall be precluded from bringing a suit to establish his claim to set aside the sale.

[If the sale be set aside, price to be returned to purchaser.]

XV. Whenever any sale of such tenure is set aside, the purchaser shall be entitled to receive back his purchase money, with or without interest,

সময়ের মধ্যে টাকা না দেওয়া যায় তবে পূর্ব্ব আমানতের টাকাহইতে নীলামের খরচ দেওয়া যাইবে, অবশিষ্ট টাকা গবর্ণমেন্টে হৃত হইবে ও ভূমি পুনশ্চ নীলাম করা যাইবে, ও ভূমিতে কিম্বা তাহা পশ্চাৎ যে মূল্যে বিক্রয় হয় তাহার কোন অংশেতে কোন বাকীদারের অধিকার নাই। বাকীদার ঐ ভূমির যত মূল্য ডাকিলেন শেষে নীলাম সিদ্ধ হইয়া যদি তত মূল্যের ডাক না হইয়া থাকে, তবে দুই ডাকের যত টাকা বিশেষ বাকীদারের তাহা দিতে হইবে। ঐ টাকা বাকী রাজস্বের ন্যায় তাঁহার স্থানে আদায় হইতে পারিবে ইতি।

[পুনঃ নীলামের প্রতি পূর্ব্বোক্ত বিধি বর্ত্তিবার কথা।]

১২ ধারা। এই আইনের কোন ধারাতে নীলামের যে বিধি আছে ক্রেতার ত্রুটিহেতুক এই আইনমতে পুনঃনীলাম হইবার আবশ্যক হইলে তৎপ্রতি সেই বিধান বর্ত্তিবে ইতি।

[নীলাম দৃঢ় করিবার কথা।]

১৩ ধারা। কালেক্টর সাহেব ঐ প্রকারের ভূমির নীলাম যত দিন দৃঢ় না করেন তত দিন একান্ত সিদ্ধ হইবে না। আইন খাটে না বলিয়া কিম্বা নীলামের ইশ্তিহার দিবার কি কার্য্য চালাইবার কোন ব্যতিক্রম হইয়াছে বলিয়া নীলাম হইবার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে, কালেক্টর সাহেবের নিকটে নীলাম অসিদ্ধ করিবার প্রার্থনা হইতে পারিবে। কিন্তু নিয়মের ব্যতিক্রম রূপ হেতু ব্যক্ত হইলে তদ্দ্বারা প্রার্থক গুরুতর ক্ষতিগ্রস্ত হইয়াছে কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিতে না পারিলে নীলাম সেই হেতুতে অসিদ্ধ হইবে না ইতি।

[নীলামের আপত্তি না হইলে কিম্বা আপত্তি হইয়া অগ্রাহ্য হইলে নীলাম সিদ্ধ হইবার কথা ও যে স্থলে নীলাম দৃঢ় করিবার আজ্ঞার উপর আপীল হইতে পারে তাহার কথা।]

১৪ ধারা। ইহার পূর্ব্ব ধারাতে যে প্রার্থনাপত্রের কথা হইয়াছে যদি তদ্রূপ কোন প্রার্থনা করা না যায়, কিম্বা করা গেলেও যদি আপত্তি অগ্রাহ্য হয়, তবে কালেক্টর সাহেব নীলাম সিদ্ধ হওয়া আজ্ঞা করিবেন। তদ্রূপ প্রার্থনা হইলে যদি আপত্তি গ্রাহ্য হয়, তবে কালেক্টর সাহেব নীলাম অসিদ্ধ হইবার আজ্ঞা করিবেন। আপত্তি গ্রাহ্য হইয়া নীলাম অসিদ্ধ হইবার যে আজ্ঞা হয় তাহা চূড়ান্ত হইবে। যদি আপত্তি অগ্রাহ্য হয়, তবে নীলাম সিদ্ধ করিবার আজ্ঞার তারিখের পর ত্রিশ দিনের মধ্যে কমিসনর সাহেবের নিকট সেই আজ্ঞার উপর আপীল হইতে পারিবে। যদি আপীল না হয়, তবে সেই আজ্ঞা চূড়ান্ত হইবে। যদি আপীল করা যায় তবে আপীল মুখে যে আজ্ঞা হয় তাহা চূড়ান্ত হইবে। ও সেই আজ্ঞা যে ব্যক্তির বিপক্ষ হইল, তিনি নীলাম অসিদ্ধ করণাভিপ্রায়ে আপনার দাওয়া স্থাপন করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না ইতি।

[নীলাম অসিদ্ধ হইলে ক্রেতাকে মূল্য ফিরিয়া দিবার কথা।]

১৫ ধারা। যদি তদ্রূপ ভূমির নীলাম অসিদ্ধ হইয়া থাকে, তবে যিনি নীলাম অসিদ্ধ হইবার আজ্ঞা করেন তিনি প্রত্যেক স্থলে সুদশুদ্ধ কি সুদবিনা

in such manner as it may appear proper to the person setting aside the sale to order in each instance. Any such order for the re-payment of the purchase money or interest shall be final, and may be enforced as if the monies thereby ordered to be re-paid were arrears of revenue.

[Certificate and possession to be given to purchaser on payment of purchase money in full.]

XVI. After the sale of such tenure shall have become absolute in manner aforesaid, the Collector shall grant a certificate to the person who may have been declared the purchaser at such sale to the effect that he had purchased the right, title, and interest in the said tenure as specified in the notification issued under Section IV. of this Act, and such certificate shall be taken, and deemed to be a valid transfer of such right, title, and interest. The Collector shall further, on the purchaser making application and depositing the requisite costs, depute an Officer to put him in possession of the tenure by affixing a copy of the certificate of sale in some conspicuous place on the land, and proclaiming to the occupants by beat of drum, or in such other mode as may be customary, at some convenient place or places, that the right, title, and interest of the holder of the tenure for the demand against whom the tenure has been sold, has been transfered to the purchaser.

[Proceeds of sale how to be disposed of.]

XVII. From the proceeds of the sale of the tenure the Collector shall re-pay to the applicant the necessary expenses incurred by him in procuring the sale, and after satisfying the demand in execution of which the sale was made, shall hold the residue, if any, in deposit on account of the holder of the tenure for the demand against whom the tenure has been sold.

Statement of Objects and Reasons.

Under the existing law, tenures of land, which by the title-deeds or the established usage of the country are transferable, and which are not estates paying revenue direct to Government, are liable to sale for the recovery of certain demands which has been declared to be recoverable as arrears of revenue.

Such sales are to be conducted "according to the rules prescribed for such sale."

Act XI. of 1859 is held to be inapplicable to the sales of such tenures, as they are not estates or shares of estates paying revenue direct to Government; while Act VIII. of 1835, which did prescribe a mode of procedure, though brief and defective, for such sales, has been repealed.

যেমন উচিত বোধ করেন ক্রেতা তেমনি ঐ ক্রয়ের মূল্য ফিরিয়া পাইতে পারিবেন। ক্রয়ের মূল্য কি সুদ ফিরিয়া দিবার যে আজ্ঞা হয় তাহা চূড়ান্ত হইবে। তদ্রূপে যে টাকা ফিরিয়া দিবার আজ্ঞা হইল তাহা বাকী রাজস্ব জ্ঞানে বলপূর্ব্বক আদায় হইতে পারিবে ইতি।

[ক্রয়ের সম্পূর্ণ মূল্য দেওয়া গেলে, ক্রেতাকে সংশিতপত্র ও অধিকার দানের কথা।]

১৬ ধারা। তদ্রূপ ভূমির নীলাম পূর্ব্বোক্ত মতে সিদ্ধ হইলে, সেই নালামে যে ব্যক্তিকে ক্রেতা প্রকাশ করা গেল কালেক্টর সাহেব তাঁহাকে এই মর্ম্মের সর্টিফিকট দিবেন, যে, এই আইনের ৪ ধারামতে যে জ্ঞাপনি প্রচারিত হয় সেই ব্যক্তি তন্নির্দ্দিষ্ট মতে ঐ ভূমির স্বত্ব ও অধিকার ও সম্পর্ক ক্রয় করিয়াছেন। এবং সেই সর্টিফিকট ঐ স্বত্বের ও অধিকারের ও সম্পর্কের প্রকৃত হস্তান্তরকরণপত্র জ্ঞান ও বোধ হইবে। আরো যদি ক্রেতা প্রার্থনা পূর্ব্বক উপযুক্ত খরচ অর্পণ করেন, তবে কালেক্টর সাহেব ভূমির কোন সপ্রকাশ স্থানে নীলামের এক খান সর্টিফিকট লটকাইয়া, এবং যে ভূমির অধিকারির উপর দাওয়া হইয়া ভূমি বিক্রয় হইয়াছে, সেই ভূমিতে তাঁহার স্বত্ব ও অধিকার ও সম্পর্ক বিক্রয় হইয়া ক্রেতাকে হস্তান্তর করিয়া দেওয়া গেল, উপযুক্ত এক কি অধিক স্থানে ঢোল পিটাইয়া কিম্বা অন্য যে প্রকারে রীতিমতে করা গিয়া থাকে সেই প্রকারে ভূমির দখিলদারদিগকে এই সম্বাদ দিয়া ক্রেতাকে অধিকার দেওয়াইবার জন্যে এক জন কর্ম্মকারককে পাঠাইবেন ইতি।

[নীনামে যে টাকা পাওয়া যায় তাহা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১৭ ধারা। নীলাম করাইবার জন্যে প্রার্থকের আবশ্যকমতে যত খরচ হইয়াছে, কালেক্টর সাহেব ভূমির নীলামদ্বারা উৎপন্ন টাকাহইতে সেই খরচ দিবেন। এবং যে দাওয়ার পরিশোধে নীলাম হইয়াছে, তাহাহইতে সেই দাওয়ার টাকা দিবেন। যদি কিছু অবশিষ্ট থাকে তবে যে ভূম্যধিকারির উপর দাওয়া হইয়া ভূমি বিক্রয় হইয়াছে তাঁহার নিমিত্তে সেই অবশিষ্ট টাকা রাখিবেন ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

গবর্ণমেণ্টের খেরাজী মহালভিন্ন যে ভূমি আগমানুসারে কিম্বা দেশাচারমতে হস্তান্তর করা যাইতে পারে, বাকী রাজস্বের ন্যায় যে দাওয়ার টাকা আদায় হইবার অনুমতি আছে তন্নিমিত্তে প্রচলিত আইনমতে ভূমির অধিকার বিক্রয় হইতে পারে।

বিক্রয় করিবার নির্দ্ধারিত বিধিমতে ঐ ভূমি বিক্রয়ের কার্য্য চালাইতে হইবে।

উক্তপ্রকারের ভূমি গবর্ণমেণ্টের খেরাজী মহাল নয়, তাহার অংশ ও নহে। অতএব তাহার বিক্রয়ের প্রতি ১৮৫৯ সালের ১১ আইন বর্ত্তে না, ইহা নির্দ্ধার্য্য হইয়াছে। ১৮৩৫ সালের ৮ আইনে সেই প্রকারের ভূমি বিক্রয়ের কার্য্যপ্রণালী নির্ণীত হইয়াছিল কিন্তু তাহা অতি সংক্ষেপ ও অশুদ্ধ। ও সেই আইন রহিত করা গিয়াছে।

In the absence of any Act or Regulation prescribing rules for such sales, it is held to be doubtful whether rules prescribed by the executive Government would legally suffice, and it has therefore been deemed expedient to introduce a Bill to prescribe the procedure under which such sales should be conducted.

The Bill in question has been prepared chiefly in accordance with the provisions of the Code of Civil Procedure, which relate to the sale of tenures in execution of decrees for demands other than rent due in respect of the tenure itself, supplemented, where necessary, by further provisions based on those of Act VIII. of 1865, B. C.

V. H. SCHALCH.

The 1st February 1868.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

তদ্রূপ ভূমি বিক্রয় করিবার বিধিসূচক আইন না থাকিলে, কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহক গবর্ণমেণ্ট কর্ত্তৃক বিধি হইলেও তাহা আইনমতে দৃঢ় থাকে কি না এই বিষয়ের সন্দেহ আছে। এই২ কারণে সেই প্রকারের ভূমি বিক্রয় করিবার বিধি প্রণয়নের পাণ্ডুলিপি করা বিহিত বোধ হইয়াছে।

ভূমির যে কর বাকী পড়ে তদ্ভিন্ন অন্য দাওয়ার ডিক্রী হইলে ঐ ডিক্রী জারী করিয়া যে ভূমির নীলাম হয় দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে তৎসংক্রান্ত বিধি আছে। এই পাণ্ডুলিপির অধিকাংশ সেই বিধি দেখিয়া প্রস্তুত হইয়াছে। কোন২ স্থলে আবশ্যকমতে ১৮৬৫ সালের বঙ্গদেশীয় ৮ আইনমূলক বিধি করা গিয়াছে।

বি এচ শক।

১৮৬৮ সাল ১ ফেব্রুআরি।

জে পিট, কেনেডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JANUARY, 1868.

No. 5.

Instead of the words "Clause 17" in Rule 3 of the Board's Rules, page 190, substitute "Clause 19."

Instances of disregard of the aforesaid Rule 3 having frequently come to the knowledge of the Board, they desire that the strictest attention be paid by all revenue officers to its requirements.

No. 6.

The authority given by Government to Collectors and Commissioners to sanction the appearance of Agents under Section 35, Act XX of 1865, as referred to in Board's Rule 17 of the Revenue Rules, page 195, appears to be sometimes misapplied, and a misapprehension exists as to the Stamps required for general and special powers under that Section. The Board therefore direct the following additions to be made at the end of Section IV, Chapter XII., page 195 of the Revenue Rules.

To Clause 17 add:—

"Great discretion must be used in granting such sanction, which should be accorded only under special and exceptional circumstances."

18. A general power of attorney, under Section XXX, must be written on a stamp of 4

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৮ সাল জানুআরি মাস।

৫ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৯০ পৃষ্ঠার বিধির ৩ ধারাতে "১৭ প্রকরণ" এই কথার পরিবর্ত্তে "১৯ প্রকরণ" দিতে হইবে।

বোর্ডের সাহেবেরা বারম্বার উক্ত ৩ ধারার প্রতি অমনোযোগ হইবার কথা শুনিতে পাইয়াছেন, অতএব তাঁহারা রাজস্বসংক্রান্ত সকল কার্য্যকারককে ঐ ধারার আদেশের প্রতি দৃঢ়মতে মনোযোগ করিতে আজ্ঞা করিতেছেন।

৬ নম্বর।

গবর্ণমেণ্ট কালেক্টর ও কমিস্যনর সাহেবদিগকে ১৮৬৫ সালের ২০ আইনের ৩৫ ধারামতে এজেণ্টদের উপস্থিত হইবার অনুমতি দেওনের ক্ষমতা প্রদান করিয়াছেন। বোর্ডের বিধিপুস্তকের ১৯৫ পৃষ্ঠায় যে বিধি আছে তাহার ১৭ ধারাতে ঐ কথার উল্লেখ হইয়াছে। কিন্তু কোন২ সময়ে অযোগ্য স্থলে সেই ক্ষমতার প্রয়োগ হইয়া থাকে। এবং সেই ধারামতে সাধারণ কি বিশেষ যে ক্ষমতাপত্র দিতে হয় তাহাতে কত ইষ্টাম্প লাগে এই বিষয়েরও ভ্রম হইয়াছে। এই হেতুক বোর্ডের সাহেবেরা বিধিপুস্তকের ১৯৫ পৃষ্ঠার ১২ খণ্ডের ৪ অধ্যায়ের শেষে নিম্নলিখিত কথা দিবার আজ্ঞা করিয়াছেন।

১৭ ধারার শেষে এই কথা দেও।

তদ্রূপ অনুমতি অতি বিবেচনাপূর্ব্বক কেবল স্থলবিশেষে কদাচিৎ দেওয়া যাইতে পারিবে।

১৮। ৩০ ধারামতে যে আম মোক্তারনামা দেওয়া যায় তাহা ইষ্টাম্পের আইনের বিধিমতে ৪৲ টাকার

rupees, and a special one, to be filed in each case, on a stamp of 8 annas, as provided by the Stamp Law.

No. 7.

It has been ruled by the Government of India, in Orders No. 3198, dated 30th December 1867, that "Clerks employed in the Police are liable, but Police Officers employed as Clerks cannot be held to be liable, to pay License Tax, if they be in the grades which by law are exempted from payment of the tax."

No. 8.

The following is to be substituted for present Rule 7, at page 280 of the Board's Rule :—

7. Where an enhanced rent has been imposed in the course of a settlement, the names of all ryots who have not recorded their assent to the same on the jummabundi, should be specified in the Settlement Proceeding, with a view to the proprietor or farmer, who may enter into engagements, serving the necessary notice on them under Section 13, Act X of 1859.

No 9.

With advertence to the orders of the Government of India, No. 3200, dated 30th December, 1867, it is notified that, upon application being made for a license under the License Tax Act, the Collector, or other Licensing Officer should enquire of the applicant whether he has mentioned all the places at which he carries on business, and has given a return of his entire profits.

2. Shareholders of an ordinary partnership must be rated upon their respective profits.

No. 10.

The Superintendent of Stationery has been directed to supply District Officers with revised forms of Returns Nos. XXVIII and XLI. These returns must be carefully filled up, and submitted to the Board on the due date.

ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। এবং প্রত্যেক মোকদ্দমার খাস মোক্তারনামা আটআনার ইষ্টাম্প কাগজে দিতে হইবে।

৭ নম্বর।

১৮৬৭ সালের ডিসেম্বর মাসের ৩০ তারিখের ৩১৯৮ নম্বরের অনুজ্ঞাপত্রে ভারতবর্ষের গবর্ণমেণ্ট এই বিধি করিয়াছেন। যে কেরাণীরা পোলীসে কর্ম্ম করিয়া থাকেন তাঁহারা লাইসেন্স টাক্স দিবার যোগ্য। কিন্তু যে শ্রেণীর কর্ম্মকারকেরা আইনমতে টাক্সের দায় হইতে মুক্ত আছেন পোলীসের কোন কর্ম্মকারক সেই শ্রেণীর মধ্যবর্ত্তি হইয়া কেরাণীর কর্ম্ম করিলেও টাক্স দায়ী হন না।

৮ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২৮০ পৃষ্ঠায় যে বিধি আছে তাহার ৭ ধারার পরিবর্ত্তে এই বিধি দিতে হইবে।

৭। বন্দোবস্ত করণ কালে যদি বর্দ্ধিত কর ধার্য্য হইয়া থাকে তবে যে সকল রায়ৎ তদ্বিষয়ে জবানবন্দিতে আপনারদের সম্মতি জানাইয়া না থাকেন বন্দোবস্তের কবকারীতে তাঁহারদের নাম লিখিয়া দিতে হইবে। অভিপ্রায় এই, যে অধিকারী কি ইজারদার বন্দোবস্ত করিতে প্রবর্ত্ত হন, প্রয়োজন হইলে তিনি তাঁহারদের নামে ১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ধারামতে নোটিস জারী করেন।

৯ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের ডিসেম্বর মাসের ৩০ তারিখের ৩২০০ নম্বরের অনুজ্ঞাপত্র লক্ষ করিয়া এই সম্বাদ দেওয়া যাইতেছে। লাইসেন্স টাক্সের আইনমতে কোন ব্যক্তি লাইসেন্স অর্থাৎ অনুমতিপত্র প্রার্থনা করিলে তিনি যে২ স্থানে কর্ম্ম করিয়া থাকেন সেই সকল স্থানের নাম লিখিয়াছেন ও আপনার সমুদয় লভ্যের রিটর্ণ দিয়াছেন কি না কালেক্টর সাহেব কিম্বা লাইসেন্স দিবার অন্য কার্য্যকারক তাঁহাকে এই কথা জিজ্ঞাসা করিবেন।

২। সাধারণ যৌত কর্ম্মের অংশিরদের মধ্যে যাঁহার যত লাভ তাঁহার উপর তদনুসারে টাক্স ধার্য্য হইবে।

১০ নম্বর।

ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি জিলার কালেক্টর সাহেবদিগকে ২৮ ও ৪১ নম্বরের রিটর্ণের সংশোধিত পাঠ দিবার আজ্ঞা হইয়াছে। সেই পাঠ মনোযোগ পূর্ব্বক পুর্ণ করিয়া উপযুক্ত তারিখে বোর্ডে অর্পণ করিতে হইবে।

John Robinson, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

Notifications.

Public.

Fort William, the 1st February 1868.

No. 478.

The following Rules relating to emigration from the Port of Calcutta, supplementary to the Rules which appeared in the *Gazette of India* of

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

পবলিক।

ফোর্ট উলিয়ম, ১৮৬৮ সাল ১ ফেব্রুআরি।

৪৭৮ নম্বর।

১৮৬৪ সালের ১৩ আইনের ৬৩ ধারার বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত যে বিধি ১৮৬৫ সালের আপ্রিল মাসের ১ তারিখের

the 1st April 1865, have been made by the Governor General in Council under the provisions of Section 63 of Act XIII. of 1864, and are published for general information:—

The distilling aparatus shall be so arranged as that the waste warm sea water can be made available for washing, or, when not required for washing purpose, for cleaning the privies.

The galleys shall be placed on platforms of fire-bricks laid in mortar not less than three bricks deep, and raised on wooden platforms a few inches off the deck.

The 3rd February 1868.

No. 513.

The Hon'ble H. S. Maine having returned to India, and been re-appointed to a seat in the Council of the Governor General of India, has this day taken the Oaths and his seat as an Ordinary Member of the said Council, under the usual salute from the ramparts of Fort William.

The 5th February 1868.

No. 548.

Consequent on the departure of Colonel R. Strachey, R. E., on special duty to Madras, the Governor General in Council has been pleased to accept that Officer's resignation to his appointment as President of the Committee for reforming the system of "Weights and Measures in use in India," and to appoint Mr. V. H. Schalch, B. C. S., to be President of the Committee.

EDUCATION.

The 5th February 1868.

No. 60.

The following is published for general information:—

Extract from the Proceedings of the Government of India, in the Financial Department,—No. 340, *under date the 21st January* 1868.

LEAVE AND ALLOWANCES.

Read endorsement from the Home Department, No. 567, dated 23rd November 1867, forwarding, for consideration and orders, an application from the Government of the Punjab, for the grant of travelling allowance to Officers of the Punjab Educational Department who are appointed Examiners of the Calcutta University.

RESOLUTION.

The Treasurer, Secretary or principal agent or manager in India of any such Company whose principal place of business is in British India, shall be legally bound to prepare, and, on or before the thirtieth day of April in each year, to deliver to the Collector for the place or district at or in which its principal place of business is situate, a return in writing signed by him and stating the dividend (if any) declared by the Company during the year ending on the thirty-first day of March in the year of assessment.

When any Company has taken out and paid for a certificate as aforesaid, no person shall be deemed to exercise a trade within the meaning of this Act solely by reason of any share or interest in such Company.

All the other provisions of this Act applicable to individuals shall apply, *mutatis mutandis*, to Companies: Provided that the maximum penalty to which a Company shall be subject on conviction under section 17 shall be Rupees five thousand.

[*Government Gazette*, 31*st March* 1868.]

[দণ্ডের টাকা আদায় করিবার নিয়মের কথা।]

১৯ ধারা। সে অপরাধ হেতুক এই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞা হয় যদি কলিকাতা কি মাক্রাজ কি বোম্বাই নগরের সীমার বহির্ভূত স্থানে সেই অপরাধ হইয়া থাকে, তবে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের অবধারিতমতে ঐ দণ্ড আদায় হইতে পারিবে। যদি ঐ সীমার মধ্যবর্ত্তি স্থানে হইয়া থাকে, তবে ঐ২ নগরের পোলীসের বিধান করণার্থ যে আইন যে সময়ে চলন থাকে সেই আইনের নির্দ্দিষ্টমতে আদায় হইতে পারিবে ইতি।

[কালেক্টর সাহেবের উদ্যোগে অভিযোগ হইবার কথা।]

২০ ধারা। এই আইনের ১৭ কি ১৮ ধারার নির্দ্দিষ্ট অপরাধ হইলে কেবল কালেক্টর সাহেবের উদ্যোগে অপরাধির নামে মোকদ্দমা হইতে পারিবে ইতি।

[এই আইনমত মোকদ্দমা প্রভৃতির প্রতি দণ্ডবিধির আইনের ১৯৩ ও ২২৮ ধারার কথা বর্ত্তিবার কথা।]

২১ ধারা। দণ্ডবিধির আইনের ১৯৩ ও ২২৮ ধারাতে "মোকদ্দমা প্রভৃতির কার্য্য" এই যে কথা আছে এই আইনমত ব্যবহারঘটিত কোন কার্য্য সেই কথার মধ্যে ধর্ত্তব্য জ্ঞান হইবে ইতি।

৪।—বিবিধ বিধি।

ক। কোম্পানিসংক্রান্ত।

[কোম্পানিসংক্রান্ত বিধান।]

২২ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যে কোন কোম্পানি কার্য্য চালান তাহার ষ্টাক কি ফণ্ড অর্থাৎ মূল সম্পত্তি কি পুঁজি যদি অংশাংশে বিভক্ত কি হস্তান্তর করণীয় হয়, তবে সেই কোম্পানি চার্টর প্রাপ্ত হউন কি না হউন এবং তাহার কর্ম্মের প্রধান স্থান ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত হউক কি না হউক ১৮৬৮ সালের মে মাসের ১ তারিখ অবধি সেই কোম্পানির সর্টিফিকট লইতে হইবে এবং এই আইনের B চিহ্নিত তফসীলে যত টাকা নির্দ্দিষ্ট হইয়াছে তাঁহাদের তদনুসারে বৎসর২ অগ্রিম দিতে হইবে।

যে কোম্পানির কর্ম্মের প্রধান স্থান ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে থাকে মার্চ মাসের ৩১ তারিখে টাক্স ধার্য্য করণসংক্রান্ত যে বৎসরের অবসান হয় তন্মধ্যে যদি ঐ কোম্পানি ডিবিডেণ্ড প্রকাশ করিয়া থাকেন তবে সেই কোম্পানির যে ত্রেজুরর কি সেক্রেটারী কিম্বা প্রধান নিয়োগী কি কার্য্যাধ্যক্ষ ভারতবর্ষে থাকেন তিনি আইনমতে সেই ডিবিডেণ্ডের রিটর্ণ লিখিয়া তাহাতে স্বাক্ষর করিতে, এবং কর্ম্মের প্রধান স্থান যে স্থানের কি জিলার মধ্যে থাকে প্রতি বৎসর আপ্রিল মাসের ৩০ তারিখে কি তাহার পূর্ব্বে সেই স্থানের কি জিলার কালেক্টর সাহেবকে ঐ রিটর্ণ দিতে বদ্ধ হইবেন।

কোন কোম্পানি পূর্ব্বোক্ত সর্টিফিকট গ্রহণ করিয়া তাহার মূল্য দিলেও সেই কোম্পানিতে কোন ব্যক্তির অংশ কি সম্পর্ক থাকে এই প্রযুক্ত তিনি এই আইনের অর্থমতে বাণিজ্যকারী জ্ঞান হইবেন না।

এই আইনের অন্য যে সকল বিধান সাধারণ ব্যক্তিদের প্রতি বর্ত্তে প্রয়োজনমতে কথার পরিবর্ত্তন করিয়া সেই সকল বিধান কোম্পানিদের প্রতিও বর্ত্তিবে কিন্তু কোম্পানির দোষ নির্ণয় হইলে ১৭ ধারামতে পাঁচ সহস্র টাকার ঊর্দ্ধ দণ্ড হইবে না ইতি।

(b) *Government Officials.*

[Provision as to Government officials.]

23. Every person holding any paid office, employment, or commission under Her Majesty or under the Government of India, or under any Local Government, other than the persons exempted under section 3 or by order under section 4, shall be deemed to excise an occupation within the meaning of this Act: Provided that he shall not be required to take out a certificate under this Act in respect of such office, employment or commission.

The sum which, but for this proviso, he would have paid for a certificate shall, notwithstanding anything hereinbefore contained, be one per cent. of the amount of the pay of his substantive appointment, and shall be deducted therefrom at the time of payment by the Examiner of Claims or other proper officer, and shall be deemed to be a tax paid under this Act.

In determining under which of the classes mentioned in the said schedule A any person holding any such office, employment, or commission, and permitted, nevertheless, to exercise a profession, occupation, or trade, shall be assessed, the Collector shall neglect the amount of the pay which such person receives in respect of his office, employment, or commission.

[Tax when payable.]

24. All taxes under this Act, except when they are deducted under section 23, shall be payable on the first day of May in each year.

Provided that in every case where the amount so payable equals or exceeds Rupees forty, it may be paid in each year by instalments, on the first day of May for the first instalment, and on the first day of November for the second instalment; and if, on any such case, the whole amount be paid on or before the said first day of May, the person paying the same shall be entitled to a discount of two and a half per cent. on the amount of the second instalment.

[Payment of taxes raised and penalties recovered under this Act.

25. All taxes paid and penalties recovered under this Act shall be paid to the credit of the Government of India, or as such Government shall from time to time direct.

[Powers of Collector and Commissioner under this Act may be exercised by other officers.]

26. All or any of the powers and duties conferred and imposed by this Act on a Collector and

খ। গবর্ণমেণ্টের কার্য্যকারক সংক্রান্ত।

[গবর্ণমেণ্টের কার্য্যকারক বিষয়ক বিধি।]

২৩ ধারা। এই আইনের ৩ ধারাক্রমে কিম্বা ৪ ধারানুযায়ি আজ্ঞাক্রমে যে ব্যক্তিরা অব্যাহতি পান, তদ্ভিন্ন যে কোন ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর কি ভারতবর্ষের গবর্ণমেণ্টের কি স্থানীয় কোন গবর্ণমেণ্টের অধীন বেতনবিশিষ্ট কোন পদ কি কর্ম্ম কি কমিস্যন প্রাপ্ত হন তিনি এই আইনের অর্থমতে ব্যবসায়ী জ্ঞান হইবেন, কিন্তু এই আইনমতে তাহার সেই পদ কি কর্ম্ম কি কমিশ্যন সম্পর্কে সর্টিফিকট লইতে হইবে না।

এই উপবিধি না থাকিলে তাঁহার যে টাকা দিয়া সর্টিফিকট লইতে হইত তৎপরিবর্ত্তে তাহার পদের অবধারিত বেতনের শতকরা একটাকা দিতে হইবে এবং একজামিনর অব ক্লেমস্ কি অন্য উপযুক্ত কর্ম্মকারক টাকা দেওন সময়ে তাঁহার বেতনহইতে তাহা কাটিয়া লইবেন ও তাহা এই আইনমতে দত্ত টাক্স জ্ঞান হইবে।

পূর্ব্বোক্ত কোন পদ কি কর্ম্ম কি কমিস্যন প্রাপ্ত কোন ব্যক্তি যদি সেই পদাদি ধারণ করিয়াও বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য করিতে অনুমতি পাইয়া থাকেন, তবে উক্ত A চিহ্নিত তফসীলের লিখিত যে শ্রেণীমতে তাঁহার টাক্স ধার্য্য করিতে হইবে কালেক্টর সাহেব ইহার নিরূপণ কালে সেই ব্যক্তির ঐ কর্ম্মের কি পদের বেতন কি কমিস্যন ধরিবেন না ইতি।

[টাক্স যে তারিখে দিতে হইবে তাহার কথা।]

২৪ ধারা। এই আইনের ২৩ ধারামতে বেতনহইতে যে সকল টাক্স কাটিয়া লওয়া যাইবে তদ্ভিন্ন এই আইনমত সকল টাক্স প্রতি বৎসর মে মাসের ১ তারিখে দিতে হইবে।

কিন্তু তদ্রূপে চল্লিশ টাকা কি তদধিক দিতে হইলে প্রতিবৎসর কিস্তি করিয়া অর্থাৎ মে মাসের প্রথম দিবসে প্রথম কিস্তি এবং নবেম্বর মাসের প্রথম দিবসে দ্বিতীয় কিস্তি দেওয়া যাইতে পারিবে। পূর্ব্বোক্ত স্থলে যদি কোন ব্যক্তি মে মাসের উক্ত প্রথম দিবসে কি তৎপূর্ব্বে সমুদয় টাকা দিয়া থাকেন তবে দ্বিতীয় কিস্তির টাকার উপর শতকরা আড়াই টাকার হিসাবে ডিস্‌কৌণ্ট পাইবেন ইতি।

[এই আইনমত যে টাক্স ও দণ্ডের টাকা আদায় হয় তাহা দিবার কথা।]

২৫ ধারা। এই আইনমতে যে সকল টাক্স সংগৃহীত হয় ও যে সকল দণ্ডের টাকা আদায় হয় তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে অথবা সেই গবর্ণমেণ্ট সময়ে২ যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে জমা হইবে ইতি।

[এই আইনমতে কালেক্টর ও কমিস্যনরের যে ক্ষমতা অন্য কার্য্যকারকদেরও সেই ক্ষমতামতে কার্য্য করিবার কথা।]

২৬ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবের এবং রাজস্বের কমিস্যনর সাহেবের প্রতি যে

on a Commissioner of Revenue, may be exercise and performed by such other officers or persons as the Local Government shall from time to time appiont in this behalf.

Every person shall be legally bound to furnish information respecting his profession, occupation or trade, and the annual profits arising therefrom, to any officer or person so appointed when required by him to do so.

[Salaries and establishments.]

27. The Local Government may, with the previous sanction of the Governor General of India in Council, assign such salaries as such Government may from time to time deem proper to the officers appointed under this Act, and allow such establishments for their respective officers as may be necessary for the purposes of this Act.

[Local Government empowered to make rules.]

28. The Local Government may from time to time, with the previous sanction of the Governor General of India in Council, make rules for the guidance of officers in matters connected with the enforcement of this Act, provided that such rules are not inconsistent with any of the provisions herein contained.

{Commencement of Act.}

29. This Act shall come into operation on the first day of May 1868.

SCHEDULE A.

TAX ON PROFESSIONS, OCCUPATIONS, AND TRADES.

	Rs.
CLASS I.	
Persons whose annual profits shall be assessed at Rupees 1,00,000, and upwards	1,600
CLASS II.	
Persons whose annual profits shall be assessed at Rupees 50,000, or at more than Rs. 50,000 and less than Rs. 1,00,000	800
CLASS III.	
Persons whose annual profits shall be assessed at Rupees 25,000, or at more than Rupees 25,000 and less than Rupees 50,000 ..	400
CLASS IV.	
Persons whose annual profits shall be assessed at Rupees 10,000, or at more than Rupees 10,000 and less than Rupees 25,000 ...	160
CLASS. V.	
Persons whose annual profits shall be assessed at Rupees 5,000, or at more than Rupees 5,000 and less than Rupees 10,000 ...	80

সকল কি যে কোন ক্ষমতার্পণ হইয়াছে ও যে কর্ত্তব্য কর্ম্ম বর্ত্তে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ অন্য যে কর্ম্মচারিদিগকে কি ব্যক্তিদিগকে সেই২ কর্ম্মে নিযুক্ত করেন তাঁহারদেরও সেই ক্ষমতা থাকিবে ও তাঁহাদের প্রতি সেই কর্ত্তব্য কর্ম্ম বর্ত্তিবে।

কোন কর্ম্মচারিকে কি ব্যক্তিকে তদ্রূপে নিযুক্ত করা গেলে তিনি যে ব্যক্তিদিগকে কোন সন্ধান জানাইতে আজ্ঞা করেন তাহারা আইনমতে আপনং বৃত্তির কি ব্যবসায়ের কি বাণিজ্যের ও তদ্দ্বারা বৎসর যে লভ্য পান তাহার সন্ধান জানাইতে আবদ্ধ হইবেন ইতি।

[বেতনের ও শিরিশতার কথা।]

২৭ ধারা। এই আইনমতে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং তাঁহাদের যে বেতন উপযুক্ত বোধ করেন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি গ্রহণপূর্ব্বক তাঁহাদের সেই বেতন নির্দ্ধার্য্য করিতে পারিবেন এবং এই আইনসংক্রান্ত কর্ম্ম সাধন করিবার জন্য তাঁহাদের কার্য্যালয়ে যত জন কর্ম্মকারক প্রয়োজন হয় তাহাদের নিযুক্ত হইবার অনুমতি দিবেন ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের বিধি করিবার ক্ষমতার কথা।]

২৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক এই আইন প্রবল করণ সংক্রান্ত কর্ম্মচারিদের উপদেশার্থে সময়েং বিধি করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনের লিখিত বিধানের অসম্মত না হয় ইতি।

[এই আইনের আরম্ভের কথা।]

২৯ ধারা। ১৮৬৮ সালের মে মাসের ১ দিবস অবধি এই আইনের কার্য্য চলিবে।

A চিহ্নিত তফসীল।

জীবিকাবৃত্তি ও ব্যবসায় ও বাণিজ্যের উপর টাক্স।

প্রথম শ্রেণী।	
যে ব্যক্তিদের বৎসর লক্ষ টাকা ও তদূর্দ্ধ লভ্য ধার্য্য হয় তাহাদের ..	১৬০০
দ্বিতীয় শ্রেণী।	
যে ব্যক্তিদের লভ্য বৎসর ৫০,০০০৲ টাকা কিম্বা তদূর্দ্ধ ও লক্ষ টাকা ধরা যায় তাঁহাদের ...	৮০০
তৃতীয় শ্রেণী।	
যে ব্যক্তিদের লভ্য বৎসর ২৫,০০০৲ টাকা কিম্বা তদূর্দ্ধ ৫০,০০০৲ হাজার টাকার ন্যূন ধরা যায় তাহাদের ...	৪০০
চতুর্থ শ্রেণী।	
যাঁহারদের লভ্য বৎসর ১০,০০০৲ টাকা কিম্বা তদূর্দ্ধ ২৫,০০০৲ হাজার টাকার ন্যূন ধরা যায় তাহাদের ...	১৬০
পঞ্চম শ্রেণী।	
যাঁহাদের বৎসর ৫০০০৲ টাকা কিম্বা তদূর্দ্ধ ১০,০০০৲ টাকার ন্যূন লভ্য ধরা যায় তাঁহাদের ...	

Class VI.

Persons whose annual profits shall be assessed at Rupees 2,500, or at more than Rupeess 2,500 and less than Rupees 5,000 ... Rs. 40

Class VII.

Persons whose annual profits shall be assessed at Rupees 1,000 or at more than Rupees 1,000 and less than Rupees 2,5000 ... 16

Class VIII.

Persons whose annnal profits shall be assessed at Rupees 500, or at more than Rupees 500 and less than Rupees 1,000 8

SCHEDULE B.

Tax on Companies.

Class I.

Every Company mentioned in section 22, whose principal place of business is situated in British India, and which has declared a dividend during the year ending on the thirty-first day of March in the year of assessment ... } One per cent. on such divideud.

Class II.

Every such Company which has declared no dividend during the year ending as last aforesaid .. Rs. 10

Class III.

Every Company mentioned in section 22, whose principal place of business is situate out of British India .. 500

SCHEDULE C.

Form of Petition under Section 14.

Stamp
eight annas.

To the Collector of

The *day of* 186 .

The petition of A. B.
of

Sheweth—

1*st.*—That in the list filed in your office pursuant to the 13th section of Act of 1868, on the day of 186 , your petitioner's name appears under the *sixth* of the classess mentioned in schedule A to the said Act annexed, that he has been assessed in the sum of Rupees *sixteen* for the certificate granted to him under such Act, and that he has paid such sum accordingly.

ষষ্ঠম শ্রেণী।

যাঁহাদের বৎসর ২৫০০৲ টাকা কিম্বা তদূর্দ্ধ ৫০০০৲ টাকার ন্যূন লভ্য ধরা যায় তাঁহাদের ... ৪০

সপ্তম শ্রেণী।

যাঁহাদের বৎসর ১০০০৲ টাকা কিম্বা তদূর্দ্ধ ২৫০০৲ টাকার ন্যূন লভ্য ধরা যায় তাঁহাদের ... ১৬

অষ্টম শ্রেণী।

যাঁহাদের বৎসর ৫০০৲ টাকা কিম্বা তদূর্দ্ধ ও ১০০০৲ টাকার ন্যূন লভ্য ধরা যায় তাহাদের ... ৮

B চিহ্নিত তফসীল।

কোম্পানির উপর টাক্স।

প্রথম শ্রেণী।

২২ ধারার লিখিত যে কোম্পানির কর্ম্মের প্রধান স্থান ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে থাকে ও টাক্স ধার্য্য করণ সংক্রান্ত যে বৎসর মার্চ মাসের ৩১ তারিখে অবসান হয় সেই বৎসরের মধ্যে ডিবিডেণ্ড প্রকাশ করিয়া থাকেন। } ঐ ডিবিডেণ্ডের উপর শত করা ১ টাকা।

দ্বিতীয় শ্রেণী।

পূর্ব্বোক্তমতে যে বৎসর অবসান হয় তন্মধ্যে যে কোম্পানির ডিবিডেণ্ড হয় নাই তাহার ১০

তৃতীয় শ্রেণী।

২২ ধারার লিখিত যে কোম্পানির কর্ম্মের প্রধান স্থান ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত থাকে তাহার ... ৫০০

C চিহ্নিত তফসীল।

১৪ ধারামত দরখাস্তের পাঠ।

আটআনা
ইষ্টাম্প।

অমুক স্থানের কালেক্টর সাহেব সমীপেষু।

সাল তাং

অমুক স্থান নিবাসি শ্রীঅমুকের এই প্রার্থনাপত্র।

প্রথম। ১৮৬৮ সালের অমুক আইনের ১৩ ধারামতে যে নির্ঘণ্ট অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আপনকার কার্য্যালয়ে অর্পণ করা যায়, তাহাতে আমার নাম উক্ত আইনের A চিহ্নিত তফসীলের ষষ্ঠ শ্রেণীতে লিখিত হইয়াছে ও আমি সেই আইনমতে যে সর্টিফিকট পাইলাম তজ্জন্যে আমার ১৬৲ টাকা টাক্স ধার্য্য হইয়াছে। ও তদনুসারে দিয়াছি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৩১ মার্চ।]

2nd.—That the profits of your petitioner's profession [*or* occupation *or* trade] of [*here state petitioner's profession, occupation or trade*] for the year ending the thirtieth day of April last were Rupees [*more than Rupees* 500 *and less than Rupees* 1,000 or *less than Rupees* 500], as will appear from the documents marked presented herewith, and to which your petitioner craves leave to refer.

Your petitioner therefore prays that you will remove his name from the *sixth* to the *seventh* of the said classes, that he may be assessed accordingly, and that the excess of Rupees *eight* so paid by him may be refunded [*or* that his name be removed from the said list] and that the sum of Rupees *sixteen* so paid by him may be refunded.

(Signed) *A. B.*

Form of Verification.

I, *A. B.*, the petitioner named in the above petition, do declare that what is stated therein is true to the best of my information and belief.

(Signed) *A.* B.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The present Bill proposes to repeal and re-enact, with some modifications, the License Act and the amending Act XXIX of 1867 under the title of a Bill for taxing professions, occupations, and trades.

The principal changes which the Bill will introduce are these:—

The License Act taxes traders whose profits are Rupees 200. The Bill only applies to cases where the profits equal or exceed Rupees 500.

The Act comprises within one class all profits amounting to Rupees 25,000 and upwards. The Bill here makes three classes, the highest class commencing at Rupees 1,00,000, the second, at Rupees 50,000. The Act comprises in its class IV, profits from Rupees 1,000 to Rupees 5,000. The Bill here has two classes, the higher class commencing at Rupees 2,500.

The rate of the tax imposed under the Act was two per cent. on the lowest income in each of the six classes. The Bill lowers this rate to 1·6 per cent. except in the case of official incomes, where it adopts an uniform rate of one per cent.

[*Government Gazette*, 31*st March* 1868.]

দ্বিতীয়। গত আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত [অমুক বৃত্তির কি ব্যবসায়ের কি বাণিজ্যের দ্বারা] আমার এক বৎসরে [পাঁচ শতের ঊর্দ্ধ ও এক সহস্রের ন্যূন কিম্বা পাঁচ শতের ন্যূন] এত টাকা লাভ হইয়াছিল। ইহার সঙ্গে অমুক২ চিহ্নযুক্ত যে লেখ্য অর্পণ করা যাইতেছে তাহাতে পূর্ব্বোক্ত কথা সপ্রমাণ হইবে। আপনি তাহাতে দৃষ্টিপাত করুন আমার এই নিবেদন।

এইক্ষণে প্রার্থনা এই আপনি ষষ্ঠ শ্রেণীহইতে আমার নাম উঠাইয়া সপ্তম শ্রেণীভুক্ত করিবার, ও তদনুসারে আমার টাক্স ধার্য্য হইবার, ও অতিরিক্ত যে ৮৲ টাকা দেওয়া হইয়াছে তাহা আমার ফিরিয়া পাইবার আজ্ঞা করুন [অথবা উক্ত নির্ঘণ্টহইতে আমার নাম উঠাইয়া দিবার ও আমি যে ১৬৲ টাকা দিয়াছি তাহা ফিরিয়া দিবার আজ্ঞা করুন।]

স্বাক্ষর শ্রীঅমুক।

সত্যাকরণের পাঠ।

উপরোক্ত দরখাস্ত লিখিত প্রার্থক আমি শ্রীঅমুক জ্ঞাত করিতেছি যে ঐ পত্রে যাহা লেখা আছে তাহা আমার জ্ঞান ও বিশ্বাসানুসারে সত্য।

স্বাক্ষর শ্রীঅমুক।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

জীবিকা বৃত্তির ও ব্যবসায়ের ও বাণিজ্যের উপর টাক্স বসাওনার্থ আইন নামে লাইসেন্স আক্ট এবং তৎসংশোধনার্থ ১৮৬৭ সালের ২৯ আইন রহিত করণপূর্ব্বক কোন২ অংশে মতান্তর করিয়া পুনরায় প্রচলিত করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

এই পাণ্ডুলিপিক্রমে যে২ বিষয়ের পরিবর্ত্তন হইবে তন্মধ্যে মুখ্য এই২।

যে বণিকদের দুই শত টাকা লভ্য হয় লাইসেন্সের আইনমতে তাহাদের টাক্স লাগে। কিন্তু যাঁহাদের পাঁচ শত টাকা কি তদধিক লভ্য না হয় এই পাণ্ডুলিপিমতে তাহাদের প্রতি টাক্স বর্ত্তিবে না।

পূর্ব্বোক্ত আইনমতে যাঁহাদের পঁচিশ হাজার টাকা অবধি ঊর্দ্ধসংখ্যার লভ্য হয় তাঁহাদের সকলকেই একি শ্রেণীভুক্ত করা গিয়াছে। উক্ত স্থলে এই পাণ্ডুলিপিতে তিন শ্রেণী হইয়াছে, যাঁহারা লক্ষ টাকা অবধি অধিক পান তাঁহারা প্রথম শ্রেণী, ও যাঁহারা পঞ্চাশ হাজার ও তদূর্দ্ধ প্রাপ্ত হন তাঁহারা দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেন। যাঁহারা হাজার অবধি পাঁচ হাজার টাকা পর্য্যন্ত লভ্য প্রাপ্ত হন তাঁহারা পূর্ব্বোক্ত আইনের চতুর্থ শ্রেণীভুক্ত হন। এই পাণ্ডুলিপিক্রমে তাঁহাদিগকে দুই শ্রেণীবদ্ধ করা গেল তন্মধ্যে উচ্চতর শ্রেণীর প্রাপ্তি আড়াই সহস্র অবধি।

পূর্ব্বোক্ত আইনমতে যে ছয়টি শ্রেণী নিরূপণ হইয়াছে তন্মধ্যে অতি অল্প আয়ের উপর শতকরা দুই টাকার হিসাবে টাক্স ধার্য্য হইত এই পাণ্ডুলিপিদ্বারা সেই হার ন্যূন হইয়া শতকরা ১·৬ টাকা হিসাবে ধরা গেল কিন্তু যাঁহারা রাজকীয় পদে নিযুক্ত হন তাহাদের সকলের পক্ষে শতকরা এক টাকা হিসাবে ধরা গেল।

Under the Act, all payments of whatever amount where made on a single day. Under the Bill, amounts equalling or exceeding Rupees 40 will, as a rule, be payable in two half-yearly instalments. In the case of official incomes, the percentage will be deducted from the monthly payments.

Under the Act a Company paid for its license a sum depending on the amount of its paid-up capital. Under the Bill it will pay one per cent. on the dividend which it has declared during the previous year. If no such dividend has been declared, the Company will pay the nominal tax of Rupees 10. Companies whose principal place of business is out of India will pay a tax of Rupees 500.

These changes rendering the tax not only lower in its amount but narrower in its incidence, it is thought expedient to withdraw from the Supreme Government the power to authorize deductions of monies paid under municipal or local laws.

W. N. Massey,

Calcutta,
The 13th March 1868.

Whitley Stokes,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (*Legislative.*)

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 20th March 1868, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a week :—

No. 10 of 1868.

A Bill to amend the Consolidated Customs' Act.

[Preamble.]

Whereas section 132 of the Consolidated Customs' Act (No. VI of 1863) provides that no refund of duty levied upon goods not shipped, or upon goods shipped and afterwards re-landed, shall be allowed, unless application to re-land shall have been made, or notice of non-shipment shall have been given, before the vessel on which such goods were intended to be shipped or from which they were re-landed shall have left the port: And whereas it is expedient to extend the time within which

পূর্ব্বোক্ত আইনমতে দাতব্য সমস্ত টাক্সের টাকা একি দিনে দিবার নিয়ম ছিল। পাণ্ডুলিপিক্রমে যাঁহাদের চল্লিশ টাকা কি তাহার অধিক দিতে হয় তাহাদের সাধারণমতে ছয়২ মাসে দুই কিস্তি করিয়া দিবার অনুমতি আছে। রাজকীয় কার্য্যকারকদের আয় হইতে মাসে শত করা টাকা সেই হিসাবে কাটিয়া লওয়া যাইবে।

পূর্ব্বোক্ত আইনমতে কোন কোম্পানির মূল ধনের যত টাকা অর্পিত হইয়াছে তদনুসারে অনুমতিপত্রের টাক্স ধার্য্য হইত। এই পাণ্ডুলিপিক্রমে পূর্ব্ব বৎসরে যে ডিবিডেণ্ড প্রকাশ হইয়াছে তাহার উপর শত করা এক টাকা দিতে হইবে। যদি ডিবিডেণ্ড প্রকাশ না হয় তবে কোম্পানি নামমাত্র দশ টাকা টাক্স দিবেন। যে কোম্পানির কর্ম্মের প্রধান স্থান ভারতবর্ষের বাহিরে থাকে তাঁহার পাঁচ শত টাকা টাক্স দিতে হইবে।

এই সকল নিয়ম পরিবর্ত্তন হওয়াতে টাক্সদ্বারা পূর্ব্বাপেক্ষা অল্প টাকা আদায় হইবে এবং এই টাক্সের নিয়ম পূর্ব্ববৎ বিস্তৃত নহে। এই হেতুক মুনিশিপল কি স্থানীয় আইনঅনুসারে যে টাকা দেওয়া যাইত টাক্সহইতে সেই টাকার নিষ্কৃতি দিবার যে ক্ষমতা সুপ্রীম গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিত তাহা রহিত করা বিহিত বোধ হইয়াছে।

ডবলিউ এন মাসি।

কলিকাতা
১৮৬৮ সাল ১৩ মার্চ।

উইটলি ষ্টোকস
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মার্চ মাসের ২০ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় উপস্থিত করা গিয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে তাঁহাদিগকে এক সপ্তাহের পর তদ্বিষয়ের রিপোর্ট করিতে আজ্ঞা হইয়াছে।

১৮৬৮ সাল ১০ নম্বর।

কষ্টমের সংগৃহীত আইন সংশোধন করণার্থ আইন।

[হেতুবাদ।]

কষ্টমের আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের ৬ আইনের ১৩২ ধারার এই বিধান। যে জাহাজে মাল তুলিয়া দিবার অভিপ্রায় থাকে কিম্বা যে জাহাজহইতে পুনর্ব্বার নামান যায়, বন্দরহইতে সেই জাহাজের খুলিয়া যাইবার পূর্ব্বে ঐ মাল কিনারায় আনাইবার দরখাস্ত না হইলে কিম্বা জাহাজে বোঝাই না হইবার সম্বাদ না দেওয়া গেলে ঐ মাল জাহাজে তোলা না গেলেও কিম্বা তুলিয়া পুনরায় নামান গেলেও মাসুল যে ব্যক্তির পক্ষে দেওয়া গিয়াছে তাহাকে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে না। সেই দরখাস্ত করিবার কি সম্বাদ

such application or notice may be made or given; It is hereby enacted as follows:—

[Amendment of Act No. VI of 1863, section 132.]

1. For the proviso contained in the said section, the following shall be substituted:—

Provided that no such refund shall be allowed unless application to re-land shall have been made, or notice of non-shipment shall have been given, within three clear working days after the vessel on which such goods were intended to be shipped or from which they were re-landed shall have left the port.

[Short title.]

2. This Act may be called the "Consolidated Customs' Act Amendment Act."

——

STATEMENT OF OBJECTS AND REASONS.

Section 132 of the Consolidated Customs' Act (No. VI of 1863) authorizes the refund of export duty levied upon goods not shipped or on goods shipped and afterwards re-landed. The privilege, however, is accompanied by a proviso that the application to re-land be made, or the notice of non-shipment be given, before the vessel leaves port. The Bengal Chamber of Commerce has represented that the section is practically a dead-letter owing to the impossibility, under the present system of business, of conforming to the proviso.

"As a rule," the Chamber observes—

"Ships are now despatched with as little delay as possible after clearance at the Custom House. Having secured a pilot and engaged a steamer to tow her to sea, a vessel starts at a very early hour the day after she clears (generally late in the afternoon,) and is half-way down the river before a shipper can be aware that a portion of his goods has been shut out.

"A Master of a vessel may engage to take on board more than he finds at the last moment the ship can carry, and is unable to receive a portion of the cargo with which he clears out, but his ship cannot be detained, and the vessel leaves the port before application for re-land of short-shipment can be made within the period limited by the Act."

The present Bill accordingly proposes to extend the time within which the application or notice

দিবার সময় বৃদ্ধি করা বিহিত এই হেতু নিম্নলিখিত বিধান করা গেল।

১৮৬৩ সালের ৬ আইনের ১৩২ ধারা সংশোধন হইবার কথা।]

১ ধারা। উক্ত ধারাতে যে উপবিধান হইয়াছে তৎপরিবর্ত্তে নিম্নলিখিত উপবিধি দিতে হইবে।

পরন্তু ঐ মাল যে জাহাজে দিবার মনস্থ ছিল কিম্বা যে জাহাজহইতে পুনরায় নামান গেল সেই জাহাজ বন্দরহইতে চলিয়া যাইবার পর কর্ম্ম চলনের সম্পূর্ণ তিন দিনের মধ্যে ঐ মাল নামাইয়া লইবার দরখাস্ত না হইলে, কিম্বা জাহাজে তোলা না যাইবার সম্বাদ দেওয়া না গেলে, সেই মাসুল ফিরিয়া দিবার অনুমতি হইবে না ইতি।

সংক্ষেপ নামের কথা।

২ ধারা। এই আইন কষ্টমের সংগৃহীত আইন সংশোধনার্থ আইন নামে খ্যাত হইতে পারিবে।

——

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কষ্টমের সংগৃহীত আইন নামে ১৮৬৩ সালের ৬ আইনের ১৩২ ধারামতে মাল জাহাজে দেওয়া না গেলে কিম্বা জাহাজে দিয়া পুনরায় নামান গেলে তাহার উপর রপ্তানির যে মাসুল পূর্ব্বে দেওয়া হইয়াছে তাহা ফিরিয়া পাইবার অনুমতি হইতে পারিবে। কিন্তু সেই অনুগ্রহ পাইবার জন্যে প্রয়োজন যে বন্দরহইতে জাহাজের খুলিয়া যাইবার পূর্ব্বে ঐ মাল পুনরায় নামাইবার দরখাস্ত করা যায় কিম্বা জাহাজে তাহা না দিবার সংবাদ দেওয়া যায়। বাঙ্গাল চেম্বর অফ কমর্স কহিয়াছেন যে, কার্য্য কারবার বর্ত্তমান নিয়মানুসারে সেই বিধানমতে কর্ম্ম হওয়া অসাধ্য, এই হেতুক উক্ত ধারা কার্য্যতঃ অকর্ম্মণ্য।

চেম্বর কহিয়াছেন, যথা—

এক্ষণে কষ্টম হৌসে জাহাজের খুলিয়া যাইবার অনুমতিপত্র হইলেই ঐ জাহাজ প্রায় বিলম্ব না করিয়া চলিয়া গিয়া থাকে, বিশেষতঃ জাহাজের খুলিয়া যাইবার অনুমতিপত্র সামান্যতঃ কোন দিনের অপরাহ্নে প্রায় সন্ধ্যা হইতে না হইতেই পাওয়া যায়, আড়কাটীকে ও আকর্ষণ করিবার ষ্টীমরকে তৎপূর্ব্বে নিযুক্ত করা যায়। পর দিন অতি প্রভাতে জাহাজ খুলিয়া যায়। তাহাতে যে ব্যক্তি ঐ জাহাজে মাল দিতে চাহিয়াছিলেন জাহাজ গঙ্গাসাগরের অর্দ্ধ পথ গমন করিলে তিনি সেই মালের একাংশ জাহাজে তোলা না যাইবার সংবাদ পাইয়া থাকেন।

জাহাজের কাপ্তান আপন জাহাজে যত মাল লইতে অঙ্গীকার করেন তাঁহার তত মাল লওয়া সাধ্য নয় ইহা প্রায় শেষকালে জানিতে পাইয়া যে মাল লইবার অনুমতিপত্র পাইয়াছেন তাহার কতক গ্রহণ করিতে পারিলেন না কিন্তু বিলম্ব সহে না এইপ্রযুক্ত জাহাজে যে মালের একাংশ মাত্র গ্রহণ হইয়াছে আইনের নিরূপিত মিয়াদের মধ্যে সেই মাল নামাইবার দরখাস্ত হইতে না হইতেই জাহাজ বন্দর ছাড়িয়া যায়।

এই হেতু এই পাণ্ডুলিপিক্রমে ঐ দরখাস্ত কি সম্বাদ দিবার সময় বন্দরহইতে জাহাজের খুলিয়া যাইবার

may be made or given to three clear working days after the vessel has left port.

W. N. MASSEY.

The 4th March 1868.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 20th March 1868, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a week :—

No. 11 OF 1868.

A Bill to exempt Timber and Woods from Import Duty.

[Preamble.]

WHEREAS it is expedient to exempt timber and woods imported by sea into British India from the duties of customs chargeable thereon ; It is hereby enacted as follows :—

[Timber and woods to be free of import duty.]

1. Notwithstanding anything contained in "the Indian Customs' Duties' Act 1867" no duties of customs shall be chargeable on timber and woods imported by sea into British India.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The Indian Customs' Duties' Act (No. XVII of 1867) imposes duties of 7½ per cent. on all timber imported into British India. These duties are so high that they have effectually checked an importation which, in the present state of demand and supply, it is desirable to encourage. The present Bill, therefore, abolishes the duties in question so far as regards timber imported by sea.

W. N. MASSEY.

CALCUTTA,
The 12th March 1868.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৩১ মার্চ।]

পর কার্য্য চলনের সম্পূর্ণ তিন দিন পর্য্যন্ত বৃদ্ধি করা গিয়াছে।

ডবলিউ এন ম্যাসি।

১৮৬৪ সাল ৮ মার্চ।

উইটলি ষ্টোক্স।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিস্টান্ট সেক্রেটারী।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মার্চ মাসের ২০ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় উপস্থিত করা গিয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে তাঁহাদিগকে এক সপ্তাহের পর তদ্বিষয়ের রিপোর্ট করিতে আজ্ঞা হইয়াছে।

১৮৬৮ সাল ১১ নং।

আমদানীর মাসুলহইতে বাহাদুরী ও অন্যং কাষ্ঠ মুক্ত করিবার আইন।

[হেতুবাদ।]

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যে বাহাদুরী ও অন্যং কাষ্ঠ সমুদ্রপথে আনা যায় তাহার উপর কষ্টমের যে মাসুল লাগে তাহাহইতে সেই কাষ্ঠ মুক্ত করা বিহিত এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[আমদানীর মাসুলহইতে বাহাদুরী ও অন্যান্য কাষ্ঠ মুক্ত হইবার কথা।]

১ ধারা। ১৮৬৭ সালের ভারতবর্ষীয় কষ্টমের মাসুলের আইনেত ভাবান্তরের কোন কথা থাকিলেও যে বাহাদুরী ও অন্যান্য কাষ্ঠ সমুদ্রপথে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আনা যায় তাহার উপর কষ্টমের মাসুল লাগিবে না ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

১৮৬৭ সালের ১৭ আইনের অর্থাৎ ভারতবর্ষীয় কষ্টমের মাসুলের আইনের দ্বারা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যে সকল বাহাদুরী কাষ্ঠ আনা যায় তাহার উপর শতকরা সাড়ে সাত টাকা মাসুল ধার্য্য হইয়াছে। ঐ মাসুল অতি উচ্চ হওয়াতে কাষ্ঠের আমদানি সম্পূর্ণরূপে বন্ধ হইল। কিন্তু এই সময়েতে কাষ্ঠের ক্রয় বিক্রয়ের অত্যন্ত আবশ্যকপ্রযুক্ত তাহার আমদানীর উৎসাহ দেওয়া উচিত। অতএব সমুদ্র পথে যে বাহাদুরী কাষ্ঠের আমদানী হইয়া থাকে বর্ত্তমান পাণ্ডুলিপিক্রমে তৎসংক্রান্ত মাসুল রহিত করা গেল।

ডবলিউ এন ম্যাসি,

কলিকাতা
১৮৬৮ সাল ১২ মার্চ।

উইটলি ষ্টোক্স।
দেশীয় কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিস্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.

Judicial.

Fort William, the 23*rd March* 1868.

No. 517.

The Hon'ble W. S. Seton-Karr, Judge of High Court of Judicature at Fort William in Bengal, has obtained leave to proceed to Europe on medical certificate for four months from the 25th instant, from which date the unexpired portion of the leave of absence granted to him on private affairs for one month will be cancelled.

The 24*th March* 1868.

No. 524.

The Hon'ble W. S. Seton-Karr resumed his seat as a Judge of the High Court of Judicature at Fort William in Bengal on the forenoon of the 24th instant.

No. 525.

The Hon'ble W. S. Seton-Karr availed himself on this date of the leave on medical certificate granted to him in General Order No. 517, dated the 23rd instant.

No. 526.

Under the provisions of the Act of Parliament 24 and 25 Vic., Cap. 104, Section 7, the Governor General in Council has been pleased to appoint the Hon'ble Charles Parry Hobhouse, of the Bengal Civil Service, to officiate as a Judge of the High Court of Judicature at Fort William in Bengal.

The 27*th March* 1868.

No. 552.

The Hon'ble F. A. B. Glover took his seat as an Officiating Judge of the High Court of Judicature at Fort William in Bengal on the 14th instant.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

[*Government Gazette,* 31*st March* 1868.]

হোম ডিপার্টমেন্ট।

বিজ্ঞাপন।

জুডিসাল।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ২৩ মার্চ।

৫১৭ নম্বর।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ মান্যবর শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরেরোপে গমনার্থে এই মাসের ২৫ তারিখ অবধি চারি মাসের ছুটী পাইয়াছেন। তিনি স্বকীয় প্রয়োজনার্থে যে এক মাসের ছুটী পান তাহার অবশিষ্ট কাল উক্ত তারিখ অবধি রহিত হইবে।

১৮৬৮ সাল ২৪ মার্চ।

৫২৪ নম্বর।

মান্যবর শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব এই মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্নে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

---

৫২৫ নম্বর।

মান্যবর শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এই মাসের ২৩ তারিখের ৫১৭ নং সাধারণ আজ্ঞামতে যে ছুটী পান তাহা তিনি অদ্যকার তারিখ অবধি গ্রহণ করিলেন।

---

৫২৬ নং।

শ্রীশ্রীমতী মহারাণী বিকুটোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের পার্লিমেন্টের আইনের ১০৪ অধ্যায়ের ৭ ধারার বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বঙ্গদেশের সিবিল কার্য্যসংক্রান্ত মান্যবর শ্রীযুত চার্লস পারি হবহোস সাহেবকে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত করিলেন।

১৮৬৮ সাল ২৭ মার্চ।

৫৫২ নম্বর।

মান্যবর শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব এই মাসের ১৪ তারিখে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একুটিং জজের আসন গ্রহণ করিলেন।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1255.

APPOINTMENTS.

The 6th March 1868.

Mr. J. D. Ward to officiate as Magistrate and Collector of Tipperah.

The 11th March 1868.

Lieutenant-Colonel H. Hyde, R. E., Mint Master, Calcutta, is appointed to be a Member of the Committee constituted for the purpose of carrying out the provisions of Act VI. (B. C.) of 1864, (an Act to provide for the periodical inspection of Steam-boilers and Prime-movers attached thereto in the Town and Suburbs of Calcutta) and is authorized under Section 6 to revoke certificates granted under the Act.

The 17th March 1868.

Mr. J.Scobell Armstrong, Assistant Magistrate and Collector, Bhaugulpore, to have charge of the Sub-Division of Mudheypoorah, during the absence, on leave, of Mr. E. Stewart, or until further orders. In addition to the powers with which he is already vested in the District of Bhaugulpore, Mr. Armstrong is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court,.and to exercise all the powers necessary for that purpose.

The 18th March 1868.

The following Officers are vested with powers, under Section 20, Act XXII. of 1864, to try breaches of the rules, passed under Section 19 of the said Act in the Cantonments mentioned, *viz.:*—

The Deputy Commissioner of Durrung, in the Cantonment of Tezpore.

The Deputy Commissioner of the Cossyah and Jynteah Hills, in the Cantonment of Shillong.

The 19th March 1868.

Mr. W. O'Reilly, Deputy Magistrate and Deputy Collector of Kishengunge, is vested with the powers of a Collector under Act XXI. of 1867.

Lieutenant W. F. Trotter to officiate as District Superintendent of Police of Luckimpore, during the absence, on leave, of Captain W. W. Hume, or until further orders.

Moulavy Abdool Kureem, Deputy Magistrate and Deputy Collector of Dacca, is transferred to

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১২৫৫ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ৬ মার্চ।

শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ১১ মার্চ।

১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৬ আইন অর্থাৎ “কলিকাতা নগরে ও তাহার সমুদয় শাখা নগরে বাষ্প বাইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের নিয়মিত কালান্তর সমালোকন করণার্থ আইনের” বিধান সাধন করিবার জন্যে যে সভা নিযুক্ত হইয়াছেন কলিকাতার টাকশালের অধ্যক্ষ লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এচ হাইড সাহেব আর, ই, সেই সভার সভাসদের পদে নিযুক্ত হইয়াছেন এবং আইনঅনুসারে যে সর্টিফিকট দেওয়া যায় তিনি ৬ ধারানুসারে সেই সর্টিফিকট অসিদ্ধ করিতে ক্ষমতাপন্ন আছেন।

১৮৬৮ সাল ১৭ মার্চ।

শ্রীযুত ই ষ্টুয়ার্ট সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভাগলপূরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্‌টর শ্রীযুত জে স্কোবেল আর্মষ্ট্রং সাহেব মধ্যপুরা শাখাখণ্ডের ভার প্রাপ্ত হইয়াছেন। ভাগলপুর জিলার মধ্যে উক্ত সাহেব যে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তদতিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কি হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইবার, এবং সেই সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে বিচার হওনার্থ ব্যক্তিদিগকে সমর্পণ করিবার, কিম্বা তাঁহাদের স্থানে দর্শন প্রতিভূ লইবার ও তৎপ্রযুক্ত যে সকল ক্ষমতা আবশ্যক তদনুসারে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৮ সাল ১৮ মার্চ।

১৮৬৪ সালের ২২ আইনের ১৯ ধারামতে যে বিধি প্রণীত হইয়াছে নিম্নলিখিত কার্য্যকারকেরা নিম্নলিখিত সেনা নিবাসের মধ্যে ঐ আইনের ২০ ধারামতে ঐ বিধি লঙ্ঘনাপরাধের বিচার করিতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

তেজপুরের সেনা নিবাসে দরঙ্গের ডেপুটী কমিস্যনর।

সিলং সৈন্য নিবাসে কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের ডেপুটী কমিস্যনর।

১৮৬৮ সাল ১৯ মার্চ।

কৃষ্ণগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত ডবলিউ ও'রাইলি সাহেব ১৮৬৭ সালের ২১ আইনমতে কালেক্‌টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

কাপ্তান শ্রীযুত ডবলিউ ডবলিউ হিউম সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ এফ ট্রটর সাহেব লক্ষ্মীপুর ডিষ্ট্রিক্টের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত মৌলবী আবদুল করিম স্থানান্তরিত হইয়া ময়-

Rungpore, and vested with the powers of a Magistrate in the latter District.

Moulavy Obedoollah, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Madareepore, and to exercise the powers of a Magistrate in the Districts of Backergunge and Dacca.

Baboo Bemola Churn Bhuttacharjee, Deputy Magistrate and Deputy Collector of Moonsheegunge, to have charge of the Sub Division of Madareepore, until the arrival of Moulavy Obedoollah, or until further orders. Baboo Bemola Churn Bhuttacharjee, will exercise the powers of a Magistrate in Backergunge, in addition to those with which he is vested in the District of Dacca.

Assistant Surgeon J. B. Gaffney to officiate as House Surgeon in the Calcutta Medical College Hospital, during the absence, on deputation, of Dr. S. C. Mackenzie, or until further orders.

The 20th March 1868.

Mr. A. H. James to officiate as Deputy Commissioner of the Naga Hills, during the absence, on leave, of Lieutenant J. Gregory, or until further orders.

The 21st March 1868.

Mr. W. H. Ryland to officiate as Collector of Stamps in Calcutta, and Superintendent of Abkarry Revenue in Calcutta, 24-Pergunnahs, and Hooghly, as far as the Sulkeah Thannah, under Act XXI. of 1856. He is also vested, under Section 22, Act XXI. of 1867, with the powers of a Collector for the purposes of that Act in Calcutta, in the 24-Pergunnahs, and in Hooghly.

Mr. C. C. Quinn, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Serampore, during the absence, on deputation, of Mr. W. H. Ryland, or until further orders, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in the District of Hooghly.

Baboo Moheema Chunder Pal, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Bongong, and also to retain charge of the Sub-Division of Ranaghat until relieved.

Baboo Bhoobunneshwar Sing, Deputy Magistrate and Deputy Collector, is posted temporarily to the Sub-Division of Ranaghat, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the District of Nuddea. He will make over charge of his present duties as Sub-Registrar of Assurances of Ranaghat and Kooshtea to the Officers in charge of those Sub-Divisions respectively.

পুরে প্রেরিত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওবেদউল্লা মাদারীপুর শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইলেন এবং বাকরগঞ্জ ও ঢাকা জিলার মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

শ্রীযুত মৌলবী ওবেদ উল্লা যত কাল না পঁহুছেন কিম্বা যত কাল অন্য আজ্ঞা না হয় তত কাল মুন্সীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য মাদারীপুর শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন। ঢাকা জিলার মধ্যে উক্ত বাবু যে ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন তদতিরিক্ত তিনি বাকরগঞ্জে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ডাক্তর শ্রীযুত এস সি মাকেঞ্জি সাহেব কর্ম্মান্তরে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে বি গাফনি সাহেব কলিকাতা মেডিকাল কালেজ হাস্‌পিটালে হৌস সর্জনের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২০ মার্চ।

লেপ্টেনেন্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ এচ জেম্‌স সাহেব নাগাপর্ব্বতের ডেপুটী কমিসানরের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২১ মার্চ।

শ্রীযুত ডবলিউ এচ রাইলণ্ড সাহেব কলিকাতার ষ্টাম্পের কালেক্টরের কর্ম্ম করিবেন এবং ১৮৫৬ সালের ২১ আইনমতে কলিকাতা ও চব্বিশপরগনাতে এবং শালিকা থানা পর্য্যন্ত হুগলীতে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন। আরো তিনি ১৮৬৭ সালের ২১ আইনের বিধান সাধন করণার্থ সেই আইনের ২২ ধারামতে কলিকাতায় ও চব্বিশপরগনাতে ও হুগলীতে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ রাইলণ্ড সাহেব কর্ম্মান্তরে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি সি কুইন সাহেব শ্রীরামপুর শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন এবং হুগলী জিলার মধ্যে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহিমাচন্দ্র পাল বনগাঁ শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন এবং যত কাল অন্য কার্য্যকারকের দ্বারা অবসর না পান তত কাল রাণাঘাট শাখাখণ্ডের কর্ম্মের ভারও ধারণ করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনেশ্বর সিংহ কিয়ৎকালের নিমিত্তে রাণাঘাট শাখাখণ্ডে নিযুক্ত হইয়াছেন এবং নদীয়া জিলার মধ্যে অধস্থঃ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। রাণাঘাটের ও কুষ্টিয়ার দলীল দস্তাবেজের সব-রেজিষ্ট্রার স্বরূপ তাঁহার এক্ষণে যে কর্ম্ম আছে তাহা তিনি ঐ২ শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকদের প্রতি সমর্পণ করিবেন।

Mr. E. S. Moseley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Rungpore, until further orders.

Mr. A. C. Brett, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Buxar, and to exercise the powers of a Magistrate and those of a Deputy Collector in Shahabad.

In modification of the orders of the 17th instant, Baboo Gopal Chunder Das, Deputy Magistrate and Deputy Collector, is posted to Tirhoot, and vested with the powers of a Magistrate in that District.

With the sanction of the Government of India, Major J. M. Graham, Deputy Commissioner of Police, Calcutta, is, vested with the powers of a Magistrate of Police in Calcutta, under Act IV. (B. C.) of 1866 and Act XXI. of 1864.

The 23rd March 1868.

Mr. G. Toynbee to be Sub-Registrar of Assurances of the Sub-District of Pooree, having its Head-Quarters at the Sudder Station of the District of Pooree.

Mr. J. F. Harrison to be Sub-Registrar of Assurances of the Sub-District of Cuttack, having its Head-Quarters at the Sudder Station of the District of Cuttack.

Mr. J. H. Johnston to officiate as District Superintendent of Police of Midnapore, during the absence, on leave, of Mr. F. Adams, or until further orders.

Mr. J. C. Dodgson to be Magistrate and Collector of Sylhet, and to be in the Second Grade, but to continue to officiate as Additional Judge of Jessore, until further others.

Mr. F. H. Pellew, on leave, to be Joint-Magistrate and Deputy Collector of Hooghly.

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Chittagong:—

Baboo Gour Chunder Roy.
,, Lall Chand Chowdry.

The 24th March 1868.

Mr. P. D. Dickens to officiate as Registrar-General of Assurances, during the absence, on leave, of Mr. H. Beverley, or until further orders, retaining also charge of his present duties, as Registrar of the Presidency District, until relieved. Mr. Dickens will also officiate as a Marriage Registrar of Calcutta, under Act V. of 1852, as Senior Marriage Registrar of that Town, under Act V. of 1865, and Registrar of Parsee Marriages, under Act XV. of 1865 beyond the local limits of the ordinary Civil Jurisdiction of the High Court.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৩১ মার্চ।]

শ্রীযুত ই এস মোসলি সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রঙ্গপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ সি ব্রেট সাহেব বকসর শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইলেন এবং শাহাবাদে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

বর্ত্তমান মাসের ১৭ তারিখের আজ্ঞা মতান্তরিত হইয়া ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র দাস ত্রিহুতে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলার মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতিক্রমে কলিকাতার পোলীসের ডেপুটী কমিসানর মেজর শ্রীযুত জে এম গ্রেহাম সাহেব ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৪ আইন ও ১৮৬৪ সালের ২১ আইনমতে কলিকাতায় পোলীসের মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৬৮ সাল ২৩ মার্চ।

শ্রীযুত জি টয়ন্বি সাহেব পুরী সব-ডিষ্ট্রিক্টে দলীল দস্তাবেজের সব-রেজিষ্ট্রার হইবেন। পুরী জিলার সদর স্থান ঐ সব-ডিষ্ট্রিকটের সদর স্থান হইবে।

শ্রীযুত জে এফ হারিসন সাহেব কটক সব-ডিষ্ট্রিকটে দলীল দস্তাবেজের সব-রেজিষ্ট্রার হইবেন এবং কটক জিলায় সদর স্থান ঐ ডিষ্ট্রিকটের সদর স্থান হইবে।

শ্রীযুত এফ আডমস সাহেব ছুটী লওয়াতে তাহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে এচ জনষ্টন সাহেব মেদিনীপুরের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে সি ডজসন সাহেব ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন ও দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেন কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত যশোহরের আডিসানল জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এফ এচ পেলু সাহেব হুগলীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। তিনি ছুটী লইয়াছেন।

নিম্নলিখিত মহোদয় দ্বয় চট্টগ্রামের দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ সভার সভ্য হইবেন।

শ্রীযুত বাবু গৌরচন্দ্র রায়।
,, ,, লালচাঁদ চৌধুরী।

১৮৬৮ সাল ২৪ মার্চ।

শ্রীযুত এচ বেবরলি সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি ডি ডিকিন্সস্ সাহেব দলীল দস্তাবেজের রেজিষ্ট্রার জেনরলের কর্ম্ম করিবেন। এবং তাঁহার হাতে প্রেসিডেন্সী ডিষ্ট্রিকট রেজিষ্ট্রারের যে কর্ম্ম আছে যত কাল অন্যের প্রতি সেই কর্ম্ম অর্পণ না করেন তত কাল তাহারও ভার রাখিবেন। আরো তিনি ১৮৫২ সালের ৫ আইনমতে কলিকাতার বিবাহের রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন ও ১৮৬৫ সালের ৫ আইনমতে ঐ নগরের বিবাহের জ্যেষ্ঠ রেজিষ্ট্রার হইবেন। ও ১৮৬৫ সালের ১৫ আইনমতে হাই কোর্টের সামান্য দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত স্থানে পারশিদের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

Mr. W. M. Soutter, to officiate as Registrar of the Presidency District, but not to join until relieved of the charge of the Sub-Division of Magoorah.

Mr. G. M. Ridsdale to officiate as District Superintendent of Police of Cuttack, during the absence, on leave, of Mr. W. C. Lacey, or until further orders.

Mr. W. H. Grimley to be a Municipal Commissioner and Vice-Chairman of the Municipal Commissioners of the Towns of Hooghly and Chinsurah.

Baboo Umbica Churn Roy Chowdry to be a Member of the Local Committee for the management of the Charitable Dispensary at Maldah.

LEAVE OF ABSENCE.

The 17th March 1868.

Mr. J. B. Goad, Assistant Superintendent of Police, Sylhet, for twenty-three days, from 24th August last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. E. Stewart, Deputy Magistrate and Deputy Collector of Mudheypoorah, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, after the approaching Half-yearly Examinations are over.

The 19th March 1868.

Baboo Sumbhoo Chunder Goopto, Sub-Assistant Surgeon of the Burrisal Charitable Dispensary, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 21st December last.

Captain W. W. Hume, District Superintendent of Police, Luckimpore, for one month, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

The 20th March 1868.

Lieutenant J. Gregory, Deputy Commissioner of the Naga Hills, for two months, on private affairs, under the Financial Resolution dated 22nd February 1856.

Mr. A. Grote, Member of the Board of Revenue, availed himself of the leave granted to him under orders of the 27th ultimo, from the 15th instant.

The 21st March 1868.

Mr. J. Mackenzie, Collector of Calcutta, for six months, on private affairs, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules.

Moulvy Abdool Ghuffoor, Deputy Magistrate and Deputy Collector of Bowsee, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 10th January last.

[*Government Gazette, 31st March* 1868.]

শ্রীযুত ডবলিউ এম স্যুটর সাহেব প্রেসিডেন্সী ডিষ্ট্রিকটের রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন কিন্তু মাগুরা শাখাখণ্ডের কর্ম্মের ভার যত কাল অন্যের প্রতি অর্পণ না করেন তত কাল ঐ কর্ম্মে প্রবর্ত্ত হইবেন না।

শ্রীযুত ডবলিউ সি লেসি সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি এম রিডসডেল সাহেব কটকের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ গ্রিমলি সাহেব হুগলী ও চুঁচুড়া নগর পরিপাটী করণার্থ সভা ও সভ্যেরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী মালদহের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ স্থানীয় সভার সভ্য হইবেন।

ছুটী।

১৮৬৮ সাল ১৭ মার্চ।

ছিলটের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে বি গোড সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত আগস্ট মাসের ২৪ তারিখ অবধি ২৩ দিনের ছুটী পাইয়াছেন।

মধ্যপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত ই ষ্টুয়ার্ট সাহেব আগামি ষাণ্মাসিক পরীক্ষা সমাপ্ত হইলে পর অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইবেন।

১৮৬৮ সাল ১৯ মার্চ।

বরিশালের দাতব্য ঔষধালয়ের সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র গুপ্ত গত ডিসেম্বর মাসের ২১ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তদধিক তিন মাসের ছুটী পাইয়াছেন।

লক্ষ্মীপুর পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিন্টেণ্ডেন্ট কাপ্তান শ্রীযুত ডবলিউ ডবলিউ হিউম সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভার সম্মুখে উপস্থিত হওনার্থ এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২০ মার্চ।

নাগাপর্ব্বতের ডেপুটী কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের নির্দ্ধারণমতে আপন কর্ম্মের নিমিত্তে দুই মাসের ছুটী পাইয়াছেন।

রেবিনিউ বোর্ডের মেম্বর শ্রীযুত এ গ্রোট সাহেবকে গত মাসের ২৭ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী দেওয়া যায় তাহা তিনি বর্ত্তমান মাসের ১৫ তারিখ অবধি গ্রহণ করিয়াছেন।

১৮৬৮ সাল ২১ মার্চ।

কলিকাতার কালেকুটর শ্রীযুত জে মাকেঞ্জি সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে আপন কর্ম্মের নিমিত্তে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বৌসির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত মৌলবী আবদুল গফুর গত জানুআরি মাসের ১০ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তদধিক তিন মাসের ছুটী পাইয়াছেন।

Mr. J. Anderson, Officiating Joint-Magistrate and Deputy Collector of Rungpore, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. J. Anderson, Officiating Joint-Magistrate and Deputy Collector of Rungpore, for six months, under Section 9 of the Covenanted Service Absentee Rules, from the 9th May next.

The 23rd March 1868.

Mr. F. Adams, District Superintendent of Police, Midnapore, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

XXXVI. When the assessment in any Town shall have been so settled by the Magistrate, he shall sign the list, and shall cause one copy thereof, together with a notification prepared according to the form marked C. in the Schedule to this Act, or to the like effect, and written in the language of the province in which such Town is situate, to be put up in some conspicuous place in the town or division of the

মাজিষ্ট্রেট সাহেব আদেশপত্রে সেই মোট সংখ্যা নির্দ্দিষ্ট করিবেন ইতি।

[টাক্স ধার্য্য করণে পঞ্চায়তের যাহা কর্ত্তব্য তাহার কথা ও মাজিষ্ট্রেট সাহেবের আদেশপত্রের পাঠের কথা।]

৩৩ ধারা। যে নগরে কি তদন্তর্গত যে পল্লিতে পঞ্চায়ত নিযুক্ত আছেন তন্মধ্যে অধিকার কি সম্পত্তি থাকাপ্রযুক্ত যে ব্যক্তিরা টাক্স দিবার যোগ্য হন, তাহারদের যত টাকা কি যে হারানুসারে টাক্স ধার্য্য হইবে ঐ পঞ্চায়ত কি তাঁহারদের অধিকাংশ ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের আদেশপত্র পাইবামাত্র ইহা নিরূপণ করিয়া প্রস্তুত করিবেন। এবং সম্পত্তির যে অধিকারিরা টাক্স দিবার যোগ্য হন, ও সেই অধিকারিদের যে বাণিজ্য কি ব্যবসায় থাকে তাহা কি অন্য বর্ণনা ও তাঁহারদের অধিকারে যে সম্পত্তি থাকে ও মাসেং তাঁহারদের যত টাকা দিতে হয় এই সকল কথার নির্ঘণ্ট প্রস্তুত করিয়া তাহাতে উক্ত নিরূপিত টাক্সও লিখিবেন। যে সম্পত্তির অধিকার হয় যদি ১৯ ধারাক্রমে তাহার বাৎসরিক মূল্যের হারানুসারে টাকুস নিরূপণ হইয়া থাকে, তবে সম্পত্তির সেই বাৎসরিক মূল্য এবং বৎসরের হারানুসারে যত টাকুস ধার্য্য হয় তাহার মোট সংখ্যাও তাহাতে নির্দ্দিষ্ট থাকিবে। মাজিষ্ট্রেট সাহেব ঐ নির্ঘণ্ট প্রস্তুত করণবিষয়ে পঞ্চায়তের প্রতি যে আদেশপত্র লিখিবেন, তাহা এই আইনের তফসীলের A কিম্বা স্থলবিশেষে B চিহ্নিত পাঠানুসারে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে ইতি।

[যে টাকুস কি রেট ধার্য্য হইয়াছে পঞ্চায়তের তাহা পুনর্দৃষ্টি করিবার কথা।]

৩৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞা করিলে, পঞ্চায়ত টাকুসের নূতন পত্র না করিয়া তৎকালে যে টাকুস বলবৎ আছে তাহাই পুনর্দৃষ্টি ও সংশোধন করিতে পারিবেন। কিন্তু এই আইনের বিধান সফল করিবার নিমিত্ত অনুমানপত্রে বৎসরের ব্যয়ার্থ সর্ব্বসুদ্ধ যত টাকা নিরূপিত হইল তদ্রূপ সংশোধিত টাকুসের মোট তাহার ন্যূন না হয় ইতি।

[পঞ্চায়ত যে টাকুস কি রেট পুনর্দৃষ্টি করিলেন মাজিষ্ট্রেট সাহেব কর্তৃক তাহার সংশোধন ও নির্দ্ধার্য্য হইবার কথা।]

৩৫ ধারা। টাকুসের পত্র প্রস্তুত হইলে কিম্বা বিষয়বিশেষে পুনর্দৃষ্ট করা গেলে পঞ্চায়ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তৎসম্বলিত নির্ঘণ্ট প্রেরণ করিবেন। তিনি তাহা সমালোচনপূর্ব্বক প্রয়োজনমতে সংশোধন করিয়া অবধারণ করিবেন ইতি।

[টাকুস কি রেট প্রকাশ করিবার কথা।]

৩৬ ধারা। কোন নগরের টাক্স উক্ত প্রকারে মাজিষ্ট্রেট সাহেব কর্তৃক অবধারিত হইলে তিনি ঐ নির্ঘণ্টপত্রে স্বাক্ষর করিয়া তাহার এক প্রতিলিপি ও নগর যে প্রদেশের মধ্যে থাকে, সেই প্রদেশের প্রচলিত ভাষায় এই আইনের তফসীলের C চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে জ্ঞাপনপত্র প্রস্তুত করিয়া, যে নগরের কি যে পল্লির টাক্স কি রেট ধার্য্য করা গেল তাহার কোন প্রকাশ স্থানে লটকাইবেন। সন্নিহিত পোলীসের থানাতেও সেই প্রকারের জ্ঞাপনপত্র লটকাইবেন ও ঐ

[*Government Gazette, 7th April* 1868.]

Town for which the assessment or rate has been made; and shall also cause a like notification to be put up at the nearest Police Station, and a third copy of the said list to be deposited in his own office.

[Assessment or rate to stand good for one year. Change of occupation before a new assessment or rate. Revised assessment or rate to be deemed a new one. Proviso.]

XXXVII. Unless and until revised or corrected as herein is provided, every assessment or rate, as settled under the previous Section, shall be valid for one whole year, and until a new assessment or rate shall be made; and in case the occupant of any property included in any assessment or rate shall be changed before a new assessment or rate be made, the new occupant shall be liable in respect of such property for any portion of the assessment or rate which shall have become payable during his occupation; and, after notification to such person, the Magistrate may cause his name to be substituted in the said list for the name of the former occupant. Every assessment or rate which shall be revised according to the provisions of Section XXXV shall be deemed a new assessment or rate. Provided always, that if no new assessment or rate be made before the expiration of the first three months of any year, the list of the previous year shall be re-published according to the provisions of Section XXXVI, and shall thereupon be deemed to be the assessment or rate for the current year, and shall be open to appeal under the next succeeding Section.

[Appeal from assessment or rate. Limitation of appeal.]

XXXVIII. Any person assessed, who shall be dissatisfied with his assessment, or who shall dispute his occupation of any property, or his liability to be assessed, may appeal on unstamped paper to the Magistrate, and the Magistrate, after making such enquiries as he may deem necessary, by examination of the appellant on oath or solemn affirmation, or otherwise, may confirm the assessment or amend the same. In case the Magistrate confirm the assessment, he may order that the appellant shall pay any costs which may have been incurred in the proceedings on his appeal. The decision of the Magistrate in such cases shall be final, and no objection shall be taken to any assessment, nor shall the liability of any person to be assessed or rated be questioned in any other manner or by any other Court. Provided that no appeal shall be received after the expiration of one month from the time of the notification of the assessment or rate prescribed by

নির্ঘণ্টের তৃতীয় প্রতিলিপি আপনার কার্য্যালয়ে রাখিবেন ইতি।

[টাক্স কি রেট এক সৎসর প্রবল থাকিবার কথা। নূতন টাকুস কি রেট নিরূপণ করিবার পুর্ব্বে নিবাসি পরিবর্ত্তনের কথা ও টাকুসের কি রেটের পুনর্দৃষ্টপত্র নূতন জ্ঞান হইবার কথা ও উপবিধি।]

৩৭ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে টাকুস কি রেট অবধারিত হয় তাহা এই আইনের বিধানমতে পুনঃদৃষ্ট কি সংশোধিত না হইলে পুর্ণ এক বৎসর প্রবল থাকিবে ও যত কাল নূতন টাকুস কি রেট নিরূপিত না হয় তত কাল প্রবল থাকিবে। যে সম্পত্তির উপর টাক্স কি রেট ধার্য্য হয়, যদি নূতন টাকুস কি রেট নিরূপণ হইবার পূর্ব্বে সেই সম্পত্তির অধিকারির পরিবর্ত্তন হইয়া থাকে তবে নূতন অধিকারির অধিকার কালে ঐ টাকুসের কি রেটের যে অংশ পাওনা হয় ঐ সম্পত্তি সম্পর্কে নূতন অধিকারী তজ্জন্যে দায়ী হইবেন। মাজিস্ট্রেট সাহেব তাঁহাকে সম্বাদ দিয়া উক্ত নির্ঘণ্ট পত্রে পূর্ব্ব অধিকারির নামের পরিবর্তে তাহার নাম লেখাইতে পারিবেন। ৩৫ ধারার বিধানমতে যে টাকুস কি রেট সংশোধিত হয় তাহা নূতন টাকুস কি রেট জ্ঞান হইবে। কিন্তু যদি কোন বৎসরের প্রথম তিন মাস গত হইবার পূর্ব্বে নূতন টাকুস কি রেট ধার্য্য না করা যায়, তবে ৩৬ ধারার বিধানমতে পূর্ব্ব বৎসরের নির্ঘণ্ট পুনরায় প্রকাশ করা যাইবে। তাহা হইলে সেই নির্ঘণ্ট চলিত বৎসরের টাকুস কি রেটের নির্ঘণ্ট জ্ঞান হইবে ও তাহার উপর পশ্চাৎ লিখিত ধারামতে আপীল হইতে পারিবে ইতি।

[টাকুসের কি রেটের উপর আপীলের কথা ও আপীল করিবার মিয়াদের কথা।]

৩৮ ধারা। কোন ব্যক্তির উপর টাকুস ধার্য্য হইলে, যদি তিনি তাহাতে সন্তুষ্ট না হন কিম্বা কোন সম্পত্তির অধিকারিত্ব বিষয়ে কিম্বা তাহার টাকুস দিবার যোগ্যতা বিষয়ে বিবাদ করেন তবে তিনি স্টাম্প না করা কাগজে মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপীল করিতে পারিবেন, এবং মাজিস্ট্রেট সাহেব শপথ কি ধর্ম্মত প্রতিজ্ঞাক্রমে আপেলান্টের পরীক্ষা করণদ্বারা কিম্বা অন্য যে প্রকারে আবশ্যক জ্ঞান করেন সেই প্রকারে অনুসন্ধান লইয়া তাঁহার পক্ষে অবধারিত টাকুস স্থির কি সংশোধন করিতে পারিবেন। যদি মাজিস্ট্রেট সাহেব ঐ অবধারিত টাকুস স্থির করেন, তবে তাঁহার আপীলপ্রযুক্ত যে কার্য্য হইয়াছে তন্নিমিত্তে খরচ হইলে তিনি আপেলান্টকে সেই খরচ ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। উক্ত স্থলে মাজিস্ট্রেটের নিষ্পত্তি চূড়ান্ত হইবে এবং ঐ অবধারিত টাকুসের উপর অন্য কোন প্রকারে ও অন্য কোন আদালতকর্ত্তৃক আপত্তি হইবে না ও যাহার টাকুস কি রেট অবধারিত হইয়াছে তাঁহার সেই টাকুস দিবার যোগ্যতার আপত্তি হইবে না। পরন্তু ৩৬ ধারামতে অবধারিত টাকুসের কি রেটের

Section XXXVI, or of the notification of the substitution of the name of an occupier under Section XXXVII, unless the Magistrate, upon reasonable cause shewn, shall extend the time for receiving such appeal. Provided also that an appeal shall lie to the Magistrate or Joint Magistrate of the District against the order of a Magistrate in charge of a sub-division of such District passed under this Section, or under Section XXXVII of this Act, if by such order the assessment payable by the appellant is fixed at a higher sum than that to which he was assessed by the Punchayet, and not otherwise.

[Commissioner of Division may direct revision of assessment or rate.]

XXXIX. The Commissioner of the Division, with the sanction of the Government, may at any time direct the Magistrate to revise the assessment or rate of any Town, specifying the reasons which, in his opinion, render such revision necessary, and the Magistrate shall, according to such direction, revise, and, if necessary, amend the same.

[Magistrate may direct revision at any time of the year for reasons to be stated.]

XL. If, during any period for which an estimate shall have been passed, it shall appear that the amount provided by such estimate is insufficient to defray the necessary expenses for carrying out the provisions of this Act during the period, it shall be lawful for the Magistrate to cause supplementary estimates to be prepared, and the provisions of this Act with respect to the preparation, submission to the Punchayet, and approval of the original estimate shall be applicable to such supplementary estimates.

[Power to Magistrate of District to compel further assessment.]

XLI. The Magistrate of the District may at any time of the year proceed, as hereinbefore is provided with regard to the original estimate, to require the Punchayet to provide for the expenditure shewn in the supplementary budget, by revising and increasing the assessment for the current year, and giving in their revised list within such reasonable time as may be fixed by such Magistrate.

[Publication of assessment or rate as revised under the last two Sections.]

XLII. Whenever any assessment is revised during the year as provided in the last two Sections, a revised list, together with a notification as prescribed in Section XXXVI, shall be prepared and published in the manner therein directed; and all objections to such revised assessment

জ্ঞাপনপত্র অথবা ৩৭ ধারামতে অধিকারির নাম পরিবর্ত্তনের জ্ঞাপনপত্র প্রকাশ হইবার সময়াবধি এক মাস গত হইলে পর কোন আপীল গ্রাহ্য হইবে না কিন্তু উপযুক্ত হেতু থাকিলে মাজিষ্ট্রেট সাহেব তদ্রূপ আপীল গ্রাহ্য করিবার সময় বৃদ্ধি করিতে পারিবেন। আরো পঞ্চায়ত আপেলাণ্টের যত টাকা টাকুস ধার্য্য করিয়া থাকেন, এই ধারামতে কিম্বা এই আইনের ৩৭ ধারামতে যদি জিলার শাখাখণ্ডের মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে তাহার অধিক টাকুস ধার্য্য হয় তবে জিলার মাজিষ্ট্রেট কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকট সেই আজ্ঞার উপর আপীল হইতে পারিবে নতুবা নয় ইতি।

[টাকুস কি রেট সংশোধন করিবার বিষয়ে খণ্ডের কমিস্যনর সাহেবের আজ্ঞার কথা।]

৩৯ ধারা। খণ্ডের কমিস্যনর সাহেব গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ করিয়া তাঁহার বিবেচনায় কোন নগরের টাকুস কি রেট যে হেতুতে সংশোধন করা আবশ্যক হয় সেই২ হেতু নির্দ্দিষ্ট করিয়া মাজিষ্ট্রেটকে ঐ টাকুস কি রেট সংশোধন করিবার আজ্ঞা করিতে পারিবেন, তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব সেই আদেশানুসারে পুনঃদৃষ্টি করিয়া আবশ্যকমতে সংশোধন করিবেন ইতি।

[হেতু ব্যক্ত করণপূর্ব্বক বৎসরের কোন সময়ে মাজিষ্ট্রেটের সংশোধনের আদেশ করিতে পারিবার কথা।]

৪০ ধারা। অনুমতিপত্র যে কালের নিমিত্তে হইয়াছে, সেই কালের মধ্যে এই আইনের বিধানানুযায়ি কার্য্যসম্পাদনের যত খরচ আবশ্যক, ঐ অনুমানপত্রের অবধারিত টাকাতে সেই খরচ কুলাইবে না ইহা যদি সেই কালের মধ্যে দেখা যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব অনুমানপত্রের ক্রোড়পত্র প্রস্তুত করাইতে পারিবেন এবং প্রথম অনুমানপত্র প্রস্তুত করণ ও পঞ্চায়তের প্রতি অর্পণ করণ ও তাহার অনুমোদন বিষয়ে এই আইনের যে সকল বিধান আছে ঐ অনুমানপত্রের ক্রোড়পত্রপ্রতিও সেই সকল বিধান বর্ত্তিবে ইতি।

[বলপূর্ব্বক অধিক টাকুস বসাইতে জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৪১ ধারা। পূর্ব্বভাগে প্রথম অনুমানপত্রবিষয়ক যে বিধান করা গিয়াছে, জিলার মাজিষ্ট্রেট সাহেব তদনুসারে কার্য্য করত পঞ্চায়তকে চলিত বৎসরের নিমিত্ত অবধারিত টাকুস সংশোধন ও বৃদ্ধি করিয়া এবং ঐ মাজিষ্ট্রেট উপযুক্ত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে ঐ সংশোধিত নির্ঘণ্টপত্র দিয়া বজেটের ক্রোড়পত্রে যে খরচ ব্যক্ত হইয়াছে তাহার বিধান করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[ইহার পূর্ব্ব দুই ধারামতে সংশোধিত টাকুস কি রেট প্রকাশ করিবার কথা।]

৪২ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার বিধানমতে কোন টাকুসপত্র বৎসরের মধ্যে সংশোধন করা গেলে, ঐ সংশোধিত নির্ঘণ্টপত্র ও ৩৬ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ঐ ধারার আজ্ঞামতে প্রস্তুত হইয়া প্রচার করা যাইবে। এবং সেই সংশোধিত টাকুসের কি রেটের বিষয়ে যে সকল আপত্তি করা যায় তাহা ৩৮ ধারার

or rate shall be made and dealt with in the manner prescribed in Section XXXVIII.

PART VIII.

Appointment and duties of Tax Collector.

[Appointment of Tax Collectors and other Establishment.]

XLIII. Subject to the approval of the Commissioner of the Division, the Magistrate may appoint in every Town one or more Tax Collectors, and such other servants as may be necessary for preparing or assisting the Punchayet in preparing the assessment or rate, keeping the accounts and the records, and otherwise carrying out the purposes of the Act. The Magistrate shall take from every Tax Collector such security for the due disposal of the sums collected by him as may be thought necessary.

[Magistrate to make rules.]

XLIV. Except as otherwise specified in this Act, the Magistrate may, with the sanction of the Commissioner of the Division, make such rules as he may think fit as to the manner in which and as to the persons by whom all duties connected with the collection of the tax or the preparation of the assessment or rate shall be performed.

[To prepare assessment.]

XLV. Every Tax Collector shall prepare, from the lists hereinbefore mentioned, a Register which shall contain the names of all persons assessed or rated so far as they can be ascertained, the property in respect of which the assessment or rate in each case is imposed, and the amount payable monthly by each person in the Town or Division or portion of a Town in which the duties of such Tax Collector are to be performed; and every such list shall be attested by the Magistrate.

[Payment of tax by instalment.]

XLVI. Every Tax to be payable under this Act shall be payable by twelve equal monthly instalments, and every instalment of the tax on account of any month shall be due on the first day of that month. Provided that, with the sanction of the Commissioner of the Division previously obtained, the collection of the tax may be made quarterly and not monthly; and that in towns in which such sanction shall have been given by the Commissioner, the instalment of tax on account of any quarter shall not be due until the first day of the last month in the said quarter.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৭ আপ্রিল।]

নির্দ্দিষ্টমত করা যাইবে ও তৎসম্পর্কীয় কার্য্য সেই ধারানুসারে করা যাইবে ইতি।

অষ্টম খণ্ড।

টাক্সগ্রাহিকে নিযুক্ত করণের ও তাঁহার কর্ত্তব্য কর্ম্মের বিধি।

[টাক্সগ্রাহিদিগের ও অন্যান্য কর্ম্মকারকদিগের নিযুক্ত হইবার কথা।]

৪৩ ধারা। খণ্ডের কমিস্যনর সাহেবের অনুমোদনক্রমে মাজিষ্ট্রেট সাহেব প্রত্যেক নগরে এক কি অধিক টাক্সগ্রাহিকে, এবং টাক্স কি রেটের পত্র প্রস্তুত করিবার কিম্বা তাহা প্রস্তুত করণার্থে পঞ্চায়তের সাহায্য করিবার এবং হিসাব ও কাগজপত্র রাখিবার জন্যে এবং বিষয়ান্তরে এই আইনের উদ্দেশ্য সাধন করিবার জন্যে অন্য যে২ কর্ম্মকারক আবশ্যক হয় তাহারদিগকে নিযুক্ত করিতে পারিবেন। টাক্সগ্রাহী যাহা আদায় করেন তাহার উপযুক্তমতে প্রয়োগ হইবার প্রতিভূস্বরূপ মাজিষ্ট্রেট সাহেব যত টাকা আবশ্যক বোধ করেন তাঁহার স্থানে তত টাকা প্রতিভূ লইতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের বিধি করিবার কথা।]

৪৪ ধারা। টাক্স আদায় করণ ও টাক্স কিম্বা রেটের পত্র প্রস্তুত করণসংক্রান্ত সকল কার্য্য কিরূপে কাহার দ্বারা করা যাইবে, এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে মাজিষ্ট্রেট সাহেব খণ্ডের কমিসানর সাহেবের সম্মতিক্রমে সেই বিষয়ের যে বিধি বিহিত বোধ করেন তাহাই করিবেন ইতি।

[টাক্সপত্র প্রস্তুত করিবার কথা।]

৪৫ ধারা। প্রত্যেক টাকুসগ্রাহী পূর্ব্বলিখিত নির্ঘণ্ট দেখিয়া এক রেজিষ্টর প্রস্তুত করিবেন। যে সকল ব্যক্তির টাকুস কি রেট ধার্য্য হইয়াছে তাঁহারদের নাম যেপর্য্যন্ত জানা যাইতে পারে সেই পর্য্যন্ত ঐ২ নাম, ও প্রত্যেক স্থলে যে সম্পত্তির উপলক্ষে টাকুস কি রেট ধার্য্য হইয়াছে এবং যে নগরে কি পল্লিতে কি নগরের যে বিভাগে টাকুসগ্রাহির কর্ম্ম করিতে হইবে সেই নগরাদির প্রত্যেক জনের মাসে২ যত টাকা দিতে হইবে এই সকল কথা ঐ রেজিষ্টরে লেখা যাইবে। ও তদ্রূপ প্রত্যেক নির্ঘণ্টপত্রে মাজিষ্ট্রেট সাহেব স্বাক্ষর করিবেন ইতি।

[কিস্তি করিয়া টাকুস দিবার কথা।]

৪৬ ধারা। এই আইনঅনুসারে যে২ টাকুস দিতে হয় তাহা বারো কিস্তি করিয়া মাসে২ দিতে হইবে। কোন মাসে টাকুসের যে কিস্তি হয় তাহা ঐ মাসের ১ তারিখে পাওনা হইবে। কিন্তু কমিস্যনর সাহেবের অনুমতি পাওয়া গেলে পর ঐ টাকুসের টাকা মাসে২ আদায় না হইয়া তিন মাসান্তর আদায় হইতে পারিবে। ও কমিস্যনর সাহেব যে নগর সম্পর্কে সেই অনুমতি দেন সেই নগরে তিন মাসের টাকুসের যে কিস্তি তাহা ঐ তিন মাসের তৃতীয় মাসের প্রথম দিনে পাওনা হইবে ইতি।

[Tax bills to be presented.]

XLVII. When any sum is due on account of any rate or tax leviable under this Act, the Magistrate shall cause to be presented to the person liable to the payment thereof, a bill for the amount, which shall also contain a statement of the period and a description of the house or other property for which the charge is made.

[Receipts to be given.]

XLVIII. For all sums collected on account of any tax under this Act, a receipt shall be given signed by the Tax Collector or by some other officer who may have been specially authorized by the Magistrate to grant such receipts.

[Tax Collector to remit collections to Magistrate.]

XLIX. The Tax Collector or other officer appointed on that behalf shall remit to the Magistrate, in such manner and at such time as the Magistrate shall direct, all sums of money collected on account of such rate or assessment either by himself or by any one of his establishment, and the Magistrate, or some officer of his establishment authorized on that behalf, shall give the Tax Collector a receipt for every sum of money so remitted. The Magistrate shall also cause all such sums of money to be credited to the Town Fund of the Town.

[Recovery of Taxes.]

L. If any bill which may have been presented in pursuance of this Act be not paid by the person liable to pay the same within ten days from the presentation thereof, the Magistrate may cause to be served upon such person a notice of demand in the form annexed to this Act, or to the like effect, and if such person shall not, within seven days from the service of notice of such demand pay the sum due or show to the Magistrate sufficient cause for non-payment of the same, such sum, with all costs including those of serving the notice of demand, may be levied by distress and sale of any goods and chattels belonging to the defaulter or found on the premises in respect of which the tax is due.

[Sale how to be conducted. Proceeds how to be applied. Costs.]

LI. The Officer charged with the execution of the warrant of distress shall make an inventory of all goods and chattels seized under the Magistrate's warrant, and shall give previous notice of the sale, and the time and place thereof, by beat of drum, in the Town or division thereof in which the property is situated. If the arrear be not paid with costs, or the warrant be not in the meantime discharged or suspended by the Magistrate, the goods and chattels seized shall

[*Government Gazette, 7th April* 1868.]

[টাকুসের বিল দেখাইতে হইবার কথা।]

৪৭ ধারা। এই আইনমতে যে রেট কি টাকুস আদায় করা যায় তাহার টাকা পাওনা হইলে যে ব্যক্তি দায়ী হন মাজিষ্ট্রেট সাহেব তাঁহার নিকট ঐ টাকার বিল পাঠাইবেন। যত কালের নিমিত্তে ও যে ঘরের কি অন্য সম্পত্তির নিমিত্তে টাকার দাওয়া হয় ঐ বিলেতে সেই কাল ও সেই গৃহাদির বর্ণনা থাকিবে ইতি।

[রসীদ দিবার কথা।]

৪৮ ধারা। এই আইনমত কোন টাকুসের জন্যে যে সকল টাকা আদায় করা যায়, টাকুস গ্রাহী, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে অন্য যে কোন ব্যক্তি রসীদ দিবার বিশেষ ক্ষমতা পাইয়া থাকেন তিনি ঐ টাকা পাইবার রসীদে স্বাক্ষর করিবেন ইতি।

[টাকুসগ্রাহির আদায়করা টাকা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবার কথা।]

৪৯ ধারা। টাকুসগ্রাহী আপনি কিম্বা আপন অধীন কোন কর্ম্মকারকের দ্বারা রেটের কি টাকুসের যে সকল টাকা আদায় করেন, মাজিষ্ট্রেট সাহেব যে প্রকারে যে সময়ের আজ্ঞা করেন, ঐ টাকুসগ্রাহী কিম্বা তৎপক্ষে নিযুক্ত অন্য কার্য্যকারক সেই প্রকারে সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই সকল টাকা পাঠাইবেন। ঐ তদ্রূপে যে সকল টাকা পাঠান যায়, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত তাঁহার কোন কর্ম্মকারক সেই টাকার রসীদ দিবেন। মাজিষ্ট্রেট সাহেব নগরের টৌন ফণ্ডের হিসাবে সেই সকল টাকা জমা করিবেন ইতি।

[টাকুস আদায় করিবার কথা।]

৫০ ধারা। এই আইনঅনুসারে কোন বিল দেখান গেলে যে ব্যক্তি ঐ টাকার দায়ী হন তিনি যদি ঐ বিল দেখান যাইবার পর দশ দিনের মধ্যে টাকা না দেন, তবে মাজিষ্ট্রেট সাহেব এই আইনের সংযুক্ত পাঠানুসারে কি তাহার মর্ম্মমতে সেই ব্যক্তিকে দাবীপত্র দেওয়াইবেন। তাঁহাকে ঐ দাবীপত্র দেওয়া গেলে পর যদি তিনি সাত দিনের মধ্যে ঐ টাকা না দেন, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবকে ঐ টাকা না দিবার উপযুক্ত কারণ না দর্শান, তবে বাকীদারের যে কোন বিষয় কি দ্রব্য পাওয়া যায় কিম্বা যে বাটীর উপলক্ষে টাকুস পাওনা হয় তাহাতে যে বিষয় কি দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করণদ্বারা দাবীপত্র দেওন সম্পর্কে যে সকল খরচ হইয়া থাকে তাহা সুদ্ধ উক্ত টাকা আদায় করা যাইবে ইতি।

[নীলাম হইবার নিয়ম ও তদুৎপন্ন টাকা প্রয়োগ করিবার নিয়ম ও খরচার কথা।]

৫১ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানাক্রমে যে সকল বিষয় ও দ্রব্য ক্রোক করা যায় ক্রোকের পরওয়ানা জারী করিবার কর্ম্ম যে কার্য্যকারকের প্রতি অর্পণ করা গেল তিনি সেই সকল বিষয়ের নির্ঘণ্ট পত্র করিবেন এবং সম্পত্তি যে নগরে কি পল্লির মধ্যে থাকে সেই নগরে কি পল্লিতে ঢেঁড়রা দিয়া নীলাম হইবার সম্বাদ ও স্থান ও সময় জানাইবেন। বাকী টাকা যদি খরচাসমেত না দেওয়া যায় কিম্বা যদি মাজিষ্ট্রেট সাহেব নীলামের পূর্ব্বে সেই পরওয়ানা ব্যর্থ কি স্থগিত না করেন, তবে ক্রোক করা সেই সকল

be sold, at the time and place specified, in the most public manner possible; and the proceeds shall be applied in discharge of the arrears and the costs, and the surplus, if any, shall be returned on demand to the person in possession of the goods and chattels at the time of the seizure. The Tax Collector or other officer appointed on that behalf by the Magistrate shall make a return of all such sales to the Magistrate in the form specified in Schedule D, and the costs upon every such proceeding shall be such as are mentioned and set forth in Schedule E. annexed to this Act.

[Sale of property beyond limits of town, &c.]

LII. If no sufficient goods or chattels belonging to a defaulter, or being upon the premises in respect of which the tax is due, can be found within the Town in which the premises are situate, the Magistrate may issue his warrant to an officer of his Court for the distress and sale of any personal property or effects belonging to the defaulter within any other part of the jurisdiction of the Magistrate, or for the distress and sale of any moveable property belonging to the defaulter within the jurisdiction of any other Magistrate whatsoever: and such other Magistrate shall back the warrant so issued, cause it to be executed, and the amount, if levied, to be remitted to the Magistrate issuing the warrant.

[All goods found on premises liable to sale. But owner of goods to be indemnified by the defaulter.]

LIII. All goods and chattels except tools or instruments of trade, which may be found upon any premises in respect of which an arrear is due, shall be liable to be distrained for the recovery of such arrear. If the goods and chattels belong to any person other than the defaulter, the defaulter shall indemnify the owner of such goods and chattels from any damage he may sustain by reason of such distress, or by reason of any payment he may make to avoid such distress or any sale under the same. Provided that no arrear of tax which has remained due for more than six calendar months shall be recovered by distress and sale of the goods and chattels of any person other than the defaulter or his representatives.

[No person employed in collection of tax to buy distrained goods.]

LIV. Every Tax Collector and other servant appointed for or employed in the performance of any duties connected with the assessment or

বিষয় ও দ্রব্য নিরূপিত সময়ে ও স্থানে সাধ্যমতে প্রকাশরূপে বিক্রয় করা যাইবে। তদুৎপন্ন টাকা-হইতে বাকী ও খরচা শোধ হইবে। ও কিছু উদ্বর্ত্ত থাকিলে ক্রোক করিবার সময়ে ঐ বিষয় ও দ্রব্য যাঁহার অধিকারে ছিল তিনি দাওয়া করিলে তাঁহাকে দেওয়া যাইবে। উক্ত প্রকারে যে সকল নীলাম করা যায় টাকুস-গ্রাহী কিম্বা তৎপক্ষে মাজিষ্ট্রেট সাহেবের নিযুক্ত অন্য কার্য্যকারক Dচিহ্নিত তফসীলের পাঠে মাজিষ্ট্রেট সাহেবকে নীলামের রিটর্ণ দিবেন এবং তদ্রূপ প্রত্যেক কার্য্যেতে যে খরচা লাগে তাহা এই আইনের E চিহ্নিত তফসীলের লিখিত ও প্রকাশিত প্রকারের হইবে ইতি।

[নগরপ্রভৃতির সীমার বাহিরে সম্পত্তি বিক্রয়ের কথা।]

৫২ ধারা। যে বাটীর উপলক্ষে টাকুস পাওনা থাকে তাহা যে নগরের মধ্যবর্ত্তি হয় যদি সেই নগরের মধ্যে বাকীদারের উপযুক্ত বিষয় কি দ্রব্য না পাওয়া যায় ও সেই বাটীতে না থাকে তবে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্যের অন্তর্গত অন্য কোন স্থানে বাকীদারের যে অস্থাবর সম্পত্তি কি দ্রব্য থাকে তাহা অথবা অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্যের মধ্যে বাকীদারের যে স্থাবর সম্পত্তি থাকে তাহা ক্রোক ও বিক্রয় করণার্থে মাজিষ্ট্রেট সাহেব আপন আদালতের কোন কর্ম্মকারককে আপনার আজ্ঞাপত্র দিতে পারিবেন। যদি সম্পত্তি অন্য মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের মধ্যে থাকে তবে তিনি সেই আজ্ঞাপত্রের পৃষ্ঠে স্বাক্ষর করিয়া তাহা প্রবল করাইবেন ও টাকা আদায় হইলে যে মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞাপত্র দিলেন তাঁহার নিকট পাঠাইবেন ইতি।

[বাটীর মধ্যে যে দ্রব্য পাওয়া যায় তাহা বিক্রয় হইবার যোগ্যতার কথা কিন্তু বাকীদারহইতে দ্রব্যের স্বামির ক্ষতি পূরণ পাইবার কথা।]

৫৩ ধারা। যে বাটীর উপলক্ষে বাকী পাওনা থাকে তাহার মধ্যে ব্যবসায়ের হেতিয়ার কি অস্ত্রশস্ত্র ভিন্ন যে সকল বিষয় ও দ্রব্য পাওয়া যায় তাহা ঐ বাকী আদায়ের নিমিত্তে ক্রোক করা যাইতে পারিবে। যদি সেই বিষয় ও দ্রব্য বাকীদারভিন্ন অন্য ব্যক্তির হয় তবে ঐ দ্রব্য ক্রোক হওনদ্বারা কিম্বা ঐ বিষয়ের ও দ্রব্যের স্বামী ঐ ক্রোক ও নীলাম না হইবার নিমিত্তে যে টাকা দিয়া থাকেন তদ্দ্বারা তাঁহার যে কোন ক্ষতি হয় তিনি বাকীদারের স্থানে সেই ক্ষতি পূরণ পাইতে পারিবেন, কিন্তু যদি টাকুসের টাকা ইংলণ্ডীয়]পঞ্জিকামত ছয় মাসের অধিক কাল বাকী থাকে, তবে বাকীদারের কিম্বা তাঁহার স্থলাভিষিক্তের দ্রব্য ভিন্ন অন্য ব্যক্তির বিষয় ও দ্রব্য ক্রোক ও বিক্রয় করণদ্বারা আদায় হইতে পারিবে না ইতি।

[যে ব্যক্তি টাকুস আদায় করণকার্য্যে নিযুক্ত থাকেন তাঁহার ক্রোক করা দ্রব্য ক্রয় না করিবার কথা।]

৫৪ ধারা। প্রত্যেক টাকুসগ্রাহির প্রতি এবং অন্য যে কর্ম্মকারক এই আইনঅনুযায়ি টাকুস ধার্য্য কি আদায় করণ সংক্রান্ত কোন কার্য্যে নিযুক্ত থাকেন

collection of the tax under this Act is prohibited from bidding for or purchasing any property at such sales as aforesaid.

[Magistrate to keep account of distresses and sales.]

LV. The Magistrate shall cause a regular account to be kept of all distresses levied and sales made for the realization of arrears under this Act.

[Removal of property to be fraudulent.]

LVI. Whoever conceals, removes, or disposes of any property for the purpose of avoiding a distress under the provisions of this Act, shall be considered to have concealed, removed, or disposed of such property fraudulently.

PART IX.

Disposal of Fines.

[Fines how to be disposed of.]

LVII. All fines levied under this Act shall be credited to the Town Fund and held available for the purposes of this Act.

PART X.

Conservancy powers of Magistrate.

[Conservancy Powers.]

LVIII. It shall be lawful for the Government, if it shall think proper so to do, to extend, by a notification to be published in the *Government Gazette,* all or any of the provisions for the regulation of conservancy which are contained in Sections LV to LXXIX of Act III of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council, or which may be contained in any Act for the time being in force in Municipalities; and the powers vested by the said provisions in the Municipal Commissioners shall, in case of such extension, be exercised by the Magistrate.

PART XI.

General Provisions for carrying out the purposes of the Act.

[Recovery of fines.]

LIX. All fines imposed by this Act may be recovered in the manner prescribed by Section LXI of the Code of Criminal Procedure.

[Service of notices.]

LX. Every notice, bill, or summons under any of the preceding Sections of this Act, or under any byelaw, may be served personally upon the person to whom the same is addressed, or may be served by leaving the same at his usual or last known place of abode with some adult male member or servant of his family, or if it cannot be so served

তাঁহার প্রতি পূর্ব্বোক্ত নীলামে কোন দ্রব্যের মূল্য ডাকিতে কিম্বা দ্রব্য ক্রয় করিতে নিষেধ আছে ইতি।

[ক্রোক ও নীলামের হিসাব মাজিষ্ট্রেট সাহেবের রাখিবার কথা।]

৫৫ ধারা। এই আইনঅনুযায়ি বাকী টাকা আদায় করিবার জন্যে যে সকল দ্রব্য ক্রোক ও নীলাম হয় মাজিষ্ট্রেট সাহেব সর্ব্বদাই তাহার নিয়মিত হিসাব রাখিবেন ইতি।

[সম্পত্তি স্থানান্তর করণ শঠতা হইবার কথা।]

৫৬ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের বিধানঅনুসারে দ্রব্যের ক্রোক না হইবার জন্যে সেই দ্রব্য গুপ্ত রাখে কি স্থানান্তর করে তবে সেই ব্যক্তি শঠতাক্রমে ঐ দ্রব্য গুপ্ত রাখিয়াছে কি স্থানান্তর করিয়াছে এমত জ্ঞান হইবে ইতি।

৯ নবম খণ্ড।

অর্থ দণ্ডের টাকা প্রয়োগ করিবার বিধি।

[অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

৫৭ ধারা। এই আইনমতে যে সকল দণ্ডের টাকা আদায় হয় তাহা টৌন ফণ্ডের হিসাবে জমা হইবে এবং এই আইনের উদ্দেশ্য সাধন করিবার জন্যে প্রয়োগ হইতে পারিবে।

দশম খণ্ড।

নগর পারিপাট্যসম্পর্কে মাজিষ্ট্রেটের ক্ষমতার বিধি।

[পরিপাটী করণার্থ ক্ষমতার কথা।]

৫৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের যে ৩ আইন প্রবল করিয়াছেন তাহার ৫৫ অবধি ৭৯ পর্য্যন্ত সমস্ত ধারাতে, কিম্বা মুনিসিপালিটীর মধ্যে যে আইন যে সময়ে প্রবল হয় তাহাতে, নগর পরিপাটী করণার্থ যে সকল কি যে কোন বিধান থাকে গবর্ণমেন্ট বিহিত বোধ করিলে রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণ পূর্ব্বক ঐ সকল কি তন্মধ্য কোন২ বিধান বিস্তৃত করিতে পারিবেন। তাহা হইলে উক্ত বিধানক্রমে মুনিসিপল কমিস্যনরদের প্রতি যে ক্ষমতা বর্ত্তে মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক সেই ক্ষমতানুসারে কার্য্য হইতে পারিবে ইতি।

একাদশ খণ্ড।

আইনের উদ্দেশ্য সাধন করিবার সাধারণ বিধান।

[অর্থদণ্ড আদায় করিবার কথা।]

৫৯ ধারা। এই আইনমতে যে সকল অর্থদণ্ড আদায় হয় তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার নির্দ্দিষ্টমতে আদায় হইতে পারিবে ইতি।

[জ্ঞাপনপত্র দিবার কথা।]

৬০ ধারা। এই আইনের পূর্ব্বভাগের কোন ধারাক্রমে কিম্বা কোন উপবিধানক্রমে যে জ্ঞাপনপত্র কি বিল কি আহ্বানপত্র দেওয়া যায় তাহাতে যে ব্যক্তির নাম লেখা থাকে নিজ তাঁহাকেই দেওয়া যাইতে পারিবে, অথবা তাঁহার নিয়ত বাসস্থানে কিম্বা শেষ যে বাসস্থান জানা আছে সেই স্থানে তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের কি কোন চাকরের

may be put up on some conspicuous part of such place of abode. If such notice, bill, or summons relates to any house, building, or land, and the place of abode of the person whom it is intended to affect by such notice, bill, or summons is unknown or is not within the Town in which such house, building, or land is situate, the same shall be deemed to be duly served if put up on some conspicuous part of the house, building, or land to which the same relates.

[Magistrate may bring suit instead of distraining or on failure of distress.]

LXI. Instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress the whole or any part of any rates, taxes, expenses, and charges recoverable under the provisions of this Act, the Magistrate may sue the person liable to pay the same in any Court of competent jurisdiction.

[Power to make compensation out of Town Fund.]

LXII. The Magistrate may make compensation out of the Town Fund, to any person sustaining any damage by reason of the exercise of any of the powers vested in the Magistrate, his officers, or servants under this Act.

[No action to be brought against the Magistrate or his officers until after one month's notice of cause of action.]

LXIII. No action shall be brought against the Magistrate or any of his officers, or any person acting under his direction, for anything done or professing or purporting to be done under this Act, until the expiration of one month next after notice in writing shall have been delivered or left at the Office of the Magistrate, or at the place of abode of such person, explicitly stating the cause of action and the name and place of abode of the intended plaintiff; and unless such notice be proved, the Court shall find for the defendant: and every such action shall be commenced within three months next after the accrual of the cause of action and not afterwards; and if any person to whom any such notice of action is given, shall before action brought, tender sufficient amends to the plaintiff, such plaintiff shall not recover.

[No charge to be instituted under this Act, without consent of Magistrate.]

LXIV. The Magistrate may direct any prosecution for any public nuisance whatever, and may order proceedings to be taken for the

হাতে দেওয়া যাইতে পারিবে। যদি তদ্রূপে দেওয়া যাইতে না পারে তবে বাসস্থানের কোন প্রকাশ ভাগে তাহা লটকান যাইতে পারিবে। যদি জ্ঞাপনপত্র কি বিল কি আহ্বানপত্র কোন ঘর কি কোটা কি ভূমিসংক্রান্ত হয় এবং সেই জ্ঞাপনপত্রাদিদ্বারা যাঁহাকে স্পর্শ করিবার অভিপ্রায় থাকে যদি তাঁহার বাসস্থানের পরিচয় না পাওয়া যায় কিম্বা ঐ ঘর কি কোটা কি ভূমি যে নগরের মধ্যে আছে যদি তম্মধ্যে তাঁহার বাসস্থান না থাকে, তবে ঐ জ্ঞাপনপত্রাদি যে ঘর কি কোটা কি ভূমিসংক্রান্ত হয় তাহার কোন প্রকাশস্থানে লাগাইলে উপযুক্তমতে দেওয়া গিয়াছে জ্ঞান হইবে ইতি।

[ক্রোক না করিয়া কিম্বা ক্রোকদ্বারা টাকা পাইতে না পারিলে মাজিষ্ট্রেটের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

৬১ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ক্রোক ও বিক্রয় না করিয়া, অথবা ক্রোক করিলেও এই আইনের বিধানমতে যে রেট ও টাক্স ও খরচ খরচা আদেয় হয় তৎসমুদয় কি তাহার কোন অংশ আদায় করিতে না পারিলে ঐ টাক্স প্রভৃতির দায়ী ব্যক্তির নামে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

[টৌন ফণ্ডহইতে ক্ষতি পূরণ করিবার ক্ষমতার কথা।]

৬২ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা তাঁহার কর্ম্মকারকেরদের কি চাকরদের প্রতি এই আইন অনুসারে যে২ ক্ষমতা প্রদত্ত হইয়াছে যদি তন্মধ্য কোন ক্ষমতানুসারে কার্য্য করণদ্বারা কোন ব্যক্তির ক্ষতি হইয়া থাকে তবে মাজিষ্ট্রেট সাহেব টৌন ফণ্ডহইতে সেই ক্ষতির পূরণ করিতে পারিবেন ইতি।

[নালিশের হেতুর সংবাদ এক মাস থাকিতে না দেওয়া গেলে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা তাঁহার কর্ম্মকারকদের নামে নালিশ হইতে না পারিবার কথা।]

৬৩ ধারা। এই আইনক্রমে যে কোন কার্য্য করা যায় তজ্জন্যে যদি মাজিষ্ট্রেটদের কি তাঁহাদের কোন কার্য্যকারকদের কি তাঁহাদের আজ্ঞাধীন কর্ম্মকারক কোন ব্যক্তির নামে কোন দাবির নালিশ করিবার মানস থাকে, তবে জ্ঞাপনপত্রে সেই২ নালিশের হেতু ও বাদির নাম ও বাসস্থান স্পষ্টরূপে লেখাইয়া সেই২ পত্র উক্ত মাজিষ্ট্রেটের কার্য্যালয়ে কি উক্ত ব্যক্তির বাস স্থানে দিতে কি রাখিতে হইবে। তাহার পর এক মাস গত না হইলে তাঁহাদের নামে নালিশ হইতে পারিবে না। ও যদি সেই জ্ঞাপনপত্র দিবার প্রমাণ না হয়, তবে আদালত প্রতিবাদির পক্ষে নিষ্পত্তি করিবেন, তদ্রূপ নালিশের হেতু হইবার সময়াবধি তিন মাসের মধ্যে মোকদ্দমা আরম্ভ করিতে হইবে, তাহার পরে নয়। নালিশ করিবার তদ্রূপ জ্ঞাপনপত্র যে কোন ব্যক্তিকে দেওয়া যায় তিনি যদি নালিশ উপস্থিত হইবার পূর্ব্বে বাদির উপযুক্ত ক্ষতিপূরণ করিতে স্বীকার করেন তবে বাদী সেই মোকদ্দমায় কিছুই পাইতে পারিবেন না ইতি।

[মাজিষ্ট্রেটের অনুমতিভিন্ন এই আইনমত অভিযোগ না হইবার কথা।]

৬৪ ধারা। মাজিষ্ট্রেটেরা সাধারণের অনিষ্টকর কোন কর্ম্মের নিমিত্তে মোকদ্দমা চালাইতে পারিবেন ও এই আইনের বিধানের বিরুদ্ধে যে অপরাধ হয়

recovery of any penalties and for the punishment of any persons offending against the provisions of this Act, and may order the expenses of such prosecution or other proceedings to be paid out of the Town Fund, and no charge of an offence under this Act, shall be instituted without the order or consent of the Magistrate, and no such charge shall be instituted except within three months next after the commission of such offence.

[Proceedings of Magistrate and Commissioner of Division respectively subject to control of Lieutenant-Governor.]

LXV. All the proceedings of the Magistrate of the District or of a Magistrate under this Act, except as otherwise specially provided, shall be subject to the control of the Commissioner of the Division; and all the proceedings of the Commissioner of the Division shall be subject to the control of the Lieutenant-Governor.

SCHEDULE A.

DIRECTION TO ASSESS ACCORDING TO PROPERTY.

To

[*Here insert the names, places of abode, business, or other description of the Punchayet.*]

[Direction to assess.]

I do hereby require you, the Punchayet appointed under Act of 1868, with all reasonable expedition not, exceeding (*Here insert a period to be fixed by the Magistrate*) from the date hereof, to make out, and forward to me, the undersigned Magistrate of the District of , a fair and equitable assessment upon the several occupiers of houses, shops, and buildings, in the (*Here describe the Town or division*) for the purpose of raising the sum of Rupees required for the purposes of the said Act for the year commencing on . You shall regulate and determine the amount of assessment to be levied from every such occupier according to the circumstances and the property to be protected of each person. The assessment on any one house, building, or block of land shall not be more than Rupees per mensem, that being the monthly salary of a watchman of the lowest grade in the Town Police.

[Exemption.]

If the occupier of any house in the said District shall be unable, on the ground of poverty, to pay the assessment to which he is liable under this Act, you shall exempt him from the same; but the property occupied, together with the name and description of such occupier, shall be specified in the list, together with the ground of exemption.

[*Government Gazette, 7th April* 1868.]

তদ্ধেতুক অর্থদণ্ড আদায়ের ও অপরাধির দণ্ড করিবার মোকদ্দমা হইবার ও টৌনফণ্ডহইতে ঐ মোকদ্দমা প্রভৃতির খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন। মাজিষ্ট্রেটদের অনুমতি কি আজ্ঞা না হইলে এই আইনমতের কোন অপরাধের মোকদ্দমা উপস্থিত করা যাইবে না ও উক্ত অপরাধ হইবার পর তিন মাসের মধ্যে না হইলে উক্ত মোকদ্দমা উপস্থিত করিতে হইবে না ইতি।

[মাজিষ্ট্রেটের ও খণ্ডের কমিসানর সাহেবের কার্য্য লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের তত্ত্বাধীন থাকিবার কথা।]

৬৫ ধারা। প্রকারান্তরের বিশেষ বিধান না থাকিলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা এই আইনঅনুযায়ি মাজিষ্ট্রেটের সমস্ত কার্য্য খণ্ডের কমিসানর সাহেবের তত্ত্বাধীন থাকিবে এবং খণ্ডের কমিসানর সাহেবের সমস্ত কার্য্য শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্তৃত্বাধীন থাকিবে ইতি।

A চিহ্নিত তফসীল।

শ্রীঅমুক প্রতি আগে।

সম্পত্ত্যানুসারে টাক্স ধার্য্য করিবার আজ্ঞাপত্র।

[পঞ্চায়তের নাম ও বাসস্থান ও ব্যবসায় কি অন্য বেওরা এই স্থানে লিখিতে হইবে।]

[টাক্স ধার্য্য করিবার আজ্ঞা।]

১৮৬৮ সালের আইনমতে নিযুক্ত পঞ্চায়ত যে তোমরা তোমাদিগকে এতদ্দ্বারা জ্ঞাত করিতেছি যে তোমরা এই লিখনের তারিখঅবধি এত (এই স্থলে মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্ট মিয়াদ লেখ) দিনের অধিক না হয় ইহার মধ্যে সাধ্যমতে শীঘ্র করিয়া অমুক মাস অবধি এক বৎসরের জন্যে ঐ আইনের কার্য্য সকল করিবার নিমিত্তে যে টাকার আবশ্যক হয় অর্থাৎ টাকা উৎপন্ন করিবার জন্যে অমুক নগরের কি পল্লির) মধ্যে যে সকল ঘর ও দোকান ও কোটা আছে তাহার নানা দখীলকারের উপর ন্যায্য ও প্রকৃত টাকুস ধার্য্য করিয়া অমুক জিলার নীচের লিখিত মাজিষ্ট্রেট আমি আমার নিকটে পাঠাও। সেই২ দখীলকারের স্থানে যত টাকুস আদায় করিতে হইবে তাহা তোমরা প্রত্যেক জনের অবস্থা ও যাঁহার যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া নিরূপণ ও নিদ্ধার্য্য করিবা। কিন্তু কোন এক ঘরের উপর নগরীয় পোলীসের অতি নীচ শ্রেণীর এক জন চৌকীদারের বেতনের তুল্য এত টাকার অধিক টাকুস বসাইবা না।

[অব্যাহতি।]

উক্ত পল্লির মধ্যে কোন ঘরের দখীলকারের উপর এই আইনমতে যত টাকুস ধার্য্য হইতে পারিবে সে যদি দীনতাপ্রযুক্ত তাহা দিতে অপারক হয় তবে তাহাকে সেই টাকুসহইতে মুক্ত করিবা। কিন্তু তাহার যে সম্পত্তির দখল হয় তাহা এবং সেই দখিলকারের নাম ও বেওরা ও তাহাকে মুক্ত করিবার কারণ নির্ঘণ্ট পত্রের মধ্যে লিখিতে হইবে।

[Lodging houses.]

If any house be let out in portions to different persons, or be let out to or occupied by lodgers or travellers, the person who shall so let the same, or who shall receive the rents or payments from such persons or lodgers, or travellers, shall be deemed the occupier of such house, and shall be assessed accordingly.

[Contents of assessment.]

The assessment which you are hereby required to make shall specify the name of every occupier of property liable to be assessed, the name, trade, or business or other description of the person assessed, the annual assessment, and the quota payable monthly; and may be in the following form, or to the like effect:—

Premises occupied.	Name of occupier.	Profession or business or other description.	Annual assessment.	Amount of monthly payment.

SCHEDULE B.

Direction to Prepare Rate.

To

[*Here insert the names, places of abode, business, or other description of the Punchayet.*]

I do hereby require you, the Punchayet appointed under Act of 1868, with all reasonable expedition, not exceeding *(Here insert a period to be fixed by the Magistrate)* from the date hereof, to make out and forward to me, the undersigned Magistrate of the District of , a fair and equal rate upon the several occupiers of houses, shops, and buildings, and of grounds occupied for the purpose of trade or business, in the (*Here describe the Town or division*), for the purpose of raising the sum of Rupees required for the purposes of the said Act, for the year commencing on . You shall regulate and determine the amount of the rate to be levied from every such occupier, according to the annual value of the property occupied.

The rent at which any such property may reasonably be expected to let for one year shall be

[বাসাড়িয়াদের গৃহ ।]

যদি কোন ঘর অংশ২ করিয়া ভিন্ন২ ব্যক্তিকে কিম্বা বাসাড়িয়াদিগকে কি যাত্রিদিগকে ভাড়া দেওয়া যায় কি তাহাদের দখলে থাকে, তবে যে ব্যক্তি ঐ ঘর ভাড়া দেয় কিম্বা যে ব্যক্তি ঐ লোকদের কি বাসাড়িয়াদের কি যাত্রিদের স্থানে ভাড়া কি খরচাদি পায় সেই ব্যক্তি ঐ গৃহ নিবাসি জ্ঞান হইবে ও তদনুসারে তাহার উপর টাকুস বসান যাইবে ।

[টাকুসপত্রে যাহা২ ব্যক্ত থাকিবে তাহার কথা ।]

এতদ্দ্বারা তোমাদিগকে যে টাকুস ধার্য্য করিবার আজ্ঞা করা যাইতেছে তাহার নির্ঘণ্টের মধ্যে টাকুসের যোগ্য সম্পত্তির প্রত্যেক দখিলকারের নাম, ও যে ব্যক্তির টাকুস বসান যায় তাহার নাম ও ব্যবসায় কি কর্ম্ম কি অন্য বেওরা ও বার্ষিক টাকুস ও মাসে২ যত দিতে হয় এই সকল কথা লিখিতে হইবে ঐ পত্র নীচের লিখিত পাঠে কি তাহার মর্ম্মমতে হইতে পারিবে ।

যে সম্পত্তির দখল হয়	দখীলকারের নাম	ব্যবসায় কি কর্ম্ম কি অন্য বেওরা	বার্ষিক যত টাক্স ধার্য্য হইল	মাসে২ যত দিতে হইবে

B চিহ্নিত তফসীল ।

রেট প্রস্তুত করিবার আজ্ঞাপত্র ।

শ্রী অমুক প্রতি আগে—

পঞ্চায়তের নাম ও বাসস্থান ও ব্যবসায় কি অন্য বেওরা এই স্থানে লিখিতে হইবে ।

১৮৬৮ সালের আইনমতে নিযুক্ত পঞ্চায়ত যে তোমরা তোমাদিগকে এতদ্দ্বারা আজ্ঞা করিতেছি যে তোমরা এই লিখনের তারিখ অবধি এত (এই স্থলে মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্ট মিয়াদ লেখ) দিনের অধিক না হয় ইহার মধ্যে সাধ্যমতে শীঘ্র করিয়া অমুক মাস অবধি এক বৎসরের জন্যে এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্তে যে টাকার আবশ্যক অর্থাৎ এত টাকা উৎপন্ন করিবার জন্যে (অমুক নগরের কি পল্লির) মধ্যে যে সকল ঘর ও দোকান ও কোটা আছে ও যে সকল জমীতে বাণিজ্য কি ব্যবসায় চলে তাহার নানা দখীলকারের উপর ন্যায্য ও প্রকৃত টাকুস নির্দ্ধার্য্য করিয়া অমুক জিলার নীচের লিখিত মাজিষ্ট্রেট আমি আমার নিকটে পাঠাও । সেই২ দখীলকারের স্থানে যত টাকুস আদায় করিতে হইবে তাহা তোমরা দখল করা সম্পত্তির বার্ষিক মূল্যানুসারে নিরূপণ ও নির্দ্ধার্য্য করিবা ।

যুক্তিসিদ্ধমতে ঐ সম্পত্তির এক বৎসরের যত ভাড়া হওয়া সম্ভাবনা তাহা ঐ সম্পত্তির বার্ষিক মূল্য জ্ঞান

deemed the annual value of such property. The rate shall be an equal percentage, not exceeding per cent. of such annual value.

Any person occupying ground for the purpose of trade is to be rated in respect thereof, but a person occupying ground for the purpose of cultivation, or for depasturing cattle, is not to be rated in respect thereof.

If the occupier of any house or ground in the said District shall be unable, on the ground of poverty, to pay the rate to which he is liable under this Act, you shall exempt him from the same; but the property occupied, together with the name and description of such occupier, shall be specified in the list, together with the ground of exemption.

If any house be let out in portions to different persons, or be let out to or occupied by lodgers or travellers, the person who shall so let the same, or who shall receive the rents or payments from such persons or lodgers, or travellers, shall be deemed the occupier of such house, and shall be rated accordingly.

The rate which you are hereby required to make shall specify the name of every occupier of property liable to be rated, the name, trade, or business, or other description of the person rated, the annual rateable value of the property, the annual rate, and the quota payable monthly; and may be in the following form, or to the like effect:—

Property occupied.	Name of occupier.	Profession or business or other description.	Annual value of property.	Annual rate.	Amount of monthly payment.

SCHEDULE C.

Notice of Assessment or Rate.

An assessment (*or rate, as the case may be,*) made for (*Here describe the Town or division for which the rate is made*) upon the several occupiers of houses and other property in the said District,

হইবে। ঐ বার্ষিক মূল্যের উপর শত করা টাকার অধিক না হয় এমত সমান হারানুসারে টাক্স নির্দ্ধার্য্য হইবে।

যে ব্যক্তি ব্যবসায়ের জন্যে কোন জমীর দখীলকার হন তিনি ঐ জমীর উপলক্ষে টাক্স দিবেন কিন্তু যে কেহ চাষ করিবার কিম্বা পশু চরাইবার ভূমির দখীলকার হন তিনি ঐ ভূমির উপর টাক্স দিবেন না।

উক্তপল্লির অন্তর্গত ঘরের কি ভূমির দখিলকার এই আইনমতে যে টাক্স দিবার যোগ্য হন তিনি দীনতা প্রযুক্ত তাহ দিতে না পারিলে তাহাকে সেই টাক্সহইতে মুক্ত করিবা কিন্তু ঐ দখল করা সম্পত্তি ও সেই দখীলকারের নাম ও বেওরা ও যে কারণে তাহাকে মুক্ত করা গেল তাহার কথা ঐ নির্ঘণ্টে লেখা থাকিবে।

যদি কোন ঘর অংশাংশ করিয়া ভিন্ন ব্যক্তিদিগকে বা বাসাড়িয়াদিগকে কি যাত্রিদিগকে ভাড়া দেওয়া যায় কি তাহাদের দখলে থাকে, তবে যে ব্যক্তি ঐ ঘর সেইরূপে ভাড়া দেয় কিম্বা যে ব্যক্তি ঐ লোকদের কি বাসাড়িয়াদের কি যাত্রিদের ভাড়া কি খরচ আদি পায় সেই ব্যক্তি ঐ গৃহবাসি জ্ঞান হইবে ও তদনুসারে তাহার উপর টাক্স বসান যাইবে।

ইহাতে তোমাদিগকে যে টাক্স বসাইবার আজ্ঞা করা যাইতেছে তাহার ফর্দ্দেতে টাক্স দিবার যোগ্য সম্পত্তির প্রত্যেক দখীলকারের নাম ও যে ব্যক্তির উপর টাক্স বসান যায় তাহার নাম ও ব্যবসায় কি কর্ম্ম কি অন্য বেওরা ও টাক্স বসাইবার জন্যে সম্পত্তির যে বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহা ও বার্ষিক টাক্স ও মাসে২ তাহার যত দিতে হইবে তাহা লেখা থাকিবে তাহা নীচের লিখিত পাঠে কি তাহার মর্ম্ম মতে হইবে।

দখল করা সম্পত্তি	দখীলকারের নাম	কর্ম্ম কি ব্যবসায় কি অন্য বেওরা	সম্পত্তির বার্ষিক মূল্য	বার্ষিক রেট	মাসে২ যত দিতে হইবে

C চিহ্নিত তফসীল।

টাক্স কি রেটের নোটিস।

অমুক (যে নগর কি পল্লির টাক্স বসান যায় তাহার নাম লেখ) জন্যে পোলীসের প্রতিপালনের নিমিত্তে ১৮৬৮ সালের আইন অনুসারে ঐ পল্লির অন্তর্গত ঘরের ও অন্যান্য সম্পত্তির প্রত্যেক দখীল-

pursuant to Act of 1868, for the purpose of maintaining the Police for such Town.

Property occupied.	Names of occupiers.	Profession or business.	Amount of monthly (*or quarterly*) assessment (*or rate*).

Whereas the above assessment (*or rate, as the case may be,*) has been duly made pursuant to Act of 1868, and has been revised and settled by me, the undersigned Magistrate of the several persons whose names are included in the said assessment (*or rate*) are hereby required to pay the monthly (*or quarterly*) contributions set opposite to their names with regularity to the Tax-Collector or other person appointed by the Magistrate to receive the same, the first payment on the first day of, and every subsequent payment on or before the first day of each succeeding month (*if the tax is to be collected quarterly, the months in which the payment is to be made must be specified*), or in default thereof, any arrear that may be due will be realized by distraint and sale of the personal effects of the defaulter, or of any goods and chattels which may be found on the premises in respect of which such defaulter is assessed (*or rated*), and such other proceedings adopted for the recovery of the same as are allowed by law.

Dated this day of

Magistrate of

SCHEDULE. D.

LIST OF DEFAULTERS.

1	2	3	4	5	6	7	8	9	10	11
District.	Names of defaulters.	Amount of defalcation.	Amount, cost, or penalty.	Inventory of property seized under distress.	Date of distress.	Date of sale.	Property sold.	Amount realized on each article.	Purchaser's name.	Balance.

কারের উপর অবস্থা বুঝিয়া (কিম্বা বিষয় বিশেষে সম্পত্তির মূল্যক্রমে) এই টাকুস বসান গেল।

যে সম্পত্তি দখল হয়।	দখীলকারের নাম।	কর্ম্ম কি ব্যবসায়।	মাসেং (কি তিনং মাসে) যে টাক্স কি রেট দিতে হয়।

১৮৬৮ সালের—আইনমতে উক্ত টাকুস কিম্বা বিষয় বিশেষে উক্ত রেট উপযুক্তরূপে করা গিয়াছে ও অমুক জিলার নিম্ন লিখিত মাজিষ্ট্রেট আমি তাহা দৃষ্টি করিয়া নির্দ্ধার্য্য করিয়াছি এই হেতুক উক্ত টাকুসের কি রেটের ফর্দ্দের মধ্যে যে প্রত্যেক ব্যক্তির নাম লেখা গিয়াছে তাহাকে এতদ্দ্বারা আজ্ঞা করা যাইতেছে যে তাঁহার নামের পার্শ্বে যত টাকা লেখা আছে তত তাহার মাসেং (কি তিনং মাসে) টাকুস গ্রাহিকে কিম্বা মাজিষ্ট্রেট সাহেব তাহা লইতে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে নিয়মমতে দেন। এই ইশ্তিহারের যে তারিখ আছে তাহার পর মাসের ১০ তারিখে ঐ টাকা কি পয়সা প্রথমবার দিবেন ও তাহার পর প্রতি মাসের ১০ তারিখে কি তাহার পূর্ব্বে দিতে থাকিবেন (যদি ঐ টাক্স তিনং মাসে আদায় করিতে হয়, তবে যেং মাসে দেনা হয় তাহা লিখিতে হইবে) যদি সেই টাকা না দেন, তবে যে কিছু বাকী পাওনা হয় তাহা বাকীদারের অস্থাবর সম্পত্তি কিম্বা যে বাড়ীর জন্যে ঐ বাকীদারের উপর টাকুস বসান গিয়াছে তন্মধ্যে যে কিছু মাল ও দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া আদায় করা যাইবে, ও আদায় করিবার জন্যে আইনমতে মোকদ্দমাঘটিত অন্যং যে কার্য্য করিবার অনুমতি হয় তাহা করা যাইবে।

সাল তাং

শ্রী অমুক
অমুক জিলার মাজিষ্ট্রেট।

D চিহ্নিত তফসীল।

বাকীদারদের নামের ফর্দ্দ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
পল্লি।	বাকীদারের নাম।	যত টাকা বাকী।	খরচ কি দণ্ড।	ক্রোক করা সম্পত্তির তালিকা।	ক্রোক করিবার তারিখ।	নীলামের তারিখ।	যে সম্পত্তি নীলাম হয়।	একং দ্রব্যের উপর যত মূল্য পাওয়া যায়।	খরীদারের নাম।	বাকী।

SCHEDULE E.

TABLE OF FEES PAYABLE IN DISTRAINTS UNDER THIS ACT.

Sum distrained for.	Fee.	
	Rs.	As.
Under 1 Rupee	0	4
1 and under 3 Rupees	0	8
3 " 5 "	1	0
5 " 10 "	1	8
10 " 15 "	2	0
15 " 20 "	2	8
20 " 25 "	3	0
25 " 30 "	3	8
30 " 35 "	4	0
35 " 40 "	4	8
40 " 45 "	5	0
45 " 50 "	5	8
50 " 60 "	6	0
60 " 80 "	7	8
80 " 100 "	9	0
Above 100	10	0

The above charge includes all expenses, except when peons are kept in charge of property distrained, in which case three annas must be paid daily for each man.

STATEMENT OF OBJECTS AND REASONS.

A large class of Towns exists in which Act XX of 1856, or the corresponding Regulations which preceded it, have been in force for many years, and which have, under those laws, supported a special Police out of the proceeds of local taxation devoting any small surplus of the tax to local improvements. But many of these Towns are not sufficiently advanced for the introduction of the District Municipal Improvement Act (III of 1864 B. C.)

The necessity of adopting more effectual measures for the local improvement and sanitation of such Towns is generally recognized; but the effect of an Act lately passed has been to withdraw all power of raising funds in such Town for any purposes other than the support of the Police.

In the present Bill provision is made for raising such amount for purposes of conservancy and local improvement, in addition to the cost of the Police, as shall seem proper with reference to the circumstances of each Town, and its requirements.

সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

গত নবেম্বর মাসের ৬ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল, বগুড়ার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এচ সি কনলি সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের ও ভদ্রকের নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত তামস মহেন্দ্রলাল বসু এই মাসের ১ তারিখঅবধি বিনা বেতনে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৬ আপ্রিল।

জরীপীকার্য্যের দ্বিতীয় খণ্ডের কর্ম্মাধ্যক্ষ ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজসুন্দর মিত্র ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন, তিনি আপন বর্ত্তমান কর্ম্মহইতে অবকাশ পাইলে উক্ত ছুটী আরম্ভ হইবে।

উড়িষ্যা বলন্টিয়র রাইফল দলে নিযুক্ত কাপ্তান শ্রীযুত জে মাকমিলন সাহেব গত ফেব্রুআরি মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত তিন মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রহ্মনাথ সেন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

লোহারডগার ডেপুটী কমিসানর শ্রীযুত এচ, এল অলিফাণ্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। তিনি লেপ্টেনেন্ট শ্রীযুত ই, জি, লিলিংষ্টন সাহেবের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করিবেন।

১৮৬৮ সাল ৭ আপ্রেল।

শ্রীহট্টের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীনাথ ঘোষ এই মাসের ১৫ তারিখের পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৫ মার্চ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ফরীদপুর ও যশোহরের মধ্যবর্ত্তি মধুমতী নদীর উপর পরাবারা ও দুর্গাপুরের খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনমতে রাজকীয় ঘাট প্রকাশ করিলেন।

১৮৬৮ সাল ২ আপ্রিল।

রাজকর্ম্মসংক্রান্ত অধীন কার্য্যকারক শ্রীযুত জি, সি, কিলবি সাহেব লাবুর্ডনে নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব গত মাসের ৪ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আসেন।

NOTIFICATION.

The 31st March 1868.

The Office of Special Sub-Registrar of Kooshtea and Ranaghat is hereby abolished. The Sub-Registry Offices in question will revert to thecharge of the Sub-Divisional Officers of Kooshtea and Ranaghat respectively.

H. L. DAMPIER,
Offg. Secretary to the Government of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.

No. 148.

MILITARY.

The 7th April 1868.

Declaration under Section II. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the site of a slaughter-house at Chandernagore, Suttopeertollah, Pergunnah Boro, in the District of Hooghly, it is hereby notified that, for the above purpose, a piece of land measuring, more or less, 8 beegahs, bounded on the North by the public highway, on the East by the Cazeeparah Road, on the South by Soobud Mistry's garden land, and on the West by Ackbar Mistry's garden and by land belonging to Musseebuddy, is required.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

No. 149.

CIVIL BUILDINGS.

The 7th April 1868.

Declaration under Section II. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz.*, for the extension of the Dacca Lunatic Asylum premises, it is hereby declared that, for the above purpose, a plot of land measuring 9 beegahs 13½ cottahs, more or less, situated at Muhullah Girdkella, in the City of Dacca, is required.

The plot required is bounded on the North by a small lane, on the West by the Street leading from Chauk to Buksheebazaar, on the East by the Dacca Lunatic Asylum, on the South by the Road running by the north of the Chauk.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৩১ মার্চ।

কুষ্ঠ্যার ও রাণাঘাটের বিশেষ সব-রেজিষ্ট্রারের কার্য্যালয় এতদ্দ্বারা উঠাইয়া দেওয়া গেল। উক্ত দুই স্থানের সব-রেজিষ্টরী কার্য্যালয়ের কর্ম্মের ভার কুষ্ঠ্যা ও রাণাঘাট শাখাখণ্ডের কার্য্যকারকদের প্রতি অর্পিত হইল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৪৮ নম্বর।

সমর সম্পর্কীয়।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন— বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত বোরো পরগণার চন্দননগরে ও সত্যপীর তলায় কশাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৮/ বিঘা ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রাজপথ পূর্ব্ব সীমা কাজীপাড়ার পথ, দক্ষিণ সীমা সুবোধ মিস্ত্রির বাগান ভূমি, এবং পশ্চিম সীমা আকবর মিস্ত্রির বাগান ও মসীবুদ্দীর অধিকৃত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

১৪৯ নম্বর।

বাটীর বিষয়ক।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন— বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ঢাকাস্থ ক্ষিপ্ত-ব্যক্তিদের আশ্রয় বাটী বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঢাকানগরের গির্দ্দকেল্লা মহল্লায় ৯।৩৷৷ কাঠা ভূমির প্রয়োজন।

প্রয়োজনীয় ভূমি খণ্ডের উত্তর সীমা ছোট গলি পশ্চিম সীমা চক অবধি বক্সীবাজারে গমনের পথ পূর্ব্ব সীমা ঢাকাস্থ ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটী দক্ষিণ সীমা চকের উত্তর দিগের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

No. 150.

The 7th April 1868.

Declaration under Section 2, Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz*, for the construction of a Central Jail at the Sudder Station of Hazareebaugh, it is hereby declared that, for the above purpose, a plot of land situated in Mouzahs Koleghattee, Muraie Kullan, Muraie Khord, and Nowdeeha, Pergunnah Chumpa, in the district of Hazareebaugh, and measuring 394 beegahs, more or less, is required. It is bounded on the North by culturable waste of Nowdeeha; on the west by cultivated rice lands of Muraie; on the South by Government land, the European Penitentiary, and a public road; and on the East by the Hazareebaugh and Burhee road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

H. Leonard, *C. E.*,
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

১৫০ নম্বর।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে বিজ্ঞাপন—বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হাজারিবাগের সদর মোকামে বড় জেল প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হাজারিবাগ জিলার অন্তর্গত চম্পাপরগনার কোলঘাটী মরাই কলান, মরাই খর্দ ও নবদীহা মৌজায় ন্যূনাধিক ৩৯৪/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা নবদীহার আবাদযোগ্য পতিত ভূমি, পশ্চিম সীমা মরাইয়ের কর্ষিত ধান্যের ভূমি, দক্ষিণ সীমা গবর্ণমেন্টের ভূমি ইউরোপীয়দিগের ব্যবহার সংশোধনালয় ও রাজপথ, পূর্ব্ব সীমা হাজারীবাগের ও বহীর পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

এচ লিওনর্ড, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 18th May 1868, at the hour of 12 o'clock, noon, the rights and interests of the Defendant, Rajah Bidyadhor Sendh Nurrinder Bahadoor of Killah Coojung, in the said Killah of Coojung, in satisfaction of certain Decrees held by Goluck Chunder Bose, Chowdry Rughoonauth Doss, and others, and execution of which has been taken out against him. The Killah in question is a fixed Tributary Estate, the permanent jumma of which is Rupees 7,503-9-7 per annum.

Twenty-five per cent. on the bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale.

W. Wright,
P. S. Ameen.

P. S. Ameen's Court,
Cuttack;
The 2nd April 1868.

[*Government Gazette*, *14th April* 1868.]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদসংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৬৮ সালের নাগাইত কিস্তী মার্চের রাজস্বের বাকি আদায় কারণ সন ১৮৬৮ সালের ২৭ আপ্রেল মোতাবক সন ১২৭৫ সালের ১৬ বৈশাখ সোমবারে জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৮ সাল তারিখ ২ আপ্রেল।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা	তায়দাদ রকম যাহা নীলাম হইবেক।
১	প্রথম শ্রেণীর মাহাল	৯	কিসমত পরগনে কাশীপুর পরগনে কাশীপুর	কাশীনাথ চৌধুরী ও নৃত্যকালী ও ভুবনেশ্বরী ও কমলমুণি ও স্বর্ণময়ী ও তারিণীপ্রসাদ ও তারাসুন্দরী ও শিবসুন্দরী ও মনমোহন ঘোষ ও ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট ও ভোলানাথ ও গুরুপ্রসাদ ও গণেশলাল ও রঘুনাথ ওরফে রাজারাম রায় ও রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা।	৮০৭৪৶০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন সন ১৮৫৯ সালের ১১ আইনঅনুসারে আপন অংশ রকম ১৮৷৶১৭৷৷ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় সদর জমা ৪৬৬৷৶০ চন্দ্রমুখী দাস্যার ঐরূপ ১৮৷৶১৭৷৷ গণ্ডার সদর জমা ৪৬৬৷৶০ ৯৩৩৷০ বক্রী সদর জমা ৭১৪০৸৶১	রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যার অংশ বাদে অন্যান্য শরিকানের অংশ নীলাম হইবেক।
ঐ	ঐ	৩০৭	কিসমত মৌজে বেজপাড়া পরগনে চূণাখালী	কাজী নামতুল্ল ও এরাদতুল্লা ও গোলাম ছবদর ও হেকাজতুল্লা ও করিমুল্লা ও সজ্জিদা বিবি।	৫০৬৲	সমুদয় মাহাল নীলাম হইবেক।
ঐ	ঐ	৩৬৪	কিসমত মৌজে মাসুমাবাদ পরগনে মাসুমাবাদ	অম্বিকাচরণ গঙ্গোপাধ্যায়।	৮৮৮৸৶৪	ঐ
ঐ	ঐ	৪০৭	কিসতম মৌজে রামবাটী পরগনে ফতেসিংহ	মাধবনাথ ও সাতকড়ি ও বিশেশ্বর ও ঠাকুরদাস ও রামগোপাল ও রামচন্দ্র ও গদাধর ও হরগোবিন্দ ও গঙ্গাপ্রসাদ ও উজ্জ্বলমণি ও আজমতুল্লা ও মহম্মদ নেওয়াজ ও অপছর ম্নেছা ও ইজ্জত নেওয়াজ	৬১৭৶৬	ঐ

H. HANKEY,
Collector.

জিলা পাবনা।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা পাবনা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ ইং ১১ আইনের বিধানানুসারে জেলা পাবনার মধ্যর্ত্তী নিম্নের লিখিত মহালের নির্দ্দিষ্ট অংশ ১৮৬৮ সালের ২৮ মার্চ মোং ১২৭৪ সালের ১৬ চৈত্র পর্য্যন্তকার সরকারী প্রাপ্য রাজস্ব আদায় নিমিত্ত ১৮৬৮ সালের ২৮ আপ্রেল মোং ১২৭৫ সালের ১৭ বৈশাখ মঙ্গলবার অত্র জেলার কালেক্টর সাহেবের প্রকাশ্য কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বিধাতে বিক্রয় হইবেক, অতএব যে কেহ খরিদের বাসনা রাখে, সে ঐ নিরূপিত দিবস অত্র কাছারিতে হাজির আসিয়া রীতিমত ক্রয় করে ইতি সন ১৮৬৮ ইং ৩১ শে মার্চ।

জেলার তৌজরী নম্বর	মহালের শ্রেণী	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী রাজস্ব	মন্তব্য।
১৪১	ইস্তমুরারি জমা খার্য্যহওয়া মহাল।	কিং পরগনে নসরতসাহী।	মিস্তুয়ার্স মোরেন এণ্ড কোং হারানচন্দ্র, শ্যামাচরণ চক্রবর্ত্তী, দেবরাণীদাস্যা, শ্যামাচরণ বিশ্বাস।	২১১৯৬/৮	২৯৷৪	এই মহালের হিসাব, ১৮৫৯। ১১ আইনমতে স্বতন্ত্র হইয়াছে, হিসাব পৃথক হওয়া /০ আনা অংশ, যাহার সদর জমা ১২৭৯৬/১০ পাই, তাহা নামিক মিস্তুয়ার্স মোরেন এণ্ড কোং সাহেবানের স্বত্ব এবং উক্ত বাকী ঐ অংশের বটে, অতএব এই মহালের অন্যান্য অংশ বাদে সংপ্রতি কেবল নামিক সাহেবানের ঐ /০ আনা অংশ নীলাম হইবেক।

P. A. HUMPHERY,
Offg. Collector.

জেলা রঙ্গপুর।

এস্তাহারনামা কাচারী কালেক্টরী জেলা রঙ্গপুর এই যে।

এতৎ দ্বারা সংবাদ দেওয় যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা রঙ্গপুরের মধ্যবর্ত্তি নিম্ন লিখিত মহাল ১৮৬৮ ইং ২৮ মার্চ তারিখে সরকারের প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আকটানুসারে বাকি রাজস্ব ন্যায় আদায় করা যাইতে পারে, তাহা আদায় নিমিত্তক ১৮৬৮ সালের আপ্রিল মাসের ২১ তারিখে জেলা রঙ্গপুরের কালেক্টরী কাচারীতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি। সন ১৮৬৮ ইং তারিখ।

এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৭৮ নম্বরী মহাল মৌজে নিগ দাড়িয়া ওগয়রহ মোতালকে পরগনে পেঁড়ি খালিসা হিস্যা ।।০ আনা পং বাজিতপুর মালিক ৺ রি, দয়ামরী ঠাকুরাণী সেবাইত আনন্দময়ী দেব্যা মাদরে চন্দ্রনাথ শর্ম্মা যাহার সদর জমা ৬৪৭।।৮ পাই তাহা বাঙ্গলা ১২৭৪ সালের নাগাএদ কিস্তি ফাল্গুনের বক্রী রাজস্ব আদায় জন্য নীলাম হইবেক ইতি।

E. C. GLAZIER,
Offg. Collector.

WANTED

For the Court of the Additional Judge of Tirhoot.

A Translator,	...	...	Salary 90 Rupees.
A Head Clerk,	...	...	„ 50 „

MORRIS BEAUFORT,
Addl. Judge of Tirhoot.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

এলবরলিং সাহেব কর্ত্তৃক সংগৃহীত দায় ও দান ও উইল ও বিক্রয় ও বন্ধকের বিধানের সার সংগ্রহ ওকালতী পরীক্ষার নিমিত্তে বঙ্গভাষায় অনুবাদিত হইয়া থ্যাকর স্পিঙ্ক কোম্পানির ও লেপেজ কোম্পানির ও ডিরজারিও কোম্পানির পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মুল্য ২৷৷০ টাকা মাত্র।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এক জে বার্ণো সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 21, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ২১ আপ্রিল।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill, introduced into the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations, is, together with the Statement of Objects and Reasons accompanying it, published for general information :—

A Bill to make further provision for the recovery of arrears of Land Revenue and public demands recoverable as arrears of Land Revenue.

[Preamble.]

WHEREAS it is expedient to amend and extend the law for the recovery of arrears of Land Revenue and of public demands recoverable as arrears of Land Revenue; it is declared and enacted as follows :—

[Interpretation.]

[illegible] Act and in Act XI of 1859, the words in this Section mentioned shall have the meanings therein attributed to them respectively.

[" Proprietor."]

[illegible] The word " Proprietor" includes any farmer or tenant by whom any lands is held directly under Government, or by whom any demand is payable to Government.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় অভিপ্রায়ের ও হেতুবর্ণনা সহিত পঠিত হইয়া সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ভূমির বাকী রাজস্ব এবং রাজকীয় যে দাওয়া ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতেপারে সেই দাওয়া আদায় করিবার অধিক বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ভূমির বাকী রাজস্ব আদায় করিবার, এবং রাজকীয় যে দাওয়া ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে সেই দাওয়া আদায় করিবার আইন সংশোধন ও বিস্তৃত করা বিহিত। এই হেতুক নিম্নলিখিতমতে প্রকাশ ও বিধান করা যাইতেছে।

[অর্থের ধারা।]

১ ধারা। এই ধারার লিখিত কথার যে অর্থ করা গিয়াছে এই আইনেতে এবং ১৮৫৯ সালের ১১ আইনেতে সেই কথার সেই অর্থ থাকিবে।

[" ভূম্যধিকারী।"]

যে ইজারদার কি প্রজা নিজ গবর্ণমেণ্টের স্থানে ভূমি লইয়া ভোগ করেন, কিম্বা যে ব্যক্তির দেনা নিজ গবর্ণমেণ্টের নিকটে দাতব্য হয়, ভূম্যধিকারী শব্দের মধ্যে তিনিও গণ্য।

[" Revenue."]

The word " Revenue" includes every sum annually payable to Government by the Proprietor of any estate or tenure in respect thereof, and every sum payable to Government in respect of Tuccavee, or of any money advanced by Government to proprietors of land for making or repairing embankments, reservoirs, or water-courses, or other improvements on the land held by them.

[" Estate."]

The word " Estate" means any land or share in land subject to the payment to Government of an annual sum in respect of which the name of a proprietor is entered on the Register known as the Quinquennial Register, Toujeh, or Revenue Roll of the Collector's Office of the District, or in respect of which a separate account may, in pursuance of Section X or Section XI of Act XI of 1859, or of any other law or usage have been opened.

[" Tenure."]

The word " Tenure" includes all interests in land whether rent-paying or lakhiraj, (other than estates as above defined) which by the terms of the grants creating the same, or by the custom of the country are transferable, whether such tenures are resumable or not, and whether the right of selling or bringing to sale for an arrear of rent may or may not have been specially reserved by stipulation in any instrument.

[" Demand."]

The word " Demand" means any of the following public demands, arrears of which are by law recoverable as arrears of revenue.

[Sums due from Public Accountant and their sureties.]

Any sum due from any Public Accountant or from the sureties of any Public Accountant on account of any loss or defalcation in the accounts of such Public Accountant.

[Sums due from the sureties of farmers.]

Any sum which may be due from the sureties of any farmer in respect of the revenue of the estate farmed by him.

[Sums due for claims against certain Native Officers.]

Any sum for which any Collector may have a claim on the part of Government on any Tusildar, Sezawal, Ameen, Dewan, Serestadar, Moonshi, Mohurer, or other Native Officer, entrusted with the receipt or payment of public money or the charge of public accounts, who may be employed under any Collector, for a balance of accounts of money belonging to Government.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ২১ আপ্রিল ।]

" রাজস্ব ।"

কোন মহালের কি তালুকপ্রভৃতির উপলক্ষে গবর্ণমেণ্টের নিকট ভূম্যাধিকারির বৎসরং যে টাকা দিতে হয় এবং তাগাবী বলিয়া কিম্বা বাঁধ কি জলাশয় কি জলস্রোত করিবার কি সারাইবার জন্যে ও প্রকারান্তরে ভূম্যধিকারিদের অধিকৃত ভূমির সৌষ্ঠব করণার্থে গবর্ণমেণ্ট তাঁহারদিগকে অগ্রীম টাকা দেওয়াতে তাঁহারদের স্থানে গবর্ণমেণ্টের যে টাকা পাওনা হয় রাজস্ব শব্দে সেই সকল টাকা গণ্য ।

" মহাল ।"

যে ভূমির কিম্বা ভূমির যে অংশের নিমিত্ত গবর্ণমেণ্টের নিকট বৎসরং কতক টাকা দেওন উপলক্ষে পাঁচসলী রেজিষ্টর কিম্বা তৌজী কিম্বা জিলার কালেক্টরী কার্য্যালয়ের রাজস্বের ফর্দ্দ নামে রেজিষ্টরে ভূম্যধিকারির নাম লেখা যায়; "মহাল" শব্দে সেই ভূমি এবং ১৮৫৯ সালের ১১ আইনের ১০ কিম্বা ১১ ধারানুসারে কিম্বা অন্য কোন আইন কি আচারমতে যে ভূমির স্বতন্ত্র হিসাব করা যায়, সেই ভূমিও বুঝায় ।

" ভূ সম্পার্ক ।"

উপরিভাগে মহালের যে অর্থ নির্ণয় হইয়াছে তদ্ভিন্ন খেরাজী কি লাখেরাজ ভূমিতে যে সম্পার্ক থাকে, ঐ সম্পার্ক যে নিয়মদ্বারা সৃষ্ট হয় যদি সেই নিয়মক্রমে কিম্বা দেশাচারমতে সেই সম্পার্ক হস্তান্তর করা যাইতে পারে, তবে তাহা পুনশ্চ গ্রহণীয় হইলে কি না হইলেও, এবং কোন নিদর্শনপত্রে লিখিত নিয়মক্রমে বাকী করের নিমিত্তে সেই সম্পার্ক বিক্রয় করিবার কি করাইবার স্বত্ব বিশেষমতে স্থির করা গেলে কি নাও গেলে ভূসম্পার্ক শব্দেতে সেই প্রকারের সকল সম্পার্ক গণ্য ।

" দাওয়া ।"

যে রাজকীয় দাওয়ার বাকী টাকা আইনক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে, " দাওয়া" শব্দে নিম্নলিখিত সেই দাওয়া বুঝাইবে ।

[রাজকীয় হিসাবির ও তাঁহার প্রতিভূর স্থানে প্রাপ্য টাকা ।]

রাজকীয় হিসাবির হিসাবমতে কোন ক্ষতি কি ন্যূনতা প্রকাশ হইলে ঐ রাজকীয় হিসাবির স্থানে কিম্বা ঐ রাজকীয় হিসাবির প্রতিভূর স্থানে যে টাকা পাওনা হয় তাহা ।

ইজারদারদের প্রতিভূর স্থানে প্রাপ্য টাকা ।

ইজারদার যে মহালের ইজারা লয় তাহার রাজস্বের উপলক্ষে তদীয় প্রতিভূর স্থানে যে টাকা পাওনা হয় তাহা ।

এদেশীয় কোনং কর্ম্মকারকদের উপর দাওয়া থাকাতে যে টাকা পাওনা হয় ।

যে তহসীলদার কি সাজওয়াল কি আমীন কি দেওয়ান কি সিরিশ্তাদার কি মুন্শী কি মুহুরির কিম্বা এদেশীয় অন্য যে কার্য্যকারক কালেক্টর সাহেবের নিকট নিযুক্ত হইয়া রাজকীয় টাকা দাদাদান করিবার কিম্বা রাজকীয় হিসাব রাখিবার ভারপ্রাপ্ত হন, কালেক্টর সাহেব তাঁহার উপর গবর্ণমেণ্টের পক্ষে রাজকীয় টাকার হিসাবমতে যে বাকী টাকার দাওয়া করেন তাহা ।

[Arrears of revenue payable in respect of tenures.]

Any arrears of revenue payable in respect of any Tenure for the recovery of which the Collector may not think fit to proceed under Section XI of this Act.

[Cost of certain partitions.]

Any sum which may be due from any person for his proportion of the authorized expenses of making a division of any estate under Regulation XIX of 1814, or in respect of any fine imposed under Section XX or XXI of the same Regulation.

[Costs of embankment.]

Any sum which may be due from any person in respect of any award of the expenses of the construction, alteration, or extension of any embankment, which may, in pursuance of Act VII of 1866 of the Bengal Council, be made by any Collector.

[Loss on re-sale of estates.]

Any sum which may be payable by any person under the provisions of Section XXIII of the said Act XI of 1859 for the difference between the proceeds of the sale of an estate which may be eventually consummated, and the price bid by such person at a sale of such estate for arrears of revenue.

[Collectorate.]

The Collectorate of the Collector of a District means the district to which such Collector is appointed, or throughout which any Officer vested with the powers of a Collector is authorized to exercise such powers.

[Collector.]

The word "Collector" includes any person vested with the powers of a Collector.

[Mâlgoozar.]

For the purpose of recovery of demands under this Act the words "Mâlgoozar or owner of the estate" in Section V of Act XI of 1859 shall be read as meaning the person or persons from whom an arrear of a demand is due to Government.

[Repeal of Section LIII of Act XI of 1859.]

II. Section LIII of Act XI of 1859 is hereby repealed except as regards any purchase or re-purchase, or any recovery of possession effected prior to the coming into operation of this Act.

[Commissioner may exercise certain powers.]

III. All the powers and authorities which in and by Sections XXV and XXVI of the said Act XI of 1859, or either of them, are conferred upon the Local Government or the Commissioner of Revenue, upon an appeal to such

[*Government Gazette*, 21*st April* 1868.]

ভূসম্পর্কের নিমিত্ত যে বাকী রাজস্ব দাতব্য হয়।

কালেক্টর সাহেব কোন ভূসম্পর্কের যে বাকী রাজস্ব আদায়ের জন্যে এই আইনের ১১ ধারামতে কার্য্য করা বিহিত বোধ না করেন, সেই রাজস্বের টাকা।

কোন২ ভূমি বণ্টনের খরচ।

১৮১৪ সালের ১৯ আইনমতে কোন মহাল বণ্টন করিবার যে খরচের অনুমতি আছে কোন ব্যক্তির স্থানে তাহার যে অংশ পাওনা থাকে তাহা কিম্বা ঐ আইনের ২০ কি ২১ ধারামত অর্থদণ্ডের উপলক্ষে যাহা পাওনা থাকে তাহা।

বাঁধ প্রস্তুত করিবার খরচা।

কোন কালেক্টর সাহেব বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৬ সালের ৭ আইন অনুসারে কোন বাঁধ প্রস্তুত কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিয়া তাহার খরচের যে অংশ নিরূপণ করেন তজ্জন্যে কোন ব্যক্তির স্থানে যে টাকা পাওনা হয় তাহা।

মহাল পুনঃবিক্রয় করিয়া যে ক্ষতি হয় তাহা।

বাকী রাজস্বের নিমিত্ত ভূমি বিক্রয় হইলে কোন ব্যক্তি যে মূল্য ডাকেন তাহা না দেওয়াতে ঐ ভূমি শেষে বিক্রয় হইয়া তাহার যে মূল্য প্রাপ্ত হওয়া যায়, পূর্ব্ব অপ্রাপ্ত মূল্যের ও শেষ প্রাপ্ত মূল্যের মধ্যে যত টাকা বিশেষ ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৩ ধারার বিধানমতে কোন ব্যক্তির নিকট পাওনা সেই টাকা।

কালেকটরী।

কালেক্টর সাহেব যে জিলাতে নিযুক্ত থাকেন, কিম্বা কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সেই ক্ষমতামতে যে স্থান ব্যাপিয়া কার্য্য করিতে সক্ষম হন, "জিলার কালেক্টর সাহেবের কালেক্টরী" শব্দে সেই স্থান বুঝায়।

কালেক্টর।

যে কোন ব্যক্তি কালেক্টরের ক্ষমতা পান কালেক্টর শব্দে তিনিও গণ্য।

মালগুজার।

এই আইনমতে দাওয়ার টাকা আদায় করণ সম্পর্কে ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারাতে "মালগুজার কিম্বা মহালের স্বামী" এই যে কথা আছে, যে ব্যক্তির কি ব্যক্তিদের স্থানে গবর্ণমেণ্টের দাওয়ার বাকী পাওনা থাকে তাঁহাকে বুঝায়, ঐ কথা এই ভাবে পাঠ করিতে হইবে ইতি।

[১৮৫৯ সালের ১১ আইনের ৫৩ ধারা রহিত করিবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে ক্রয় কি পুনঃক্রয় কি অধিকার প্রাপ্তি সিদ্ধ হয় তৎসম্পর্কে ১৮৫৯ সালের ১১ আইনের ৫৩ ধারা প্রবল থাকিবে, নতুবা রহিত হইল ইতি।

[কোন২ ক্ষমতামতে কমিসনরের কার্য্য করিবার শক্তির কথা।]

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৫ ধারাক্রমে রাজস্বের কমিসনরের নিকট আপীল হইলে সেই কমিসনরের প্রতি ঐ ২৫ ও ২৬ ধারার কিম্বা তাহার একতর ধারার দ্বারা যে সকল শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে, উক্ত

Commissioner under the said Section XXV may be exercised without any appeal having been preferred under the same Section in any case in which such Commissioner shall, otherwise than by an appeal, have become aware of hardship or injustice in any sale under this Act, or the said Act XI of 1859; and no sale shall become final in respect of which such Commissioner may have suspended passing final orders until the period for which he may have suspended such final orders shall have expired.

[Time for revenue sales extended.]

IV. From the date when this Act comes into operation the word "thirty" shall be substituted for the word "fifteen" in Section VI of the said Act XI of 1859, and the words "forty-five" for the word "thirty" in the same Section.

[Mode of serving notices.]

V. Every notice in and by this Act, or by the said Act XI of 1859, directed to be served shall be served by delivering to the person to whom it may be directed, a copy thereof attested by the Collector or by delivering such copy at the usual place of abode of such person, to some adult male member of his family, or by posting such copy upon some conspicuous part of the usual or last known place of abode of such person, or by lodging such copy in the Post Office for transmission to such person in a registered cover directed to such person at his usual or last known place of abode. And every notice so deposited in the Post Office shall be deemed to have been served upon the day on which it was so deposited.

[Notice of intended sale to be given.]

VI. Every Collector shall, within ten days after the notification mentioned in Section VI of Act XI of 1859 shall have been affixed in his Office, cause to be served on the proprietor of every estate specified in such notification, a notice in the form in Schedule A; and shall also cause to be affixed in the Court of the Judge of the District within whose jurisdiction the estate mentioned in such notice, or any portion thereof lies, and in the Moonsiff's Court and Police Thannah within which such estate or any portion thereof lies, and also at the Cutcherry of the Málgoozar or proprietor, of such estate, or if there shall be no such Cutcherry, then at some conspicuous place upon such estate a copy of the said notice.

[Certificate to be conclusive evidence of regularity.]

VII. Every certificate of title which may be given to any purchaser under the provisions Section XXVIII of the said Act XI of 1859 shall be conclusive evidence that all notices in or by this

কমিস্যনর সাহেব এই আইন কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনমত কোন বিক্রয় কার্য্যে উৎপাত কি অন্যায়ের বিষয় অবগত হইলে সেই ধারামতে কোন আপীল উপস্থিত না করা গেলেও সেই শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। ও সেই কমিস্যনর সাহেব যে নীলাম সম্পর্কে চূড়ান্ত আজ্ঞা দেওয়া বিলম্ব করেন, যত কালের নিমিত্তে স্থগিত করিলেন সেই সময় গত না হইলে, সেই নীলাম চূড়ান্ত হইবে না ইতি।

[রাজস্ব সংক্রান্ত নীলাম করিবার সময় বৃদ্ধির কথা।]

৪ ধারা। এই আইন যে দিবসে প্রচলিত হইবে, সেই দিনঅবধি ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৬ ধারাতে "পনের দিনের" পরিবর্ত্তে ত্রিশ দিন পাঠ করিতে হইবে। ও সেই ধারার মধ্যে "ত্রিশ" এই শব্দের পরিবর্ত্তে "পঁয়তাল্লিশ" শব্দ দিতে হইবে ইতি।

[নোটিস দিবার নিয়মের কথা।]

৫ ধারা। এই আইনেতে কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে যে নোটিস দিবার আজ্ঞা হইল তাহা দিবার নিয়ম এই। যাঁহার নামে নোটিস দেওয়া গেল কালেক্টর সাহেবের স্বাক্ষরিত সেই নোটিসের এক খান নকল সেই ব্যক্তিকে দেওয়া যাইবে, কিম্বা তিনি রীতমতে যে স্থানে বাস করেন সেই স্থানে তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষকে দেওয়া যাইবে, কিম্বা তিনি নিয়ত যে স্থানে বাস করেন কিম্বা তাঁহার শেষ যে বাসস্থান জানা আছে সেই স্থানের কোন প্রকাশ স্থানে ঐ নকল লাগাইতে হইবে, কিম্বা পত্রের খামে দিয়া শিরনামায় তাঁহার নিয়ত কি শেষ জানা বাস স্থানের ঠিকানায় তাঁহার নাম লিখিয়া রেজিষ্টরী করিয়া ডাকযোগে তাঁহার নিকট পাঠাইতে হইবে। সেই প্রকারের নোটিস ডাক ঘরে দেওয়া গেলে যে দিনে তদ্রূপে অর্পণ করা যায় সেই দিনে তাঁহাকেই দেওয়া গেল জ্ঞান হইবে ইতি।

[বিক্রয়ের সম্বাদ দিবার কথা।]

৬ ধারা। কালেক্টর সাহেবের কাছারীতে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার উল্লিখিত জ্ঞাপনপত্র লটকান গেলে কালেক্টর সাহেব ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট প্রত্যেক মহালের স্বামিকে দশ দিনের মধ্যে A চিহ্নিত তফসীলের পাঠে নোটিস দেওয়াইবেন। এবং সেই নোটিসে যে মহালের উল্লেখ হইয়াছে তাহা কিম্বা তাহার কোন অংশ জিলার যে জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে থাকে তাঁহার আদালত ঘরে এবং ঐ মহাল কি তাহার কোন অংশ যে মুনসেফীর ও পোলীসের যে থানার মধ্যে থাকে সেই মুনসেফী আদালতে ও সেই থানায় এবং মালগুজারের কি ঐ মহালের স্বামির কাছারীতে কিম্বা তাঁহার কাছারী না থাকিলে ঐ মহালের কোন প্রকাশ স্থানে ঐ নোটিস লাগাইয়া দিবেন ইতি।

[কার্য্য নিয়মিতরূপে হওন বিষয়ে সর্টিফিকট সিদ্ধান্ত প্রমাণ হওয়ার কথা।]

৭ ধারা। কোন ক্রেতাকে ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৮ ধারার বিধানমতে আগম অর্থাৎ অধিকারের সর্টিফিকট দেওয়া গেলে, এই আইনেতে কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে যে সকল

Act, or by the said Act XI of 1859, required to be served or posted, have been duly served and posted, and the title of any person who may have obtained any such certificate shall not be impeached or affected by reason of any omission, informality, or irregularity in the proceedings under which the sale was had at which such person may have purchased.

[Sales of Lakhiraj to be valid.]

VIII. All sales of lands of Lakhiraj tenure, for payment of arrears of revenue, or of demands which may heretofore have been made in conformity with the procedure established by Act XI of 1859, shall have such and the same force and effect as if they had been made in execution of a decree against the person liable to pay the revenue or demand for satisfaction of which such sale may have been made.

[Power to register tenures.]

IX. It shall be lawful for the proprietors of tenures, and of farms held for terms of years to cause the same to be registered according to the provisions of Act XI of 1859, although the same may not be held immediately of the proprietors of estates.

[Collectorate to include all estates borne on its Roll.]

X. Every estate shall, for the purposes of this Act and of Act XI of 1859, be deemed to be within the Collectorate of the Collector upon whose Revenue Roll the revenue thereof may be borne, although the whole or any portion of the lands comprised in such estate may be without the local limits of such Collectorate; but all lands shall be deemed to be within the Collectorate within the local limits of which they may be situate, although the estate of which they form a part may, under the provisions of this section, be deemed to be within the Collectorate of any other Collector.

[Power to sell tenures.]

XI. Whenever any revenue payable to Government in respect of any tenure not being an estate shall be in arrear for days after the same shall have been due, the Collector to whom such revenue is payable, shall cause to be affixed such notices as are mentioned in Section V of Act XI of 1859, and shall thereupon cause such tenure to be sold in the manner, and subject to the provisions in and by the said Act XI of 1859, provided for the sale of estates for the recovery of arrears of revenue due on account of the same, and the Collector shall apply the purchase-money arising from such sale according to the provisions of Section XXXI of the said Act XI of 1859; and

নোটিস দিবার কি লটকাইবার আজ্ঞা হইয়াছে তাহা দেওয়া গিয়াছে ও লটকান গিয়াছে, ঐ সর্টিফিকট ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে। এবং ঐ ব্যক্তি যে নীলামে ভূমি ক্রয় করিয়াছেন, সেই নীলামে কোন কার্য্যের ত্রুটি হইলে কিম্বা কোন কার্য্য ধারামতে ও নিয়মমতে করা না গেলেও সেই ত্রুটিপ্রভৃতির দ্বারা ঐ সর্টিফিকটপ্রাপ্ত কোন ব্যক্তির অধিকারের কোন দোষ কি বৈকৃতি হইবে না ইতি।

[লাখেরাজ ভূমির বিক্রয় সিদ্ধ হইবার কথা।]

৮ ধারা। বাকী রাজস্বের নিমিত্তে কি দাওয়ার নিমিত্তে ১৮৫৯ সালের ১১ আইনের নির্দ্ধারিত প্রণালীমতে ইতিপূর্ব্বে যে লাখেরাজ ভূমি বিক্রয় হইয়া থাকে যে রাজস্বের কি দাওয়ার পরিশোধার্থে ঐ নীলাম করা গেল, তাহার দায়ি ব্যক্তির নামে ডিক্রী জারী হইয়া সেই ভূমি বিক্রয়ের যে বল ও ফল হইত পূর্ব্বোক্ত লাখেরাজ ভূমি বিক্রয়ের সেই বল ও ফল হইবে ইতি।

[ভূমি রেজিষ্টর করিবার ক্ষমতার কথা।]

৯ ধারা। ভূসম্পার্কের অধিকারিরা ও কএক বৎসর মিয়াদের ইজারদারেরা যদিও নিজ ভূস্বামির স্থানে সেই ভূমি কি ইজারাপ্রাপ্ত না হন তথাপি ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে তাহা রেজিষ্টরী করাইতে পারিবেন ইতি।

[কালেক্টরী শব্দের মধ্যে তৌজির লিখিত সমস্ত মহাল ধরিবার কথা।]

১০ ধারা। এই আইনের এবং ১৮৫৯ সালের ১১ আইনের কার্য্যার্থে যে মহালের রাজস্ব যে কালেক্টর সাহেবের তৌজীতে লেখা থাকে, সেই মহালের সমুদয় ভূমি কি তাঁহার একাংশ অন্য কালেক্টরীর স্থানসীমার মধ্যবর্ত্তী থাকিলেও পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের কালেক্টরীর মধ্যে আছে জ্ঞান হইবে। কিন্তু ভূমি যে মহালের অন্তর্গত সেই মহাল এই ধারার বিধানমতে অন্য কালেক্টর সাহেবের কালেক্টরীর অন্তর্গত জ্ঞান হইলেও যে কালেক্টরীর স্থানসীমার মধ্যে ভূমি থাকে সেই কালেক্টরীর অন্তর্গত জ্ঞান হইবে ইতি।

[ভূসম্পার্ক বিক্রয় করিবার ক্ষমতার কথা।]

১১ ধারা। মহালভিন্ন কোন ভূমির নিমিত্ত গবর্ণমেণ্টের রাজস্ব পাওনা হইয়া কএক দিন পর্য্যন্ত বাকী থাকিলে, যে কালেক্টর সাহেবকে ঐ রাজস্ব দেওয়া গিয়া থাকে, তিনি ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারার লিখিত নোটিস লটকাইয়া দিবেন, এবং ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে ও তৎক্রমে বাকী রাজস্বের নিমিত্ত মহাল বিক্রয় করিবার যে নিয়ম ও যে বিধান হইয়াছে সেই নিয়ম ও সেই বিধানমতে ঐ ভূসম্পার্ক বিক্রয় করাইবেন। এবং তাহা বিক্রয় করণদ্বারা যে টাকা উৎপন্ন হয় কালেক্টর সাহেব ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৩১ ধারার বিধানানুসারে সেই টাকা লইয়া কার্য্য করিবেন। এবং সেই ভূমির বিক্রয় চূড়ান্ত ও সিদ্ধান্ত হইলে, ১৮৫৯ সালের উক্ত ৮ আইনের ২৮ ধারাতে মহালসংক্রান্ত যে বিধান আছে উক্ত কালেক্টর

every such Collector shall, upon every such sale of any tenure being final and conclusive, make out such certificate of title thereof as is provided in Section XXVIII of the said Act VIII of 1859 with respect to estates.

[Effect of sale of a tenure.]

XII. The purchaser of any tenure sold under the provisions of Section XI shall acquire it free from all encumbrances which may have been imposed upon it after its creation, or after the time of settlement, whichever may have last occurred, and shall be entitled to avoid and annual all under-tenures, and forthwith to eject all under-tenants with the following exceptions :—

First.—Istemraree or mookurreree tenures which have been held at a fixed rent from the time of the permanent settlement.

Secondly.—Tenures existing at the time of settlement, which have not been held at a fixed rent. Provided always that the rent of such tenure shall be liable to enhancement under any law for the time being in force for the enhancement of the rent of such tenures.

Thirdly.—Tenures or leases created since the term of settlement, and farms for terms of years so held when such tenures and farms have been duly registered under the provisions of this Act.

Fourthly.—Tenures of lands whereon dwelling-houses, manufactories, or other prominent buildings have been erected, or whereon gardens, plantations, tanks, canals, places of worship, or burning or burying grounds have been made, or wells sunk.

[Power of enchancement.]

XIII. Every purchaser of a tenure under Section XI of this Act shall be entitled to proceed in the manner prescribed by any law for the time being in force for the enhancement of the rent of any land coming within the 4th class of exceptions above made if he can prove the same to have been held at what was originally an unfair rent, and if the same shall not have been held at a fixed rent equal to the rent of good arable land, for a term exceeding twelve years, but not otherwise.

[Saving right of ryot.]

XIV.—Provided always that nothing hereinbefore contained shall be construed to entitle any such purchaser, under Section XI of this Act, to eject any ryot having a right of occupancy at a fixed rent, or at a rent assessable according to fixed rules under the laws in force, or to enhance the rent of any such ryot otherwise than in the manner prescribed by such laws, or otherwise than as the former proprietor, irrespectively of all engagements made since the time of settlement may have been entitled to do.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রিল।]

সাহেব সেই বিধানানুসারে ঐ ভূসম্পর্কের অধিকারের সর্টিফিকট লিখিবেন ইতি।

[ভূমি নীলাম হইবার ফলের কথা।]

১২ ধারা। ১১ ধারার বিধানমতে যে ভূমির নীলাম হয়, যিনি তাহা ক্রয় করেন, ভূসম্পর্ক সৃষ্ট হইবার পরে কিম্বা যদি বন্দোবস্তের কাল পশ্চাৎ হইয়া থাকে তবে তাহার পরে ঐ ভূসম্পার্কের প্রতি যে সকল দায় বর্ত্তান গিয়াছে ক্রেতা তদ্ব্যতীত সেই ভূমি প্রাপ্ত হইবেন এবং তিনি নিম্নলিখিত স্থলভিন্ন অধীন সকল ভূসম্পার্ক রহিত ও ব্যর্থ করিতে পারিবেন এবং সকল অধীন প্রজাকে তৎক্ষণাৎ উঠাইয়া দিতে পারিবেন।

প্রথম। চিরকালীন বন্দোবস্তের সময়াবধি যে ইস্তমরারী কি মোকররী ভূমি অবধারিত খাজানামতে ভোগ হইয়া আসিতেছে তাহা।—

দ্বিতীয়। বন্দোবস্তের কালে যে ভূসম্পার্ক ছিল কিন্তু অবধারিত খাজনামতে ভোগ হয় নাই তাহা। কিন্তু তদ্রূপ ভূমির কর বৃদ্ধির যে আইন যে সময়ে প্রচলিত হয় সেই আইনমতে ঐ ভূমির কর বৃদ্ধি হইতে পারিবে।

তৃতীয়। বন্দোবস্তের কালের পরে যে ভূসম্পার্ক কিম্বা পাট্টা করিয়া দেওয়া গেল এবং কএক বৎসর মিয়াদের যে ইজারা তদ্রূপে ভোগ হয়, সেই ভূসম্পার্ক ও ইজারা এই আইনের বিধানমতে উপযুক্তরূপে রেজিস্টর হইলে তাহা।

চতুর্থ। যে ভূমির উপর বসতবাটী কি কারখানা কিম্বা অন্য প্রকাশ আলয় নির্ম্মিত হইয়াছে, কিম্বা যাহাতে বাগান কি বৃক্ষবাটিকা কি পুষ্করিণী কি খাল কি ভজনালয় কি শ্মশান কি কবরস্থান প্রস্তুত হইয়াছে কি কূপ খনন হইয়াছে সেই ভূমির সম্পার্ক ইতি।

[বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।]

১৩ ধারা। কোন ব্যক্তি এই আইনের ১১ ধারামতে ভূমি ক্রয় করিলে পূর্ব্ববর্জ্জিত ভূমির চতুর্থ শ্রেণীর ভূমি প্রথমাবধি অনুপযুক্ত খাজানামতে ভোগ হইয়া আসিতেছে যদি ইহার প্রমাণ করিতে পারেন, এবং উত্তম চষ্য ভূমির যে কর হইয়া থাকে, যদি সেই ভূমি তত্তুল্য নির্দ্ধারিত করে দ্বাদশ বৎসরের অধিক কাল ভোগ না হয়, তবে ভূমির কর বৃদ্ধির যে আইন যে সময়ে প্রচলিত থাকে, তিনি সেই আইনের নির্দ্দিষ্টমতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু অন্য স্থলে পারিবেন না ইতি।

[প্রজার স্বত্ব রক্ষার কথা।]

১৪ ধারা। কিন্তু যে প্রজা অবধারিত কর দিয়া কিম্বা প্রচলিত আইনের নির্দ্দিষ্ট বিধিক্রমে যে কর ধার্য্য হয় তাহা দিয়া অধিকারিত্ব স্বত্বপ্রাপ্ত হন, পূর্ব্বোক্ত ক্রেতা এই আইনের ১১ ধারানুসারে তাঁহাকে বহিষ্কৃত করিতে পারিবেন না। এবং পূর্ব্বোক্ত সকল আইনেতে যদ্রূপ নির্দ্দিষ্ট হইয়াছে তদন্যথায়, এবং বন্দোবস্তের কালের পরে যে সকল করার হইয়া থাকে তাহা না ধরিয়া ভূতপূর্ব্ব ভূম্যধিকারির ক্রেতা যদ্রূপ করবৃদ্ধি করিতে পারিতেন তদন্যথায় বৃদ্ধি করিতে সক্ষম হন, এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না ইতি।

[Certificate to be made of unliquidated arrears.]

XV. Whenever an estate or tenure shall have been sold for the recovery of the arrears of revenue due on account of the same in pursuance of the powers and provisions of Act XI of 1859, or of this Act, and the produce of such sale, after defraying thereout the expenses of such sale, shall have been insufficient for the liquidation of all arrears of the revenue of such estate or tenure which, according to the said provisions, may be payable thereout, the Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unliquidated in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office.

[Certificate to be made of arrears payable by a farmer.]

XVI. Whenever any estate may be held by any farmer, and arrears of revenue shall be unpaid from such farmer, in respect of such estate for one month after the same shall have become due, the Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unpaid in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office.

[Certificate to be made of arrears of demand.]

XVII. Whenever any arrears of any demand shall be unpaid by any person liable to pay such demand for one month after he shall have been required to pay the same by a notice in writing under the hand of the Collector by whom such demand is receivable, such Collector shall make under his hand a certificate of the amount of such arrears, so remaining unpaid in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office.

[Effect of Certificate.]

XVIII. Every such certificate made in pursuance of the last preceding Section shall have the force and effect of a decree of a Civil Court, and the Collector by whom such certificate shall have been filed, shall be deemed to be the plaintiff, and the person named as debtor therein shall be deemed to be the defendant.

[Notice of Certificate to be served.]

XIX. The Collector shall forthwith, upon filing any such certificate, issue to the defendant a notice in the form in Schedule C. From and after the service of such notice, the certificate shall bind all the property of such defendant as if a prohibitory order had issued and an attachment been executed against such property under Act VIII of 1859.

[Power of objection to Certificate.]

XX. Any person who may be aggrieved by any such certificate may, within one month

[*Government Gazette*, 21*st April* 1868.]

[যে বাকী টাকার শোধ হয় নাই তাহার সর্টিফিকুট লিখিবার কথা ।]

১৫ ধারা। বাকী রাজস্ব আদায় করিবার জন্যে যদি কোন জমীদারী কি ভূসম্পর্ক ১৮৫৯ সালের ১১ আইনের কিম্বা এই আইনের ক্ষমতা ও বিধানানুসারে বিক্রয় করা যায়, এবং সেই বিক্রয়োৎপন্ন টাকাহইতে ঐ বিক্রয়ের খরচ দিলে পর উক্ত বিধানানুসারে অবশিষ্ট টাকাহইতে ঐ মহালের কি ভূমির যে বাকী রাজস্ব পরিশোধ হইতে পারে যদি ঐ টাকা সেই বাকী পরিশোধ করিতে না কুলায়, তবে যে বাকীর শোধ না হইয়া থাকে, কালেকুটর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে ঐ বাকীর সর্টিফিকুট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি ।

[ইজারদারের বাকীর সর্টিফিকট লিখিবার কথা ।]

১৬ ধারা। যদি মহাল ইজরদারের ভোগ দখলে থাকে এবং ঐ মহালের উপলক্ষে যে রাজস্ব বাকী হয় তাহা দেনা হইলে পর যদি এক মাসের অধিক কাল ইজারদার হইতে না দেওয়া যায়, তবে যত টাকা তদ্রূপে বাকী থাকে কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে তাহার সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ও আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি ।

[দাওয়ার বাকীর সর্টিফিকট করিবার কথা ।]

১৭ ধারা। যাঁহার স্থানে কোন দাওয়ার টাকা পাওনা হয়, তাঁহার সেই টাকা যে কালেক্টর সাহেবকে দেওয়া গিয়া থাকে তিনি নোটিস লিখিয়া স্বহস্তে স্বাক্ষর করিয়া তাঁহাকে ঐ টাকা দিবার আদেশ করিলে পর যদি এক মাস গত হইলেও সেই দাওয়ার শোধ না হয়, তবে বাকী যত টাকা তদ্রূপে পাওনা থাকে কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে সেই বাকীর সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ও আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি ।

[সর্টিফিকটের যে ফল তাহার কথা ।]

১৮ ধারা। দেওয়ানী আদালতের ডিক্রীর যে ফল ও বল হয় ইহার পূর্ব্ব ধারামত সর্টিফিকটের তত্তুল্য ফল ও বল হইবে। যে কালেক্টর সাহেব ঐ সর্টিফিকট অর্পণ করাইলেন তিনি বাদী, ও সেই সর্টিফিকটে খাতক বলিয়া যাঁহার নাম থাকে তিনি প্রতিবাদী জ্ঞান হইবেন ইতি ।

[সর্টিফিকটের নোটিস দিবার কথা] ।

১৯ ধারা। কালেক্টর সাহেব তদ্রূপ কোন সর্টিফিকট অর্পণ করাইলে প্রতিবাদির নামে C চিহ্নিত তফসীলের পাঠে অগৌণে নোটিস দিবেন। ১৮৫৯ সালের ৮ আইনক্রমে প্রতিবাদির নামে সম্পত্তি স্থানান্তর করিবার নিষেধসূচক আজ্ঞা বাহির হইয়া ক্রোকের পরওয়ানা জারী হইবার যে ফল হইত ঐ প্রতিবাদিকে ঐ নোটিস দিবার দিবসাবধি ঐ সর্টিফিকটের বলে তাঁহার সকল সম্পত্তি তদ্রূপে বদ্ধ হইবে ইতি ।

[সর্টিফিকটে আপত্তি করিবার কথা ।]

২০ ধারা। তদ্রূপ সর্টিফিকট দ্বারা কোন ব্যক্তি উৎপাতগ্রস্ত হইলে, যে কালেক্টর সাহেব কর্তৃক ঐ সর্টিফি-

from the day on which the last mentioned notice shall have been served, apply by petition in the form in Schedule D to the Collector by whom such certificate may have been issued, that the same may be set aside or modified or varied. Such Collector, after receiving such application, shall fix a day for the hearing of such application and shall upon the day appointed for hearing such application, or any other day to which such hearing may be adjourned, proceed to hear and determine the application of such applicant, and may set aside or modify or vary such certificate; and every such Collector shall, for hearing and determining any such application, have all the powers in and by Act VIII of 1859 conferred upon the Court for the hearing and determination of claims to attached property; and in case such Collector shall direct the payment of any costs by such applicant, the amount of such costs shall, if the applicant be the defendant, be added to the amount expressed in such certificate, and be recoverable as if the same had been originally contained therein.

[Appeal on such application.]

XXI. Every order made by any Collector upon any such application shall be appealable to the Commissioner: provided alway that no appeal against any such order shall be brought after the expiration of one month from the date of the passing of such order.

[Power to enforce certificate.]

XXII. Every certificate made in pursuance of Section XVII may be enforced by all or any of the ways and means mentioned and provided in and by Act VIII of 1859 for the enforcement of decrees for money, and all the practice and procedure by the said Act VIII of 1859 and by Act XXIII of 1861, or by either of them, in respect of sales in execution of decrees in respect of arrest in execution of decrees for money, in respect of the execution of decrees by imprisonment, and in respect of the execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed, shall apply to every execution issued for levying the monies expressed in such certificate, save that all the duties, powers, and authorities by the said Act or either of them, imposed or conferred upon the Court, shall be exercised by the Collector in whose Office any such certificate or any copy thereof transmitted for execution, according to the provisions of Section CCLXXXVI of Act VIII of 1869, shall have been filed.

[Tenures sold to be registered.]

XXIII. Whenever any Collector shall have sold any tenure or farm in pursuance of any of

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রেল।]

কট বাহির করা যায় সেই ব্যক্তি তাঁহার নিকট শেষোক্ত নোটিস জারী হইবার দিনাবধি এক মাসের মধ্যে D চিহ্নিত তফসীলের পাঠে দরখাস্ত করিয়া ঐ সর্টিফিকট অন্যথা কি মতান্তর কি পরিবর্ত্তন করিবার প্রার্থনা করিতে পারিবেন। কালেক্টর সাহেব সেই দরখাস্ত পাইয়া শুনিবার দিন নিরূপণ করিবেন, ও সেই দিনে, কিম্বা সেই দিন কর্ম্ম স্থগিত করিয়া ঐ দরখাস্ত শুনিবার অন্য যে দিন নিরূপণ করেন সেই দিনে, ঐ প্রার্থকের প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবেন এবং সেই সর্টিফিকট ব্যর্থ কি মতান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন। ক্রোক করা সম্পত্তির উপর দাওয়া হইলে, আদালতের প্রতি ১৮৫৯ সালের ৮ আইনক্রমে সেই দাওয়া শুনিবার ও নির্ণয় করিবার যে সকল ক্ষমতা প্রদান হইয়াছে, পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের উক্ত প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবার সেই ক্ষমতা থাকিবে। যদি ঐ কালেক্টর সাহেব উক্ত প্রার্থকের খরচা দিবার আজ্ঞা করেন, তবে প্রতিবাদী ঐ প্রার্থক হইলে ঐ সর্টিফিকটে যে টাকা লেখা হইয়াছে তাহাতে খরচা সংযোগ করা যাইবে ও প্রথমে সেই সর্টিফিকটে লিখিত হওয়ার ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[ঐ দরখাস্তের উপর আপীলের কথা।]

২১ ধারা। কালেকুটর সাহেব তদ্রূপ দরখাস্তের বিষয়ে যে আজ্ঞা করেন তাহার উপর কমিসনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু ঐ আজ্ঞা করিবার দিনের পর এক মাস গত হইলে তাহার উপর আপীল হইতে পারিবে না ইতি।

[সর্টিফিকট প্রবল করিবার ক্ষমতার কথা।]

২২ ধারা। টাকা পাইবার ডিক্রী হইলে পর ১৮৫৯ সালের ৮ আইনক্রমে তাহা প্রবল করিবার যে পন্থা ও উপায় ব্যক্ত ও নির্দ্ধারিত হইয়াছে, ১৭ ধারাক্রমে যে সর্টিফিকট হয় তাহাও সেই সমস্ত কি অন্যতর উপায় দ্বারা প্রবল করা যাইতে পারিবে। এবং ১৮৫৯ সালের উক্ত ৮ আইন দ্বারা এবং ১৮৬১ সালের ২৩ আইন দ্বারা কিম্বা তন্মধ্য একতর আইনদ্বারা ডিক্রী জারীক্রমে বিক্রয় করিবার ও টাকার নিমিত্ত যে ডিক্রী হয় সেই ডিক্রী জারীক্রমে ব্যক্তিকে আসেধ করিবার, এবং কারাবন্ধনদ্বারা ডিক্রী জারী করিবার, এবং ডিক্রী যে আদালতে করা গেল তাহার ক্ষমতার বহির্ভুত স্থানে ডিক্রী জারী করিবার যে ব্যবহার ও যে কার্য্য প্রণালী হইয়াছে, ঐ সর্টিফিকটে লিখিত টাকা আদায় করণার্থ ডিক্রীর প্রতি সেই ব্যবহার ও সেই কার্য্য প্রণালী বর্ত্তিবে। কিন্তু উক্ত সমুদয় কি একতর আইনদ্বারা আদালতের প্রতি যে সকল কর্ম্ম ও শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে, উক্ত সর্টিফিকট কিম্বা ১৮৫৯ সালের ৮ আইনের ২৮৬ ধারার বিধানমতে জারী করণার্থে তাহার যে প্রতিলিপি পাঠান যায় সেই প্রতিলিপি যে কালেকুটর সাহেবের কাছারীতে অর্পণ করা যায়, তিনি সেই সকল কর্ত্তব্য কর্ম্ম ও সেই শক্তি ও ক্ষমতাক্রমে কার্য্য করিবেন ইতি।

[যে ভূমি বিক্রয় করা যায় তাহা রেজিষ্টর করিবার কথা।]

২৩ ধারা। কোন কালেকুটর সাহেব এই আইনের কোন বিধানানুক্রমে ভূমি কি ইজারা বিক্রয় করিলে

the provisions of this Act, he shall forthwith proceed to register the same in pursuance of the provisions of the said Act XI of 1859.

[Repeal of clauses.]

XXIV. From and after the passing of this Act, the Acts and Regulations and portions of Acts and Regulations in Schedule E set forth shall stand and be repealed, so far as they are in such Schedule mentioned to be repealed.

Construction of Act.]

XXV. This Act shall be read with, and taken as part of Act XI of 1859.

SCHEDULE A.

NOTICE.

To

of

Take notice that the estate in the Schedule hereto mentioned will, on the day of , or the first opportunity after be sold for arrears of Revenue.

Name of Estate.	Name of Proprietor.	Amount of Revenue due.	Place of sale.

A. B.,
Collector.

তিনি ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের বিধানানুসারে তাহা অগৌণে রেজিষ্টর করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[কএক ধারা রহিত করিবার কথা।]

২৪ ধারা। E চিহ্নিত তফসীলে যে আইন লিখিত হইয়াছে ও যে আইনের যে অংশ তাহাতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেই তফসীলের নির্দ্দিষ্টমতে রহিত হইবে ইতি।

[এই আইনের অর্থের কথা।]

২৫ ধারা। এই আইন ১৮৫৯ সালের ১১ আইনের সঙ্গে পঠিত হইয়া তাহার অংশ জ্ঞান হইবে ইতি।

A চিহ্নিত তফসীল।

নোটিস।

অমুক স্থানবাসি শ্রী অমুক প্রতি আগে।

বাকী রাজস্বের নিমিত্তে এই তফসীলের লিখিত মহাল অমুক সালের অমুক মাসের অমুক দিবসে কিম্বা তৎপরে প্রথম সুযোগ হইলে বিক্রয় করা যাইবে এই কথা অবগত হও।

মহালের নাম।	ভূম্যধিকারির নাম।	যত টাকা রাজস্ব বাকী।	নীলাম হইবার স্থান।

শ্রী অমুক।
কালেক্টর।

SCHEDULE B.

Certificate of arrear of Revenue or Demand filed in Office of Collector.

Name of Debtor.	Address.	Nature of Demand.	Amount of demand.	No. of Certificate.
C. D.				

I certify that the above-mentioned sum of Rupees is due to Government from the above-named C. D.

Dated this *day of* 18 .

A. B.,
Collector of

B চিহ্নিত তফসীল।

বাকী রাজস্বের কি দাওয়ার যে সর্টিফিকট কালেক্টরী কাছারীতে অর্পণ হইয়াছে তাহা।

খাতকের নাম।	বাসস্থানাদি।	দাওয়ার ভাব।	যত টাকার দাওয়া।	সর্টিফিকটের নম্বর।

উক্ত শ্রী অমুকের স্থানে গবর্ণমেণ্টের উক্ত এত টাকা পাওনা আছে ইহা নিশ্চিত জানাইলাম।

অমুক
জিলার কালেক্টর

সাল   তাং

SCHEDULE C.

To
C. D., of

Sir,

Take notice that a Certificate of No. , for the sum of Rs. , due from you on account of , has been this day filed by me in my office, and that I shall forthwith proceed to levy the amount according to law.

A. B.,
Collector of

This day of 186 .

C চিহ্নিত তফসীল।

অমুক স্থানবাসি শ্রী অমুক প্রতিআগে।

অমুক কারণে আপনকার স্থানে এত টাকা পাওনা হইলে আমি অদ্য অমুক নম্বরের অমুক সর্টিফিকুট আমার কাছারীতে অর্পণ করিয়াছি এবং আইনমতে অগৌণে সেই টাকা আদায় করিতে প্রবত্ত হইব, অপনার জানিবার নিমিত্তে লিখিয়া দিলাম।

শ্রী অমুক
জিলার কালেক্টর

সাল   তাং

SCHEDULE D.

To
The Collector of

The Petition of E. F., of

Sheweth,

That a Certificate under Act of 1868 of the Bengal Council, No. , for the sum of Rupees , has been filed in your office on the day of 186 .

That your Petitioner is aggrieved by the said Certificate.

That your Petitioner believes that such Certificate is erroneous upon the grounds following, that is to say,—

That the said grounds are, to the best of your Petitioner's belief, true in fact.

Your Petitioner therefore prays that the said Certificate may be set aside, or modified or varied.

D চিহ্নিত তফসীল।

অমুক জিলার কালেক্টর সাহেবের নিকটে অমুক স্থানবাসি শ্রী অমুকের প্রার্থনা পত্রমিদং।

বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৮ সালের অমুক আইনঅনুসারে এত টাকার জন্যে অমুক নম্বরের সর্টিফিকুট অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আপনকার কাছারীতে অর্পণ করা গিয়াছে।

উক্ত সর্টিফিকটদ্বারা আমার বড় আক্ষেপ হইয়াছে।

নিম্নলিখিত কতিপয় হেতুতে আমি সেই সর্টিফিকুট অশুদ্ধ জ্ঞান করি বিশেষতঃ

৫ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট সামান্য বেশ্যাদের ও বেশ্যালয়রক্ষকদের রেজিষ্টরী করিবার বিধি করিবেন। ও রেজিষ্টরী কার্য্য নির্ব্বাহার্থ কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবেন। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ কর্ম্মকারকদের বেতন ও অধীন আমলাদের সংখ্যা নিরূপণ করিবেন। আরো এই আইনের কার্য্যোপলক্ষে যে২ বহী ও যে২ পাঠ আবশ্যক, স্থানীয় গবর্ণমেন্ট সেই২ বহীপ্রভৃতি দেওয়াইবেন।

কোন বারস্ত্রী বেশ্যাসম্পর্কীয় উক্ত বিধিমতে কর্ম্ম করিলে এবং বেশ্যালয়রক্ষকসংক্রান্ত উক্ত বিধিমতে বেশ্যালয়রক্ষক কর্ম্ম করিলে, তাহারা এই আইনমতে রেজিষ্টরী হইয়াছে জ্ঞান হইবে। এবং স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ রেজিষ্টরী হইবার যদ্রূপ নিদর্শনপত্র নির্দ্দিষ্ট করেন, রেজিষ্টরী কার্য্যকারক তাহারদিগকে সেইরূপ নিদর্শনপত্র দিবেন।

তদ্রূপ প্রত্যেক স্ত্রীর নাম ও বয়স ও জাতি থাকিলে সেই জাতি ও বাসস্থান, এবং স্থানীর গবর্ণমেন্ট সময়ে২ ঐ স্ত্রীর অন্য যে বৃত্তান্ত লিখিতে আজ্ঞা করেন, এই সকল কথা লিখিবার এক বহীতে সেই কথা লিখিতে হইবে।

তদ্রূপ প্রত্যেক বেশ্যালয়রক্ষকের নাম ও বাসস্থান এবং যে বাটীতে কি ঘরে কি স্থানে আপনার সেই বৃত্তি চালায় তাহা যে স্থানে থাকে এই সকল কথা লিখিবার এক বহী রাখিতে হইবে, সেই বহীতে লেখা যাইবে ইতি।

[নিবাস পরিবর্ত্তনের কথা।

৬ ধারা। তদ্রূপ কোন স্ত্রী আপনার বাসস্থান পরিবর্ত্তন করিলে স্থানবিশেষের গবর্ণমেন্ট সময়ে২

person and in such manner as the Local Government shall from time to time direct, and the necessary alterations shall be made in the said book and in the evidence of registration furnished to her as aforesaid.

Any such woman failing to give notice as aforesaid shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to fourteen days, or with fine not exceeding fifty rupees, or with both.

Whenever any brothel-keeper changes his residence or acquires or enters into the occupation of any such house, room or place as last aforesaid, other than the house, room or place of which the situation has been registered as aforesaid, he shall give notice thereof to such person and in such manner as the Local Government shall from time to time direct, and the necessary alterations or additions shall be made in or to the said book and in the evidence of registration furnished to him as aforesaid.

Any such brothel-keeper failing to give notice as last aforesaid shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to one month, or with fine not exceeding one hundred rupees, or with both.

Refusal to show Evidence of Registration.

[Penalty for refusing to show evidence of registration.]

7. Any registered woman or brothel-keeper who, without reasonable excuse, neglects or refuses to produce and show the evidence of her or his registration with which she or he shall have been furnished as aforesaid, when required so to do by such officer as the Local Government shall from time to time appoint in this behalf, shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to fourteen days, or with fine not exceeding fifty rupees, or with both.

Information of the class of officers for the time being authorized to make requisitions under this section shall be furnished to registered women and brothel-keepers under such rules as the Local Government shall from time to time prescribe.

Special Provisions relating to Brothels.

[Penalty for permitting unregistered prostitutes to resort to brothels.]

8. If any brothel-keeper, whether registered as such under this Act or not, has reasonable cause to believe any woman to be a prostitute and not to be registered under this Act and induces or suffers her to resort or be, for the purpose of prostitution, to or in the house, room or place in which

যে ব্যক্তিকে ও যে প্রকারে সেই বিষয়ের সম্বাদ জানাইতে আজ্ঞা করেন ঐ স্ত্রী তাঁহাকে সেই প্রকারে ঐ কথা জানাইবে। এবং উক্ত বহীতে ও রেজিষ্টরী হইবার পূর্ব্বোক্ত যে নিদর্শনপত্র তাহাকে দেওয়া গিয়াছে তাহাতে ঐ কথার প্রয়োজনমতে পরিবর্ত্তন হইবে।

যদি তদ্রূপ কোন বার স্ত্রী উক্ত কথার সম্বাদ না দেয় তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার চৌদ্দ দিনের অনধিক কারাদণ্ড কিম্বা পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে।

যদি কোন বেশ্যালয়রক্ষক আপনার বাসস্থান পরিবর্ত্তন করে, কিম্বা যে বাটীর কি ঘরের কি স্থানের ঠিকানা পূর্ব্বোক্তমতে রেজিষ্টর করা গিয়াছে যদি তদ্ভিন্ন অন্য বাটী কি ঘর কি স্থান পায় কিম্বা তাহাতে প্রবেশ করে, তবে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে প্রকারে যে ব্যক্তির নিকট ঐ কথা জানাইতে আজ্ঞা করেন সেই ব্যক্তি তাঁহাকে সেই প্রকারে ঐ কথার সম্বাদ দিবে। এবং উক্ত বহীতে ও রেজিষ্টরী হইবার পূর্ব্বোক্ত যে নিদর্শনপত্র তাহাকে দেওয়া গিয়াছে তাহাতে প্রয়োজনমতে সেই পরিবর্ত্তিত কি অধিক কথা লেখা যাইবে।

যদি উক্ত বেশ্যালয়রক্ষক পূর্ব্বোক্ত সম্বাদ না দেয় তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, তাহার এক মাসের অনধিককাল কারাদণ্ড কিম্বা এক শত টাকার অনধিক অর্থদণ্ড কি ঐ দুই দণ্ড হইবে ইতি।

রেজিষ্টরী হইবার প্রমাণ না দেখাইলে তদ্বিষয়ের বিধি।

[রেজিষ্টরী হইবার নিদর্শনপত্র না দেখাইবার কথা।]

৭ ধারা। কোন রেজিষ্টরী বারস্ত্রী কি বেশ্যালয়রক্ষক পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হইবার যে নিদর্শনপত্র পায় স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কর্ম্মকারককে তৎপক্ষে নিযুক্ত করেন তিনি তাহাকে সেই পত্র বাহির করিয়া দেখাইতে আজ্ঞা করিলে যদি উপযুক্ত আপত্তি না থাকিলেও সেই বারস্ত্রী তাহা না দেখায় কি দেখাইব না কহে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে তাহার চৌদ্দ দিনের অনধিক কারাদণ্ড কিম্বা পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে।

এই ধারামতে যে সময়ে যে শ্রেণীর কর্ম্মকারকদের তদ্রূপ আদেশ করিবার ক্ষমতা থাকিবে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে বিধি করেন তদনুসারে ঐ রেজিষ্টরী বারস্ত্রীদিগকে ও বেশ্যালয়রক্ষককে তাঁহারদের নামাদি জ্ঞাত করা যাইবে ইতি।

বেশ্যালয়রক্ষকদের বিশেষ বিধি।

[বেশ্যারা রেজিষ্টরী না হইলে তাহারদিগকে বেশ্যাগারে যাইবার অনুমতি না দেওয়ার কথা।]

৮ ধারা। বেশ্যালয়রক্ষক এই আইনমতে রেজিষ্টরী হইয়া কি না হইয়া কোন স্ত্রী বেশ্যা কিন্তু এই আইনমতে রেজিষ্টরী হয় নাই যদি ইহা জানিবার উপযুক্ত হেতু পাইয়া তাহাকে বেশ্যাবৃত্তি করিবার জন্যে ঐ আলয়ে কি ঘরে কি স্থানে আনায় কি আসিতে কি থাকিতে দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের

he carries on his said business, he shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to one thousand rupees, or with both.

[Proviso.]

Provided that nothing in this or any other section of this Act shall exempt the offender from any penal or other consequences to which he may be liable for keeping or being concerned in keeping a brothel or disorderly house or for the nuisance thereby occasioned.

[Brothel-keepers legally bound to furnish information.]

9. Every such brothel-keeper shall be legally bound to furnish information on any subject relating to his business to such officers and in such manner and at such times as the Local Government shall from time to time prescribe in this behalf. Every such officer shall, for the purposes of this section, be deemed to be a public servant.

Examination of Prostitutes.

[Examination of prostitutes.]

10. The Local Government shall have power to appoint person to make periodical examinations of registered women in order to ascertain whether at the time of each such examination they are affected with contagious disease.

[Local Government may make rules as to examinations.]

11. For each of the places to which this Act applies, the Local Government may make rules consistent with this Act respecting the times and places of examination under this Act at that place, and generally respecting the arrangements for the conduct of those examinations and for recording the results thereof; and a copy of rules purporting to be rules under this section shall, if signed by a Secretary to such Government, be evidence of such rules for the purposes of this Act.

Reports.]

The Local Government may also require the persons making such examination to send in reports to such persons at such times and in such form as the Local Government shall from time to time prescribe.

[Penalty for disobeying rules.]

Any person not a medical officer appointed to make such examination, and any registered woman, disobeying any rule made under this section, shall, on conviction before a Magistrate, be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine not exceeding one hundred rupees, or with both.

সম্মুখে সপ্রমাণ হইলে তাহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে।

[উপবিধি।]

পরন্তু এই ধারার কিম্বা এই আইনের অন্য কোন ধারার যে বিধি হউক, বেশ্যালয় কিম্বা অনিয়মিত আচারের ঘর রাখিবার কি তাহাতে সম্পর্ক রাখিবার জন্যে কিম্বা তদ্দ্বারা যে অনিষ্ট হয় তন্নিমিত্ত অপরাধির যে দণ্ড কি অন্য ফলভোগ হইতে পারে তাহাহইতে সে ঐ বিধি হেতুক অব্যাহতি পাইবে না ইতি।

[আইনমতে বেশ্যালয়রক্ষকদিগের সন্ধান জানাইতে আবদ্ধ হইবার কথা।]

৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কার্য্যকারকদিগকে সন্ধান লইবার জন্যে নিযুক্ত করেন পূর্ব্বোক্ত প্রত্যেক বেশ্যালয়রক্ষক আইনমতে ঐ গবর্ণমেণ্টের নিরূপিত প্রকারে ও সময়ে তাঁহাকে আপনার বৃত্তি সংক্রান্ত কোন বিষয়ের সেই সন্ধান জানাইতে আবদ্ধ আছে। ঐ প্রত্যেক কর্ম্মকারক এই ধারার অভিপ্রায়ার্থে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন ইতি।

বেশ্যাদের দৈহিকাবস্থা পরীক্ষার বিধি।

[বেশ্যাদের দৈহিকাবস্থা পরীক্ষার কথা।]

১০ ধারা। তদ্রূপে যে বেশ্যাদিগকে রেজিষ্টরী করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট নিরূপিত সময়ান্তরে তাহাদের দৈহিকাবস্থা পরীক্ষা করিবার জন্যে লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। পরীক্ষার কালে তাহারদের স্পর্শাক্রামক রোগ আছে কি না ইহা নিশ্চয় করা সেই পরীক্ষার উদ্দেশ্য ইতি।

[পরীক্ষা বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের বিধান করিবার কথা।]

১১ ধারা। এই আইন যেং নগরীতে বর্ত্তে সেইং নগরীর অন্তর্গত যেং স্থানে ও যেং সময়ে পরীক্ষা করা যাইবে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এই বিষয়ের এই আইন সঙ্গত বিধান করিবেন এবং সেই পরীক্ষা কার্য্যপ্রণালী ও তাহার ফল লিখিয়া রাখিবার সাধারণ নিয়মও করিবেন। এবং উক্ত বিধান এই ধারামত বিধান বলিয়া ঐ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবকর্ত্তৃক স্বাক্ষরিত হইলে এই আইনের কার্য্যোপলক্ষে তাহাই ঐ বিধানের প্রমাণ হইবে।

[রিপোর্টের কথা।]

যে ব্যক্তিরা তদ্রূপ পরীক্ষা করে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে ব্যক্তিদের নিকট যে সময়ে যে পাঠে রিপোর্ট করিতে আদেশ করেন, তাঁহারদিগকে তদনুসারে রিপোর্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন।

[বিধান না মানিবার দণ্ডের কথা।]

এই ধারামতে যে বিধান করা যায়, চিকিৎসকভিন্ন কোন ব্যক্তি উক্ত পরীক্ষা করিতে নিযুক্ত হইলে সেই ব্যক্তি এবং রেজিষ্টরী কোন বেশ্যা যদি ইচ্ছাপূর্ব্বক সেই বিধান অমান্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে তাহার এক মাসের অনধিক কাল বিনাপরিশ্রমে কারাদণ্ড কিম্বা এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

Certified Hospitals.

[Local Government may provide and certify Hospitals.]

12. The Local Government may from time to time provide any buildings or parts of buildings as Hospitals for the purposes of this Act.

Any building or part of a building so provided and certified in writing by a Secretary to the Local Government to be so provided, shall be deemed a certified Hospital under this Act.

[Control of such Hospitals.]

Every certified Hospital so provided shall be placed under the control and management of such persons as to the Local Government shall from time to time seem fit.

[Regulations for management of Hospitals.]

13. The Local Government shall make regulations for the inspection, management, and government of the Hospitals as far as regards women authorized by this Act to be detained therein for medical treatment or being therein under medical treatment for a contagious disease.

A copy of regulations purporting to be regulations made under this section shall, if signed by a Secretary to such Government, be evidence of such regulations for the purpose of this Act.

[Registered prostitutes on receiving notice to go to Hospital.]

14. Any woman registered under this Act shall, on receiving notice from any such officer as the Local Government shall from time to time appoint in this behalf, proceed to the certified Hospital named in such notice and place herself there for medical treatment.

[Penalty for neglect or refusal.]

If after the notice is delivered to her, she neglects or refuses to proceed to the said Hospital within the time specified in the said notice, an officer of Police shall apprehend her and convey her with all practicable speed to such Hospital, and place her there for medical treatment.

[Detention of prostitutes under medical treatment.]

15. Whenever any such woman affected with contagious disease places herself or is placed as aforesaid in a certified Hospital for medical treatment, she shall be detained there for that purpose by such medical officer of the Hospital as the Local Government shall from time to time appoint in this behalf until discharged by him by writing under his hand.

[*Government Gazette, 6th May* 1868.]

সর্টিফিকটযুক্ত হাস্পাতালের বিধি।

[স্থানীয় গবর্ণমেন্টকর্ত্তৃক হাস্পাতালের নিরূপণ ও সর্টিফিকট দেওনের কথা।]

১২ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ এই আইনের কার্য্যের নিমিত্তে কোন আলয় কিম্বা আলয়ের অংশ হাস্পাতাল স্বরূপ নিরূপণ করিতে পারিবেন।

কোন আলয় কিম্বা আলয়ের কোন অংশ সেই প্রকারে নিরূপিত হইলে, এবং তাহা তদর্থে নিরূপিত হইয়াছে স্থানীয় গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেব লিখনক্রমে এই মর্ম্মের সর্টিফিকট দিলে, তাহা এই আইনমত সর্টিফিকটযুক্ত হাস্পাতাল অর্থাৎ সংশিতপত্রপ্রাপ্ত চিকিৎসালয় জ্ঞান হইবে।

[তদ্রূপ হাস্পাতালের উপর কর্ত্তৃত্বের কথা।]

সর্টিফিকটপ্রাপ্ত যে প্রত্যেক হাস্পাতাল তদ্রূপে নিরূপিত হয়, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ যে ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন তাহা তাঁহাদের তত্ত্বাধীনে ও অধ্যক্ষতায় থাকিবে ইতি।

[তদ্রূপ হাস্পাতালের কার্য্য সম্পাদনার্থ বিধানের কথা।]

১৩ ধারা। এই আইনমতে স্পর্শাক্রামক রোগের চিকিৎসা পাইবার জন্যে যে বারস্ত্রীদিগকে রাখিবার অনুমতি হয় এবং যাহারা তজ্জন্যে তথায় থাকে, স্থানীয় গবর্ণমেন্ট সেই২ স্ত্রী সম্পর্কে ঐ হাস্পাতালের পরিদর্শন ও কার্য্যসম্পাদন ও শাসনের বিধান করিবেন।

ঐ বিধান এই ধারামত বিধান বলিয়া ঐ গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের দ্বারা স্বাক্ষর করা গেলে তাহা এই আইনের কার্য্যোপলক্ষে ঐ বিধানের প্রামণপত্র হইবে ইতি।

[নোটিস পাইলে রেজিষ্টরী বেশ্যাদের হাস্পাতালে যাইবার কথা।]

১৪ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি এই আইনমতে রেজিষ্টরী হওয়া কোন স্ত্রীকে নোটিস দিলে, ঐ নোটিসে সর্টিফিকটপ্রাপ্ত যে হাস্পাতালের নাম লেখা থাকে ঐ স্ত্রীর সেই হাস্পাতালে গিয়া চিকিৎসার জন্যে থাকিতে হইবে।

[না যাইবার কি যাইব না ইহা কহিবার দণ্ডের কথা।]

নোটিস দেওয়া গেলে যদি ঐ স্ত্রী নোটিসের লিখিত সময়ের মধ্যে সেই হাস্পাতালে না যায় কিম্বা যাব না কহে, তবে পোলীসের কর্ম্মকারক তাহাকে ধরিয়া সাধ্যমতে ত্বরায় ঐ হাস্পাতালে চালান করিয়া তাহাকে চিকিৎসার জন্যে তথায় রাখিবেন ইতি।

[চিকিৎসা করিবার জন্যে বেশ্যাকে আটক রাখিবার কথা।

১৫ ধারা। তদ্রূপ কোন বারস্ত্রী স্পর্শাক্রামক রোগাক্রান্ত হইয়া চিকিৎসার জন্যে সর্টিফিকটপ্রাপ্ত হাস্পাতালে গেলে কিম্বা তাহাকে পূর্ব্বোক্তমতে ঐ হাস্পাতালে রাখা গেলে, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ হাস্পাতালের যে চিকিৎসককে তৎপক্ষে নিযুক্ত করেন তিনি যত কাল স্বহস্তে লিখিয়া তাহাকে যাইবার অনুমতি না দেন তত কাল সেই বারস্ত্রীকে চিকিৎসার জন্যে তথায় আটক করিয়া রাখা যাইবে।

Medical treatment, lodging, clothing and food shall be provided gratis for every such woman during her detention in the Hospital.

[Penalty for leaving Hospital before discharge.]

16. If any woman, authorized by such medical officer to be detained in a certified Hospital for medical treatment, quits the Hospital without being discharged therefrom by the chief medical officer thereof, by writing under his hand (the proof whereof shall lie on the accused), or.

[Penalty for disobeying regulations of Hospital.]

If any woman authorized by this Act to be detained in a certified Hospital for medical treatment, or any woman being in a certified Hospital under medical treatment for a contagious disease, refuses or wilfully neglects while in the Hospital to conform to the regulations thereof approved under this Act,

then and in every such case such woman shall, on conviction before a Magistrate, be punished with imprisonment, in the case of a first offence, for any term not exceeding one month and in the case of a second or any subsequent offence, for any term not exceeding three months; and in case she quits the Hospital without being discharged as aforesaid, she may be taken into custody without warrant by any officer of police.

On the expiration of her term of imprisonment under this section, such woman shall be sent back from the prison to the certified Hospital, and shall be detained there unless the medical officer of the prison at the time of her discharge from imprisonment certifies in writing that she is free from contagious disease (the proof of which certificate shall lie on her.)

Out-door Treatment of prostitutes.

[Power to make rules for out-door treatment of registered women.]

17. It shall be lawful for the Local Government to empower such Surgeons or other persons as it shall from time to time appoint, to prescribe, by order to be served on any woman registered under this Act, who has not received a notice under section fourteen, the times and places at which she shall attend for medical treatment, and, if necessary, the medical treatment to which she shall submit.

Every such woman disobeying or failing to comply with any such order, shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to a month, or with fine not exceeding one hundred rupees, or with both.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

তদ্রূপ প্রত্যেক স্ত্রী যত কাল হাস্পাতালে থাকে তত কাল তাহার ঔষধ ও থাকিবার স্থান ও বস্ত্র ও আহারের খরচ লাগিবে না ইতি।

[বিদায়পত্র না পাইয়া হাস্পাতালহইতে যাইবার দণ্ডের কথা।]

১৬ ধারা। উক্ত চিকিৎসকের আজ্ঞাক্রমে কোন বারস্ত্রীকে চিকিৎসার জন্যে সর্টিফিকটপ্রাপ্ত হাস্পাতালে আটক করিয়া রাখা গেলে, যদি সেই স্ত্রী প্রধান চিকিৎসকের স্বহস্তলিখিত পত্রদ্বারা ঐ হাস্পাতালহইতে বিদায় না পাইয়া তথাহইতে চলিয়া যায়, (ঐ বিদায় পাইয়াছে কি না এই বিষয়ে ঐ স্ত্রীর প্রমাণ করিতে হইবে) অথবা

[চিকিৎসালয়ের নিয়ম না মানিবার দণ্ডের কথা।]

সর্টিফিকটপ্রাপ্ত কোন স্ত্রীকে হাস্পাতালে চিকিৎসার জন্যে আটক রাখিবার অনুমতি হইলে, কিম্বা কোন স্ত্রী স্পর্শাক্রামক রোগের চিকিৎসা পাইবার নিমিত্তে সর্টিফিকুটপ্রাপ্ত হাস্পাতালে থাকিলে, এই আইনক্রমে যে বিধির অনুমোদন হইয়াছে যদি সেই স্ত্রী হাস্পাতালে থাকন কালে সেই বিধিমতে কর্ম্ম করিতে সম্মতা না হয় কিম্বা ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করে,

তবে তদ্রূপ প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে ঐ স্ত্রীর প্রথম অপরাধ হেতুক এক মাসের অনধিক ও দ্বিতীয় কিম্বা তৎপরে কোন বার অপরাধ হইলে তিন মাসের অনধিক কাল কারাদণ্ড হইবে, । যদি পূর্ব্বোক্তমতে বিদায় না পাইয়া হাস্পাতালহইতে চলিয়া যায়, তবে পোলীসের কোন কর্ম্মকারক পরওয়ানা বিনা তাহাকে ধরিয়া আটক করিতে পারিবেন।

এই ধারামতে ঐ বারস্ত্রীর কারাদণ্ডের কাল পূর্ণ হইলে, তাহাকে কারাগারহইতে সর্টিফিকুটপ্রাপ্ত হাস্পাতালে ফিরিয়া পাঠান যাইবে। এবং কারাগারহইতে মুক্ত হইবার সময়ে তাহার স্পর্শাক্রামক রোগ ছিল না যদি কারাগারের চিকিৎসক এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দেন, তবে তাহাকে হাস্পাতালে থাকিতে হইবে। ঐ সর্টিফিকটের প্রমাণ করিবার ভার ঐ স্ত্রীর প্রতি বর্ত্তিবে ইতি।

ঘরে থাকিয়া বেশ্যাদের চিকিৎসা পাইবার বিধি।

[রেজিষ্টরী বারস্ত্রীদের স্বগৃহে চিকিৎসা করিবার বিধি করণের ক্ষমতার কথা।]

১৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যে সরজন কি অন্য ব্যক্তিদিগকে সময়েং নিযুক্ত করেন তাঁহারদিগকে এই ক্ষমতা দিতে পারিবেন, যে এই আইনমতে রেজিষ্টরী হওয়া যে স্ত্রী চৌদ্দ ধারামত নোটিস না পায় তাঁহারা তাহাকে চিকিৎসার জন্যে অমুক সময়ে ও স্থানে উপস্থিত হইবার অনুজ্ঞাপত্র দেন এবং আবশ্যক হইলে তাহার যদ্রূপ ঔষধ সেবন করিতে হইবে ইহাও নিরূপণ করেন।

যদি তদ্রূপ কোন স্ত্রী তদ্রূপ বিধি কি আজ্ঞা অমান্য করে, কিম্বা তদনুসারে কর্ম্ম না করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে, তাহার এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

[Penalty for acting as a prostitute while under medical treatment.]

18. If any registered woman on whom such order as last aforesaid shall have been served, conducts herself as a common prostitute before such surgeon or other person empowered as last aforesaid certifies in writing to the effect that she is then free from a contagious disease (the proof of which certificate shall lie on her), she shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to six months, or with fine not exceeding five hundred rupees, or with both.

[Subsistence allowance.]

19. During the interval between the service of such order upon any registered woman and the granting of such certificate, an allowance for her subsistence shall be provided of such amount and in such manner as the Local Government shall from time to time prescribe.

Segregation of Prostitutes.

[Penalty for residing in street or place after prohibition.]

20. In any place to which the Local Government shall, by notification in the official Gazette, have specially extended this section, it shall be lawful for such officer as the Local Government shall from time to time appoint in this behalf, to cause a notice to be served on any registered woman, requiring her, after an interval of not less than seven days to be mentioned in the notice, not to reside in any street or place therein specified.

Any registered woman on whom such notice shall have been served disobeying the requisition therein contained shall, on conviction before a Magistrate, be punished with imprisonment, in the case of a first offence, for any term not exceeding one month, and in the case of a second or any subsequent offence, for any term not exceeding three months.

Removal from Registry.

[Removal of name from Registry.]

21. The Local Government shall lay down rules prescribing a procedure in accordance with which any woman registered under this Act and desirous of ceasing to carry on the business of a common prostitute in the place at which she is registered and of having her name removed from the said book may have her name removed accordingly.

Miscellaneous.

[Institution of prosecutions.]

22. No prosecution shall be instituted under this Act except at the instance of such officer as the Local Government shall from time to time appoint in this behalf.

[চিকিৎসা হইবার সময়ে বেশ্যাচার করিবার দণ্ডের কথা।]

১৮ ধারা। রেজিষ্টরী করা যে স্ত্রীকে শেষোক্ত প্রকারের আজ্ঞা দেওয়া গেল, সেই স্ত্রী স্পর্শাক্রামক রোগহইতে মুক্তা উক্ত সরজন কিম্বা শেষোক্ত প্রকারের ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি তাহাকে এই মর্ম্মের সর্টিফিকট না দিলেও (যদি দেন তবে তাহার প্রমাণ করিবার ভার সেই স্ত্রীর প্রতি বর্ত্তিবে) যদি সাধারণ বেশ্যার কর্ম্ম করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে, তাহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

[খোরাকীর কথা।]

১৯ ধারা। রেজিষ্টরী কোন স্ত্রীকে উক্ত আজ্ঞা দেওন সময়ের ও উক্ত সর্টিফিকট পাইবার মধ্যে যে কাল ব্যবধান, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যদ্রূপে যত টাকা নির্দ্ধার্য্য করেন ঐ স্ত্রীকে সেই কাল পর্য্যন্ত তত টাকা খোরাকী দেওয়া যাইবে ইতি।

বেশ্যাদের পৃথক স্থানে বাস করিবার বিধি।

[নিষেধ হইলে পর কোন রাস্তার কি স্থানে বাস করিলে দণ্ডের কথা।

২০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই ধারা যে থানে প্রচলিত হইবে এমত বিশেষ স্থান নিরূপণ করিলে সেই স্থানে ঐ গবর্ণমেণ্ট এই কার্য্যের নিমিত্তে সময়ে২ যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি কোন রেজিষ্টরী স্ত্রীকে এই মর্ম্মের নোটিস দিতে পারিবেন যে, ঐ নোটিসের লিখিত দিনের পর সাত দিনের অন্যূন কালাবধি ঐ স্ত্রী ঐ নোটিসের নির্দ্দিষ্ট অমুক পথে কি স্থানে বাস করিবে না।

কোন রেজিষ্টরী স্ত্রীকে সেই মর্ম্মের নোটিস দেওয়া গেলে যদি সে তল্লিখিত আজ্ঞা না মানে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সপ্রমাণ হইলে প্রথম বার ঐ অপরাধ করিলে তাহার এক মাসের অনধিক কারাদণ্ড দ্বিতীয় বার ও তৎপরে কোনবার করিলে তাহার তিন মাসের অনধিক কারাদণ্ড হইবে ইতি।

রেজিষ্টরহইতে উঠাইবার কথা।

[রেজিষ্টরহইতে নাম তুলিবার কথা।]

২১ ধারা। কোন বারস্ত্রী এই আইনমতে রেজিষ্টর হইলে পর যে স্থানে রেজিষ্টর হইয়াছে যদি সেই স্থানে সামান্য বেশ্যাবৃত্তি ত্যাগ করিয়া উক্ত বহীহইতে আপনার নাম উঠাইয়া ফেলিতে চাহে তবে স্থানীয় গবর্ণমেণ্ট তদনুযায়ি কার্য্য হইবার প্রণালীর বিধি করিতে পারিবেন ইতি।

বিবিধ বিধি।

[অভিযোগ করিবার কথা।]

২২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এতৎ কার্য্যোপলক্ষে সময়ে২ যে কার্য্যকারককে নিযুক্ত করেন তদ্ভিন্ন এই আইনমত মোকদ্দমা অন্য কাহারও যত্নে উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

[*Government Gazette,* 5*th May* 1868.]

[Presumption as to signatures.]

23. In any proceeding under this Act, any notice, order, certificate, copy of regulations, or other document purporting to be signed by any person in the service of Government, or by any person whom the Local Government shall have, in exercise of the powers conferred on it by this Act, appointed to sign such document, shall on production be received in evidence and shall be presumed to have been duly signed by the person and in the character by whom and in which it purports to be signed, until the contrary is shewn.

[Service of notice.]

24. Every notice and order required by this Act to be served on a woman shall be served by delivery thereof either to her personally or to some person for her at her usual place of abode.

[Limitation of suits.]

25. Any suit against any person for anything done in pursuance of this Act, shall be commenced within three months after the thing done, and not otherwise.

Notice in writing of every such suit and of the cause thereof shall be given to the intended defendant one month at least before the commencement of the suit.

The plaintiff shall not recover if tender of sufficient amends is made before suit, or if a sufficient sum of money is paid into Court after suit brought by or on behalf of the defendant.

[Power to make rules.]

26. The Local Government shall have power from time to time to declare by what officer anything directed to be done by this Act shall be done, and by what class of officers information regarding anything made an offence by this Act shall be exclusively furnished.

The Local Government may also from time to time make rules consistent with this Act for the guidance of officers in all matters connected with its enforcement.

The Local Government may also from time to time alter and add to any rules or regulations made under this Act: Provided that such alterations and additions are not inconsistent with any of the provisions hereinbefore contained.

WHITLEY STOKES,

Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৮ । ৫ মে ।]

[স্বাক্ষর সংক্রান্ত অনুভূতির কথা ।]

২৩ ধারা । এই আইনঅনুযায়ি কোন মোকদ্দমা প্রভৃতিতে কোন নোটিস কি আজ্ঞাপত্র কি সর্টিফিকট কিম্বা বিধির প্রতিলিপি কি অন্য দলীল গবর্ণমেণ্টের কোন কর্ম্মকারকের স্বাক্ষরযুক্ত, কিম্বা এই আইনক্রমে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে ঐ গবর্ণমেণ্ট যে ব্যক্তিকে কোন নোটিস প্রভৃতিতে স্বাক্ষর করিতে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষর যুক্ত হইয়াছে, যদি এমত ভাব দর্শায়, তবে তাহা উপস্থিত করা গেলে প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে। ও যত কাল বিপরীত প্রমাণ না হয়, তত কাল যে ব্যক্তির দ্বারা ও তদীয় যে পদোপলক্ষে ও যে অভিপ্রায়ার্থে স্বাক্ষরিত হইবার মর্ম্ম দেখায়, যথার্থ সেই ব্যক্তির দ্বারা সেই পদোপলক্ষে সেই অভিপ্রায়ে স্বাক্ষর করা গেল এমত জ্ঞান হইবে ইতি ।

[নোটিস দিবার কথা ।]

২৪ ধারা । এই আইনদ্বারা বারস্ত্রীকে যে নোটিস ও আজ্ঞাপত্র দিবার প্রয়োজন হয় তাহা নিজ সেই স্ত্রীকে কিম্বা তাহার নিরত বাসস্থানে কোন ব্যক্তিকে দেওয়া গেলে জারী হইবে ইতি ।

[মোকদ্দমা করিবার সময়ের কথা ।]

২৫ ধারা । এই আইনঅনুসারে কোন ব্যক্তির নামে কোন কার্য্য হেতুক মোকদ্দমা হইলে, ঐ কার্য্যের যাইবার পর তিন মাসের মধ্যে মোকদ্দমা আরম্ভ করিতে হইবে । নতুবা নয়।

যাহাকে প্রতিবাদী করিবার মনস্থ থাকে, মোকদ্দমার আরম্ভের ন্যূনকল্পে এক মাস পূর্ব্বে ঐ মোকদ্দমার নোটিস ও তাহার হেতু লিখিত হইয়া তাঁহাকে দেওয়া যাইবে ।

যদি মোকদ্দমা করিবার পূর্ব্বে ক্ষতিপূরণের যথাযোগ্য প্রস্তাব করা যায়, কিম্বা মোকদ্দমার আরম্ভ হইলে পর যদি প্রতিবাদী কিম্বা তাহার সপক্ষ কোন ব্যক্তি আদালতে যথোপযুক্ত টাকা দেয়, তবে বাদী মোকদ্দমার বিচারক্রমে পাইবে না ইতি ।

[বিধি করিবার ক্ষমতার কথা ।]

২৬ ধারা । এই আইনেতে যেং কর্ম্ম করিবার আজ্ঞা হইয়াছে কে তাহা করিবেন, এবং এই আইনদ্বারা যাহা অপরাধ বলিয়া ব্যক্ত হইয়াছে, কেবল কোন্ শ্রেণীর কার্য্যকারকেরা তাহার সন্ধান জানাইবেন স্থানীয় গবর্ণমেণ্ট ইহা সময়েং প্রকাশ করিতে সক্ষম হইবেন ।

এবং কর্ম্মকারকেরা এই আইন প্রবল করণ সংক্রান্ত সকল বিষয়ে যে বিধিমতে কর্ম্ম করিবেন, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এই আইন সঙ্গত এমত বিধি করিতে পারিবেন ।

আরো এই আইনমতে যে বিধি করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং তাহা পরিবর্ত্তন ও বৃদ্ধি করিতে পারিবেন। কেবল সেই পরিবর্ত্তিত ও বর্দ্ধিত বিষয় এই আইনের লিখিত কোন বিধানের অসঙ্গত না হয়।

উইটলি ষ্টোক্‌স ।

দেশীয় ব্যবস্থান কর্ম্ম বিভাগে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী ।

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 17th April 1868, and is hereby promulgated for general information :—

ACT No. XV OF 1868.

An Act to provide for the collection of fees, by means of stamps, in the High Courts and the Courts of Small Causes at the Presidency Towns.

[Preamble.]

WHEREAS it is expendient to amend the law relating to the collection of fees in the High Courts of Judicature and the Courts of Small Causes at Fort William in Bengal, Madras and Bombay ; It is hereby enacted as follows :—

[Short title.]

1. This Act may be called "The High Court Fees. Act, 1868."

[Repeal of Act XX of 1862, sections 1, 3 and 4.]

2. Sections one, three and four of Act No. XX of 1862 (*to provide for the levy of Fees and Stamp Duties in the High Court of Judicature at Fort William in Bengal ; and to suspend the operation of certain sections of Act VIII of 1859 in the said High Court*) are hereby repealed.

[Fees to be collected by stamps.]

3. All fees for the time being chargeable in the High Courts of Judicature and the Courts of Small Causes at Fort William in Bengal, Madras and Bombay, and their several offices shall be collected by stamps from such date, in the said High Court of Judicature in Fort William, as the Governor General of India in Council shall notify in the *Gazette of India*, and from such date, in the said other High Courts and in each of the said Courts of Small Causes, as the Local Government shall notify in the local official Gazette.

[Stamps to be impressed or adhesive.]

4. All or any stamps to be used under this Act shall be impressed or adhesive as the Local Government may from time to time direct.

[General rules to be made by Local Government.]

5. The Local Government, with the concurrence of the Chief Justice of the High Court, in the case of such Court, and with the concurrence of the First Judge of the Court of Small Causes, in the case of such Court, may, from time to time, make rules for regulating the use of stamps under this Act, and particularly for prescribing the application thereof to documents from time to time in use or required to be used for the purposes of such stamps, and for insuring the proper cancellation of such

[*Government Gazette*, 5*th May* 1868.]

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের আপ্রিল মাসের ১৭ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১৫ আইন।

ভিন্ন২ রাজধানীর হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ইষ্টাম্পদ্বারা রসুম আদায় করিবার বিধান করণার্থ আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ফী আদায় করিবার যে আইন আছে তাহা সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[সংক্ষেপ নামের কথা।]

১ ধারা। এই আইন "১৮৬৮ সালের হাই কোর্টের রসুমের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[১৮৬২ সালের ২০ আইনের ১, ৩, ৪, ধারা রহিত হইবার কথা।]

২ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে রসুম ও ইষ্টাম্পের মাসুল আদায়ের বিধান করিবার ও উক্ত হাই কোর্টে ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা স্থগিত করিবার আইন নামক ১৮৬২ সালের ২০ আইনের প্রথম ও তৃতীয় ও চতুর্থ ধারা এতৎক্রমে রহিত করা গেল ইতি।

[ইষ্টাম্পদ্বারা রসুম আদায় করিবার কথা।]

৩ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ও তদধীন নানা কার্য্যালয়ে যে সময়ে যে ফী কি রসুম প্রাপ্য হয় তাহা ইষ্টাম্পদ্বারা আদায় করা যাইবে। এই নিয়ম ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে যে তারিখ অবধি চলিবে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে সেই তারিখ প্রকাশ করিবেন। এবং উক্ত অন্য২ হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে তারিখ অবধি চলিবে, স্থানীয় গবর্ণমেণ্ট স্ব২ স্থানের রাজকীয় গেজেটে তাহা প্রকাশ করিবেন ইতি।

[ইষ্টাম্প মুদ্রিত করিবার কিম্বা আটাল হইবার কথা।]

৪ ধারা। এই আইনমতে যে ইষ্টাম্পের ব্যবহার হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যদ্রূপ আজ্ঞা করেন, তদ্রূপে সেই সকল কি তন্মধ্যে কোন২ ইষ্টাম্প মুদ্রিত করা যাইবে ও কোন২ ইষ্টাম্প আটাল হইবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ বিধি করিবার কথা।]

৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমতে ইষ্টাম্প ব্যবহার করিবার বিধান নিরূপণের জন্যে বিধি করিবেন, বিশেষতঃ সময়ে২ যে দলীলে ইষ্টাম্পের ব্যবহার হয় কি ব্যবহার করিবার আজ্ঞা হইবে তৎপ্রতি ঐ বিধি বর্ত্তাইবার জন্যে, এবং ইষ্টাম্প একবার ব্যবহার হইলে তাহার পুনশ্চ ব্যবহার হইতে না পারিবার এবং যে ইষ্টাম্পের হানি কি ক্ষয় হয় তাহা নূতন বসাইবার এবং এই আইনমতে যে সকল ইষ্টাম্পের ব্যবহার হয়, তাহার হিসাব রাখিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ হাই কোর্ট সম্পর্কে চীফ জষ্টিস সাহেবের ও ক্ষুদ্র

stamps, the renewal of damaged or spoilt stamps, and keeping accounts of all stamps used under this Act.

[Documents not properly stamped to be invalid.]

6. No document which ought to bear a stamp under this Act shall be of any validity unless and until it is properly stamped; but if any such document is through mistake or inadvertence received, filed, or used, in the High Court or the Court of Small Causes, without being properly stamped, a Judge of the High Court or of the Court of Small Causes (as the case may be) may, if he thinks fit, order that the same be stamped as in such order may be directed, and on such document being stamped accordingly, the same and every proceeding relative thereto shall be as valid as if it had been properly stamped in the first instance.

[Amendment of stamped instrument.]

7. Where any such document is amended in order merely to correct a mistake and to make it conform to the original intention of the parties, it shall not be necessary to impose a fresh stamp.

[Saving of fees allowed to sheriff, &c.]

8. Nothing in this Act shall apply to the fees allowed to the sheriff or attorneys of the High Court, or to the fess which any officer of such Court shall be allowed to receive in addition to any fixed salary.

[Procedure in case of difference as to necessity of imposing a stamp.]

9. If any difference arise between the officer whose duty it is to see that any stamp is affixed under this Act and any suitor or attorney, as to the necessity of imposing a stamp or the amount thereof, the question shall, when the difference arises in the High Court, be referred to the Taxing Officer, whose decision thereon shall be final, except when the question is, in his opinion, one of general importance, in which case he shall refer it to the final decision of the Chief Justice of the High Court.

When any such difference arises in any of the said Courts of Small Causes, the question shall be referred to the Clerk of the Court, whose decision thereon shall be final, except when the question is, in his opinion, one of general importance, in which case he shall refer it to the final decision of the First Judge of such Court.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

মোকদ্দমার আদালত সম্পর্কে ঐ আদালতের প্রধান জজ সাহেবের অনুমোদনক্রমে বিধি করিবেন ইতি।

[দলীলে উপযুক্ত ইষ্টাম্প না থাকিলে তাহা অসিদ্ধ হইবার কথা।]

৬ ধারা। যে দলীলে এই আইনমতে ইষ্টাম্প দেওয়া উচিত তাহাতে যত কাল উপযুক্ত ইষ্টাম্প না দেওয়া যায় তত কাল তাহার ফল দর্শিবে না। কিন্তু তদ্রূপ কোন দলীলে উপযুক্ত ইষ্টাম্প না থাকিলেও যদি ভুল কি অমনোযোগক্রমে তাহা হাই কোর্টে কি ক্ষুদ্র মোকদ্দমার আদালতে গৃহীত হইয়া কাগজপত্রের মধ্যে দেওয়া গিয়া কি ব্যবহার হইয়া থাকে, তবে হাই কোর্টের কিম্বা স্থল বিশেষে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন জজ সাহেব উচিত বোধ করিলে তাহাতে স্বীয় অনুজ্ঞাক্রমে ইষ্টাম্প দিবার আজ্ঞা করিবেন, ঐ দলীল ও তৎসংক্রান্ত সমস্ত কার্য্য আদৌ উপযুক্তমতে ইষ্টাম্প হইয়া যেমন সিদ্ধ হইত ঐ দলীলে তদ্রূপ ইষ্টাম্প দেওয়া গেলে তেমনি সিদ্ধ হইবে ইতি।

[ইষ্টাম্পকরা দলীল সংশোধনের কথা।]

৭ ধারা। যে দলীলে ইষ্টাম্প দেওয়া গেল যদি কেবল অশুদ্ধ কথা শুধরাইবার এবং উভয় পক্ষের মূল অভিপ্রায়ানুযায়ি করিবার নিমিত্তে তাহার সংশোধন করা যায়, তবে নূতন ইষ্টাম্প দেওয়ার আবশ্যক নাই ইতি।

[শরিফপ্রভৃতির ফী রক্ষা করিবার কথা।]

৮ ধারা। হাই কোর্টের শরিফের কিম্বা আটর্ণীর যে ফী লইবার অনুমতি হইয়াছে তাহার প্রতি কিম্বা ঐ কোর্টের কোন কর্ম্মকারক নির্দ্ধারিত বেতনাতিরিক্ত ফী কি রসুম গ্রহণ করিবার অনুমতি পাইলে তৎপ্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[ইষ্টাম্প বসাইবার আবশ্যকতা বিষয়ে মতের অনৈক্য হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৯ ধারা। এই আইনমতে ইষ্টাম্প বসান যায় এই বিষয়ে অবধান করা যে কার্য্যকারকের কর্ত্তব্য কোন দলীলে ইষ্টাম্প বসান আবশ্যক কি না এবং কত মূল্যের ইষ্টাম্প বসাইতে হইবে এই বিষয়ে যদি তাঁহার এবং কোন বাদির কি প্রতিবাদির কি আটর্ণীর মধ্যে মতের অনৈক্য হইয়া থাকে, তবে ঐ বিবাদ হাই কোর্টে হইলে সেই কথা টাক্সিং আফিসরের বিবেচনায় অর্পিত হইবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু উক্ত অর্পিত প্রশ্নের উত্তরে সাধারণের ফলাফল দর্শিবে তিনি এমত অনুভব করিলে হাই কোর্টের চিফ জষ্টিস সাহেবের চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সেই প্রশ্ন অর্পণ করিবেন।

যদি ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতে তদ্রূপ বিবাদ উপস্থিত হয়, তবে আদালতের ক্লার্কের বিচারার্থে অর্পিত হইবে, তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে। কিন্তু যদি সেই বিবাদীয় বিষয় তাহার বিবেচনায় সাধারণের লাভালাভজনক হইতে পারে, তবে ঐ আদালতের প্রধান জজ সাহেবের চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে তাহা অর্পণ করিবেন ইতি।

উইটলি ষ্টোক্স।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 24th April 1868, and is hereby promulgated for general information:—

ACT NO. XVI OF 1868.

An Act to consolidate and amend the law relating to Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs in Bengal, and for other purposes.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to Principal Sadr Amíns and Munsifs in the territories respectively under the Governments of the Lieutenant-Governor of the Lower Provinces and of the Lieutenant-Governor of the North-Western Provinces of the Presidency of Fort William in Bengal, and to abolish the office of Sadr Amín, and to alter the designation of the officers now styled Principal Sadr Amíns; And whereas it is also expedient to provide for the investment of Subordinate Judges and Munsifs in such territories with the jurisdiction of Judges of Courts of Small Causes beyond the local limits of the ordinary original civil jurisdictions of the High Courts of Judicature; It is hereby enacted as follows:—

PRELIMINARY.

[Repeal of enactments.]

1. The Regulations of Acts mentioned in the schedule to this Act are hereby repealed to the extent specified in the third column of the same schedule.

[Interpretation clause.]

2. In this Act—

["Local Government."]

"Local Government" means the Lieutenant-Governor of the Lower Provinces, or the Lieutenant-Governor of the North-Western Provinces of the said Presidency, as the case may be:

["High Court."]

"High Court" means the High Court of Judicature at Fort William, or the High Court of Judicature of the North-Western Provinces of the said Presidency, as the case may be; and

["District Judge."]

"District Judge" means the Judge of a principal civil court of original jurisdiction.

[Extent of Act.]

3. This Act extends only to the territories for the time being respectively under the Governments of the Lieutenant-Governor of the Lower Provinces and Lieutenant-Governor of the North-Western Provinces of the said Presidency.

[*Government Gazette*, 5th *May* 1868.]

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের আপ্রিল মাসের ২৪ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৮ সালের ১৬ নম্বর।

বঙ্গদেশের প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার ও অন্যান্য কার্য্যপক্ষের আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গপ্রভৃতি দেশের এবং উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের প্রধান সদর আমীন ও মুনসেফ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা এবং সদর আমীনের পদ উঠাইয়া দেওয়া ও যাঁহারা এইক্ষণে প্রধান সদর আমীন নামে খ্যাত হন, তাঁহারদের পদখ্যাতি পরিবর্ত্তন করা বিহিত, এবং দেওয়ানী মোকদ্দমা হাই কোর্টের আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা যে স্থানে বর্ত্তে তাহার বহির্ভূত স্থানে উক্ত প্রদেশের নিম্নশ্রেণীর জজ ও মুনসেফদিগকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রদান করা বিহিত, এই২ হেতুতে নিম্নলিখিত বিধান করা গেল।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[যে২ বিধান রহিত হইবে তাহার কথা।]

১ ধারা। এই আইনের তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহার যে২ অংশ ঐ তফসীলের তৃতীয় ঘরে নির্দিষ্ট হইল সেই২ অংশ রহিত করা গেল ইতি।

[অর্থ নির্ণয়ের ধারা।]

২ ধারা। এই আইনেতে—

“স্থানীয় গবর্ণমেন্ট।”

“স্থানীয় গবর্ণমেন্ট” শব্দে উক্ত প্রেসিডেন্সীর অন্তর্গত বঙ্গপ্রভৃতিদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে কিম্বা বিষয় বিশেষে উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে বুঝাইবে।

“হাই কোর্ট।”

“হাই কোর্ট” শব্দেতে উক্ত প্রেসিডেন্সীর ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট অথবা বিষয় বিশেষে উত্তর পশ্চিম দেশের হাই কোর্ট বুঝাইবে।

“জিলার জজ।]”

“জিলার জজ” এই শব্দেতে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার প্রধান আদালতের জজকে বুঝাইবে ইতি।

[আইন যতদূর ব্যাপ্ত হইবে তাহার কথা।]

৩ ধারা। যে সময়ে যে দেশ উক্ত প্রেসীডেন্সীর অন্তর্গত বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ও উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন থাকে, এই আইন কেবল সেই২ দেশে ব্যাপ্ত হইবে ইতি।

SUBORDINATE JUDGES AND MUNSIFS.

[First Subordinate Judges.]

4. The present Principal Sadr Amíns shall be the first Subordinate Judges, and (subject to any alteration of the limits of their local jurisdiction which may be made by the Local Government) shall severally exercise the jurisdiction of Subordinate Judges under this Act within the local limits within which, immediately before the passing of this Act, they respectively exercised the jurisdiction of Principal Sadr Amíns.

[First Munsifs.]

The present Sadr Amíns and Munsifs shall be the first Munsifs, and (subject to any alteration of the limits of their local jurisdiction which may be made by the local Government) shall severally exercise the jurisdiction of Munsifs under this Act within the local limits within which, immediately before the passing of this Act, they respectively exercised the jurisdiction of Munsifs.

[Appointment of Subordinate Judges and Munsifs.]

5. Whenever the office of a Subordinate Judge under this Act is vacant, the Local Government may appoint to the office such person as it thinks proper.

Whenever the office of a Munsif under this Act is vacant, the High Court shall nominate such person as it thinks fit to fill such office, and the Local Government shall appoint him accordingly.

It shall be lawful for the Local Government, with the sanction of the Governor General of India in Council, to make rules as to the qualifications of persons to be nominated Munsifs under this Act, and from time to time to alter and add to the rules so made.

When such rules shall have been made, no person, notwithstanding anything hereinbefore contained, shall be nominated to the office of Munsif unless he possesses the qualifications prescribed by the said rules.

Acting Appointments.

[District Judge's power to make acting appointment to office of Munsif.]

6. Any District Judge, on the occurrence within his jurisdiction of any vacancy in the office of Munsif, may, pending the orders of the High Court thereon, appoint such person as he thinks fit to act in such office. And he shall forthwith report to the High Court the occurrence of every such vacancy and of every such appointment.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ৫ মে ।]

নিম্ন শ্রেণীর জজদের ও মুনসেফদের বিধি ।

[নিম্ন শ্রেণীর প্রথম জজদের কথা ।]

৪ ধারা । এইক্ষণে যাঁহারা প্রধান সদর আমীন আছেন, তাঁহারা নিম্ন শ্রেণীর প্রথম জজ হইবেন । এবং এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে তাঁহারা স্থানীয় যে সীমার মধ্যে প্রধান সদর আমীনের ক্ষমতানুসারে কার্য্য করিতেন, সেই সীমার মধ্যে এই আইনঅনুযায়ি নিম্ন শ্রেণীর জজের ক্ষমতানুসারে কার্য্য করিবেন । কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহারদের বিচারাধিপত্যের স্থানসংক্রান্ত সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ।

[প্রথম মুনসেফদের কথা ।]

এইক্ষণে যাঁহারা সদর আমীন ও মুনসেফ আছেন, তাঁহারা প্রথম মুনসেফ হইবেন । এবং তাঁহারা এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে স্থানীয় যে সীমার মধ্যে মুনসেফদের ক্ষমতানুসারে কার্য্য করিতেন, সেই সীমার মধ্যে এই আইনঅনুযায়ি মুনসেফের ক্ষমতানুসারে কার্য্য করিবেন । কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহারদের বিচারাধিপত্যের স্থানসংক্রান্ত সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি ।

[নিম্ন শ্রেণীর জজদিগকে ও মুনসেফদিগকে নিযুক্ত করিবার কথা ।]

৫ ধারা । এই আইনমত নিম্নশ্রেণীর জজের পদ শূন্য হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে সেই পদে নিযুক্ত করিতে পারিবেন ।

এই আইনমত মুনসেফের পদ শূন্য হইলে, হাই কোর্ট যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে সেই পদের কর্ম্ম করণার্থে মনোনীত করিবেন ও স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে তদনুসারে নিযুক্ত করিবেন ।

এই আইনমতে যাঁহারা মুনসেফের পদে মনোনীত হইবেন স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি গ্রহণপূর্ব্বক তাঁহারদের কর্ম্মোপযোগিতার বিধি করিতে এবং সময়ে২ সেই বিধি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিতে সক্ষম হইবেন ।

তদ্রূপ বিধি করা গেলে পর, পূর্ব্বোক্ত কথা সত্ত্বেও, ঐ বিধির নিদ্ধারিত কর্ম্মোপযোগিতা প্রাপ্ত না হইলে কোন ব্যক্তি মুনসেফের পদে মনোনীত হইবেন না ইতি ।

কিয়ৎ কালের নিমিত্তে নিয়োগের বিধি ।

[মুনসেফের কর্ম্ম কিয়ৎ কাল করিবার জন্যে জিলার জজ সাহেবকর্ত্তৃক লোক নিযুক্ত হইবার কথা ।]

৬ ধারা । কোন জিলার জজ সাহেবের ক্ষমতাধীন স্থানে মুনসেফের পদ শূন্য হইলে, তিনি হাই কোর্টের আজ্ঞার অপেক্ষা করিয়া যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে সেই পদের কর্ম্ম চালাইবার জন্যে নিযুক্ত করিবেন । এবং সেই পদ শূন্য হওয়ার ও অমুক ব্যক্তির উক্ত প্রকারে নিযুক্ত হওয়ার কথা অগৌণে হাই কোর্টে রিপোর্ট করিবেন ইতি ।

Declaration.

[Declaration.]

7. Every person hereafter appointed under this Act shall, on his first appointment, and previously to entering on the duties of his office, subscribe, before the District Judge to whose control he is subject, the following declaration :—

"I, *A. B.*, appointed Subordinate Judge [*or* Munsif] of , do solemnly declare that I will faithfully perform the duties of my office to the best of my ability, knowledge and judgment."

[Subordinate Judges and Munsifs to be Civil Courts.]

8. Every Subordinate Judge and Munsif under this Act shall be deemed to be a Civil Court within the meaning of the Code of Civil Procedure and of this Act.

Ministerial Officers.

[Appointment of ministerial officers.]

9. All ministerial officers of the Courts of Subordinate Judges and Munsifs shall be nominated and appointed by those Courts respectively, subject to the approval of the District Judge within whose jurisdiction such Courts are situate.

Every such Court may, by order, fine, suspend or dismiss any of its ministerial officers who is guilty of any misconduct or neglect in the performance of the duties of his office. But every such order shall be subject to appeal to the District Judge; and the rules for the time being applicable to appeals to the Court of Session from orders of the Criminal Courts subordinate thereto shall apply to all appeals under this section.

Nothing in this section shall exempt the offender from any penal or other consequences to which he may be liable under any other law in force for the time being.

Suspension of Subordinate Judges and Munsifs.

[Suspension by High Court or District Judge.]

10. The High Court may, whenever it sees urgent necessity for so doing, suspend any Subordinate Judge under its control.

[*Government Gazette, 5th May* 1868.]

প্রতিজ্ঞার বিধি।

[প্রতিজ্ঞার কথা।]

৭ ধারা। ইহার পর এই আইনমতে যে প্রত্যেক ব্যক্তি নিযুক্ত হন তিনি যে জিলার জজ সাহেবের অধীন হইবেন, নিযুক্ত হইবার প্রাক্কালে ও পদের কর্ম্মে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে তাঁহার সম্মুখে এই প্রতিজ্ঞা করিবেন।

আমি অমুক অমুক স্থানের নিম্ন শ্রেণীর জজের (কিম্বা মুনসেফের) পদে নিযুক্ত হইয়া আপন ক্ষমতা ও জ্ঞান ও বুদ্ধিসাধ্যমতে আপন পদের কর্ম্ম বিশ্বস্তরূপে সম্পাদন করিব ধর্ম্মতঃ এই প্রতিজ্ঞা করিলাম ইতি।

[নিম্ন শ্রেণীর জজের ও মুনসেফের দেওয়ানী আদালত হইবার কথা।]

৮ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ও এই আইনের ভাবানুসারে যাঁহাকে দেওয়ানী আদালত বলা গেল, এই আইনমত নিম্ন শ্রেণীর প্রত্যেক জজ ও মুনসেফ সেই দেওয়ানী আদালত জ্ঞান হইবেন ইতি।

আমলাদের বিধি।

[আমলাদিগকে নিযুক্ত করিবার কথা।]

৯ ধারা। নিম্ন শ্রেণীর জজদের ও মুনসেফদের আদালতের সকল আমলা ঐ২ আদালত কর্ত্তৃক মনোনীত হইয়া নিযুক্ত হইবেন। কিন্তু সেই২ আদালত যে জিলার জজ সাহেবের ক্ষমতাধীন স্থানে থাকে সেই নিয়োগ বিষয়ে তাঁহার অনুমোদনের আবশ্যক।

কোন আদালতের আমলা আপন পদের কর্ম্ম সম্পাদনকালে অন্যায়াচার কি শৈথিল্য দোষ করিলে সেই আদালত আজ্ঞা করিয়া তাঁহার অর্থদণ্ড করিতে কিম্বা তাঁহাকে কিঞ্চিৎকাল কি চিরকাল পদহইতে অপসর করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ প্রত্যেক আজ্ঞার উপর জিলার জজ সাহেবের নিকট আপীল হইতে পারিবে। সেশন আদালতের অধীন যে ফৌজদারী আদালত থাকে তাহার আজ্ঞার উপর ঐ সেশন আদালতে আপীল করিবার যে সময়ে যে বিধি বর্ত্তে, এই ধারামত সকল আপীলের প্রতি সেই বিধি বর্ত্তিবে।

যে সময়ে যে আইন প্রচলিত থাকে যদি উক্ত অপরাধী তদ্রূপ অন্য কোন আইনদ্বারা কোন দণ্ড কি অন্য ফলভোগের যোগ্য হন, তবে তিনি এই ধারার কোন কথার দ্বারা তাহাহইতে অব্যাহতি পাইবেন না ইতি।

নিম্ন শ্রেণীর জজদের ও মুনসেফদের কিঞ্চিৎ কাল অপসরণের বিধি।

[হাই কোর্ট কি জিলার জজ সাহেব কর্ত্তৃক অপসরণের কথা।]

১০ ধারা। হাই কোর্ট যখন আপনার অধীন কোন নিম্ন শ্রেণীর জজকে কিঞ্চিৎকালের নিমিত্তে কর্ম্মহইতে অবসর করা নিতান্ত আবশ্যক জ্ঞান করেন, তখন তাহা করিতে পারিবেন।

Whenever the High Court suspends any such Subordinate Judge, it shall forthwith report to the Local Government the circumstances of such suspension, and the Local Government may direct him to be removed from his office, or make such other order as the case may require.

Any District Judge may, whenever he sees urgent necessity for so doing, suspend any Munsif under his control.

Whenever the District Judge suspends any such Munsif, he shall forthwith send to the High Court a full report of the case with the evidence, and the High Court shall make such order in the matter as it thinks fit.

The High Court may at any time by order remove from his office or suspend any Munsif subject to its control.

JURISDICTION.

Local Limits of Jurisdiction.

[Local limits of jurisdiction.]

11. The Local Government may define and from time to time vary the local limits of the jurisdictions of Subordinate Judges and Munsifs.

Pending Proceedings.

[Jurisdiction over pending proceedings.]

12. Every Court under this Act shall have the same jurisdiction over all proceedings pending in the Court for which it shall have been substituted, as the Principal Sadr Amín, Sadr Amín or Munsif (as the case may be) of such Court would have had if this Act had not been passed:

Provided that every Munsif exercising jurisdiction under this Act within the local limits of a Sadr Munsiff shall have jurisdiction over all proceedings pending in the Court of the Sadr Amín immediately before the passing of this Act.

EXTENT OF JURISDICTION.

(*a*).—*Munsifs.*

[Jurisdiction of Munsifs.]

13. Munsifs are empowered to try all original suits cognizable by the Civil Courts of which the subject matter does not exceed in amount or value rupees one thousand.

হাই কোর্ট নিম্ন শ্রেণীর জজকে কিয়ৎকালের নিমিত্ত কর্ম্মহইতে অবসর করিলে, গবর্ণমেণ্টের নিকট অগৌণে সেই অপসরণের বৃত্তান্ত জ্ঞাত করিবেন। তাহাতে স্থানীয় গবর্ণমেণ্ট সেই ব্যক্তির পদচ্যুত হইবার কিম্বা বিষয় বিবেচনায় যেমন প্রয়োজন হয় তেমনি আজ্ঞা করিতে পারিবেন।

কোন জিলার জজ সাহেব আপনার অধীন কোন মুনসেফকে কিয়ৎকালের নিমিত্তে অপসর করা নিতান্ত আবশ্যক জ্ঞান করিলে তাহা করিতে পারিবেন।

জিলার জজ সাহেব তদ্রূপ কোন মুনসেফকে কিয়ৎকালের নিমিত্তে অবসর করিলে হাই কোর্টের নিকট প্রমাণ সহিত অগৌণে মোকদ্দমার সম্পূর্ণ বিবরণ পাঠাইবেন। তাহাতে হাই কোর্ট বিষয় বিবেচনায় যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিবেন।

হাই কোর্ট কোন সময়ে আজ্ঞা করণদ্বারা আপনার অধীন কোন মুনসেফকে পদচ্যুত করিতে কিম্বা কিয়ৎকালের নিমিত্ত অপসর করিতে পারিবেন ইতি।

বিচারাধিপত্যের বিধি।

বিচারাধিপত্য স্থানের সীমা।

[ক্ষমতার স্থানীয় সীমার কথা।]

১১ ধারা। নিম্ন শ্রেণীর জজদের ও মুনসেফদের ক্ষমতা যে স্থানে ব্যাপ্ত হইবে স্থানীয় গবর্ণমেণ্ট সেই স্থানের সীমা নির্ণয় করিতে ও সময়েং পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

যে কার্য্য উপস্থিত আছে তদ্বিষয়ক বিধি।

[যে কার্য্য উপস্থিত আছে তৎসম্পর্কে ক্ষমতার কথা।]

১২ ধারা। এই আইনমত প্রত্যেক আদালত যে আদালতের স্থলে স্থাপিত হয় সেই আদালতে মোকদ্দমাঘটিত যে কার্য্য উপস্থিত আছে, এই আইন প্রচলিত না হইলে প্রধান সদর আমীন কিম্বা বিষয়বিশেষে সদর আমীন কি মুনসেফস্বরূপ ঐ কার্য্যের উপর সেই আদালতের যে বিচারাধিপত্য থাকিত তাঁহার সেই ক্ষমতা থাকিবে।

কিন্তু এই আইনমতে যে মুনসেফ সদর মুনসেফীর সীমার মধ্যে বিচারাধিপত্য করিবেন, এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে সদর আমীনের আদালতে যে সকল মোকদ্দমা উপস্থিত ছিল, সেই সকল মোকদ্দমার উপর তাহার বিচারাধিপত্য থাকিবে ইতি।

বিচারাধিপত্যের ব্যাপকতার বিধি।

(ক) মুনসেফদের।

[মুনসেফদের বিচারাধিপত্যের কথা।]

১৩ ধারা। যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা এক সহস্র টাকার অধিক কি অধিক মূল্যের না হইলে মুনসেফেরা দেওয়ানী আদালতের বিচার্য্য এমত সকল মোকদ্দমার আদৌ বিচার করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

[Appeals to District Judge from Munsifs.]

14. In all such suits in which an appeal is, for the time being, allowed by law, an appeal shall lie from the decision of the Munsif to the District Judge to whose control he is subject.

(b).—*Subordinate Judges.*

[Original jurisdiction of Subordinate Judges.]

15. Subordinate Judges are empowered to try all original suits cognizable by the Civil Courts of which the subject-matter exceeds in amount or value rupees one thousand, and (if the District Judge shall have referred them under the Code of Civil Procedure) suits of which the subject-matter is of any less amount or value.

[Power to invest Subordinate Judges with Munsifs' powers.]

16. The Local Government may invest any Subordinate Judge with the powers of a Munsif under section thirteen, and may define and from time to time vary the local limits within which such powers are to be exercised.

[Appellate jurisdiction of Subordinate Judges.]

17. Every District Judge may from time to time, subject to the orders of the High Court, refer to any Subordinate Judge under his control any appeals from decisions passed by Munsifs under section thirteen pending before the District Judge; and such Subordinate Judge shall hear and dispose of such appeals accordingly.

[Appeals to District Judge from Subordinate Judges.]

18. In suits decided by any Subordinate Judge in the exercise of his original jurisdiction, of which the amount or value of the subject-matter does not exceed rupees five thousand, an appeal shall lie to the District Judge to whose control such Subordinate Judge is subject.

[Appeals to High Court from Subordinate Judges.]

In all other suits decided by any Subordinate Judge whether in the exercise of his original or appellate jurisdiction, the appeal from the decision of such Judge shall be direct to the High Court.

[High Court may order District Judge to transfer to a Subordinate Judge or Munsif certain civil proceedings.]

19. The High Court may from time to time by order authorize the Judge of any District Court to transfer to a Subordinate Judge or Munsif subject to the control of such District Court

[মুনসেফের আজ্ঞার উপর জিলার জজ সাহেবের নিকটে আপীলের কথা।]

১৪ ধারা। যৎকালে যে আইন প্রচলিত থাকে তৎকালে উক্ত যে সকল মোকদ্দমার উপর আপীল হইতে পারে, মুনসেফ যে জিলার জজ সাহেবের অধীন থাকেন সেই মোকদ্দমায় ঐ মুনসেফের নিষ্পত্তির উপর ঐ জজ সাহেবের নিকটে আপীল হইতে পারিবে ইতি।

(খ) নিম্ন শ্রেণীর জজ।

নিম্ন শ্রেণীর জজের আদৌ বিচারাধিপত্যের কথা।]

১৫ ধারা। যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা এক সহস্র টাকার অধিক কি অধিক মূল্যের হইলে, নিম্ন শ্রেণীর জজেরা দেওয়ানী আদালতের বিচার্য্য এমত সকল মোকদ্দমা আদৌ বিচার করিতে সক্ষম হইবেন। জিলার জজ সাহেব যদি তাঁহার প্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনমতে ন্যূন টাকার কি ন্যূন মূল্যের মোকদ্দমা অর্পণ করেন, তবে তাহাও বিচার করিতে পারিবেন ইতি।

[নিম্ন শ্রেণীর জজদিগকে মুনসেফের ক্ষমতা প্রদান করিবার ক্ষমতার কথা।]

১৬ ধারা। ত্রয়োদশ ধারামতে মুনসেফদের যে ক্ষমতা আছে, স্থানীয় গবর্ণমেন্ট নিম্ন শ্রেণীর কোন জজকে সেই ক্ষমতা প্রদান করিতে পারিবেন। এবং স্থানীয় যে সীমার মধ্যে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে হইবে, তাহাও নিরূপণ করিয়া সময়ে২ তাহা পরিবর্ত্তনও করিতে পারিবেন ইতি।

[নিম্ন শ্রেণীর জজদের আপীল শুনিবার ক্ষমতার কথা।]

১৭ ধারা। মুনসেফ ত্রয়োদশ ধারামতে যে নিষ্পত্তি করেন জিলার জজ সাহেবের সম্মুখে তাহার উপর আপীল উপস্থিত করা গেলে তিনি হাই কোর্টের আজ্ঞার অপেক্ষায় তন্মধ্যে কোন২ আপীল সময়ে২ আপনার অধীন নিম্ন শ্রেণীর কোন জজের প্রতি অর্পণ করিতে পারিবেন। তাহা করিলে নিম্ন শ্রেণীর সেই জজ ঐ আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন ইতি।

[নিম্ন শ্রেণীর জজের নিষ্পত্তির উপর জিলার জজ সাহেবের নিকট আপীলের কথা।]

১৮ ধারা। যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা পাঁচ সহস্র টাকার অধিক কি অধিক মূল্যের না হইলে, নিম্ন শ্রেণীর জজ আদৌ বিচার করিবার স্বীয় ক্ষমতানুসারে মোকদ্দমার যে নিষ্পত্তি করেন, তিনি যে জিলার জজ সাহেবের অধীন থাকেন তাঁহার নিকট তাঁহার সেই নিষ্পত্তির উপর আপীল হইতে পারিবে।

[নিম্ন শ্রেণীর জজের নিষ্পত্তির উপর হাই কোর্টে আপীল হইবার কথা।]

নিম্ন শ্রেণীর কোন জজ আদৌ কি আপীলক্রমে মোকদ্দমা শুনিবার ক্ষমতামতে অন্য যে সকল মোকদ্দমার নিষ্পত্তি করেন তাঁহার সেই নিষ্পত্তির উপর একেবারে হাই কোর্টে আপীল হইবে ইতি।

[নিম্ন শ্রেণীর জজের কিম্বা মুনসেফের প্রতি কোন২ দেওয়ানী কার্য্য অর্পণ করিতে জিলার জজ সাহেবকে হাই কোর্টের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

১৯ ধারা। হাই কোর্ট সময়ে২ আজ্ঞা করণদ্বারা কোন জিলার আদালতের জজ সাহেবকে এই অনুমতি দিতে পারিবেন যে মোকদ্দমাভিন্ন দেওয়ানী যে কার্য্য কিম্বা কার্য্যশ্রেণী তৎকালে জিলার আদালতে উপ-

any civil proceedings (not being suits), or any class of such proceedings, specified in such order and which may be then pending, or may be thereafter instituted, in such District Court.

All proceedings so transferred shall be disposed of by the Subordinate Judge or Munsif (as the case may be) according to the rules prescribed for the guidance of District Judges in the like cases:

Provided that an appeal from the order of the Subordinate Judge or Munsif in such cases shall lie to the District Judge, and a special appeal from his order thereon shall lie to the High Court, if an appeal from the decision of the Judge in such proceedings is allowed by the law in force for the time being.

(c).—*Small Cause Court Powers.*

[Power to invest Subordinate Judge or Munsif with powers of Small Cause Court Judge.]

20. The Local Government may invest, within such local limits as it shall from time to time appoint, any Subordinate Judge with the jurisdiction of a Judge of a Court of Small Causes, for the trial of suits cognizable by such Courts, up to the amount of rupees five hundred, and any Munsif with the same jurisdiction up to the amount of rupees fifty, and may, whenever it thinks fit, withdraw such jurisdiction from the Subordinate Judge or Munsif so invested.

[Power to invest Small Cause Court Judge with powers of Subordinate Judge.]

21. Section 51 of Act No. XI of 1865 (*to consolidate and amend the law relating to Courts of Small Causes beyond the local limits of the ordinary original civil jurisdiction of the High Courts of Judicature*) shall be read as if, for the words "Principal Sudder Ameen," the words "Subordinate Judge" were substituted.

স্থিত থাকে কিম্বা পরে উপস্থিত করা যায় ঐ আজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট এমত কোন কার্য্য ঐ জিলার আদালতের অধীন নিম্ন শ্রেণীর জজ কি মুনসেফের প্রতি অর্পণ করেন।

তদ্রূপ যে সকল কার্য্য অর্পণ করা যায়, উক্ত স্থলে জিলার জজ সাহেবের কার্য্য করিবার যে বিধান আছে নিম্ন শ্রেণীর জজ কিম্বা বিষয়বিশেষে মুনসেফ সেই বিধানানুসারে কার্য্য করিবেন।

কিন্তু উক্ত স্থলে নিম্ন শ্রেণীর জজের কি মুনসেফের আজ্ঞার উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। এবং যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে যদি উক্ত প্রকারের কার্য্যেতে জজ সাহেবের নিষ্পত্তির উপর আপীল হইতে পারে, তবে উক্ত জজের কি মুনসেফের আজ্ঞার উপর হাই কোর্টে খাস আপীল হইতে পারিবে ইতি।

(গ) ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্ষমতার বিধি।

নিম্ন শ্রেণীর জজের কি মুনসেফের প্রতি ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রদান করিবার ক্ষমতার কথা।]

২০ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে মোকদ্দমার বিচার হইতে পারে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ স্থানীয় সীমা নিরূপণ করিয়া সেই সীমার মধ্যে পাঁচ শত টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমায় নিম্ন শ্রেণীর কোন জজকে, এবং পঞ্চাশ টাকা পর্য্যন্ত কোন মোকদ্দমায় কোন মুনসেফকে উক্ত আদালতের ক্ষমতা প্রদান করিতে পারিবেন। এবং বিহিত বোধ করিলে নিম্ন শ্রেণীর জজ কি মুনসেফ হইতে তদ্রূপ অর্পিত বিচারাধিপত্য হরণ করিতে পারে।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি নিম্ন শ্রেণীর জজের ক্ষমতা প্রদান করিবার কথা।]

২১ ধারা। ১৮৬৫ সালের ১১ আইনের (অর্থাৎ ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের সাধরণ প্রথম স্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের) ৫১ ধারাতে প্রধান সদর আমীন এই কথার পরিবর্ত্তে নিম্ন শ্রেণীর জজ এই কথা দিয়া তাহা পাঠ করিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

SCHEDULE.

Number of Regulation or Act.	Tite or subjects.	Extent of Repeal.
Bengal Regulation XXIII of 1814.	A Regulation for reducing into one Regulation, with amendments and modifications, the several Rules which have been passed regarding the office of Moonsiffs or Native Commissioners, and of Sudder Ameens or Head Commissioners; for modifying and extending their respective powers in the trial and decision of Civil Suits, and for authorizing them to discharge certain additional duties under the direction of the Zillah and City Judges.	So much as has not been repealed.
Bengal Regulation XVIII of 1817.	A Regulation to modify the Rules in Force which prescribe an Oath of Office, to be taken by certain Native Officers; and to explain and amend other Provisions relative to the Native Ministerial Officers and Law Officers of the Civil and Criminal Courts.	So far as relates to Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs.
Bengal Regulation V of 1831.	A Regulation for extending the Powers of Moonsiff and Sudder Ameens in the trial of Civil Suits, and for authorizing the Appointment of Principal Sudder Ameens at the Zillah and City Stations; for modifying the powers and duties of the Zillah, City, and Provincial Courts in connection with those arrangements; and for enlarging the Spere of Selection with regard to the Offices of Moonsiff and Vakeel.	So much as has not been repealed.
Bengal Regulation VII of 1832.	A Regulation modifying certain of the Provisions of Regulation V. 1831, and for providing Supplementary Rules, to that Enactment.	The whole Regulation, except so much of section 8 as provides that the rule contained in section XV, Regulation IV, 1793 and the corresponding enactment contained in clause first, section XVI, Regulation III, 1803, shall be the rule of guidance in all suits regarding succession, inheritance, marriage and caste, and all religious usages and institutions, that may arise between persons professing the Hindoo and Mahomedan persuasions respectively.
Act No. VIII of 1836.	Bengal judiciary system ..	The whole.
Act No. XXV of 1837.	Bengal judiciary system ..	So much as has not been repealed.
Act No. XXXVII of 1850.	For regulating inquiries into the behaviour of Public Servants.	Section 24.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

[*Government Gazette, 5th May* 1868.]

তফসীল।

আইনের নম্বর।	নাম কি বিষয়।	যে পর্য্যন্ত রহিতহইল।
বঙ্গদেশীয় ১৮১৪ সা. ২৩ আ.	সদর আমীন ও মুনসেফদিগকে নিযুক্ত করণের বিষয়ি পূর্ব্বের চলিত কএক আইনের কোন২ কথা ফেরফার করিয়া এক আইনেতে সংগ্রহ করিবার এবং ঐ সদর আমীন ও মুনসেফদিগের নিকটে উপস্থিত হওয়া মোকদ্দমার বিচার ও নিষ্পত্তির বিষয়ে তাহারদিগের যে ক্ষমতা আছে তাহা শুধরিবার ও বাড়াইবার এবং জিলা ও শহরের জজ সাহেবদিগের হুকুমতের তাবেতে অন্যাং কর্ম্ম নির্ব্বাহ করিবার ক্ষমতা তাহাদিগেরে দিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই সেই অংশ।
বঙ্গদেশীয় ১৮১৭ সা. ১৮ আ.	এদেশীয় কোন২ আমলা লোকের আপনং পাওয়া কর্ম্মে প্রবর্ত্ত হওনের পূর্ব্বে হলফ অর্থাৎ দিব্যকরণের বিষয়ে এইক্ষণে যে সকল হুকুম চলন আছে তাহা শুধরিবার এবং অন্য যে২ কথা আদালতের এদেশ নিবাসি আমলার ও দেওয়ানী ও ফৌজদারী আদালতের মৌলবী ও পণ্ডিত লোকের সহিত সম্পর্ক রাখে তাহা শুধরিবার ও বিবরিয়া লিখিবার আইনের	যে কথা প্রধান সদর আমীনের ও সদর আমীনের ও মুনসেফের সহিত সম্পর্ক রাখে তাহা।
বঙ্গদেশীয় ১৮৩১ সা. ৫ আ.	দেওয়ানী মোকদ্দমার বিচারের বিষয়ে মুনসেফ ও সদর আমীনদিগের অধিক ক্ষমতা দিবার এবং জিলা ও শহরে প্রধান সদর আমীনদিগকে নিযুক্ত করিবার এবং জিলা ও শহর ও প্রবিন্সাল কোর্টের কর্ম্ম ও ক্ষমতা ঐ বন্দোবস্তের কারণ শুধরিবার এবং মুনসেফ ও উকীলের পদে লোক বাচনি করিয়া লইবার ক্ষমতা বাড়াইবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই সেই অংশ।
বঙ্গদেশীয় ১৮৩২ সা. ৭ আ.	ইংরাজী ১৮৩১ সালের ৫ আইনের কোন২ হুকুম মতান্তর করিবার এবং ঐ আইনের বিষয়ি অন্য কতক হুকুম নির্দ্দিষ্ট করিবার আইনের	১৭৯৩ সালের ৪ আইনের ১৫ ধারাতে ও তদনুযায়ি ১৮০৩ সালের ৩ আইনের ১৬ ধারার প্রথম প্রকরণে যে বিধি আছে, হিন্দু ও মহম্মদীয় ধর্ম্মাবলম্বিদের মধ্যে উত্তরাধিকারিত্ব ও দায়ভাগ ও বিবাহ ও জাতি এবং ধর্ম্ম রীতি ও নিয়মসংক্রান্ত সকল মোকদ্দমায় সেই বিধিমতে কর্ম্ম করিতে হইবে। ৮ ধারার যে অংশে এই বিধান হইয়াছে তদ্ভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৩৬ সা. ৮ আ. ...	বঙ্গদেশীয় বিচারসংক্রান্ত নিয়মবিষয়ক ...	সম্পূর্ণ আইন।
১৮৩৭ সা. ২৫ আ. ...	বঙ্গদেশীয় বিচারসংক্রান্ত নিয়মবিষয়ক আইনের ..	যে অংশ পূর্ব্বে রহিত হয় সেই অংশ।
১৮৫০ সা. ৩৭ আ. ...	সরকারী কর্ম্মকারকেরদের আচরণের বিষয়ের তদারকের নিয়ম করণের আইনের	২৪ ধারা।

উইটলি ষ্টোক্স।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Report of the Select Committee, together with the Re-Amended Bill, is, by order of the President, published for general information:—

We, the Members of the Select Committee appointed to re-consider the Bill " to make further provision for the survey of Steam Vessels plying within the Provinces subject to the Lieutenant-Governor of Bengal," have the honor to report as follows:—

We have considered the amendments proposed in Council and the papers noted in the below * and, with a few verbal alterations, recommend that they should be adopted.

We have also added a Section providing for the time of the Act coming into operation.

Stuart Hogg.
H. Knowles.
Peary Chand Mittra.
Thos. Alcock.

The 7th April 1868.

A Bill to make further provision for the Survey of Steam Vessels plying within the Provinces subject to the Lieutenant-Governor of Bengal.

[Preamble.]

Whereas it is expedient to make further provision for the survey by competent Surveyors of steam vessels plying on the rivers or waters within the Provinces subject to the Lieutenant-Governor of Bengal; It is enacted as follows:—

[Steam vessels to be liable to survey.]

I. For Section I of Act V of 1862 passed by the Lieutenant-Governor of Bengal in Council, entitled an Act to provide for the periodical survey of steam vessels in the Port of Calcutta, shall be substituted the words following:—" All steam vessels plying on any of the rivers or waters within the Provinces subject to the Lieutenant-Governor of Bengal, except steam vessels which may ply to and from some port not in British India, shall be liable to be surveyed

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

সভাপতি সাহেবের আজ্ঞাক্রমে মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও পুনঃসংশোধিত পাণ্ডুলিপি সর্ব্ব সাধারণের জানিবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

মনোনীত কমিটির অন্তর্গত আমরা " বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে যে সকল ষ্টীমর গমনাগমন করিয়া থাকে তাহার অবস্থার অনুসন্ধান করিবার অধিক বিধান করণার্থ" আইনের পাণ্ডুলিপি পুনরায় বিবেচনা করিতে নিযুক্ত হইয়া নিম্নলিখিত রিপোর্ট অর্পণ করিতেছি।

মন্ত্রিসভায় যে২ অংশ সংশোধন করিবার প্রস্তাব হইয়াছে তাহা ও নিম্ন লিখিত পত্রাদি বিবেচনা পূর্ব্বক কএক শব্দ মাত্র পরিবর্ত্তন করিয়া তাহার গ্রাহ্য হইবার পরামর্শ দিয়াছি।

আরো এই আইন প্রচলিত হইবার সময় নিরূপণের এক ধারা করিয়াছি।

ষ্টুআর্ট হগ।
এচ নোল্স।
পেয়ারীচাঁদ মিত্র।
তামস আলকক।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে যে সকল ষ্টীমর গমনাগমন করিয়া থাকে তাহার অবস্থার অনুসন্ধান করিবার অধিক বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নদীতে কি জলে যে২ ষ্টীমর গমনাগমন করে উপযুক্ত সরবেয়রদের দ্বারা সেই সকল ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করিবার অধিক বিধান করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[যে২ ষ্টীমরের অবস্থানুসন্ধান করিতে হইবে তন্নির্ণয়ের কথা।]

১ ধারা। " কলিকাতা বন্দরে বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান নিরূপিত সময়ে২ লওনের বিধান করণার্থ আইন" নামে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬২ সালের ৫ আইনের ১ ধারার পরিবর্ত্তে এই কথা পাঠ করিতে হইবে, যথা, যে২ ষ্টীমর ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দরে যাতায়াত করিয়া থাকে তদ্ভিন্ন যে সকল ষ্টীমর বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত কোন নদীতে কি জলে গমনাগমন করে ১৮৬২ সালের উক্ত ৫ আইনের

---

* Extract from a letter from the Engineer Surveyor, Port of Calcutta, dated 30th June 1865.

From Master Attendant, dated 24th February 1868.

From Under-Secretary to Government of Bengal, dated 2nd March 1868.

* কলিকাতা বন্দরের ইঞ্জিনিয়র সরবেয়র সাহেবের ১৮৬৫ সালের ৩০ জুন তারিখের পত্রহইতে গৃহীত কথা।

মাষ্টর আটেণ্ডাণ্ট সাহেবের ১৮৬৮ সালের ২৪ ফেব্রুআরি তারিখের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৮ সালের ২ মার্চ তারিখের পত্র।

twice in every year in the manner prescribed in the said Act V of 1862."

[Power to appoint ports of survey.]

II. It shall be lawful for the Lieutenant-Governor, by an order to be published in the *Calcutta Gazette,* to appoint any ports or places, in the provinces subject to his Government, to be Ports of Survey for the purposes of the said Act V, 1862, and of this Act.

[Other ports of survey added to Calcutta in former Act.]

III. In Sections 3, 5, 6, and 7 of the said Act V of 1862, the words "or any other port of survey" shall be deemed and taken to be inserted therein after the word "Calcutta" wherever the said word may occur in the said Sections, and from and after the passing of this Act the said Sections shall be read and construed as if the said words had been so inserted.

[Absence from and arrival at Port of Survey to be subsituted for absence from and return to Calcutta.]

IV. In Section 12 of the said Act V of 1862, the words "shall not be in any port of survey" shall be substituted for the words "is absent from the Port of Calcutta;" and the words "arrival at some port of survey" shall be substituted for the words "return to the port of Calcutta;" and the said Section shall, from and after the passing of this Act, be read and construed as if the said words so to be substituted had been originally inserted in the said Act, instead of the said words for which they are so to be substituted.

[Power to impose additional fees.]

V. It shall be lawful for the Lieutenant-Governor, from time to time, by an order to be published in the *Calcutta Gazette,* to direct that in any Port of Survey other than Calcutta, in addition to the fees imposed by the said Act V of 1862, there shall be paid, for every survey of a steam vessel in such port, by the owner or master thereof, such further fee, for or towards the expense of the journey of a Surveyor to such port, as in such order shall be set forth; and from time to time in like manner to alter, vary, or revoke any such order; and every fee so to be payable shall be recoverable by the ways and means in the said Act provided for the recovery of the fees thereby imposed.

[Examinations to be instituted for Engineers.]

VI. Examinations shall be instituted for persons who intend to become Engineers of Steamers, or who wish to procure Certificates of Competency hereinafter mentioned.

নির্দ্দিষ্টমতে বৎসরে দুইবার তাহার অবস্থার অনুসন্ধান লইতে হইবে ইতি।

[অবস্থার অনুসন্ধানার্থ বন্দর নিরূপণ করিবার ক্ষমতার কথা।]

২ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞা প্রচার করিয়া ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ও এই আইনের উদ্দেশ্য সাধন করিবার জন্যে স্বীয় শাসিত দেশের মধ্যে অবস্থানুসন্ধানের বন্দরস্বরূপ কোন২ বন্দর কি স্থান নিরূপণ করিতে পারিবেন ইতি।

[পূর্ব্ব আইনে "কলিকাতা বন্দর" ঐ কথার পর "অন্য২ বন্দর" দিবার কথা।]

৩ ধারা। ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ৩, ৫, ৬, ও ৭ ধারার মধ্যে যে স্থলে "কলিকাতা" শব্দ আছে তাহার অব্যবহিত পরেই "ও অবস্থানুসন্ধানের অন্য কোন বন্দর" এই কথা যেন প্রয়োগ হইল এমত জ্ঞান ও বোধ করিতে হইবে। সেই কথা যেন উক্ত ধারার মধ্যে আছে এই আইন প্রচলিত হইবার সময়াবধি ঐ ধারা এমতে পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে ইতি।

[কলিকাতা বন্দরে না থাকা ও কলিকাতায় প্রত্যাগমন করা এই২ কথার পরিবর্ত্তে "অবস্থানুসন্ধানের বন্দরে না থাকা ও তথায় প্রত্যাগমন করা" পাঠ্য হইবার কথা।]

৪ ধারা। ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ১২ ধারার মধ্যে "কলিকাতা বন্দরে না থাকে" এই কথার স্থানে "অবস্থানুসন্ধানের কোন বন্দরে না থাকে" এই কথা পাঠ করিতে হইবে। এবং "কলিকাতা বন্দরে প্রত্যাগমনের পর" এই কথার স্থলে "অবস্থানুসান্ধানের কোন বন্দরে পঁহুছিবার পর" এই কথা পাঠ করিতে হইবে, এবং উক্ত আইনের মধ্যে পূর্ব্বোক্ত কথার স্থলে শেষোক্ত কথা যেন আদৌ মুদ্রিত হইয়াছে এই আইন প্রচলিত হইবার কালাবধি উক্ত ধারা এমতে পাঠ করিতে হইবে ইতি।

[অধিক ফী ধার্য্য করিবার ক্ষমতার কথা।]

৫ ধারা। ১৮৬২ সালের উক্ত ৫ আইনমতে যে ফী ধার্য্য হইয়াছে, কলিকাতাভিন্ন অবস্থানুসন্ধান করিবার কোন বন্দরে ষ্টীমরের প্রত্যেকবার অবস্থানুসন্ধান করিবার জন্যে সরবেয়রের সেই বন্দরে যাইবার যে খরচ হয় তদুপলক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞাপত্রক্রমে অধিক যত ফী নির্দ্দিষ্ট করেন ঐ ষ্টীমরের স্বামির কি অধ্যক্ষের তত ফী দিতে হইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া এই আদেশ করিতে পারিবেন। এবং সময়ে২ সেই প্রকারে তদ্রূপ কোন আজ্ঞা মতান্তর কি পরিবর্ত্তন কি অন্যথা করিতে পারিবেন। এবং উক্ত আইনের নির্দ্ধারিত ফী আদায় করিবার যে পন্থা ও উপায় উক্ত আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে, উক্ত প্রকারে যে ফী দাতব্য হয় তাহাও আদায় করিবার সেই পন্থা ও উপায় ইতি।

[ইঞ্জিনিয়রদিগের পরীক্ষা গ্রহণের কথা।]

৬ ধারা। যে ব্যক্তিরা ষ্টীমরের ইঞ্জিনিয়র হইতে মনস্থ করেন কিম্বা কর্ম্ম যোগ্যতার নিম্নলিখিত প্রকারের সর্টিফিকট পাইতে ইচ্ছা করেন তাঁহারদের পরীক্ষা দিবার বিধান হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

[The Examiners and Rules of Examination to be provided.]

VII. The Lieutenant-Governor, or any Board or Officer duly authorized by him in that behalf, shall, from time to time, nominate two or more competent persons for the purpose of examining the qualifications of the applicants for examination, and may make rules for the conduct of such examinations, and as to the qualifications to be required, and the fees to be paid by all applicants for examination.

[Certificates of Competency to be given.]

VIII. The Lieutenant-Governor, or such Board or Officer as aforesaid, shall deliver to every applicant who is reported by the examiners to have passed the examination satisfactorily, a certificate (hereinafter called a "Certificate of Competency") to the effect that he is competent to act as Engineer.

[Certificates of Service to be given.]

IX. Every person who, before the passing of this Act, has served for a period not less than one year as First or only Engineer in any Steam Vessel, or who has attained or shall attain the rank of First Class Assistant Engineer in the Service of Her Majesty, shall be entitled to a Certificate of Service. Each of such Certificates of Service shall contain particulars of the name and of the length and nature of the previous service of the person to whom it is delivered, and the Lieutenant-Governor, or such other authority as aforesaid, shall deliver such Certificates of Service to the various persons so respectively entitled thereto, upon their proving themselves to have attained such rank, or to have served as aforesaid, and upon their giving a full and satisfactory account of the particulars aforesaid, and on payment of such fees as the Lieutenant-Governor shall, by an order published in the *Calcutta Gazette*, from time to time, direct.

[No Certificate of Survey if vessels have not a Certificated Engineer.]

X. No Certificate of Survey under the said Act V of 1862, or of this Act, shall be granted for any Steam Vessel, unless it shall have as its Engineer an Engineer possessing a Certificate of Competency or a Certificate of Service.

[Penalty for plying without a Certificated Engineer.]

XI. The Owner, and also the Master, of any Steam Vessel subject to this Act, which shall ply on any of the rivers or waters in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, without having in charge of the engines thereof

[পরীক্ষক ও পরীক্ষার বিধি নিরূপণের কথা।]

৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিম্বা তিনি এতৎপক্ষে বিধি করণার্থে যে বোর্ডকে কি যে কার্য্যকারককে নিয়মিতরূপে ক্ষমতাপন্ন করেন সেই বোর্ড কি কর্ম্মকারক সময়ে২ পরীক্ষাকাঙ্ক্ষি ব্যক্তিদের যোগ্যতার পরীক্ষা গ্রহণ করিবার জন্যে দুই কি তদধিক উপযুক্ত ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। এবং ঐ পরীক্ষার কার্য্যপ্রণালী ও যে২ বিষয়ের অভিজ্ঞতা প্রয়োজন ও পদাকাঙ্ক্ষিদের যত ফী দিতে হইবে, এই সকল বিষয়ের বিধি করিতে পারিবেন ইতি।

[যোগ্যতার সর্টিফিকট দেওনের কথা।]

৮ ধারা। ইনি সন্তোষজনকরূপে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন পরীক্ষকেরা যে প্রত্যেক ব্যক্তির পক্ষে এই মর্ম্মের রিপোর্ট করেন, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত বোর্ড কি কার্য্যকারক তাঁহাকে ইঞ্জিনিয়রের কর্ম্মযোগ্যতার সর্টিফিকট দিবেন। ইহার পশ্চাৎ সকল ধারাতে সেই সর্টিফিকট কর্ম্ম যোগ্যতার সর্টিফিকট বলিয়া ব্যক্ত হইয়াছে ইতি।

[কর্ম্মের সর্টিফিকট দিবার কথা।]

৯ ধারা। কোন ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে এক বৎসরের অন্যূনকালাবধি কোন ষ্টীমরে প্রথম কি একলা ইঞ্জিনিয়রের কর্ম্ম করিলে তিনি, এবং শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টীমরে কর্ম্ম করিয়া যে ব্যক্তি প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়রের পদ প্রাপ্ত হইলেন কি হন তিনি কর্ম্মের সর্টিফিকট পাইবার স্বত্ববান। উক্ত কর্ম্মের সর্টিফিকট যাঁহাকে দেওয়া যায়, ঐ সর্টিফিকটে তাঁহার নাম ও তিনি তৎপূর্ব্বে যত কাল যে প্রকারের কর্ম্ম করিয়াছেন, এই সকল বিবরণ লেখা যাইবে। কোন ব্যক্তি পূর্ব্বোক্ত পদ প্রাপ্ত হইয়াছেন কিম্বা পূর্ব্বোক্ত কর্ম্ম করিয়াছেন ইহার প্রমাণ করিলে, এবং পূর্ব্বোক্ত বিবরণ সম্পূর্ণ ও সুবোধজনকরূপে দিলে, এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া যত টাকা ফী নিরূপণ করেন তত টাকা দিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক তদ্রূপ স্বত্বপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তিকে কর্ম্মের সর্টিফিকট দিবেন ইতি।

[কোন ষ্টীমরের সর্টিফিকটপ্রাপ্ত ইনঞ্জিনিয়র না থাকিলে অবস্থানুসন্ধান করিবার সর্টিফিকট না দিবার কথা।]

১০ ধারা। কোন ষ্টীমরের ইঞ্জিনিয়র কর্ম্মযোগ্যতার সর্টিফিকট কিম্বা কর্ম্মের সর্টিফিকট প্রাপ্ত না হইলে ১৮৬২ সালের উক্ত ৫ আইনমতে কিম্বা এই আইনমতে সেই ষ্টীমরের অবস্থানুসন্ধানের সর্টিফিকট দেওয়া যাইবে না ইতি।

[সর্টিফিকটপ্রাপ্ত ইঞ্জিনিয়রভিন্ন গমনাগমন করিলে দণ্ডের কথা।]

১১ ধারা। এই আইনের অধীন যে ষ্টীমর বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত প্রদেশের নদনদীতে কি জলে গমনাগমন করে, ঐ ষ্টীমরের কলের অধ্যক্ষতার ভার যাঁহার প্রতি অর্পিত হয় তিনি যদি কর্ম্মের সর্টিফিকট কিম্বা কর্ম্ম যোগ্যতার

[*Government Gazette, 5th May* 1868.]

an Engineer possessing a Certificate of Service or a Certificate of Competency, shall be liable to a fine not exceeding five hundred Rupees.

[Withdrawal of Certificate.]

XII. It shall be lawful for the Lieutenant-Governor, or such Board or authority as aforesaid, in case of the misconduct, negligence, or incompetency of any Engineer possessing a Certificate of Competency, or a Certificate of Service, to cancel such Certificate, or to suspend the same for such time as to him or them shall seem fit.

[English Certificates to be available.]

XIII. Every Engineer's Certificate of Competency or Service, which may be granted by any competent authority in the United Kingdom, shall have, in all respects, the same validity and effect as if the same had been granted under the provisions of this Act.

[Certificates to be made in duplicate.]

XIV. All Certificates, whether of Competency or Service, shall be made in duplicate, and one part shall be delivered to the person entitled to the Certificate, and the other shall be kept and recorded as the Lieutenant-Governor shall direct. A note of all orders made for cancelling, suspending, altering, or otherwise affecting any Certificate in pursuance of the powers herein contained, shall be entered in the record of Certificates.

[Copy of Certificate to be delivered.]

XV. Whenever any Engineer proves to the satisfaction of the Lieutenant-Governor, or such other authority as aforesaid, that he has, without fault on his part, lost or been deprived of any Certificate already granted to him, a copy of the Certificate to which, by the record so kept as aforesaid, he appears to be entitled, shall be delivered to him, and shall have all the effect of the original.

[Short Title.

XVI. In citing this Act it shall be sufficient to use the expression, "The Steam Boat Survey Amendment Act 1868."

[Commencement of Act.]

XVII. This Act shall commence and take effect, as to Sections X and XI upon the 1st day of September 1868, and as to the residue thereof, on the 1st day of May 1868.

[Construction of Act.]

XVIII. This Act shall be read together with and as part of, the said Act V of 1862.

সর্টিফিকটপ্রাপ্ত ইঞ্জিনিয়র না হন, তবে সেই ষ্টীমরের স্বামির এবং অধ্যক্ষের পাঁচ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

[সর্টিফিকট নিবৃত্ত করিবার কথা।]

১২ ধারা। যে ইঞ্জিনিয়র কর্ম্মযোগ্যতার সর্টিফিকট কিম্বা কর্ম্মের সর্টিফিকট প্রাপ্ত হন, তিনি কোন সময়ে অন্যায়াচরণ কিম্বা শৈথিল্য করিলে কিম্বা অযোগ্যতা প্রকাশ করিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত বোর্ড কি কার্য্যকারক ঐ সর্টিফিকট ব্যর্থ করিতে পারিবেন কিম্বা তিনি কি তাঁহারা যত কাল বিহিত বোধ করেন তত কাল তাহা স্থগিত রাখিতে পারিবেন ইতি।

[ইঙ্গলণ্ডীয় সর্টিফিকটের সফলতার কথা।]

১৩ ধারা। কোন ইঞ্জিনিয়র সংযুক্ত রাজ্যের অন্তর্গত উপযুক্ত ক্ষমতাপন্ন কোন ব্যক্তির স্থানে কর্ম্মযোগ্যতার কি কর্ম্মের যে সর্টিফিকট প্রাপ্ত হন, তাহা সর্ব্বতোভাবে এই আইনের বিধানমতে প্রাপ্ত সর্টিফিকটের ন্যায় সিদ্ধ ও সফল হইবে ইতি।

[সর্টিফিকট দুইং থান করিয়া লিখিবার কথা।]

১৪ ধারা। কর্ম্মযোগ্যতার কিম্বা কর্ম্মের যে সকল সর্টিফিকট দেওয়া যায় তাহা দুইং থান করিয়া খিলিতে হইবে। যিনি সর্টিফিকট পাইবার স্বত্ত্ববান তাহাকে এক প্রস্থ দেওয়া যাইবে, ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যদ্রূপ আজ্ঞা করেন অন্য প্রস্থ তদ্রূপ রাখিতে ও লিখিয়া রক্ষা করিতে হইবে। এই আইনলিখিত ক্ষমতানুযায়ি যে আজ্ঞাক্রমে কোন সর্টিফিকট ব্যর্থ কি স্থগিত কি পরিবর্ত্তন করা যায় কিম্বা তাহার অন্য প্রকারে লাভ কি ক্ষতি হয়, সর্টিফিকট লিখিবার বহীতে সেই সকল আজ্ঞার মর্ম্মাত্মক কথাও লিখিতে হইবে ইতি।

[সর্টিফিকটের প্রতিলিপি দিবার কথা।]

১৫ ধারা। কোন ইঞ্জিনিয়র কোন সর্টিফিকট পাইয়াছেন কিন্তু তাহার কোন দোষভিন্ন সেই সর্টিফিকট হারাইয়াছে কিম্বা তাহা অপহৃত হইয়াছে, এমত স্থলে তিনি শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের হৃদ্বোধমতে সেই বিষয়ের প্রমাণ করিলে, তাঁহাকে যে সর্টিফিকট পাইবার স্বত্ত্ববান জানা গেল, পূর্ব্বোক্ত যে বহী রাখা যায় তাহাহইতে সেই সর্টিফিকটের প্রতিলিপি দেওয়া যাইবে। ও তাহা আদিম সর্টিফিকটের তুল্য ফলবৎ হইবে ইতি।

[সংক্ষেপ নামের কথা।]

১৬ ধারা। এই আইনের উল্লেখ করিলে, "ষ্টীমপোতের অবস্থানুসন্ধান সংশোধন করিবার ১৮৬৮ সালের আইন" নামে উল্লেখ করিলেই হয় ইতি।

[আইন প্রচলিত হইবার তারিখের কথা।

১৭ ধারা। এই আইনের ১০ ও ১১ ধারার পক্ষে এই আইন ১৮৬৮ সালের সেপ্টেম্বর মাসের ১ দিবস ও অবশিষ্টাংশ ১৮৬৮ সালের মে মাসের ১ দিবসাবধি আরম্ভ হইয়া প্রবল হইবে ইতি।

[আইনের অর্থের কথা।]

১৮ ধারা। এই আইন ১৮৬২ সালের উক্ত ৫ আইনের সহিত তাহার অংশস্বরূপে পাঠ করিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

It was at the Meeting of the Council held on the 18th April proposed that the following Sections should be introduced :—

[Power to inveisitigate cause of explosions.]

Whenever any explosion shall occur on board of any Steam Vessel subject to this Act, it shall be lawful for the Lieutenant-Governor, if he shall think fit, to direct that investigation of the cause of such explosion be made.

[Power to remove portions of engines for investigation.]

Every person authorized by the Lieutenant-Governor to make such investigation may enter into and upon such Steam Vessel with all necessary workmen and laborers, and remove any portion of such Steam Vessel, or of the machinery thereof, for the purpose of such investigation, and shall report the cause of such explosion.

[Expense of investigations.]

The expense of making such investigation shall in the first place be paid from the public Treasury, but in case the person making such investigation shall report that such explosion occurred in consequence of any negligence or misconduct of the owners of such Steam Vessel, or of their servants, the amount of such expense so paid may be recovered from them as if the same were a fine imposed under the authority of this Act.

[Act not to apply to private steam boats.]

Nothing in Act V of 1862 or in this Act contained shall apply to Steamers which do not ply for hire with passengers or goods, or as Steam Tugs.

J. PITT KENNEDY,
Asstt. Secy. to the Government of Bengal,
(*Legislative Dept.*)

CIRCULAR ORDER BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(CRIMINAL SIDE.)

No. 3.

From C. D. FIELD, ESQ., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces,—(dated Calcutta, the 16th April 1868.)

THE Court direct that in future blank Statements be not sent up with the quarterly Returns,

আপ্রিল মাসের ১৮ দিবসে মন্ত্রিসভার অধিবেশন হইলে, নিম্নলিখিত ধারা সংযোগ করিবার প্রস্তাব হইয়াছে।

[শব্দ করিয়া ফাটিবার হেতুর অনুসন্ধান লইবার ক্ষমতার কথা।]

যদি এই আইনের অধীন কোন ষ্টীমরে হঠাৎ কোন বিষয় শব্দ করিয়া ফাটে, তবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিহিত বোধ করিলে, তাহার হেতুর অনুসন্ধান লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অনুসন্ধান লইবার জন্যে কলের কোন অংশ সরাইয়া রাখিবার ক্ষমতার কথা।]

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তদ্রূপ অনুসন্ধান লইবার জন্যে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি প্রয়োজনীয় সকল কর্ম্মকারক ও মজুর লইয়া সেই জাহাজে ও তাহার ভিতরে যাইতে পারিবেন এবং তদ্রূপ অনুসন্ধান লইবার জন্যে ঐ ষ্টীমরের কিম্বা তাহার কলের কোন অংশ সরাইয়া দিতে পারিবেন ও ফাটিবার হেতুর রিপোর্ট করিবেন ইতি।

[অনুসন্ধান লইবার খরচের কথা।

তদ্রূপ অনুসন্ধান লইবার খরচ প্রথমে রাজ কোষহইতে দেওয়া যাইবে। কিন্তু ঐ বিষয় ষ্টীমরের স্বামিদের কি চাকরদের কোন শৈথিল্য কি অন্যায়াচার প্রযুক্ত ফাটিল ঐ অনুসন্ধানকারী যদি এইমত রিপোর্ট করেন, তবে উক্ত যে খরচ দেওয়া গিয়াছে তাহা তাহারদের স্থানে আদায় হইতে পারিবে। এই আইনক্রমে অর্থদণ্ড হইলে তাহা আদায় করিবার যে উপায়, ঐ খরচও সেই উপায়ে আদায় হইবে।

[সাধারণ ব্যক্তির ষ্টীমপোতের প্রতি এই আইন না বর্ত্তিবার কথা।]

যে ষ্টীমর ভাড়া লইয়া স্থানে২ চড়নদারদিগকে কিম্বা মাল লইয়া যায় কিম্বা যাহা ষ্টীম টগ হয় ১৮৬২ সালের ৫ আইনের ও এই আইনের কোন কথা তদ্ভিন্ন কোন ষ্টীমরের প্রতি বর্ত্তিবে না।

জে পিট কেনিডী।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

৩ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের ফৌজদারী সকল কর্তৃপক্ষের নিকট বঙ্গপ্রভৃতি দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুক্ত সি ডি ফীল্ড সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬৮ সাল ১৬ আপ্রিল।

হাই কোর্টের সাহেবেরা আজ্ঞা করিয়াছেন যে ত্রৈমাসিক রিটর্ণের সহিত যে বিবরণপত্র পাঠাইবার আজ্ঞা

as they only cumber the Office. Whenever, therefore, the Whipping Statement or the Statement of Solitary Confinement is blank, a note to that effect will be entered at the back of the Statement No. 1 to 5 in the column of remarks, and the blank Statements will not be sent up.

By Order, of the High Court,

(Signed) C. D. FIELD,
Registrar.

আছে তাহাতে যদি কোন কথা লেখা না থাকে, তবে পাঠাইতে হইবে না। পাঠাইলে কেবল দফ্তরের স্থান যোড়া হয়। অতএব যদি কশাঘাতের কি নির্জ্জনে কারাবদ্ধ হওয়ার বিবরণপত্রে কোন কথা লেখা না থাকে তবে ১ অবধি ৫ পর্য্যন্ত বিবরণপত্রের পৃষ্ঠে মন্তব্য কথার ঘরে সেই কথা লিখিতে হইবে। শাদা বিবরণপত্র পাঠাইতে হইবে না।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

NOTIFICATION.

PUBLIC.

Fort William, the 25th April 1868.

No. 2050.

A vacancy having occurred in the Council of the Governor General by the departure to Europe otherwise than on sick leave of the Right Honorable W. N. MASSEY, and the Honorable SIR RICHARD TEMPLE, K. C. S. I., having been appointed by Her Majesty to be an Ordinary Member of the Council of the Governor General of India, has this day taken the oaths and his seat in the said Council under the usual salute.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

হোম ডিপাটমেণ্ট।

বিজ্ঞাপন।

সাধারণ।

ফোর্ট উলিয়ম, ১৮৬৮ সাল ২৫ আপ্রিল।

২০১০ নম্বর।

মহিমবর শ্রীযুত ডবলিউ এন মাসি সাহেব পীড়ার ছুটী ভিন্ন অন্য ছুটী লইয়া ইউরোপে গমন করাতে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার এক সভাসদ শূন্য হইয়াছে এবং শ্রীশ্রীমতী মহারাণী মান্যবর শ্রীযুত সর রিচার্ড টেম্পাল সাহেবকে, কে, সি, এস, আই, ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার নয়মিক সভাসদের পদে নিযুক্ত করাতে তিনি অদ্য শপথ গ্রহণপূর্ব্বক উক্ত সভায় আসন গ্রহণ করিলে নিয়মিত তোপধ্বনি হইল।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রটারী।

NOTIFICATION.

The Viceroy and Governor General will leave the Presidency by Special Train at 5 o'clock on the afternoon of Friday, the 1st May.

His Excellency will remain during the—
2nd and 3rd at Bankipore,
4th at Allahabad,
5th at Delhi,
6th at Umballa, and
7th at Kussowlie.

The Viceroy will arrive in Simla on the morning of Saturday, the 9th May.

By Command,

SEYMOUR BLANE, *Lieut.-Col.,*
Mily. Secy. to the Viceroy.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৫ মে।]

বিজ্ঞাপন।

রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব মে মাসের ১ তারিখ শুক্রবার অপরাহ্ণ বেলা ৫ ঘণ্টার সময়ে রাজধানীহইতে বিশেষ রেল গাড়িতে যাত্রা করিয়া

২ ও ৩ তারিখে বাঁকিপুরে,
৪ ,, আলাহাবাদে,
৫ ,, দিল্লীতে,
৬ ,, অম্বালায় ও
৭ ,, কসৌলীতে

অবস্থিতি করত মে মাসের ৯ তারিখ শনিবার প্রাতঃকালে শিমলায় উপস্থিত হইবেন।

আজ্ঞাক্রমে,

সিমর ব্লেন্, লেপ্টেনেণ্ট কর্ণেল,
রাজপ্রতিনিধির মিলিটারী সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1835.

APPOINTMENTS.

The 22nd April 1868.

Mr. N. H. Thomson to officiate as First Judge of the Calcutta Court of Small Causes, during the absence, on leave, of Mr. G. S. Fagan, or until further orders.

Mr. R. C. Perry to be Sub-Registrar of Assurances of the Sub-District of Rungpore, having its Head-Quarters at the Sudder Station of the District of Rungpore.

Lieutenant M. O. Boyd to be Sub-Registrar of Assurances of the Sub-District of Gowhatty, having its Head-Quarters at the Sudder Station of the District of Kamroop.

Baboo Koolodanund Mookerjee to be Principal Sudder Ameen of Kamroop.

The 23rd April 1868.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Comillah :—

Mr. A. W. Cochran.
„ A. Bedford.
Baboo Mohinee Mohun Burden, B. L.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Maldah :—

Major F. N. Miles.
Baboo Umbica Churn Roy Chowdry.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Balasore :—

Baboo Brindabun Chunder Mundul.
„ Juddoonath Seal.
Mr. S. W. Gerrard.
Baboo Kalee Persad Dutt.

Mr. T. H. Hockley, Superintendent, River Ganges Navigation Works, is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section 22, Act XXV. of 1861, within the Patna Division, for the purpose of trying cases under Act I. of 1867, connected with the navigation of the River Ganges between Dinapore and Allahabad.

Mr. R. Grant to officiate as Assistant Superintendent of Police, Palamow, during the absence, on leave, of Mr. J. S. C. Larminie, or until further orders.

The 24th April 1868.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Monghyr :—

Mr. H. Dear.
„ H. Garden.

[*Government Gazette, 5th May* 1868.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৮৩৫ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২২ আপ্রিল।

শ্রীযুত জি এস ফেগান সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত এন এচ তামসন সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রথম জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর সি পেরি সাহেব রঙ্গপুর সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন, উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান রঙ্গপুর জিলার সদর মোকামে হইবে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এম ও বয়ড সাহেব গৌহাটী সব-ডিষ্ট্রিকটের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন, উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান কামরূপ জিলায় সদর মোকাম হইবে।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখোপাধ্যায় কামরূপের প্রধান সদর আমীন হইবেন।

১৮৬৮ সাল ২৩ আপ্রিল।

নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লানগরে মুনিসিপল কমিসনর হইবেন।

শ্রীযুত এ ডবলিউ ককরান্ সাহেব।
„ এ বেডফর্ড সাহেব।
„ বাবু মোহিনীমোহন বৰ্দ্ধন বি এল,।

নিম্নলিখিত মহাশয়েরা মালদহের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

মেজর শ্রীযুত এফ, এন, মাইলস্ সাহেব।
শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী।

নিম্নলিখিত মহাশয়েরা বালেশ্বরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু বৃন্দাবনচন্দ্র মণ্ডল।
„ বাবু যদুনাথ শীল।
„ এস ডবলিউ জেরার্ড সাহেব।
„ বাবু কালীপ্রসাদ দত্ত।

গঙ্গানদীর নৌকাদি গমনাগমন কার্য্যের সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত টি এচ হকলি সাহেব ১৮৬৭ সালের ১ আইনমতে দানাপুর ও আলাহাবাদের মধ্যগত গঙ্গানদীতে নৌকার গমনাগমনীয় কার্য্যসংক্রান্ত মোকদ্দমার বিচারকরণার্থে পাটনা খণ্ডে ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্ট অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জে এস সি লার্ম্মিনি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব পালামৌয়ের পোলীসের আসিষ্টাণ্ট সুপারিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২৪ আপ্রিল।

নিম্নলিখিত মহাশয়েরা মুঙ্গেরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত এচ ডিয়র সাহেব।
„ এচ গার্ডেন সাহেব।

Baboo Bolakee Lall.
Sha Mohsin Ali.

Lieutenant H. M. Ramsay to officiate as Assistant Inspector-General of Police in that portion of the East Indian Railway, which lies within the jurisdiction of the Lieutenant-Governor of Bengal, during the absence, on leave, of Captain Q. D. Parsons, or until further orders.

The 27th April 1868.

Mr. R. H. G. Irvine to officiate as District Superintendent of Police of Moorshedabad, during the absence, on leave, of Captain W. L. N. Knyvett, or until further orders.

Mr. W. Cornish to officiate as District Superintendent of Police of Chumparun, during the absence, on leave, of Mr. J. M. E. Gouldsbury, or until further orders.

Mr. A. Yardley, Assistant Magistrate and Deputy Collector of Aurungabad, in Gya, is vested with the powers of a Collector under Act XXI. of 1867, within that Sub-Division.

Mr. W. H. D'Oyly to officiate as Magistrate and Collector of Bhaugulpore, until further orders.

Mr. A. Yardley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Gya, until further orders.

Moulavy Hameedooddeen Ahmed, Deputy Magistrate and Deputy Collector of Gya, is appointed to have charge of the Sub-Division of Aurungabad, during the absence, on deputation, of Mr. A. Yardley, or until further orders. In addition to the powers with which he is already vested in the District of Gya, Moulavy Hameedooddeen is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Lieutenant E. G. Lillingston to officiate, temporarily, as Deputy Commissioner of Lohardugga.

The 28th April 1868.

Moulavy Hossein Ali to officiate as Assistant Commissioner of Pakour, until the return of Mr. J. F. Blumhardt from leave, or until further orders.

Mr. E. J. Barton to officiate as Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs.

Mr. J. Boxwell to officiate as Joint-Magistrate and Deputy Collector of Pooree.

Mr. F. W. V. Peterson to officiate as Joint-Magistrate and Deputy Collector of Sylhet.

[*Government Gazette, 5th May* 1868.]

শ্রীযুত বলাকীলাল বাবু।
,, শাহ মহসীন আলী।

কাপ্তান শ্রীযুত কিউ, ডি, পার্সন্‌স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেন্ট শ্রীযুত এচ, এম রামসে সাহেব ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের যে অংশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের কর্তৃত্বাধীন সেই অংশের পোলীসের আসিস্টান্ট ইনিস্পেক্‌টর জেনরলের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২৭ আপ্রিল।

কাপ্তান শ্রীযুত ডবলিউ, এল এন নিবেট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর এচ জি অর্বিন সাহেব মুরাশিদাবাদের পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে, এম, ই গুলসবরি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ কর্ণিস সাহেব চাম্পারণের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

গয়ার অন্তর্গত আরঙ্গাবাদের আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেব উক্ত শাখাখণ্ডে ১৮৬৭ সালের ২১ আইনমতে কালেক্‌টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ভাগলপুরের মাজিষ্ট্রেটের ও কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত গয়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত মৌলবী হামিদুদ্দীন আহম্মদ আরঙ্গাবাদ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন, গয়া জিলাতে তাঁহার প্রতি যে ক্ষমতা অর্পিত আছে তদতিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার আবশ্যক তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ই, জি লিলিংষ্টন সাহেব কিয়ৎকালের নিমিত্তে লোহারডগার ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২৮ আপ্রিল।

শ্রীযুত জে এফ বুলমহার্ট সাহেবের ছুটী হইতে প্রত্যাগমন না করণ কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী হুসেন আলী পাকৌড়ের আসিষ্টান্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই জে বার্টন সাহেব ২৪ পরগনজাার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বক্সওয়েল সাহেব পুরীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ ডবলিউ, বি, পেটরসন সাহেব শ্রীহট্টের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

Mr. E. H. Ruddock, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Durbhungah, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and Deputy Collector in Tirhoot. Mr. Ruddock is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

LEAVE OF ABSENCE.

The 16th April 1868.

Mr. W. E. Ward, Officiating Joint-Magistrate and Deputy Collector of Burdwan, is allowed one week's leave under the Financial Resolution, dated the 24th September 1867, to enable him to present himself for examination by the Standard of High Proficiency in Bengali at the Examination to be held in Calcutta in July next.

The 21st April 1868.

Syed Azimooddeen Hossein, C. S. I., Deputy Magistrate and Deputy Collector of Patna, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may have availed himself of the leave.

The 22nd April 1868.

Mr. H. L. Oliphant, Deputy Commissioner of Lohardugga, for fifteen months, under Section 11 of the Covenanted Service Absentee Rules.

Mr. G. S. Fagan, First Judge of the Calcutta Court of Small Causes, for three months, from the 11th proximo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

The 23rd April 1868.

Mr. F. A. Dawson, Assistant Superintendent of Police, Cuttack, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Mr. H. Granville Sharp, Assistant Magistrate of Hooghly, is allowed one week's leave under the Financial Resolution, dated the 24th September 1867, to enable him to present himself for examination by the Standard of High Proficiency in Bengali at the Examination to be held in Calcutta in July next.

The 24th April 1868.

The three months' privilege leave, and the two months' additional leave, without pay, which were granted to Moulavy Iradut Ali, Principal

Of these Registers, Nos. 1 and 2 will have entries in them only when settlements or divisions are made over to the Sub-Divisional Officer.

Register No. 55 will be kept only when a pension is paid at the sub-division.

The form of Register No. 66 for sub-divisions should be simply (1) month, (2) numbers of cases decided in the month in numerical order, beginning with the lowest number. The cases should be arranged in the bundles in the same order.

For Rule 1, Section 1, page 214, substitute the following:—

The Registers prescribed by law, the Registers of separate accounts and deposits (Nos. 35 to 37), and Registers Nos. 54 and 76, should be written on the best English paper, and strongly bound. For the rest good ordinary printing paper will suffice.

The following should be added to the same Section as Rule 6:—

It is not necessary to open a new set of Registers every year. A Register should be used until it is full, a new series of entries being commenced each year. Blank Registers should not be kept at all, and all Registers that are kept should be neatly bound in khurwa cloth, and kept in good order.

No. 9.

At head of "Statement A" appended to Clause 11A, page 74 of the Board's Rules, the date should be specifid daily.

No. 10.

The Superintendent of Stationery has reported to the Board that Forms of Returns Nos. XXIX, XXX, XLII, and XLIII, for the Excise and License Tax, *Preliminary* and *Annual* Reports for 1867-68, have been forwarded to all District Officers in the Lower Provinces.

2. If in any District the forms have not been received as yet, the Superintendent of Stationery

অধীন প্রত্যেক পদে" এই কথা দিতে হইবে। ৬ ঘরে "ক্রীত দ্রব্য" এই শব্দের পর "নূতন দ্রব্য ক্রয় করিবার তারিখ" এই কথা দিতে হইবে।

২১৪ পৃষ্ঠার ১ অধ্যায়ের বিধির ৪ ধারার পরিবর্ত্তে এই ধারা দেও।

৪ ধারা। প্রত্যেক শাখাখণ্ডে এই২ রেজিষ্টর রাখিতে হইবে।

M রেজিষ্টর।

১ অবধি ২২ পর্য্যন্ত, ২৫ অবধি ২৮ পর্য্যন্ত, ৩১ অবধি ৩৩ পর্য্যন্ত, ৪৭, ৪৯, ৫০, ৫৫, ৬২, ৬৩, ৬৬, ৬৮ অবধি ৭১ পর্য্যন্ত, ৭৪, ৭৮, ৮১ ও ৯০ নম্বর।

বন্দোবস্তের কি বণ্টনের কার্য্য শাখাখণ্ডের কার্য্যকারকের হস্তে সমর্পণ করা গেলে, ঐ কথার মর্ম্ম এই সকল রেজিষ্টরের মধ্যে ১ ও ২ নং রেজিষ্টরে লিখিতে হইবে।

শাখাখণ্ডে কোন ব্যক্তির পেনস্যন দিতে হইলে ৫৫ নং রেজিষ্টর রাখিতে হইবে।

শাখাখণ্ডের নিমিত্ত ৬৬ নং রেজিষ্টরের কেবল এই সহজ পাঠ মানিতে হইবে। (১) মাস। (২) মাসে যত মোকদ্দমা নিষ্পত্তি হইল তাহা। অতি ক্ষুদ্র ছোট নম্বরে আরম্ভ করিয়া ক্রমশঃ লিখিতে হইবে সকল মোকদ্দমা নম্বরমতে নথীতে বাঁধিতে হইবে।

২১৪ পৃষ্ঠার ১ অধ্যায়ের বিধির ১ ধারার পরিবর্ত্তে এই কথা দিতে হইবে।

যে সকল রেজিষ্টর আইনদ্বারা অবধারিত হইয়াছে, তাহা এবং স্বতন্ত্র হিসাবের ও আমানতের (৩৫ অবধি ৩৭ পর্য্যন্ত) রেজিষ্টর এবং ৫৪ অবধি ৭৬ পর্য্যন্ত সকল নম্বরের রেজিষ্টর অত্যুত্তম ইংরেজী কাগজে লিখিত হইয়া দৃঢ়মতে বাঁধিতে হইবে। অন্য সকল রেজিষ্টর লিখিবার জন্যে মুদ্রাযন্ত্রে ব্যবহৃত সামান্য কাগজ চলিতে পারিবে।

ঐ অধ্যায়ের বিধির ৬ ধারা বলিয়া এই বিধি লিখিতে হইবে।

রেজিষ্টরের নূতন সেট প্রতিবৎসর করা আবশ্যক নাই। যতকাল রেজিষ্টর পূর্ণ না হয় ততকাল তাহাতে লিখিতে হইবে। কেবল প্রতিবৎসর ১ অবধি নূতন নম্বর আরম্ভ করিতে হইবে। যাহাতে কিছু লেখা না হয় এমত রেজিষ্টর রাখিতে হইবে না। যাহা রাখা যায় তাহা উত্তম খেরুয়া কাপড়ে বাঁধিয়া সুবিধামতে রাখিতে হইবে।

৯ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৭৪ পৃষ্ঠার ১১A ধারার সহিত "A চিহ্নিত যে বর্ণনাপত্র" সংযুক্ত আছে প্রতিদিন তাহার শিরোভাগে তারিখ লিখিতে হইবে।

১০ নম্বর।

আবকারী ও লাইসেন্স টাক্সের ১৮৬৭। ১৮৬৮ সালের প্রথম স্থলীয় ও বার্ষিক রিপোর্টের ২৯, ৩০, ৪২, ৪৩ নম্বরের রিটর্ণের পাঠ বঙ্গপ্রভৃতি দেশের সকল জিলার কর্ত্তৃপক্ষ সাহেবের নিকট পাঠান গিয়াছে, ষ্টেশনরির সুপারিন্টেণ্ডেণ্ট সাহেব বোর্ডের নিকট এই রিপোর্ট করিয়াছেন।

২। যদি কোন জিলাতে সেই পাঠ অদ্যাপি না পঁহুছিয়া থাকে, তবে ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট

should be addressed at once, and the Board informed simultaneously.

NOTIFICATION.

The 9th April 1868.

The following revised Regulations made by His Honor the Lieutenant-Governor of Bengal, pursuant to the provisions of Section 6, Act XX. of 1865, for conducting the examination of applicants for admission as Pleaders or Mooktears in the Mofussil Courts, subordinate to the High Court of Judicature at Fort William in Bengal, are published in supersession of those which appeared in the *Calcutta Gazette* of the 28th November 1866 :—

Regulations made by His Honor the Lieutenant-Governor of Bengal, pursuant to the provisions of Section 6, Act XX. of 1865, for conducting the examination of applicants for admission as Pleaders or Mooktears in the Mofussil Courts, subordinate to the High Court of Judicature at Fort William in Bengal.

For the higher grade of Pleaders.

1. In order to the ascertainment of the qualifications of candidates for admission as Pleaders in the Courts above-mentioned, the Lieutenant-Governor of Bengal will, from time to time, appoint Examiners, to be called Government Examiners of Pleaders. Such persons are hereinafter referred to as "the Government Examiners."

2. A local examination of candidates for the higher grade of Pleaders shall be held on such dates within the latter half of the month of January in each year, as shall be appointed and duly notified by the Government Examiners.

3. The local examination of candidates for Pleaderships of the higher grade shall be held at the Head-Quarters of the Division before a Local Committee, consisting of the Judge who shall preside, the Magistrate, and the Principal Sudder Ameen at that place, together with any other officer of Government whom the Lieutenant-Governor may think fit to appoint.

4. The examination shall be conducted in English.

5. There shall be an examination by written questions, and answers in writing thereto, and also a *viva voce* examination.

6. Previously to each examination the Government Examiners shall prepare written questions,

---

সাহেবের নিকট অগৌণে পত্র পাঠাইতে হইবে এবং তৎকালে বোর্ডকেও জানাইতে হইবে।

John Robinson, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৯ আপ্রিল।

যে ব্যক্তিরা বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের অধীন মফঃসল আদালতে উকীল ও মোখ্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করেন, তাঁহারদের পরীক্ষা করিবার যে বিধি ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হইয়াছিল, বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেলেন্ট গবর্ণর সাহেব তাহা রহিত করিয়া ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারার বিধানমতে নিম্নলিখিত সংশোধিত বিধি করিয়াছেন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের অধীন মফঃসল আদালতে যে ব্যক্তিরা উকীল কি মোখ্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করেন, বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারামত তাঁহারদের পরীক্ষা নির্ব্বাহ করিবার এই নির্দ্ধারণ করিয়াছেন।

উচ্চ শ্রেণীর উকীলদিগের বিধি।

১। যে ব্যক্তিরা পূর্ব্বোক্ত আদালতে উকীলস্বরূপ গ্রাহ্য হইবার আকাঙ্ক্ষা করেন, তাঁহারদের কর্ম্মোপযোগিতা নির্ণয় করণাভিপ্রায়ে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেলেন্ট গবর্ণর সাহেব সময়ে২ পরীক্ষকদিগকে নিযুক্ত করিবেন। তাঁহারা Government Examiners of Pleaders, (অর্থাৎ উকীলদিগের পরীক্ষার জন্যে গবর্ণমেন্টকর্তৃক নিযুক্ত পরীক্ষক) নামে খ্যাত হইবেন।

২। গবর্ণমেন্ট-পরীক্ষকেরা প্রতিবৎসর জানুআরি মাসের শেষার্দ্ধের মধ্য কোন২ দিন নিরূপণ করিয়া তাহার উপযুক্ত সম্বাদ দিবেন। সেই২ দিনে স্থান বিশেষে উচ্চ শ্রেণীর একালতী পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা হইবে।

৩। উচ্চ শ্রেণীর একালতী পদাকাঙ্ক্ষিদের উক্ত পরীক্ষা দেশখণ্ডের সদর স্থানে স্থানীয় কমিটীর সাক্ষাতে হইবে। ঐ স্থানের জজ সাহেব ও মাজিষ্ট্রেট সাহেব এবং প্রধান সদর আমীন, এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব গবর্ণমেন্টের অন্য যে কোন কার্য্যকারককে নিযুক্ত করা বিহিত বোধ করেন, ইহাঁদিগকে লইয়া কমিটী হইবে। জজ সাহেব সভাপতি হইবেন।

৪। ইংরেজী ভাষায় পরীক্ষা হইবে।

৫। লিখিত প্রশ্ন দ্বারা পরীক্ষা হইয়া তাহার লিখিত উত্তর লওয়া যাইবে। তদ্ভিন্ন বাচনিক পরীক্ষাও হইবে।

৬। প্রত্যেক বার পরীক্ষা হইবার পূর্ব্বে গবর্ণমেন্ট-পরীক্ষকেরা লিখিত প্রশ্নের ন্যূন কল্পে তিন খানি পত্র

of which there shall be not less than three papers; and one paper shall embrace the subjects of Criminal Law and Procedure.

7. Each paper shall contain twelve questions. The number of marks to which a candidate shall be entitled for a full answer shall be separately fixed for each question by the Government Examiners and shall be specified upon the paper of questions.

8. The aggregate number of marks for full answers to the whole of the twelve questions shall be 160.

9. The full number of marks for the *vivâ voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

10. The written questions, and also the questions, which shall be put at the *vivâ voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Clause 2, Section 6 of the Rules passed by the High Court, for the qualification, admission, and enrolment of Pleaders and Mooktears in Mofussil Courts, and published in the *Calcutta Gazette* of the 9th of May 1866; and they shall be so prepared that a candidate may be enabled to pass by studying the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects in the said Clause. Where two or more Text Books are mentioned in the alternative, the questions shall be framed in such a manner that they can be answered by persons who have studied any one of such Text Books.

11. The written questions shall be sent by the Government Examiners to the Registrar of the High Court, who shall forward them to the President of the Local Committee of Examiners.

12. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers to the written questions, shall be determined by the Government Examiners. The number of marks to which each candidate shall be entitled for his answers at the *vivâ voce* examination shall be determined by the Local Committee.

13. To be entitled to pass as a Pleader of the higher grade, a candidate must obtain not less than 100 marks in each of the three written papers, and not less than 30 marks in the *vivâ voce* examination.

14. A candidate who shall obtain not less than 80 marks in each of the written papers and not less than 20 marks in the *vivâ voce* examination shall become qualified as a Pleader of the lower grade.

15. After the local examination shall have been concluded, the Committee shall forward to

প্রস্তুত করিবেন। এক পত্রেতে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের প্রশ্ন থাকিবে।

৭। প্রত্যেক পত্রে দ্বাদশটি প্রশ্ন থাকিবে। প্রত্যেক প্রশ্নের সম্পূর্ণ উত্তর দিলে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত হইবে গবর্ণমেন্ট-পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন। ও প্রশ্নের পত্রে তাহা নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন।

৮। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

৯। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তর হইলে ৫০ অঙ্ক পাত হইবে।

১০। হাই কোর্টের সাহেবেরা মফঃসল আদালতের প্লীডর ও মোক্তারদিগের কর্ম্মোপযোগিতার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে বিধি প্রণয়ন করিয়া ১৮৬৬ সালের মে মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করেন, সেই বিধির ৬ ধারার ২ প্রকরণে যে২ বিষয়ের উল্লেখ হইয়াছে পরীক্ষার্থে ঐ লিখিত এবং বাচনিক প্রশ্নের এমত ভাব হইবে যে পদাকাঙ্ক্ষিদের সেই২ বিষয়ের জ্ঞানানুভূতি হয়। ও সেই প্রশ্ন এমন প্রস্তুত করিতে হইবে যে উক্ত প্রকরণের নির্দ্দিষ্ট বিষয়ের পার্শ্বে যে২ আইন ও বিধান ও পুস্তকের উল্লেখ হইয়াছে তাহা আলোচনা করিলে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইতে পারেন। যদি দুই কি অধিক পুস্তকের উল্লেখ হইয়া স্বেচ্ছামতে অন্যতর পুস্তকের আলোচনা হইতে পারে, তবে সেই প্রশ্ন এমত লিখিতে হইবে যে উক্ত অন্যতর পুস্তক আলোচনা করিলে প্রশ্নের উত্তর দেওয়া যাইতে পারে।

১১। গবর্ণমেন্ট-পরীক্ষকেরা ঐ লিখিত প্রশ্ন হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পাঠাইবেন; তিনি স্থানীয় পরীক্ষক কমিটীর অধিপতির নিকটে প্রেরণ করিবেন।

১২। লিখিত প্রশ্নের উত্তর দেওয়া গেলে পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ কি ন্যূন যত অঙ্কপাত করিতে হইবে গবর্ণমেন্ট-পরীক্ষকেরা তাহা নিরূপণ করিবেন। বাচনিক পরীক্ষার উত্তরের জন্যে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত হইবে স্থানীয় কমিটী তাহা নিরূপণ করিবেন।

১৩। কোন পদাকাঙ্ক্ষী লিখিত তিন পত্রের প্রত্যেক পত্রেতে ১০০ অঙ্কের ন্যূন ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্কের ন্যূন পাইলে উচ্চ শ্রেণীর উকীলস্বরূপ উত্তীর্ণ হইবেন না।

১৪। কোন পদাকাঙ্ক্ষী লিখিত প্রত্যেক পত্রের উপলক্ষে ৮০ অঙ্কের অন্যূন ও বাচনিক পরীক্ষাতে ২০ অঙ্কের অন্যূন প্রাপ্ত হইলে তিনি নিম্ন শ্রেণীর উকীলের পদযোগ্য হইবেন।

১৫। স্থানীয় পরীক্ষা সমাপ্ত হইলে পর কমিটী হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের দ্বারা গবর্ণমেন্ট-

[*Government Gazette*, 12*th May* 1868.]

the Government Examiners, through the Registrar of the High Court, the answers of the several candidates to the written questions, together with a certificate, signed by the President of the Local Committee, of the number of marks awarded to each candidate in the *vivâ voce* examination; whereupon the Government Examiners shall proceed to examine the answers to the written questions and determine what number of marks each candidate shall receive for such answers, and they shall declare as to each candidate whether, according to the Rules above laid down, he has or has not passed the examination; provided that the Local Committee shall not be bound to forward to the Government Examiners the written answers of any candidate, who shall fail to obtain 20 marks in the *vivâ voce* examination.

16. As soon as the examination shall have been concluded, the Government Examiners shall submit a report of their proceedings to the Registrar of the High Court, who shall transmit the same to the Government. Certificates will be granted to the successful candidates. They will be signed by one of the Government Examiners in Calcutta, and will be forwarded by the Registrar of the High Court for distribution by the Presidents of the Local Committees.

17. The names of the successful candidates shall be published in the *Government Gazette*.

Examinations for the lower grade of Pleaders.

18. An examination shall be held once in each year, at each Zillah Station, on such dates within the latter half of the month of January, as shall be appointed and duly notified by the Government Examiners.

19. The examination shall be conducted in English, or in the Vernacular of the District, at the option of the candidate.

20. The examination shall be held by the Zillah Judge, assisted, if he think fit, by any subordinate Judicial or Magisterial Officer whom he may call in.

21. Previously to each examination the Government Examiners shall prepare not less than two written papers of questions, of which one shall embrace the subjects of Criminal Law and Procedure, and one those of Civil Law and Procedure; and shall forward them to the Zillah Judge.

22. There shall also be a single *vivâ voce* examination conducted by the Judge, with the assistance provided in Rule 20, if he think fit to call in such assistance.

23. There shall be twelve questions on each paper. The number of marks to which a

পরীক্ষকেরদের নিকটে প্রত্যেক পদাকাঙ্ক্ষির ঐ লিখিত প্রশ্নের উত্তর এবং বাচনিক পরীক্ষাতে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত হইয়াছে স্থানীয় কমিটির অধিপতির স্বাক্ষরিত সেই বিষয়ের সর্টিফিকট পাঠাইবেন। তাহা হইলে গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা লিখিত প্রশ্নের উত্তর সমালোচন করিয়া ঐ উত্তরের উপলক্ষে যাঁহার নামে যত অঙ্কপাত হইবে তাহা নিরূপণ করিয়া পূর্ব্বোক্ত বিধিমতে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে ইনি পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিবেন। কিন্তু কোন পদাকাঙ্ক্ষী বাচনিক পরীক্ষা দিয়া যদি ২০ অংক পাইতে না পারেন, তবে স্থানীয় কমিটী গবর্ণমেণ্ট-পরীক্ষকেরদের নিকটে তাঁহার লিখিত উত্তর পাঠাইবেন না।

১৬। সমালোচন সমাপ্ত হইলে পর গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবকে আপনারদের কার্য্যের রিপোর্ট দিবেন, তিনি গবর্ণমেণ্টে তাহা পাঠাইবেন। যে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হন তাঁহারদিগকে সর্টিফিকট দেওয়া যাইবে। কলিকাতায় গবর্ণমেণ্ট-পরীক্ষকদের মধ্যে এক ব্যক্তি তাহাতে স্বাক্ষর করিবেন, এবং স্থানীয় কমিটির সভাপতি সাহেবের দ্বারা বিলি হইবার জন্যে হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব তাঁহার নিকটে ঐ সকল সর্টিফিকট পাঠাইবেন।

১৭। পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নাম গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যাইবে।

নিম্ন শ্রেণীর উকীলদের পরীক্ষার বিধি।

১৮। গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা প্রতিবৎসর একবার অর্থাৎ জানুআরি মাসের শেষার্দ্ধের মধ্য কোন২ দিন নিরূপণ করিয়া তাহার উপযুক্ত সম্বাদ দিবেন। সেই২ দিনে প্রত্যেক জিলার সদর মোকামে পরীক্ষা হইবে।

১৯। ঐ পরীক্ষা পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার প্রচলিত ভাষায় হইবে।

২০। জিলার জজ সাহেব পরীক্ষা গ্রহণ করিবেন। তিনি উচিত বোধ করিলে অধীন কোন দেওয়ানী কি ফৌজদারী কর্ত্তৃপক্ষকে সহায়স্বরূপ আহ্বান করিবেন।

২১। প্রত্যেকবার পরীক্ষা হইবার পূর্ব্বে গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা লিখিত প্রশ্নের ন্যূনকল্পে দুই পত্র প্রস্তুত করিয়া জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের ও অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্যবিধানের প্রশ্ন থাকিবে।

২২। তদ্ভিন্ন জজ সাহেব বাচনিক একটি পরীক্ষা লইবেন ও উচিত বোধ করিলে স্বীয় সাহায্যার্থে ২০ ধারার বিধিমতে সহায়কে আহ্বান করিবেন।

২৩। প্রত্যেক পত্রে দ্বাদশটি প্রশ্ন থাকিবে। এক২ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে পদাকাঙ্ক্ষির নামে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১২ মে।]

Candidates hall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

24. The aggregate number of marks for full answers to the whole of the twelve questions shall be 160.

25. The full number of marks for the *vivâ voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

26. The written questions, and also the questions put at the *vivâ voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 18 of the Rules passed by the High Court, for the qualification, admission, and enrolment of Pleaders and Mooktears in the Mofussil Courts abovementioned, and they shall be so prepared that a candidate may be enabled to pass by studying the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects in the said Section.

27. To be entitled to pass, a candidate must obtain 100 marks at least in each of the written papers, and 30 marks in the *vivâ voce* examination.

28. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as to those put at the *vivâ voce* examination, shall be determined by the Judge with such assistance as abovementioned, if called in; and the Judge shall thereupon declare as to each candidate whether he has or has not passed the examination, and report the result, *i. e.*, the names of the successful candidates and the number of marks obtained by each, to the Registrar of the High Court, who shall lay it before the Government Examiners, and on their approval transmit the same to the Government. The Government Examiners shall have authority to correct any irregularities or misapprehensions in the conduct of the examination, which require such correction, and to report to Government any points which may deserve attention.

29. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette*. After which certificates signed by the Judge shall be distributed to them.

EXAMINATION OF MOOKTEARS.

30. The examination of Mooktears, under Section 34 of the abovementioned Rules passed by the High Court, shall be held by the Zillah Judge in every District, assisted, if he think fit, by any subordinate Judicial or Magisterial Officer whom he may call in. Candidates for admission as Mooktears in Districts where there is no resident Judge will be examined by the Judge

যত অঙ্কপাত করিতে হইবে গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণকালে তাহা পৃথকরূপে লিখিবেন।

২৪। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

২৫। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তরের ৫০ অঙ্কপাত হইবে।

২৬। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত মফঃসল আদালতে উকীল ও মোক্তারদিগের কর্ম্মোপযোগিতার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ১৮ ধারাতে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে পরীক্ষার্থে ঐ লিখিত এবং বাচনিক প্রশ্নেরও এমন ভাব হইবে যে পদাকাঙ্ক্ষিদের সেইং বিষয়ের জ্ঞানানুভূতি হয়, ও সেই প্রশ্ন এমন প্রস্তুত করিতে হইবে যে উক্ত ধারার নির্দ্দিষ্ট বিষয়ের পার্শ্বে যেং আইন ও বিধান ও পুস্তকের উল্লেখ হইয়াছে তাহা আলোচনা করিলে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইতে পারেন।

২৭। লিখিত প্রত্যেক পত্রের নিমিত্ত ১০০ অঙ্ক ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্ক পাত না হইলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইবেন না।

২৮। লিখিত প্রশ্নের এবং বাচনিক পরীক্ষার উত্তরের উপলক্ষে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ অঙ্ক কি ন্যূন অঙ্কপাত হইবে, পূর্ব্বোক্ত সহায় ব্যক্তি আহূত হইলে জজ সাহেব তাঁহার সহায়তাক্রমে এই কথা নিরূপণ করিবেন। এবং প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন, ইনি হন নাই, ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঐ পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। বিশেষতঃ যে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইয়াছেন তাঁহাদের নাম, এবং প্রত্যেক জনের নামে যত অঙ্কপাত হইয়াছে তাহা জ্ঞাত করিবেন। রেজিষ্ট্রার সাহেব গবর্ণমেণ্ট-পরীক্ষকদের সম্মুখে তাহা অর্পণ করিবেন, ও তাঁহাদের অনুমোদন হইলে গবর্ণমেণ্টে প্রেরণ করিবেন। যদি পরীক্ষার কার্য্য চলনে কোন নিয়মভঙ্গ কি ভ্রান্তি হইয়া থাকে, তবে তন্মধ্যে যাহা সংশোধন করা কর্ত্তব্য গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা তাহা সংশোধন করিতে সক্ষম আছেন এবং কোন বিষয়ে গবর্ণমেণ্টের মনোযোগ করা কর্ত্তব্য হইলে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

২৯। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। তৎপরে তাঁহারদিগকে জজ সাহেবের স্বাক্ষরিত সার্টিফিকট দেওয়া যাইবে।

মোক্তারদের পরীক্ষার বিধি।

৩০। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ৩৪ ধারামতে প্রত্যেক জিলার জজ সাহেব মোক্তারেরদের পরীক্ষা লইবেন। তিনি উচিত বোধ করিলে সাহায্যের নিমিত্তে অধীন কোন দেওয়ানী কি ফৌজদারী কর্ত্তৃপক্ষকে আহ্বান করিবেন। যে জিলাতে জজ সাহেব অবস্থিত না হন যদি এমত জিলার কোন ব্যক্তি মোক্তারের পদ পাইতে চাহেন, তবে ঐ স্থানের মাজিষ্ট্রেটী পদ যে জিলার

of the Zillah to which the Magistracy is subordinate.

31. The examination shall be held once in each year, on such dates within the first half of February, as shall be appointed and duly notified by the Government Examiners, and shall consist partly of questions in writing and partly of a *vivâ voce* examination.

32. The examination shall be conducted in English, or in the Vernacular of the District, at the option of the candidate.

33. Previously to each examination the Government Examiners shall prepare not less than two written papers of questions, of which one shall embrace the subjects of Criminal Law and Procedure, and one those of Civil Law and Procedure and shall forward them to the Judge.

34. There shall also be a single *vivâ voce* examination in all the above subjects.

35. There shall be six questions on each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be fixed separately by the Government Examiners and specified upon the paper of questions.

36. The aggregate number of marks for full answers to the whole of the six questions on each paper shall be 160.

37. The full number of marks for the *vivâ voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

38. The written questions, and also the questions put at the *vivâ voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 34 of the aforesaid Rules.

39. To be entitled to pass, a candidate must obtain 100 marks at least in each of the written papers, and 30 in the *vivâ voce* examination.

40. The number of marks, whether full or less than full, which each candidate shall receive for his answers, as well to the written questions as to those put at the *vivâ voce* examination, shall be determined by the Judge, who shall thereupon declare as to each candidate whether he has or has not passed the examination, and report the result, *i. e.*, the names of the successful candidates and the number of marks obtained by each, to the Registrar of the High Court, who shall lay it before the Government Examiners, and on their approval transmit the same to the Government. The Government Examiners shall have authority to correct any irregularities or misapprehensions in regard to the

অধীন থাকে সেই জিলার জজ সাহেব পরীক্ষা লইবেন।

৩১। গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা ফেব্রুআরি মাসের প্রথম অর্দ্ধাংশের মধ্য কোন দিন নিরূপণ করিয়া সেই দিনের উপযুক্ত সম্বাদ দিবেন। প্রতিবৎসর সেই একবার পরীক্ষা হইবে। অংশতঃ লিখিত ও অংশতঃ বাচনিক প্রশ্নদ্বারা পরীক্ষা হইবে।

৩২। পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার চলিত ভাষায় পরীক্ষা হইবে।

৩৩। প্রত্যেকবার পরীক্ষা হইবার পূর্ব্বে গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা লিখিত প্রশ্নের ন্যূনকল্পে দুই পত্র প্রস্তত-করিয়া জজ সাহেবের নিকটে পাঠাইবেন। এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের, অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্য বিধানের প্রশ্ন থাকিবে।

৩৪। উক্ত সকল বিষয়ে একটি বাচনিক পরীক্ষাও হইবে।

৩৫। প্রত্যেক পত্রে ছয় প্রশ্ন থাকিবে। একং প্রশ্নের সম্পূর্ণ উত্তরের উপলক্ষে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত করা যাইবে গবর্ণমেণ্ট-পরীক্ষকেরা তাহা নিরূপণ করিয়া প্রশ্নের কাগজে তাহা নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন।

৩৬। ছয় প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১১০ অঙ্ক হইবে।

৩৭। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে ন্যূনকল্পে চারি প্রশ্ন করা যাইবে, তাহার সম্পূর্ণ উত্তর হইলে ৫০ অঙ্ক হইবে।

৩৮। পূর্ব্বোক্ত বিধির ৩৪ ধারাতে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে, ঐ লিখিত এবং বাচনিক পরীক্ষার প্রশ্নের এমন ভাব করিতে হইবে যে সেইং বিষয়ে পদাকাঙ্ক্ষিরদের জ্ঞানানুভূতি হয়।

৩৯। লিখিত প্রত্যেক পত্রে ১০০ শত অঙ্কের ন্যূন ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্কের ন্যূন হইলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইবেন না।

৪০। লিখিত ও বাচনিক পরীক্ষাতে প্রশ্নের উত্তরোপলক্ষে যে পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ কি ন্যূন যত অঙ্কপাত হইবে তাহা জজ সাহেব নিরূপণ করিবেন। ও প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। বিশেষতঃ যে পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইয়াছেন তাঁহারদের নাম, এবং প্রত্যেক জনের নামে যত অঙ্কপাত হইয়াছে তাহা জ্ঞাত করিবেন। রেজিষ্ট্রার সাহেব গবর্ণমেণ্ট-পরীক্ষকদের সম্মুখে তাহা অর্পণ করিবেন, ও তাঁহারদের অনুমোদন হইলে গবর্ণমেণ্টে প্রেরণ করিবেন। যদি পরীক্ষার কার্য্যক্রমে কোন নিয়মভঙ্গ কি ভ্রান্তি হইয়া থাকে, তবে তন্মধ্যে যাহা সংশোধন করা কর্ত্তব্য গবর্ণমেণ্ট পরীক্ষকেরা তাহা সংশোধন করিতে সক্ষম আছেন এবং কোন বিষয়ে

conduct of the examination which may require such correction, and to report to Government any points which may deserve attention.

41. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette.* After which certificates signed by the Judge shall be distributed to them.

General Rule.

42. No candidate will be allowed to enter the examination room with any books or private memoranda, and any one found attempting to do so, will forfeit all fees paid by him and will not be permitted to undergo examination. Any candidates detected in the act of using unfair means, such as communicating with each other, or copying from their neighbours or from private memoranda or books, &c., will be summarily ejected from the examination room, and shall forfeit all benefit to be derived from the previous portion of the examination and all right to proceed further together with all fees paid by them.

গবর্ণমেণ্টের মনোযোগ করা কর্ত্তব্য হইলে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

৪১। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। তৎপরে তাঁহারদিগকে জজ সাহেবের স্বাক্ষরিত সর্টিফিকট দেওয়া যাইবে।

সাধারণ বিধি।

৪২। উক্ত পদাকাঙ্ক্ষি কোন ব্যক্তি কোন পুস্তক কি স্মরণার্থক কোন লিপি লইয়া পরীক্ষার ঘরে যাইতে পারিবেন না। কোন ব্যক্তি তাহা করিবার চেষ্টা করিয়া ধরা পড়িলে, পূর্ব্বে যে সকল ফী দিয়াছেন তাহা রাজস্বত হইবে, ও তাঁহাকে পরীক্ষা দিবার অনুমতি হইবে না। যদি কোন ব্যক্তি পরীক্ষাকালে অন্য কোন ব্যক্তির সঙ্গে বলাবলি করেন কিম্বা যিনি নিকট বসিয়াছেন তাঁহার কাগজ দেখিয়া কিম্বা আপনার স্মরণার্থক লিপি কি পুস্তকাদি দেখিয়া লেখেন কিম্বা তদনুরূপ কোন অন্যায় কার্য্য করেন, তবে ধরা পড়িলেই তাঁহাকে তৎক্ষণাৎ পরীক্ষার ঘরহইতে তাড়িয়া দেওয়া যাইবে। ও তৎপূর্ব্বে পরীক্ষার দ্বারা তাঁহার যে উপকার হইতে পারিত তাহাও রহিত হইবে। ও সেই কালে আর পরীক্ষা দিতে পারিবেন না, ও তিনি যে ফী দিয়াছেন তৎসমুদয় রাজস্বত হইবে।

The following Orders issued by the Government of India, in the Financial Department, are republished for general information :—

No. 2164.

The 20th April 1868.

***Resolution by the Government of India, Financial Department** (Separate Revenue—Assessed Taxes.)*

The Governor General of India in Council, in accordance with the authority given him under Section 35 of Act IX of 1868, is pleased to prescribe the following rules for the guidance of Officers in matters connected with the enforcement of the said Act.

1. Owing to the exemption of all persons whose annual profits are less than Rs. 500, the number of persons required to take out certificates under Act IX of 1868 will be about one-fifth the number required to take out licenses under Act XXI and XXIX of 1867. The work performed and the experience gained under the License Tax Act will greatly diminish the labor and difficulty of carrying out the Certificate Act. The Governor General in Council therefore hopes that excepting in the Presidency towns and some few of the larger towns in India, the provisions of the Act will be carried out by the ordinary executive officers of Government and their subordinates without extra assistance or special establishments.

[*Government Gazette, 12th May* 1868.]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে নিম্নলিখিত যে আজ্ঞা প্রচার করিয়াছেন তাহা সর্ব্বসাধারণের জানিবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

২১৬৪ নম্বর।

১৮৬৮ সালে ২০ আপ্রিল।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট অবধারিত টাক্সসংক্রান্ত পৃথক রাজস্ব বিষয়ক এই নির্দ্ধারণ করিয়াছেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৮ সালের ৯ আইনের ৩৫ ধারাক্রমে যে ক্ষমতা প্রাপ্ত হইলেন, তদনুসারে তিনি উক্ত আইন প্রবলকরণসংক্রান্ত কার্য্যকারকদের কার্য্যসাধনের নিম্নলিখিত বিধি করিয়াছেন।

১। যে ব্যক্তিদের আয় বৎসর ৫০০৲ টাকার ন্যূন হয়, তাঁহাদের টাক্স লাগিবে না এই হেতুক ১৮৬৭ সালের ২১ ও ২৯ আইনমতে যাঁহাদের অনুমতিপত্র লইতে হইয়াছিল তাঁহাদের সংখ্যা অপেক্ষা যাঁহারা ১৮৬৮ সালের ৯ আইনমতে সর্টিফিকট লইবেন, তাঁহাদের সংখ্যা পাঁচ অংশের এক অংশ পর্য্যন্ত ন্যূন হইবে। লাইসেন্স টাক্স অনুসারে কর্ম্ম সম্পাদন হইয়া যে জ্ঞানলাভ হইয়াছে তদ্দ্বারা সর্টিফিকটের আইন সফল করিবার পরিশ্রম ও আয়াস ন্যূন হইবে। এই হেতুক রাজধানী এবং ভারতবর্ষের অন্তর্গত বৃহৎ২ নগরভিন্ন অন্য সকল স্থানে ঐ আইনের বিধান সফল করিবার নিমিত্তে অতিরিক্ত সাহায্যের কিম্বা বিশেষ আমলাগণের প্রয়োজন হইবে না, যাঁহারা রাজসংক্রান্ত কর্ম্ম নির্ব্বাহ করিয়া থাকেন অধীন কর্ম্মকারক সহিত তাঁহারাই সেই কার্য্য করিতে পারিবেন, ও কোন স্থলে অতিরিক্ত

Where such extra assistance is necessary it will probably not be required for more than a few months.

2. The powers of Collector under the Act are primarily given to the Collector of land revenue, and the powers of a Commissioner to the Commissioner of land revenue.

The different powers of a Collector are as follows :—

- *1st.*—The determination of what persons are liable to take out certificates, and under which class of Schedule A each person is to be assessed, and the preparation of a list in accordance with such determination (Secs. 12 and 13).
- *2nd.*—The granting certificates and receiving payment for the same (Sec. 10).
- *3rd.*—The hearing and disposing of petitions objecting to the assessment (Secs. 14 and 15).
- *4th.*—The serving of notices on defaulters (Secs. 17 and 28).
- *5th.*—The prosecution of persons before the Magistrate—
  - (*a*) for not taking out a certificate (Sec. 17).
  - (*b*) for refusing to produce a certificate on demand (Sec. 18).
- *6th.*—The recovery of the tax by process of the revenue law (Sec. 29).

The Collector has also certain powers with respect to the assessment of Joint Stock Companies and their servants.

The powers of a Commissioner are confined to the hearing and deciding appeals from orders passed by the Collector on petitions of objection (Sec. 15).

Under Section 31, the Local Governments can confer *any* or *all* of these powers on any person other than the Collector and Commissioner of land revenue.

In determining what persons, if any, should be entrusted with any or all of the powers of a Collector or Commissioner, Local Governments will be guided by considerations of convenience to the tax-payers and the means at the disposal of Government for utilizing its own officers, or, where it may be necessary, non-official persons. It may be convenient, for instance, to confer the powers of a Collector, so far as regards the preparation of the list and the granting certificates, on one person, and to reserve the remaining powers for another. It may also sometimes be proper, while giving an officer power, to deter

সাহায্যের আবশ্যক হইলেও, কএক মাসের অধিক হইবে না, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই আশা হইতেছে।

২। আইনেতে কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা প্রথমে ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের প্রতি ও কমিসানরের যে ক্ষমতা তাহা ভূমির রাজস্বের কমিস্যনর সাহেবের প্রতি অর্পিত হইবে।

কালেক্টরের এই২ কার্য্য করিবার ক্ষমতা আছে।

- প্রথম। কোন্ ব্যক্তি সর্টিফিকট লইবার যোগ্য হন এবং A চিহ্নিত তফসীলের কোন্ শ্রেণীমতে প্রত্যেক জনের টাক্স ধার্য্য করিতে হইবে ইহা নিরূপণ করণ এবং ঐ নিরূপণানুসারে নির্ঘণ্ট প্রস্তুত করণ (১২ ও ১৩ ধারা)
- দ্বিতীয়। সর্টিফিকট প্রদান ও তজ্জন্যে টাকা গ্রহণ (১০ ধারা)
- তৃতীয়। যত টাকা টাক্স ধার্য্য হয় তাহার আপত্তিসূচক দরখাস্ত শ্রবণ ও নিষ্পত্তি করণ (১৪ ও ১৫ ধারা)
- চতুর্থ। বাকীদারদের নামে নোটিস দেওন। (১৭ ও ২৮ ধারা)
- পঞ্চম। (ক) সর্টিফিকট গ্রহণ না করা প্রযুক্ত (১৭ ধারা) ও
  (খ) সর্টিফিকট দেখাইবার আদেশ হইলে তাহা না দেখান প্রযুক্ত (১৮ ধারা)
  মাজিষ্ট্রেট সাহেবের নিকট ব্যক্তিদের নামে অভিযোগ করণ।
- ষষ্ঠ। রাজস্বসংক্রান্ত আইনের প্রণালীমতে টাক্স আদায় করণ (২৯ ধারা।)

জইন্ট ষ্টাক কোম্পানির ও তৎসংক্রান্ত কর্ম্মকারকদের টাক্স ধার্য্যকরণ বিষয়েও কালেক্টর সাহেবের কিছু ক্ষমতা আছে।

কমিসানরের এই মাত্র ক্ষমতা, কালেক্টর সাহেব আপত্তিসূচক দরখাস্তের উপর যে আজ্ঞা করেন তিনি সেই আজ্ঞার উপর আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন (১৫ ধারা)

৩১ ধারামতে স্থানীয় গবর্ণমেন্ট ভূমির রাজস্বের কালেক্টর ও কমিস্যনর ভিন্ন কোন ব্যক্তির প্রতি উক্ত ক্ষমতার মধ্যে সকল কিম্বা কোন ক্ষমতা প্রদান করিতে সক্ষম হন।

যদি অন্য ব্যক্তির প্রতি কালেক্টর কি কমিস্যনরের সকল কি কোন ক্ষমতা প্রদান করা হয়, তবে কি প্রকারের লোকদিগকে প্রদান করিতে হইবে, স্থানীয় গবর্ণমেন্ট টাক্স দাখিলদের স্বচ্ছন্দতা বিবেচনায়, এবং স্বীয় কর্ম্মকারকদিগকে ঐ কর্ম্মে নিযুক্ত করিবার কিম্বা আবশ্যক হলে আপনার কর্ম্মকারক ভিন্ন ব্যক্তিদিগকে কর্ম্ম দিবার যে সুযোগ থাকে ইহা বিবেচনা করিয়া সেই ক্ষমতার্পণ করিবেন। যথা স্থলবিশেষে নির্ঘণ্ট প্রস্তুত করিবার ও সর্টিফিকট দিবার যে ক্ষমতা কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তে তাহা এক ব্যক্তিকে এবং তাঁহার অন্য সকল ক্ষমতা অন্য ব্যক্তিকে প্রদান করা বিধেয় হইতে পারে। স্থলান্তরে কাহাকে কোন্ শ্রেণীভুক্ত করা উচিত ইহা নিরূপণের ভার এক ব্যক্তির

mine the classes in which each person is to be assessed to reserve to another officer the preparation of the list so far as regards some of the higher classes.

The Governor General in Council authorises Local Governments to entertain the necessary establishments in anticipation of the formal sanction, application for which should be made without delay.

3. To each person entrusted with any or all of the powers of a Collector or Commissioner there should, ordinarily, be assigned a definite portion of the district, in which he may exercise such powers. So soon as the Local Governments have determined what officers shall exercise any or all of the powers of a Collector and Commissioner in each district, or portion of a district, the preparation of the lists prescribed in Section 13 should be commenced. Although these lists will have no legal force until the 1st day of May, their preparation should not be delayed. Under the terms of Section 5 and 10, only one certificate is necessary for each person, however many professions or trades such person may exercise, and in how many soever places or districts. This certificate must be granted by the Collector of the district in which the principal place of business of such person is situate. The Collector must therefore, before determining the class in which any person is to be assessed, be careful to ascertain whether that person exercises or intends to exercise any profession or trade in any other place or district, and if so, he must communicate with the Collector of that district in order to form a fair estimate of the annual profits of such person, and to determine which is the principal place of business of such person. Section 33 sufficiently provides for the determination of any difference of opinion as to the district in which payment is to be made and the certificate granted. The Governor General in Council is pleased to declare, as a general rule, that the ordinary place of residence of the person assessed and, in the case of a firm, the ordinary place of residence of the head acting partner shall be held to be the principal place of business of such person or firm.

4. In determining the class in which any person is to be assessed, the Collector, while abstaining from inquisitorial proceedings and interrogations of the person himself, should avail himself of every proper means of arriving at a fair estimate of the truth. Besides his official subordinates, some of the respectable inhabitants of the town, such as the heads of trades and professions, will generally be able and willing to assist the Collector in the process of classificaiton.

প্রতি এবং উচ্চতর কোন২ শ্রেণীর নামের নির্ঘণ্ট করিবার ভার অন্যের প্রতি অর্পণ করা বিহিত হইতে পারে।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব স্থানীয় সকল গবর্ণমেণ্টকে এই অনুমতি প্রদান করিতেছেন যে তাঁহারা নিয়মিতরূপে অনুমতি প্রাপণাপেক্ষায় আবশ্যক কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিয়া অগৌণে সেই অনুমতি প্রার্থনা করেন।

৩। কালেক্টরের কি কমিস্যনরের কোন২ কিম্বা সমুদয় ক্ষমতা যে প্রত্যেক ব্যক্তিকে প্রদান করা যায়, তিনি জিলার যে অংশের মধ্যে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এমত বিশেষ অংশ নিরূপণ করা উচিত। প্রত্যেক জিলাতে কি জিলার অংশে কোন্ কার্য্যকারকদিগকে কালেক্টরের ও কমিস্যনরের সকল কি কোন ক্ষমতা দিতে হইবে, স্থানীয় নানা গবর্ণমেণ্ট ইহা নির্ণয় করিলেই ১৩ ধারার নির্দ্দিষ্ট নির্ঘণ্ট প্রস্তুত করণ কার্য্যের আরম্ভ করা কর্ত্তব্য। যদ্যপি আইনমতে সেই নির্ঘণ্ট মে মাসের ১ তারিখের পূর্ব্বে প্রবল না হয় তথাপি তাহার প্রস্তুত করণ কার্য্যের বিলম্ব করা উচিত নয়। ৫ ও ১০ ধারার নিয়মানুসারে, কোন এক ব্যক্তির যত বৃত্তি কি ব্যবসায় হউক ও যত স্থানের কি জিলার মধ্যে ঐ ব্যবসায়াদি করুন, তাঁহার কেবল এক সর্টিফিকটের আবশ্যক। ঐ ব্যক্তির প্রধান কার্য্যালয় যে জিলার মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেব ঐ সর্টিফিকট দিবেন। অতএব যে শ্রেণীভুক্ত করিয়া কোন ব্যক্তির টাক্স ধার্য্য করিতে হইবে, ইহা নিরূপণ করিবার পূর্ব্বে সেই ব্যক্তি অন্য কোন স্থানের কি জিলার মধ্যে কোন জীবিকাবৃত্তি কি ব্যবসায় চালাইতেছেন কি চালাইবার মনস্থ করেন কালেক্টর সাহেবের প্রথমে ইহা নির্ণয় করা আবশ্যক। যদি অন্য স্থানেও তাঁহার ব্যবসায় থাকে তবে সেই স্থানের কালেক্টর সাহেবের সঙ্গে উক্ত কালেক্টরের লিখন পঠন করিতে হইবে। তাহা করিলে তিনি সেই ব্যক্তির বার্ষিক লব্ধির যথার্থ নিরূপণ করিতে এবং তাহার প্রধান স্থান কোন্‌টা ইহা নির্ণয় করিতে পারিবেন। কোন্ জিলাতে টাকা দিতে হইবে ও কোন্ জিলাতে সর্টিফিকট লইতে হইবে এই বিষয়ের মতভেদ হইলে ৩৩ ধারাতে তাহা মিটাইবার যথোচিত নিয়ম হইয়াছে। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই সাধারণ বিধি করিতেছেন, যথা যাঁহার টাক্স ধার্য্য হয়, তিনি নিয়ত যে স্থানে বাস করেন এবং কুঠী হইলে সেই কুঠীর প্রধান কার্য্যাধ্যক্ষ অংশী যে স্থানে নিয়ত বাস করেন তাহাই ঐ ব্যক্তির কি কুঠীর কর্ম্মের প্রধান স্থান জ্ঞান করিতে হইবে।

৪। কোন ব্যক্তির যে শ্রেণীমতে টাক্স ধার্য্য করিতে হইবে, কালেক্টর সাহেব ইহা নির্ণয় করিতে উদ্যত হইয়া পরীক্ষকের ন্যায় পুঙ্খানুপুঙ্খরূপে সেই ব্যক্তিকে প্রশ্নাদি না করিয়া সত্যাবস্থার যথার্থ নিরূপণ করিবার উপযুক্ত উপায়মতে কার্য্য করিবেন। কার্য্যালয়ে আপন অধীন কার্য্যকারকের স্থানে কিছু২ জানিতে পারিবেন। তদ্ভিন্ন নগরের মধ্যে যাঁহারা বাণিজ্য ব্যবসায়ের শ্রেষ্ঠ লোক হন সম্ভ্রান্ত এমত কোন২ ব্যক্তি সাধারণমতে শ্রেণীবদ্ধ করিবার কার্য্যেতে কালেক্টর সাহেবের সাহায্য করিতে সক্ষম ও ইচ্ছুক হইবেন। যদি কোন ব্যক্তি

If any person volunteers information to the Collector either orally or by a written statement regarding his own annual profits, such information should be received and accepted *quantum valeat*.

5. In making any assessment of annual profits under Schedule A, the following profits must be left out of the account, that is to say: 1. Rents or profits from land or from houses, whether the recipients be proprietors, lessees, or cultivators. 2. Interest of money invested in the funds or any stock or otherwise, except in the case of bankers or money-dealers or where such interest arises in the course of the regular tranesations of any profession or trade.

6. The lists will be in the form 1 appended, the classes being kept separate. If any person or firm intends to exercise more than one trade or profession, each such trade or profession should be entered in column 3, and each place where each such trade or profession is intended to be exercised should be entered in column 4. For natives of India, the lists will be in the Vernacular. Separate lists will be made in English for Europeans, Eurasians, &c. If any person is removed from one class to another or entirely exempted, a note to that effect will be made in the column of remarks.

The notification (form 2) should be filed with the list, and a notification to like intent should be made public throughout the district or portion of the district to which the list refers.

7. Certificates will be granted in form 3. As it is necessary that all the places, in wich the certificate holder intends to exercise his profession or trade during the year of assessment, should be specified, the necessary information must be obtained at the time of application for the certificate. If it should then appear that the profits gained in any other place or district have been overlooked, the Collector will not grant the certificate until he has after due inquiry amended if necessary the list in respect of the class in which the applicant should be charged. In case a notice has been served, it may be necessary to serve a fresh notice fifteen days after such amendment if the new assessment has not meanwhile been paid.

8. A register should be kept in form 4 of all certificates granted, the particulars being filled up at the time of granting the certificate to which they refer. Separate registers should be kept for

স্বেচ্ছামতে বাচনিক কিম্বা লিখিত বর্ণনাদ্বারা কালেক্টর সাহেবকে আপনার বার্ষিক লব্ধির সকল কথা জানাইতে প্রস্তাব করেন, তবে সেই কথা গ্রাহ্য করা এবং যথাযোগ্যমতে স্বীকার করা উচিত।

৫। A চিহ্নিত তফসীলঅনুসারে বার্ষিক লব্ধির উপর টাক্স নির্দ্ধার্য্য করণ কালে এই২ লব্ধি ত্যাজ্য, যথা, ১। বাটী কি ভূমি হইতে যে ভাড়া কি কর প্রাপ্তি হয় তৎপ্রাপক ব্যক্তি অধিকারী হউন কিম্বা পাট্টাদার কি কৃষাণ হউন তাহা ত্যাজ্য। ২। ফণ্ডেতে কি কোন ষ্টাক প্রভৃতিতে যে টাকা গচ্ছিত থাকে তাহার সুদ ত্যাজ্য কিন্তু বণিকের ও পোদ্দারদের ঐ টাকার সুদ ত্যাজ্য নয়। এবং কোন বৃত্তির কি ব্যবসায়ের নিয়মিত কার্য্যক্রমে যে সুদ উৎপন্ন হয় তাহাও ত্যাজ্য নহে।

৬। এই বিধির শেষে যে২ পাঠ আছে নির্ঘণ্ট তাহার ১ নম্বরের পাঠে লিখিতে হইবে। শ্রেণী সকল স্বতন্ত্র রাখিতে হইবে। যদি কোন ব্যক্তি কি কুঠী দুই কি তদধিক বাণিজ্য কি ব্যবসায় চালাইবার মনস্থ করেন, তবে উক্ত প্রত্যেক বাণিজ্য কি ব্যবসায় ৩ ঘরে লিখিতে হইবে। এবং উক্ত প্রত্যেক বাণিজ্য কি ব্যবসায় যে প্রত্যেক স্থানে চালাইবার মনস্থ থাকে সেই স্থানের নাম ৪ ঘরে লিখিতে হইবে। ভারতবর্ষ জাত লোকদের উক্ত নির্ঘণ্ট দেশের প্রচলিত ভাষায় করা যাইবে। ইউরোপীয় ইউরেশীয় প্রভৃতি লোকদের পৃথক২ নির্ঘণ্ট ইঙ্গলণ্ডীয় ভাষায় করা যাইবে। যদি কোন ব্যক্তির নাম এক শ্রেণীহইতে উঠাইয়া অন্য শ্রেণীভুক্ত করা যায়, কিম্বা যদি তিনি সম্পূর্ণরূপে অব্যাহতি পান, তবে মন্তব্য কথার ঘরে সেই মর্ম্মাত্মক কথা লিখিতে হইবে।

২ নং পাঠের জ্ঞাপনপত্র নির্ঘণ্টপত্রের সহিত গাঁথিয়া রাখিতে হইবে এবং নির্ঘণ্ট যে জিলা কিম্বা জিলার যে অংশ সংক্রান্ত হয়, সেই মর্ম্মের জ্ঞাপনপত্র সেই জিলার কিম্বা সেই অংশের সর্ব্বত্র প্রচার করিতে হইবে।

৭। সর্টিফিকট ৩ নং পাঠে লিখিয়া দেওয়া যাইবে। যে বৎসরের টাক্স ধার্য্য হয় সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি সেই বৎসরের মধ্যে যে সকল স্থানে আপনার বাণিজ্য কি ব্যবসায় চালাইতে মনস্থ করেন, ইহা নির্দ্দিষ্ট করা আবশ্যক হওয়াতে যে সময়ে সর্টিফিকট পাইবার প্রার্থনা করা যায়, সেই সময়ে ঐ প্রয়োজনীয় সম্বাদও প্রাপ্ত হইতে হইবে। তৎকালে অন্য কোন স্থানে কি জিলাতে যে প্রাপ্তি হয় তাহা ভ্রান্তিক্রমে ছাড়া হইয়াছে ইহা যদি দৃষ্ট হয়, তবে যে শ্রেণীভুক্ত করিয়া প্রার্থকের টাক্স ধার্য্য করিতে হইবে, কালেক্টর সাহেব প্রয়োজনমত উপযুক্ত অনুসন্ধান করিয়া যতকাল ঐ শ্রেণীসম্পর্কে নির্ঘণ্ট সংশোধন না করেন, ততকাল সর্টিফিকট দিবেন না। যদি নোটিস পূর্ব্বে দেওয়া গিয়া থাকে তবে উক্ত প্রকারে সংশোধন করিলে পর পঞ্চদশ দিনের মধ্যে নূতন নোটিস দিবার আবশ্যক হইতে পারে। ইতিমধ্যে যদি নূতন হারানুসারে টাক্স দেওয়া যায় তবে নূতন নোটিস দিবার প্রয়োজন নাই।

৮। যে সকল সর্টিফিকট দেওয়া যায় ৪ নম্বরের পাঠে তাহার রেজিষ্টর রাখা উচিত। ঐ সর্টিফিকট যে বিশেষ কথা লক্ষ করিয়া দেওয়া যায় তাহা সর্টিফিকট দিবার সময়ে লিখিয়া দিতে হইবে। প্রত্যেক

each class of certificate, and different sets of registers for Native and European certificate holders. If subsequently any person is removed from one class to another or entirely exempted, the certificate should be amended or annulled, the fact being noted in the column of remarks in the register, and a new entry being made under the class to which the certificate has been removed.

9. Before passing orders on any petition of objection preferred under Section 15, the Collector must carefully examine the evidence presented by the petitioner, and call for such further evidence as may be mecessary to arrive at a proper decision in the case. The ascertained profits of the year of account preceding the year of assessment will be *primâ facie* the basis of the Collector's decision. Any special circumstances tending to prove that the profits of the year of assessment will materially differ from the profits of the previous year will be allowed due weight.

10. Against the gross receipts no deductions should be allowed on account of disbursements or expenses not wholly and exclusively incurred on account of the profession or trade in respect of the profits of which the assessment has been made, nor on account of the maintenance of the person himself, or his family, or domestic establishment, nor on account of any public or local rates, cesses, or taxes. Deductions from the gross receipts may be allowed on account of the following items of expenditure :—

Sums expended in the repairs of implements, utensils, or articles used solely for the purpose of the profession or trade, calculated on the average expenditure for the past three years.

Sums expended for insurance of the premises, implements, or stock of the profession or trade.

Rent paid for any premises used for such profession or trade, provided that if such premises shall not have been exclusively used for such profession or trade, a fair proportion only of such rent shall be deducted from the gross receipts.

Ten per cent. on the rack rent of such premises, on account of repairs, if such repairs are at the cost of the petitioner.

Sums expended in the payment of persons employed solely in such profession or trade.

The amount of any losses of the stock-in-trade.

The amount of any bad debts for the first time ascertained and written off as such during the year.

[*Government Gazette*, 12*th May* 1868.]

শ্রেণীর সর্টিফিকটের পৃথক রেজিষ্টর রাখিতে হইবে। এবং সর্টিফিকটপ্রাপ্ত এদেশীয় ও ইউরোপীয় লোকদের পৃথক২ রেজিষ্টর রাখিতে হইবে। তৎপরে যদি কোন ব্যক্তির নাম এক শ্রেণীহইতে অন্য শ্রেণীতে দেওয়া যায় কিম্বা একেবারে তুলিয়া ফেলা যায়, তবে সর্টিফিকট সংশোধন কি নিরাকরণ করিতে হইবে ও সেই কথা রেজিষ্টরের মন্তব্য কথার ঘরে লিখিতে হইবে। ও সর্টিফিকট যে শ্রেণীভুক্ত করা গেল সেই শ্রেণীমতে তাঁহার নাম নূতন লিখিতে হইবে।

৯। ১৫ ধারামতে আপত্তিসূচক দরখাস্ত করা গেলে, দরখাস্তকারী যে প্রমাণ উপস্থিত করেন কালেক্টর সাহেব অত্যন্ত মনোযোগপূর্ব্বক তাহা বিচার করিবেন এবং সেই বিষয়ের যথার্থ নিষ্পত্তি করিবার জন্যে অধিক যে প্রমাণের আবশ্যক হয় তিনি সেই প্রমাণ গ্রহণ করিবেন, পরে ঐ দরখাস্ত বিষয়ে আজ্ঞা প্রচার করিবেন। যে বৎসরের টাকুস ধার্য্য হয় তাহার পূর্ব্ব বৎসরের হিসাব অনুসারে যত প্রাপ্তি নির্দ্ধারিত হয়, তাহাই আপাততঃ কালেক্টর সাহেবের নিষ্পত্তির মূল হইবে। যে বৎসরের টাকুস ধার্য্য হইবে কোন বিশেষ গতিকপ্রযুক্ত সেই বৎসরের আয় পূর্ব্ব বৎসরের আয়হইতে অনেক ন্যূন কি অধিক হইবার সম্ভাবনা ইহার যে প্রমাণ দর্শান যায় তাহারও উপযুক্ত বিবেচনা করিতে হইবে।

১০। যে বৃত্তির কি ব্যবসারের আয় ধরিয়া টাকুস ধার্য্য হয় সম্পূর্ণরূপে ও কেবল সেই বৃত্তি কি ব্যবসায় হেতুক যে টাকা খরচ না হয় মোট আয়হইতে সেই টাকা বাদ দিবার, কিম্বা সেই ব্যক্তির কি তাঁহার পরিবারাদির কি ঘরের লোকপ্রভৃতির ভরণপোষণের টাকা কিম্বা রাজকীয় কি স্থানীয় রেট কি শুল্ক কি টাকুসের নিমিত্তে যে টাকা দেওয়া যায় তাহা বাদ দিবার অনুমতি হইবে না। নিম্নলিখিত হেতুতে যে টাকা খরচ হয়, মোট আয়হইতে সেই টাকা বাদ দিবার অনুমতি হইবে।

বৃত্তির কি ব্যবসায়ের কার্য্যে যে হেতিয়ার কি যন্ত্র কি দ্রব্য ব্যবহার হয় তাহা সারাইবার জন্যে পূর্ব্ব তিন বৎসরাবধি যত টাকা খরচ হইয়াছে গড় ধরিয়া এক বৎসরের তত খরচ বাদ দেওয়া যাইতে পারিবে।

বৃত্তি কি ব্যবসায় যে বাটীতে চলে সেই বাটীর ও উক্ত বৃত্ত্যাদির যন্ত্রাদির ও মালের বিমার নিমিত্তে যত টাকা খরচ হইয়াছে সেই টাকা।

ঐ বৃত্তির কি ব্যবসায়ের নিমিত্তে যে বাটীর ব্যবহার হয় তাহার ভাড়া। যদি সেই বৃত্তি কি ব্যবসায় ভিন্ন অন্য কার্য্যে সেই বাটীর ব্যবহার হইয়া থাকে, তবে মোট আয় হইতে ঐ ভাড়ার উপযুক্ত অংশ মাত্র বাদ দেওয়া যাইবে।

যদি দরখাস্তকারির খরচে সেই বাটীর মেরামত হয়, তবে মেরামতের জন্যে ঐ বাটীর উচ্চতম ভাড়ার উপর শত করা দশ টাকা।

কেবল সেই বৃত্তি কি ব্যবসায় সংক্রান্ত কর্ম্মকারকদের বেতনাদির জন্যে যে টাকা দেওয়া যায় তাহা।

বাণিজ্যসংক্রান্ত দ্রব্যের ক্ষতি হইলে তাহার মূল্য।

বৎসরের মধ্যে যে ঋণ প্রথমবার অসাধ্য নির্ণিত হইয়া খাতায় অসাধ্য বলিয়া লেখা গিয়াছে সেই ঋণের টাকা।

Sums paid during the year for insurance of the life of person assessed or his wife, not exceeding one-tenth of the said profits.

Under the present Act, on deductions from the Imperial Tax on account of Municipal Taxes can be authorized.

11. The Collector must write his final order on every petition of objection, and supply the petitioner with a copy of such order on plain paper with its date on his application for the same. A register (form 5) of petitions received and disposed of should be kept by each Collector.

12. If it should appear in the course of the investigation that the petitioner exercises any profession or trade in any other place or district, the Collector must, previous to passing final orders, make due inquiries as to the profits gained in that other place or district.

13. Commisioners will be guided by the above rules, so far as they may be applicable, in determining appeals from the Collector's orders. A register (form 6) of all appeals will be kept by each officer exercising the powers of a Commissioner.

14. In the case of persons commencing any profession or trade in the course of the year of assessment, it will be necessary for the Collector to estimate the *annual* profits of such persons. For this purpose the assessment should be delayed for a time in order that the Collector may be able to form a fair judgment as to the class in which such persons are to be charged. The Collector will then calculate what would be the probable profits for an entire year, and classify the person accordingly, entering his name in the list. The certificate will be granted on payment of one quarter, one half, three quarters, on the full tax of the class in which the person is so placed, according to the date on which the business was commenced. The decision of this date rests with the Collector under Section 12. It will be entered in the remark columns of the list (form 1) and register of certificates (form 4).

15. It will be observed that no notice can be served on a defaulter under Section 17 until at least fifteen days after the entry of his name in the list prepared under Section 13. Under no circumstances, therefore, can such notice be served before the 16th day of May. Notices will be in form 7. If the notice refer to the second instalment, it will be in form 8. A register of all such notices should be kept in form 9. Particular endeavours should be made to cause personal service of the notice. The mode in which the notice has been

যে ব্যক্তির টাকুস ধার্য্য হইলে তাঁহার কি তদীয় স্ত্রীর জীবনের উপর বিমাস্বরূপ উক্ত প্রাপ্তির দশংমাসের অনধিক যত টাকা বৎসরে দেওয়া যায় তাহা।

এই আইনঅনুসারে মুনিসিপাল টাকুস হেতুক রাজকীয় টাকুসহইতে কিছু বাদ দিতে হইবে না।

১১। কালেকুটর সাহেব আপত্তিসূচক দরখাস্তের উপর শেষ আজ্ঞা লিখিবেন, এবং দরখাস্তকারী প্রার্থনা করিলে তিনি শাদা কাগজে সেই আজ্ঞার প্রতিলিপি ও তাহার তারিখ লেখাইয়া তাঁহাকে দিবেন। যত দরখাস্ত প্রাপ্ত হওয়া ও নিষ্পত্তি করা যায়, প্রত্যেক কালেকুটর সাহেব (৫ নং পাঠে) তাহার রেজিস্টর রাখিবেন।

১২। দরখাস্তকারী অন্য কোন স্থানে কি জিলাতে কোন বৃত্তি কি ব্যবসায় চালাইতেছেন অনুসন্ধানকালে যদি ইহা দৃষ্ট হয়. তবে ঐ অন্য স্থানে কি জিলাতে কত লাভ হয়, শেষ আজ্ঞা করিবার পূর্ব্বে কালেকুটর সাহেবের সেই বিষয়ের যথোচিত সন্ধান লইতে হইবে।

১৩। কমিসানর সাহেবদের নিকট কালেকুটর সাহেবের আজ্ঞার উপর আপীল হইলে পূর্ব্বোক্ত বিধি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে তাঁহারা সেই পর্য্যন্ত সেই বিধিমতে ঐ আপীল নিষ্পত্তি করিবেন। যে প্রত্যেক কার্য্যকারক কমিসানরের ক্ষমতামতে কার্য্য করেন তিনি ৬ নম্বরের পাঠে সকল আপীলের রেজিস্টর রাখিবেন।

১৪। যে বৎসরের টাকুস ধার্য্য হয়, কোন ব্যক্তি সেই বৎসরের মধ্যে কোন বৃত্তি কি ব্যবসায় আরম্ভ করিলে, সেই ব্যক্তির বার্ষিক প্রাপ্তির অনুমান করা কালেকুটর সাহেবের আবশ্যক। তদ্রূপ ব্যক্তিদিগকে যে শ্রেণীভুক্ত করিয়া তাঁহাদের টাকুস ধার্য্য করিতে হইবে, কালেকুটর সাহেব ইহার যথার্থ বিচার করিতে পারেন এই নিমিত্তে কিঞ্চিৎকাল ঐ টাকুস ধার্য্য করণের বিলম্ব করা উচিত। পরে সম্পূর্ণ বৎসরের যত প্রাপ্তি সম্ভাবনা কালেকুটর সাহেব ইহার হিসাব করিয়া তদনুসারে তাঁহাকে শ্রেণীভুক্ত করিয়া তাঁহার নাম নির্ঘণ্টপত্রে লিখিয়া দিবেন। ঐ ব্যক্তির নাম যে শ্রেণীতে লেখা যায় তিনি যে তারিখে কর্ম্ম আরম্ভ করিয়াছেন তদনুসারে তাঁহার সেই শ্রেণীর সম্পূর্ণ টাকুসের চতুর্থাংশ কিম্বা অর্দ্ধেক কিম্বা তিন অংশ দিতে হইবে। কালেকুটর সাহেব ১২ ধারামতে তারিখ নির্দ্ধার্য্য করিবেন। এবং ১ নং পাঠের নির্ঘণ্টপত্রের ও ৪ নং পাঠের সর্টিফিকটের রেজিস্টরের মন্তব্য কথার ঘরে ঐ তারিখ লিখিতে হইবে।

১৫। ১৩ ধারামতে যে নির্ঘণ্টপত্র প্রস্তুত করা যায় কোন ব্যক্তির নাম তাহাতে লেখা গেলে পর ন্যূনকল্পে পঞ্চ দশ দিন গত না হইলে ১৭ ধারামতে বাকীদার বলিয়া তাঁহার নামে নোটিস দেওয়া যাইতে পারিবে না। এই কথা মনে রাখা কর্ত্তব্য। মে মাসের ১৬ তারিখের পূর্ব্বে তদ্রূপ নোটিস কখন দেওয়া যাইতে পারিবে না। ৭ নম্বরের পাঠে নোটিস লিখিতে হইবে। নোটিস যদি দ্বিতীয় কিস্তি সম্পর্কীয় হয়, তবে ৮ নম্বরের পাঠে লিখিতে হইবে। উক্ত প্রকারের সকল নোটিসের রেজিস্টর ৯ নম্বরের পাঠে রাখিতে হইবে। নোটিস যাঁহার নামে হয়, নিজ তাঁহাকেই তাহা দিবার

served should in all cases be entered in the register of notice. The Collector should be prepared to produce in case of necessity good evidence of the service of the notice. The form of notice (form 9) to be served upon defaulting Joint Stock Companies (form 10) is appended.

16. After the expiry of seven days from service of the notice, the defaulter may be prosecuted before the Magistrate. It will only be necessary for the Collector to prove the legal service of the notice, and it will not be competent to the Magistrate to make any further investigation or to enquire into the propriety of the assessment. It will be his duty, on being satisfied that the notice has been legally served and that the demand has not been paid, to award the full penalty of twice the demand. He has under the Act no power of mitigating this penalty.

17. The tax in this case having become a penalty, the option of paying by instalments or of objecting to the assessment will be lost. A register of prosecutions (form 11) before the Magistrate under Sections 17 and 18 should be kept.

18. The Local Governments will make rules for the recovery of the tax by revenue processes under Section 29, and prescribe the form of register for recording particulars of such processes.

19. The Magistrate will at once make over to the Collector all penalties recovered under Section 17, and the Collector will thereupon grant the necessary certificate. Fines under Section 18 will be dealt with as ordinary fines by a Magistrate under the Criminal Law.

20. Firms are to be assessed as persons, and the partners will not be liable as such to individual assessment. The above rules will therefore apply to firms as if they were persons.

21. Every Joint Stock Company has an option under the Act of paying Rs. 500 on each Branch or Agency in British India, or of paying one per cent. on the dividend declared by such Company during the year ending the 31st March previous to the year of assessment. Should a Joint Stock Company elect to pay on the dividend, it must, through the proper officer, on or before the 30th April, deliver a turn to the Collector, stating the amount of the said dividend. Where no such dividend was declared, the Company, by making a return to that effect, will be entitled to complete exemption from the tax. It follows that if any

বিশেষ যত্ন করা উচিত। নোটিস যে প্রকারে দেওয়া যায় এই কথা সর্ব্বদা নোটিসের রেজিষ্টরে লিখিতে হইবে ঐ নোটিস উপযুক্তমতে দেওয়া গিয়াছে আবশ্যক হইলে কালেক্টর সাহেবের ইহার প্রমাণ করিতে সক্ষম হওয়া উচিত। জাইণ্ট ষ্টাক কোম্পানি টাক্স না দিলে ৯ নম্বরের পাঠের যে নোটিস তাঁহাদের নামে দিতে হইবে তাহার ১০ নম্বরের পাঠ নিম্নভাগে দেওয়া যাইবে।

১৬। নোটিস দেওয়া গেলে পর সাত দিন গত হইলে মাজিষ্ট্রেট সাহেবের নিকট বাকীদারের নামে নালিশ হইতে পারিবে। নোটিস আইনমতে দেওয়া গিয়াছে কালেক্টর সাহেবের কেবল এই কথার প্রমাণ করিতে হইবে। মাজিষ্ট্রেট সাহেব অধিক অনুসন্ধান লইবার কিম্বা উপযুক্ত টাক্স অবধারিত হইয়াছে কি না এই বিষয়ের কোন সন্ধান লইবার ক্ষমতাপন্ন নহেন। নোটিস আইনমতে দেওয়া গিয়াছে ও দাওয়ার টাকা দেওয়া যায় নাই, ইহা হৃদ্বোধমতে জানিলে সম্পূর্ণ দণ্ড অর্থাৎ দাওয়ার দ্বিগুণ দণ্ডের আজ্ঞা করা তাঁহার কর্ত্তব্য। আইনমতে তাঁহার সেই দণ্ডের লাঘব করিবার ক্ষমতা নাই।

১৭। উক্ত স্থলে যখন টাক্স দণ্ড হইল তখন ইচ্ছা হইলে কিস্তি করিয়া দেওয়ার কিম্বা আপত্তি করিবার যে অনুমতি আছে তাহা রহিত হইবে। মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ১৭ ও ১৮ ধারাক্রমে যে অভিযোগ হয় ১১ নং পাঠে তাহার রেজিষ্টর রাখিতে হইবে।

১৮। স্থানীয় গবর্ণমেণ্ট ২৯ ধারানুসারে রাজস্ব আদায়ের কার্য্য প্রণালীমতে টাক্স আদায় করিবার বিধি করিবেন। এবং ঐ কার্য্যের বিবরণ লিখিয়া রাখিবার রেজিষ্টরের পাঠ নির্দ্দিষ্ট করিবেন।

১৯। ১৭ ধারামতে যে সকল দণ্ড আদায় করা যায় মাজিষ্ট্রেট সাহেব তাহা তৎক্ষণাৎ কালেক্টর সাহেবকে দিবেন। তাহা হইলে কালেক্টর সাহেব প্রয়োজনমত সর্টিফিকেট দিবেন। ফৌজদারী আইনমতে মাজিষ্ট্রেট সাহেবেরা সাধারণ অর্থদণ্ড লইয়া যে কার্য্য করেন ১৮ ধারামত অর্থদণ্ড লইয়া তদ্রূপ কার্য্য হইবে।

২০। ব্যক্তিদের ন্যায় কুঠীর টাক্স ধার্য্য হইবে এবং ব্যক্তিবিশেষের উপর যে টাক্স ধার্য্য হয় অংশিরা অংশিপ্রযুক্ত তজ্জন্যে দায়ী হইবেন না। অতএব কুঠীকেই ব্যক্তি বিবেচনা করিয়া পূর্ব্বোক্ত বিধি তৎপ্রতি বর্ত্তিবে।

২১। আইনমতে প্রত্যেক জাইণ্ট ষ্টাক কোম্পানি যদি ইচ্ছা করেন, তবে ব্রিটনীয় ভারতবর্ষে তাহার যত শাখা কি এজেন্সী থাকে তাহার প্রত্যেকের উপর ৫০০৲ টাকা দিতে পারিবেন, অথবা যে বৎসরের টাক্স ধার্য্য হয় তৎপূর্ব্ব মার্চ মাসের ৩১ তারিখ পর্য্যন্ত, এক বৎসরে যত টাকা ডিবিডেণ্ড প্রকাশ করিয়াছেন, তাহার উপর শতকরা ১ টাকা দিতে পারিবেন। যদি জাইণ্ট ষ্টাক কোম্পানি ডিবিডেণ্ডের উপর টাক্স দিতে স্থির করেন, তবে আপ্রিল মাসের ৩০ তারিখে কি তৎপূর্ব্বে কালেক্টর সাহেবকে উপযুক্ত কার্য্যকারকের দ্বারা রিটর্ণ দিবেন। উক্ত ডিবিডেণ্ড যত টাকার ছিল তাহা ঐ রিটর্ণে ব্যক্ত থাকিবে। যদি ডিবিডেণ্ড প্রকাশ না হইয়া থাকে, তবে কোম্পানি

Joint Stock Company commences business during the year of assessment, such Company by electing to pay on its dividend of the previous year may obtain exemption from the tax. The Governor General in Council is pleased to exempt all such Companies whether they make a return or not. Although in strictness no Joint Stock Company will be legally entitled to claim taxation at one per cent. on its dividend in lieu of paying Rs. 500 on each Branch or Agency, unless the return be delivered on or before the 30th April, Collectors are authorized to accept such return and to proceed to assessment thereon, if it be delivered within a reasonable time after that date, on good cause being shown for the delay. Joint Stock Companies have not the option of paying by instalments.

সেই মর্ম্মের রিটর্ণ করিলে টাক্সহইতে সম্পূর্ণ অব্যাহতি পাইতে পারিবেন। অতএব টাক্স যে বৎসরের হয়, যদি কোন জাইন্ট ষ্টাক কোম্পানি সেই বৎসরে কর্ম্ম আরম্ভ করিয়া পূর্ব্ব বৎসরের ডিবিডেণ্ডের উপর টাক্স দিবার মনস্থ প্রকাশ করেন তবে টাক্স হইতে অব্যাহতি পাইবেন। তদ্রূপ কোম্পানি রিটর্ণ করুন কি না করুন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই সকল কোম্পানিকে টাক্সহইতে অব্যাহতি দিতেছেন। বিধি দৃঢ়মতে মানিলে, কোন জাইণ্ট ষ্টাক কোম্পানি যদি আপ্রিল মাসের ৩০ তারিখে কি তৎপূর্ব্বে রিটর্ণ না দেন, তবে প্রত্যেক শাখার কি এজেন্টীর উপর ৫০০৲ টাকার পরিবর্ত্তে আইনমতে ডিবিডেণ্ডের উপর শতকরা এক টাকা টাক্স দিবার ক্ষমতার দাওয়া রাখিতে পারিবে না। তথাপি কালেক্টর সাহেবদের প্রতি এই অনুমতি হইয়াছে, যে সেই তারিখের পর উপযুক্ত সময়ের মধ্যে ঐ রিটর্ণ দিলে এবং বিলম্বের বিশিষ্ট কারণ দর্শাইলে, তাঁহার সেই রিটর্ণ গ্রাহ্য করিয়া তদনুসারে টাক্স ধার্য্য করণ কার্য্যে প্রবর্ত্ত হইবেন। জাইন্ট ষ্টাক কোম্পানির কিস্তি করিয়া টাক্স দিবার অনুমতি নাই।

22. The mode of assessment on official salaries having been entirely changed, all orders relating to such assessments under the License Tax Act or relating to refunds of the License Tax are cancelled as being inapplicable and unnecessary in the present state of the Law. Assessments on such salaries will be made in accordance with the provisions of Section 23 of Act IX of 1868 and the following rules.

২২। রাজকীয় পদসংক্রান্ত বেতনের উপর টাক্স ধার্য্য করণের নিয়মের সম্পূর্ণ পরিবর্ত্তন হইয়াছে। এই হেতুক লাইসেন্স টাক্সের আইনঅনুসারে ঐ টাক্স ধার্য্য করণের এবং লাইসেন্স টাক্স ফিরিয়া দেওনের যে সকল আজ্ঞা হইয়াছে, আইনের বর্ত্তমান অবস্থায় তাহা বর্ত্তে না ও অনাবশ্যক আছে বলিয়া সেই সকল আজ্ঞা রহিত করা গেল। ১৮৬৮ সালের ৯ আইনের ২৩ ধারার বিধান ও নিম্নলিখিত বিধিমতে ঐ বেতনের উপর টাক্স ধার্য্য হইবে।

23. No servant of Government is liable to taxation in that capacity if his pay be less than Rs. 1,000 per annum. Under the term 'pay' is included all pay and allowances of appointments, whether substantive, officiating, or temporary, excepting special sums allowed to meet disbursements on the public service (not being fixed monthly allowances ordinarily paid with the salary of an office or employment, whether the service for which such allowance is nominally granted be performed or not). All sums stopped under the authority of Government in the nature of payments to pension or annuity funds, to regimental mess or band funds, or the like should be deducted from the pay previous to assessment. Every servant of Government, therefore (with the exceptions prescribed in Section 3) whose net pay and allowances thus calculated amount to Rs. 83-5-4 per mensem, is liable to assessment on that net pay at the rate of one per cent. to be deducted at the time of payment by the Examiner of Claims, or other officer exercising the like functions.

২৩। গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের বেতন বৎসর ১০০০৲ টাকার ন্যূন হইলে তাঁহার টাক্স লাগিবে না। কর্ম্মপদ অবধারিত হইলে কিম্বা একটিং কি কিয়ৎকালীন হইলে সেই পদসংক্রান্ত সকল মাহিয়ানা ও উপরি টাকা "বেতন" শব্দের মধ্যে ধর্ত্তব্য। এবং কোন পদের কি কর্ম্মের বেতনের সহিত অবধারিত যে টাকা মাসেং দেওয়া যায় ও যে কর্ম্মের নিমিত্তে দেওয়া যায় সেই কর্ম্ম করা গেলে কি না গেলেও দেওয়া গিয়া থাকে ঐ টাকার উপর টাক্স লাগিবে, কিন্তু রাজকীয় কর্ম্মসংক্রান্ত কোন খরচের নিমিত্তে যে বিশেষ টাকা দেওয়া যায় তাহার টাক্স লাগিবে না। গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে পেনসানের কি আনুইটি ফণ্ডের কি সৈনিক ভোজের কি বাদ্যযন্ত্রের ফণ্ড প্রভৃতির নিমিত্তে যে সকল টাকা বেতন হইতে কাটিয়া লওয়া যায়, টাক্স ধার্য্য করিবার পূর্ব্বে তাহা বাদ দিতে হইবে। অতএব ৩ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন গবর্ণমেণ্টের যে প্রত্যেক কার্য্যকারক মাসেং নিট ৮৩৵৪ টাকা বেতন ও উপরি টাকা পান, তাঁহার সেই নিট বেতনের উপর শতকরা এক টাকার হিসাবে টাক্স লাগিবে। একজামিনর অফ ক্লেমস কিম্বা অন্য যে কার্য্যকারক ঐ কর্ম্ম সম্পাদন করেন বেতন দেওয়ার সময়ে তিনি ঐ টাক্স কাটিয়া লইয়া বেতনাদি দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১২ মে।]

24. Every such officer will keep a register in form 12 showing the deductions made on account of the tax under the Act.

২৪। আইনমত টাক্সের নিমিত্তে যত টাকা তদ্রূপে কাটিয়া লওয়া যায় উক্ত প্রত্যেক কার্য্যকারক ১২ নং পাঠে তাহার রেজিষ্টর রাখিবেন।

25. Any servant of Government who is allowed to exercise any other profession or a trade on his own account will be liable to separate assessment by the Collector under Schedule A, in respect solely of his profits from such profession or trade. In classifying such persons the Collector will entirely leave out of the account their official salaries, whether those salaries be less than Rs. 1,000 per annum, or equal or exceed that amount.

২৫। যদি গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক আপনার লাভার্থে অন্য কোন বাণিজ্য কি ব্যবসায় করিবার অনুমতি পান, তবে সেই বাণিজ্য কি ব্যবসায়হইতে তাঁহার যে প্রাপ্তি হয় কালেক্টর সাহেব A চিহ্নিত তফসীলমতে সেই প্রাপ্তির উপর তাঁহার স্বতন্ত্র টাক্স ধার্য্য করিবেন। তাঁহাদের রাজকীয় পদসংক্রান্ত বেতন বৎসর ১০০০৲ টাকা কি তাহার ন্যূন কি অধিক হউক, ঐ ব্যক্তিদিগকে শ্রেণীবদ্ধ করণ কালে কালেক্টর সাহেব তাঁহাদের সেই বেতনের কোন অংশ ধরিবেন না।

26. The case of persons holding employments under public institutions, such as Municipalities, the Asiatic Society, and the like, has not been specially provided for in the Act. Such persons are liable to assessment by the Collector under Schedule A. Collectors are authorized, however, to give such persons the option of being assessed in the same manner as servants of Government or servants of Companies at one per cent. on their salaries. In many cases this arrangement will be favorable to such persons in lessening the actual amount of tax, while in all cases there will be the advantage of the mode of payment by deductions from time to time, from their salaries, instead of payment in a lump sum or by two instalments.

২৬। মুনিসিপালিটি ও এসিয়াটিক সোসাইটিপ্রভৃতি রাজস্থাপিত বিদ্যাদির সভাতে যাঁহারা কর্ম্ম প্রাপ্ত হন তাঁহাদের পক্ষে আইনে কোন বিশেষ বিধান নাই। কালেক্টর সাহেব A চিহ্নিত তফসীলমতে তাঁহাদের টাক্স ধার্য্য করিতে পারিবেন। কিন্তু তাঁহারা যদি গবর্ণমেণ্টের কিম্বা কোন কোম্পানির কার্য্যকারকের ন্যায় বেতনের উপর শতকরা ১৲ টাকা টাক্স দিতে চাহেন, তবে কালেক্টর সাহেবদের প্রতি তাঁহাদের তদ্রূপ করিতে অনুমতি দিবার ক্ষমতা দেওয়া গিয়াছে। তাহা করিলে অনেক ব্যক্তির পক্ষে টাক্স কিছু ন্যূন হইয়া তাঁহাদের যৎকিঞ্চিৎ উপকার হইবে ও সকল ব্যক্তির পক্ষে এই লাভ হইবে যে, আপনারদের টাক্সের টাকা মোটে কিম্বা দুই কিস্তি করিয়া না দিয়া মাসে২ তাঁহাদের বেতনহইতে অল্প করিয়া দিবেন।

27. If any servant of Government has insured his life or that of his wife, he may make application to the Examiner of Claims or other officer whose duty it is to deduct the tax from his salary, and on proving to the satisfaction of that officer the amount of any payment made on account of such insurance during the year of assessment, he will be entitled to a refund of the tax on such payment. Provided that such payment, together with the fund subscriptions which may have been deducted from his salary and therefore exempted from assessment, does not exceed ten per cent. of the full salary. If it do so exceed ten per cent., refund will be disallowed on the excess.

২৭। গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক আপনার জীবনের কিম্বা আপন স্ত্রীর জীবনের উপর বিমা গ্রহণ করিলে, তিনি একজামিনর অফ ক্লেমসের নিকটে কিম্বা অন্য যে কার্য্যকারক বেতনহইতে টাক্স কাটিয়া লন তাঁহার নিকটে প্রার্থনা করিলে এবং যে বৎসরের উপর টাক্স ধার্য্য হইয়াছে, সেই বৎসরে ঐ বিমাপত্রের নিমিত্তে যত টাকা দিয়াছেন ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিলে তিনি সেই টাকার উপর টাক্স ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু এমন স্থলে প্রয়োজন যে, উক্ত হেতুতে তাঁহার দত্ত টাকা, এবং ফণ্ডের নিমিত্তে চাঁদা বলিয়া যত টাকা তাহার বেতনহইতে বাদ দেওয়া গিয়া থাকে তাহা সর্ব্বসুদ্ধ তাঁহার বেতনের উপর শতকরা দশ টাকার অধিক না হয়। যদি শতকরা দশ টাকার অধিক হয়, তবে তদূর্দ্ধ টাকার টাক্স ফিরিয়া পাইতে পারিবেন না।

28. On or before the 30th April, each Joint Stock Company, through its proper officer, is bound to deliver to the Collector a list of persons in its employ whose salaries on that date are at the rate of Rs. 1,000 or more per annum. This list will serve as a check on subsequent payments to be de-

২৮। যত জন কোন জাইন্ট ষ্টাক কোম্পানির নিকট কর্ম্ম করিয়া আপ্রিল মাসের ৩০ তারিখে বৎসর ১০০০৲ টাকা কি তাহার অধিক হারে বেতন পান, কালেক্টর সাহেবের নিকটে উপযুক্ত কার্য্যকারকেরদ্বারা উক্ত কোম্পানির সেই তারিখে কি তৎপূর্ব্বে তাঁহাদের নামের নির্ঘণ্ট পাঠাইতে হইবে। তাঁহাদের বেতন-

ducted from the salaries at the rate of one per cent. But it must be observed that if the rate of any such person's salary is altered during the year, the assessment will be made at one per cent. on the actual salary paid. The Collector will take steps to satisfy himself that such is the case. The Collector will make arrangements with the Companies as to the time and method of receiving the amount of deductions from the salaries of persons in their employ. The payments to the Collector should be made at least once a quarter, if monthly payments be found inconvenient.

29. If any person in the employ of a Joint Stock Company exercise some other profession or trade, he will be assessed by the Collector in respect solely of the profits of that profession or trade, under Schedule A, in the same manner or servants of Government exercising a profession as trade as prescribed in Rule 23.

30. If any person in the employ of a Joint Stock Company has insured his life or that of his wife, he may make application to the Collector of the district in which the principal place of business of the said Company is situate, and on proving to the satisfaction of the said Collector the amount of any payment made on account of such insurance during the year of assessment, he will be entitled to a refund of the amount of the tax on such payment. Provided that such refund do not exceed one-tenth of the amount of the tax paid by the said servant of a Company. Collectors will keep registers (form 13) of amounts received on account of assessments on servants of Companies and of refunds under this rule. In this register may be entered the servants of public bodies as Municipalities who have been similarly assessed.

31. In every case where the assessment is made at one per cent. on salaries or dividends, pies of the tax will be neglected. The salaries to be assessed will be those on account of and not those paid during the year of assessment. The first assessment therefore on Government officials and servants of Companies will be made on the salaries for the month of May.

32. All taxes collected under this Act, and all penalties recovered under Section 17, will be credited to the Government of India under the Budget head "Assessed Taxes." When the 2nd

হইতে শতকরা এক টাকার হিসাবে যত টাকা কাটিয়া দেওয়া যাইবে তাহাতে কোন ভ্রম হইলে ঐ নির্ঘণ্টদ্বারা ধরা যাইতে পারিবে। কিন্তু যদি বৎসরের মধ্যে তদ্রূপ কোন ব্যক্তির বেতনের পরিবর্ত্তন হয়, তবে যত টাকা বেতন পান তাহার উপর শতকরা এক টাকার হিসাবে টাক্স লওয়া যাইবে, এই কথা মনে রাখিতে হইবে। ও তদ্রূপই করা যাইতেছে কালেক্টর সাহেব ইহা নিশ্চয়মতে জানিবার উপায় করিবেন। কোম্পানির কর্ম্মকারকদের বেতনহইতে যে টাকা কাটিয়া লওয়া যায় যে সময়ে ও যেরূপে তাহা লইতে হইবে, কালেক্টর সাহেব ঐ কোম্পানির সঙ্গে ইহার নিয়ম করিবেন। মাসেং সেই টাকা দিলে যদি ক্লেশ হয়, তবে ন্যূনকল্পে তিনং মাসান্তর ঐ টাকা দিতে হইবে।

২৯। যদি জাইণ্ট ষ্টাক কোম্পানির কোন কর্ম্মকারক অন্য কোন বৃত্তি কি ব্যবসায় করিয়া থাকেন, তবে গবর্ণমেণ্টের কর্ম্মকারকগণ অন্য বৃত্তি কি ব্যবসায় করিলে এই বিধির ২৩ ধারামতে তাঁহারদের পক্ষে যদ্রূপ করা যাইবে কালেক্টর সাহেব তদ্রূপে A চিহ্নিত তফসীলমতে কেবল সেই ব্যবসায়ের কি বৃত্তির উপর টাক্স ধার্য্য করিবেন।

৩০। যদি জাইণ্ট ষ্টাক কোম্পানির কর্ম্মকারক আপনার জীবনের কিম্বা আপন স্ত্রীর জীবনের উপর বিমা গ্রহণ করিয়া থাকেন, তবে ঐ কোম্পানির প্রধান কার্য্যালয় যে জিলার মধ্যে থাকে তিনি সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে প্রার্থনা করিয়া, যে বৎসরের টাক্স ধার্য্য হইতেছে সেই বৎসরের মধ্যে বিমাপত্রের উপলক্ষে যত টাকা দিয়াছেন, উক্ত কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিলে ঐ দত্ত টাকার উপর যে টাক্স ধরা যায় তাহা ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু কোম্পানির উক্ত কর্ম্মকারকেরা যত টাকা টাক্স দেন, ঐ প্রতিদত্ত টাকা তাহার দশমাংশের অধিক না হয়। কোম্পানির কর্ম্মকারকদের টাক্সের টাকা বলিয়া কালেক্টর সাহেবেরা যে টাকা পান তাহার এবং এই বিধিমতে প্রতি দত্ত টাকার ১৩ নং রেজিষ্টর রাখিবেন। মুনিসিপালিটি প্রভৃতি রাজস্থাপিত যে সভার কর্ম্মকারকদের উপর টাক্স তদ্রূপে ধার্য্য হয়, তাঁহারদের নামও ঐ রেজিষ্টরে লিখিতে হইবে।

৩১। যে স্থলে বেতনের কি ডিবিডেণ্ডের উপর শতকরা এক টাকা টাক্স ধার্য্য হয় সেই স্থলে টাক্সের মধ্যে পাই ধরা যাইবে না। যে বৎসরের টাক্স ধার্য্য হয় সেই বৎসরে যে বেতন দেওয়া যাইবে তাহার উপর নয় কিন্তু সেই বৎসরের বেতনের উপর টাক্স ধার্য্য হইবে। অতএব যে মাসের বেতন দেওয়া যায় গবর্ণমেণ্টের ও কোম্পানির কর্ম্মকারকদের সেই বেতনের উপর প্রথম টাক্স লওয়া যাইবে।

৩২। এই আইনমতে টাক্সের যত টাকা সংগ্রহ হয় ও ১৭ ধারামতে দণ্ডের যত টাকা আদায় হয় তাহা বজেটে assessed tax (অর্থাৎ অবধারিত টাক্স) এই দফায় লিখিত হইয়া ভরতবর্ষের গবর্ণমেণ্টের নামে

instalment is paid in advance, the full tax will be credited, the discount being charged *per contra.*

33. Each Local Government will submit quarterly to the Government of India in the Financial Department, returns, in the forms 14 to 17. At the end of the year of assessment the annual return, form 18, will be sumitted. This return relates only to assessments under Schedule A. Joint Stock Companies assessed under Section 22, Government officials and servants of Companies assessed on their salaries will not be included in it. It should be prepared in two parts, one for Natives, and the other for Europeans, Eurasians, &c. It is essential that no deviation be made in any of these forms of returns to the Government of India, as it in intended to compile from them general returns for all India. With the annual returns the Governor General in Council will be glad to receive from each Local Government a general report on the administration of the Act.

34. The Governor General in Council is pleased to delegate to all Local Governments the power of making further rules subsidiary to these rules under Section 36 of the Act. Such further rules should be reported for sanction to the Governor General in Council.

ORDERED, that the foregoing Resolution be communicated to the other Departments of the Government of India, the several Local Governments and Administrations, the Comptroller General of Accounts, and the several Accountants General, and Deputy Accountants General in independent charge, and with the accompanying forms be published in the *Gazette of India.*

জমা হইবে। যদি দ্বিতীয় কিস্তির টাকা অগ্রিম দেওয়া যায়, তবে উক্ত খাতায় সম্পূর্ণ টাকুস জমা হইবে ও খরচের মধ্যে ডিসকৌণ্ট লেখা যাইবে।

৩৩। প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্ট তিন২ মাসে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিন্যান্সিয়ল ডিপার্টমেণ্টে ১৪ অবধি ১৭ পর্য্যন্ত পাঠের রিটর্ণ প্রেরণ করিবেন। যে বৎসরের টাকুস ধার্য্য হয় সেই বৎসরাবসানে ১৮ নম্বরের রিটর্ণ দেওয়া যাইবে। A চিহ্নিত তফসীলমতে যে টাকুস ধার্য্য হয় এই রিটর্ণ কেবল তৎসংক্রান্ত। গবর্ণমেণ্টের ও কোম্পানির যে কর্ম্মকারকদের বেতনের উপর টাকুস গ্রহণ করা যায় তাঁহারদিগকে ঐ রিটর্ণে ধরা যাইবে না। ঐ রিটর্ণ দুই ভাগে প্রস্তুত করিতে হইবে, এদেশীয় লোকদের এক, এবং ইউরোপীয়, ইউরেশীয় প্রভৃতির জন্য রিটর্ণ। ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট উক্ত যে২ রিটর্ণ পাঠান যাইবে তাহা লিখিবার পাঠের কোন বৈলক্ষণ্য না হয় ইহাই অত্যাবশ্যক, যেহেতুক তাহা দেখিয়া সম্পূর্ণ ভারতবর্ষের সাধারণ রিটর্ণ সংগ্রহ করিবার কল্পনা আছে। আইনঅনুযায়ি কার্য্য যে রূপে নির্ব্বাহ হইতেছে এতদ্বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্টের বার্ষিক রিটর্ণের সহিত সাধারণ রিপোর্ট প্রাপ্ত হইলে আনন্দিত হইবেন।

৩৪। উক্ত সকল বিধি আইনের ৩৬ ধারামতে করা গিয়াছে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব স্থানীয় সকল গবর্ণমেণ্টকে তৎসহ উপবিধি করিবার ক্ষমতা প্রদান করিয়াছেন। উক্ত উপবিধি অনুমোদিত হইবার জন্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকটে অর্পণ করিতে হইবে।

আজ্ঞা করা গেল যে উক্ত নির্দ্ধারণ ভারতবর্ষের গবর্ণমেণ্টের অন্য২ কর্ম্মবিভাগে ও স্থানীয় নানা গবর্ণমেণ্টের ও কার্য্যনিরূপণাধিকারি কর্তৃপক্ষের ও হিসাবের কন্‌ট্রোলর জেনরল সাহেবের, ও নানা আকৌণ্টেণ্ট জেনরল সাহেবদের ও স্বাধীন ভারপ্রাপ্ত ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল সাহেবদের নিকট প্রেরণ করা যায় ও নিম্নলিখিত পাঠ সহিত ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায়।

FORM 1.

List of persons liable to take out Certificates under Schedule A of Act IX of 1868 *for th*
year commencing on the 1st *day of May* 1868.

CLASS I.

Persons whose annual profits are assessed at Rs. 4,00,000 and upwards. Tax Rs. 6,400.

Number.	Name of person or firm liable to take out certificate.	Profession or trade	Place or places where each profession or trade is intended to be exercised.	Date of entry.	REMARKS.
1	2	3	4	5	6

(Collector's Signature).

CLASS II.

Persons whose annual profits are assessed at Rs. 2,00,000 or at more than Rs. 2,00,000 and less than Rs. 4,00,000. Tax Rs. 3,200.

The same columns as for Class I. and so on for each class.

FORM 2.

Notification to be filed with Form 1.

Every person whose name is entered in the accompanying list is hereby required to make application to *(name Collector)* at *(place)* on *(time)* for a certificate and to pay for the same the amount of tax assessed on the class in which his name is entered.

Every other person whose name is not entered in the list, and whose annual profits from his profession or trade are Rs. 500 or upwards, is liable to take out a certificate under Act IX of 1868, and is hereby required to make application for the same as above.

Every person required by Act IX of 1868 to take out a certificate, and who without reasonable excuse neglects or refuses to produce and shew his certificate, when required to do so by the Collector or by an Officer generally or specially empowered by the Collector to make such requisition, is liable to prosecution before a Magistrate and on conviction to a fine of Rs. 100.

This notice applies to firms as well as to persons.

(Collector's Signature).

FORM 3.

Certificate granted under Act IX of 1868.

Number.	Name of Certificate-holder *or in case of a Company under Section* 22 Name of Company.	Profession or Trade-*or in case of a Company* Business of Company.	Class and amount of Tax.	Place or places where Certificate-holder intends to exercise his profession or trade.	Date of Certificate.	Date of expiry of Certificate.
1	2	3	4	5	6	7

(Collector's Signature).

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ১২ মে ।]

FORM 4.

Register of Certificates granted under Act IX of 1868.

Columns the same as in form 3 with an additional column for 'remarks'.
The Classes should be kept separate in this Register.
Certificated Joint Stock Companies should also be entered separately.

FORM 5.

Register of Petitions of objection under Section 14 *of Act IX of* 1868, *received and disposed of by*

Number.	Date of Petition.	Name of Petitioner with number, date, &c., of Certificate.	Purport of the Petition.	Decision with its grounds and date.	Amount of refund ordered.	REMARKS.
1	2	3	4	5	6	7

FORM 6.

Register of Appeals from the order of the Collector under Section 15 *of Act IX of* 1868, *received and disposed of by*

Number.	Date of Appeal.	Name of Appellant and number, &c., of his Certificate.	Name of Collector against whose order the appeal is made, with date of order.	Purport of Appeal.	Decision with its grounds and date.	Refund ordered.	REMARKS
1	2	3	4	5	6	7	8

FORM 7.

Notice under Section 17 *of Act IX of* 1868.

Number..........

To..........

Date..........

Whereas your name was on the day of 18 entered in the list of persons required to take out a certificate under Act IX of 1868, in Class of Schedule A. that Act, you are hereby required, within seven days from the service of this notice, to pay Rs. , as provided by the Act and to take out a certificate as aforesaid, in default of which you will be proceeded against according to law. The certificate will be granted at *(place)* on *(time)* by *(name of officer)*, to whom the payment for the same should be made.

(Collector's Signature).

[*Government Gazette, 12th May* 1868.]

FORM 8.

Notice under Section 28 of Act IX of 1868.

Number__________

To ________________________

Date__________

Whereas you have taken out a certificate under Act IX of 1868 and have been assessed in Class of Schedule A., in the sum of Rs. , of which you have paid Rs. only, you are hereby required, within seven days from the service of this notice, to pay to (*name of officer*) at (*place*) on (*time*) the sum of Rs. being the 2nd instalment due on account of the said certificate. In default of such payment you will be proceeded against according to Law.

(*Collector's Signature*).

FORM 9.

Register of notices issued under Sections 17 and 28 of Act IX of 1868 from the Office of

Number of Notice.	Name of person or firm to whom notice is issued, with class under which he has been assessed.	Date of issue of notice and Section of Act under which it is issued.	Date and manner of serving notice.	Witnesses to service of notice.	REMARKS.
1	2	3	4	5	6

N. B.—In case of a Company assessed under Section 22, the heading of column 2 will be as follows:—

Name of Company and officer of Company to whom the notice is issued with amount of tax assessed.

FORM 10.

Notice to a Company assessed under Section 22 of Act IX of 1868.

Number __________

To (*Treasurer, Secretary, or principal Agent or Manager* [*as the case may be*]).

Date __________

Whereas the (*name of Company*) has been assessed under Section 22 of Act IX of 1868 in the sum of Rs. , being at the rate of Rs. 500 for each of the following branches and agencies of the said Company (*to be here detailed*) *or* being one per cent. on the dividend of Rs. , declared by the said Company in the year ending on the 31st day of March 1868 [*as the case may be*] you are hereby required, within seven days from the service of this notice, to take out a certificate under the said Act, and to pay the said sum of Rs. at (*place*) on (*time*) to (*name of officer*) who will grant the said certificate. In default of such payment you will be proceeded against according to Law.

(*Collector's Signature.*)

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ১২ মে ।]

FORM 11.

Register of prosecutions before a Magistrate under Sections 17 *and* 18 *of Act IX. of* 1868, *instituted by*

Number.	Name of person prosecuted.	Number of notice and date of service.	Magistrate before whom prosecuted.	Decision of Magistrate.	Amount recovered and date of recovery.	Date of granting Certificate.	REMARKS.
1	2	3	4	5	6	7	8

N. B.—In cases of prosecutions under Section 18, columns 3 and 7 will be blank, and the heading of column 6 will be amount of fine.

FORM 12.

Register of deductions made from the pay of Servants of Government under Section 23 *of Act IX. of* 1868.

Name of Government Servant.	Office, Employment or Commission.	AMOUNT OF TAX DEDUCTED.						
		From Pay for May.	From Pay for June.	From Pay for July.	Similar column for each subsequent month.	Total.	Refunds.	REMARKS.
1	2	3	4	5	6 to 14	15	16	17

FORM 13.

Register of Assessments on Servants of Companies under Section 24 *of Act IX. of* 1868.

Name of Company or public body.	Names of Servants with nature of employ.	Amount of salary for May 1868.	Amount of deduction.	Similar columns for each month in the year.	Refunds.	REMARKS.
1	2	3	4	5 to 26	27	28

FORM 14.

Quarterly Return of Assessments made under Schedule A of Act IX. of 1868 *on persons or firms.*

CLASS.	NUMBER OF ASSESSMENTS MADE SINCE THE 1ST OF MAY 1868.				TAX ASSESSED.				
	At full rate.	At ¾ rate.	At ½ rate.	At ¼ rate.	Demand.	Realizations.	Balance.	Discount.	Refunds.
1	2	3	4	5	6	7	8	9	10
Class I.									
Class II. &c. &c. to Class X.									
Total									

[*Government Gazette*, 12*th May* 1868.]

FORM 15.

Quarterly Return of Assessments made under Section 22 of Act IX, of 1868 on Companies.

Mode of Assessment.		Number of Companies assessed since 1st May 1868.	Number of Branches or Agency.	Demand.	Realization.	Balance.
1		2	3	4	5	6
Companies assessed at Rs. 500 per branch or agency.	On 1 branch or agency					
	On 2 branches or agencies					
	On 3 or 4 branches or agencies					
	On 5 to 8 ,, ,, ...					
	On 8 to 20 ,, ,, ...					
	On more than 20 branches or agencies					
Companies assessed at 1 per cent. on their dividends.	Whose dividend was less than Rs. 500.					
	,, ,, ,, equal to or exceeded Rs. 500 but was less than Rs. 1,000					
	,, ,, ,, ,, ,, 1,000 ,, 2,500					
	,, ,, ,, ,, ,, 2,500 ,, 5,000					
	,, ,, ,, ,, ,, 5,000 ,, 10,000					
	,, ,, ,, ,, ,, 10,000 ,, 25,000					
	,, ,, ,, ,, ,, 25,000 ,, 50,000					
	,, ,, ,, ,, ,, 50,000 ,, 1,00,000					
	,, ,, ,, ,, ,, 1,00,000 ,, 2,00,000					
	,, ,, ,, ,, ,, 2,00,000 ,, 4,00,000					
	,, ,, ,, ,, ,, 4,00,000					
	Total ...					

FORM 16.

Quarterly Return of Assessments made under Section 23 *of Act IX. of* 1868 *on Government Officials.*

CLASS.	Number assessed since 1st May 1868.	Amount of assessment.	Refunds.
1	2	3	4
Assessed on salaries equal to or exceeding Rs. 1,000 per annum, but less than Rs. 2,500			
,, ,, ,, ,, ,, ,, ,, 2,500 ,, ,, ,, ,, 5,000			
,, ,, ,, ,, ,, ,, ,, 5,000 ,, ,, ,, ,, 10,000			
,, ,, ,, ,, ,, ,, ,, 10,000 ,, ,, ,, ,, 20,000			
,, ,, ,, ,, ,, ,, ,, 25,000 ,, ,, ,, ,, 50,000			
,, ,, ,, ,, ,, ,, ,, 50,000 ,, ,, ,, ,, 1,00,000			
,, ,, ,, ,, ,, ,, ,, 1,00,000 ,, ,, ,, ,, 2,00,000			
,, ,, ,, ,, ,, ,, ,, 2,00,000 ,, ,, ,, ,, 4,00,000			
,, ,, ,, ,, ,, ,, ,, 4,00,000			
Total ...			

FORM 17.

Quarterly Return of Assessments made under Section 24 *of Act IX. of* 1868 *on Servants of Companies.*

Same details as in Form 16.

[*Government Gazette*, 12*th May* 1868.]

FORM 18.

Annual Return showing details of Assessments made under Schedule A of Act IX. of 1868 on different Professions and Trades.

Profession or Trade.	No. in Class 1.	No. in Class 2.	And so on to Class 10.	TOTAL.
I. PROFESSIONS—				
a. Religion				
b. Education and Science				
c. Fine Arts				
d. Law				
e. Medicine				
f. Engineering				
II. EMPLOYMENTS—				
a. Clerks, Bailiffs, Shopmen (salaried)				
b. Servants (domestic)				
c. Ditto (jobbed)				
d. Artizans (not keeping shops for the sale of manufactured articles)				
III. COMMERCE—				
a. Agents				
b. Bankers and money-dealers				
c. Merchants (not manufacturers)				
1. General				
2. Piece Goods				
3. Grain				
4. Salt				
5. Others				
d. Traders in				
1. Woven fabrics and dress				
2. Building materials and furniture				
3. Metals				
4. Food				
5. Salt				
6. Spirits, Drugs and Tobacco				
7. Fuel				
8. Animal and vegetable substances (not food)				
9. Books and Stationery				
10. Miscellaneous				
e. Carriers				
f. Dealers in Animals				
g. Manufacturers (wholesale) of				
1. Cotton goods				
2. Woolen do.				
3. Jute, Flax and Hemp				
4. Silk				
5. Indigo				
6. Sugar				
7. Tea				
8. Metals and Machinery				
9. Other.				
Total				

১ পাঠ।

১৮৬৮ সালের যে মাসের ১ দিবসে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে ১৮৬৮ সালের ৯ আইনের A চিহ্নিত তফসীলমতে সর্টিফিকট গ্রহণযোগ্য ব্যক্তিদের নামের নির্ঘণ্ট।

প্রথম শ্রেণী।

যে ব্যক্তিদের চারি লক্ষ টাকা ও তদূর্দ্ধ লভ্য ধার্য্য হয় তাঁহাদের ৬৪০০৲ টাকা টাক্স।

নম্বর।	সর্টিফিকট লইবার যোগ্য ব্যক্তির বা কুঠীর নাম।	বৃত্তি কি বাণিজ্য।	যে স্থানে কি যে২ স্থানে প্রত্যেক বৃত্তি কি বাণিজ্য চালাইবার মনস্থ আছে।	বহীতে লিখিবার তারিখ।	মন্তব্য।
১	২	৩	৪	৫	৬

(কালেক্টরের স্বাক্ষর)

দ্বিতীয় শ্রেণী।

যে ব্যক্তিদের লভ্য বৎসরে দুই লক্ষ টাকা এবং দুই লক্ষের অধিক ও চারিলক্ষের ন্যূন ধরা যায় তাঁহাদের ৩২০০৲ টাকা টাক্স।

প্রথম শ্রেণীর টেবিলের ঘরেরমত সকল শ্রেণীর উক্ত টেবিল করা যাইবে।

---

২ পাঠ।

১ পাঠের সহিত যে বিজ্ঞাপন গাঁথিয়া রাখিতে হইবে।

এই নির্ঘণ্টে যাঁহার নাম লিখিত হইয়াছে তিনি, (কালেক্টরের নাম) (স্থান) (সময়) লিখিয়া সর্টিফিকট পাইবার প্রার্থনা করিবেন, এবং যে শ্রেণীতে তাঁহার নাম লিখিত হইয়াছে সেই শ্রেণীর যত টাকা টাক্স দিতে হয় তাহা দিবেন।

নির্ঘণ্টে যাঁহার নাম লিখিত হয় নাই এবং যাঁহাদের বৃত্তি ও বাণিজ্যের দ্বারা বৎসরে ৫০০৲ কি তদূর্দ্ধ টাকা লভ্য হয় ১৮৬৮ সালের ৯ আইন অনুসারে তাঁহারদের সর্টিফিকট লইতে হইবে ও তাঁহারদের প্রতি ঐ সর্টিফিকট প্রার্থনা করিবার আদেশ হইতেছে।

১৮৬৮ সালের ৯ আইনমতে যে ব্যক্তির সর্টিফিকট লইবার আজ্ঞা হয়, এবং কালেক্টর সাহেব কিম্বা যে কার্য্যকারক সাধারণ কি বিশেষমতে কালেক্টর সাহেবের দ্বারা সেই সর্টিফিকট দেখাইবার আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন, তিনি যাঁহাকে সর্টিফিকট দেখাইতে আজ্ঞা করেন, সেই ব্যক্তি উপযুক্ত আপত্তি না থাকিলেও যদি তাহা না দেখান, কিম্বা দেখাইব না কহেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাঁহার নামে নালিশ হইতে, ও অপরাধ প্রমাণ হইলে এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

এই নোটীস কুঠীর ও লোকের উপর সমভাবে বর্ত্তে।

(কালেক্টরের স্বাক্ষর।)

---

৩ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনমতে দত্ত সর্টিফিকট।

নম্বর।	সর্টিফিকট প্রাপ্তব্যক্তির নাম, কিম্বা কোম্পানি হইলে ২২ ধারামতে কোম্পানির নাম।	বৃত্তি কি বাণিজ্য, কোম্পানি হইলে কোম্পানির কার্য্য।	যে শ্রেণী ও যত টাক্স।	সর্টিফিকট প্রাপ্তব্যক্তি যে স্থানে কি যে২ স্থানে বৃত্তি কি বাণিজ্য চালাইতে মনস্থ করেন।	সর্টিফিকটের তারিখ।	সর্টিফিকটের কালাতীত হওনের তারিখ।
১	২	৩	৪	৫	৬	৭

(কালেক্টরের স্বাক্ষর।)

৪ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনমতে দত্ত সর্টিফিকটের রেজিষ্টর।

এই পাঠের সর ৩ পাঠের তুল্য হইবে কিন্তু "মন্তব্য কথার এক ঘর" করিতে হইবে।
এই রেজিষ্টরে শ্রেণী সকল স্বতন্ত্র২ করিয়া রাখিতে হইবে।
আরো সর্টিফিকট প্রাপ্ত জাইণ্ট ষ্টাক কোম্পানি স্বতন্ত্র করিয়া লিখিতে হইবে।

---

৫ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ১৪ ধারামতে আপত্তির যে দরখাস্ত অমুক কর্ত্তৃক প্রাপ্ত ও নিষ্পত্তি হইয়াছে তাহার রেজিষ্টর।

নম্বর।	দরখাস্তের তারিখ।	দরখাস্তকারির নাম ও সর্টিফিকটের নম্বর ও তারিখ প্রভৃতি।	দরখাস্তের মর্ম্ম।	নিষ্পত্তি ও তাহার হেতু ও তারিখ।	যত টাকা ফিরিয়া দিবার আজ্ঞা হইল।	মন্তব্য।
১	২	৩	৪	৫	৬	৭

৬ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ১৫ ধারামতে কালেক্টর সাহেবের আজ্ঞার উপর যে আপীল অমুক কর্ত্তৃক প্রাপ্ত ও নিষ্পত্তি হইয়াছে তাহার রেজিষ্টর।

নম্বর।	আপীলের তারিখ।	আপীলাণ্টের নাম ও তাঁহার সর্টিফিকটের নম্বর আদি	যে কালেক্টর সাহেবের আজ্ঞার উপর আপীল হইল তাহার নাম ও আজ্ঞার তারিখ।	আপীলের মর্ম্ম।	নিষ্পত্তির হেতু ও তাহার তারিখ	যত টাকা ফিরিয়া দিবার আজ্ঞা হইল।	মন্তব্য।
১	২	৩	৪	৫	৬	৭	৮

৭ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ১৭ ধারামত জ্ঞাপনি।

নম্বর———

শ্রী … … … প্রতিআগে।

তারিখ———

১৮৬৮ সালের ৯ আইনমতে সর্টিফিকট গ্রহনের যোগ্য ব্যক্তিদের নামের নির্ঘণ্টে তোমার নাম ১৮ সালের মাসের তারিখে উক্ত আইনের A চিহ্নিত তফসীলের লিখিত অমুক শ্রেণীতে লেখা গিয়াছে, অতএব এই জ্ঞাপনি প্রাপ্ত হইবার তারিখ অবধি সাত দিনের মধ্যে উক্ত আইনের নির্দ্দিষ্টমতে এত টাকা দিয়া পূর্ব্বোক্ত সর্টিফিকট গ্রহন কর, না করিলে তোমার নামে আইনমতে নালিশ হইবে। উক্ত সর্টিফিকট শ্রী অমুককর্ত্তৃক অমুক সময়ে ও অমুক স্থানে দেওয়া যাইবে ও তাঁহাকে টাকা দিতে হইবে।

(কালেক্টরের স্বাক্ষর।

---

৮ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ২৮ ধারামত নোটিস।

নম্বর———

শ্রী … … … প্রতিআগে।

তারিখ———

১৮৬৮ সালের ৯ আইনমতে তুমি সর্টিফিকট গ্রহণ করিয়াছ, ও তোমার উপর A চিহ্নিত তফসীলের অমুক শ্রেণীমতে এত টাকার যে টাক্স ধার্য্য হইয়াছে তন্মধ্যে তুমি এত টাকা মাত্র দিয়াছ অতএব এই নোটিস প্রাপ্ত হইবার তারিখ অবধি সাত দিনের মধ্যে উক্ত সর্টিফিকটের দরুণ দ্বিতীয় কিস্তির পাওনা এত টাকা অমুক সময়ে অমুক স্থানে অমুক কার্য্যকারককে দিবা, না দিলে তোমার নামে আইনমতে নালিশ হইবে।

(কালেক্টরের স্বাক্ষর।)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬, । ১২ মে।]

৯ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ১৭ ও ২৮ ধার মতে অমুক কার্য্যালয়ের দত্ত নোটিসের রেজিষ্টর।

নোটিসের নম্বর।	যে ব্যক্তির কি কুঠীর নামে নোটিস দেওয়া গেল ও যে শ্রেণীমতে তাহার টাক্স ধার্য্য হইল।	নোটিসপ্রভৃতি দিবার তারিখ, ও আইনের যে ধারামতে দেওয়া গেল।	নোটিস জারী হওনের তারিখ ও প্রকার।	নোটিস জারী হইবার সাক্ষী।	মন্তব্য।
১	২	৩	৪	৫	৬

মন্তব্য।—২২ ধারামতে কোন কোম্পানির উপর টাক্স ধার্য্য হইলে ২ ঘরের শিরোনামা এইরূপ হইবে, যথা—

যে নোটিস কোম্পানিকে ও কোম্পানির যে কার্য্যকারককে দেওয়া গেল তাঁহার নাম ও যত টাক্স ধার্য্য হইল।

১০ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ২২ ধারামতে টাক্স ধার্য্য হওয়া কোম্পানির প্রতি নোটিস।

নম্বর।

তাং। ট্রেজুরর কি [স্থলবিশেষে।] সেক্রেটারী কি প্রধান নিয়োগী কি কার্য্যাধ্যক্ষ প্রভৃতি আগে।

১৮৬৮ সালের ৯ আইনের ২২ ধারামতে অমুক কোম্পানির এত টাকা টাক্স ধার্য্য হইয়াছে অর্থাৎ, উক্ত কোম্পানির অমুক২ প্রত্যেক শাখার ও এজেন্টীর উপর ৫০০৲ টাকা করিয়া, (অথবা স্থলবিশেষে) ১৮৬৮ সালের মার্চ মাসের ৩১ তারিখে যে বৎসরাবসান হয় সেই বৎসরের মধ্যে উক্ত কোম্পানি এত টাকার যে ডিবিডেণ্ড প্রকাশ করিলেন তাহার উপর শতকরা এক টাকার হিসাবে সেই টাক্স ধার্য্য হইয়াছে। অতএব তোমার প্রতি এই আদেশ হইতেছে যে তুমি এই নোটিস পাইবার তারিখ অবধি সাত দিনের মধ্যে উক্ত আইন অনুসারে সর্টিফিকট লও এবং শ্রী অমুক নামক যে কার্য্যকারক উক্ত সর্টিফিকট দিবেন তাঁহাকে অমুক স্থানে অমুক সময়ে এত টাকা দেও। না দিলে আইনমতে তোমার নামে অভিযোগ হইবে ইতি।

(কালেক্টরের স্বাক্ষর।)

১১ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ১৭ ও ১৮ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অমুককর্ত্তৃক উপস্থিত করা অভিযোগের রেজিষ্টর।

নম্বর।	অভিযুক্ত ব্যক্তির নাম।	নোটিসের নম্বর ও তাহা দিবার তারিখ।	যে মাজিষ্ট্রেটের সম্মুখে অভিযোগ করা গেল।	মাজিষ্ট্রেটের নিষ্পত্তি।	যত আদায় হইল ও আদায়ের তারিখ।	সর্টিফিকট দিবার তারিখ।	মন্তব্য।
১	২	৩	৪	৫	৬	৭	৮

মন্তব্য। ১৮ ধারামতে অভিযোগ করণের স্থলে ৩ ও ৭ ঘর খালি থাকিবে এবং ৬ ঘরের শিরোভাগে যত অর্থদণ্ড এই কথা লিখিতে হইবে।

[*Government Gazette*, 12*th May* 1868.]

১২ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ২৩ ধারামতে গবর্ণমেণ্টের কার্য্যকারকদের বেতন হইতে টাক্স কাটিয়া লইবার রেজিষ্টর।

গবর্ণমেণ্টের কার্য্যকারকের নাম।	পদ কি কার্য্য কি কমিস্যন।	যত টাকা টাক্স কাটিয়া লওয়া গেল।						
		যে মাসের বেতন হইতে।	জুন মাসের বেতন হইতে।	জুলাই মাসের বেতন হইতে।	তৎপরের প্রত্যেক মাসের নিমিত্তে সেইরূপ ঘর।	মোট	প্রতিদত্ত টাকা।	মন্তব্য।
১	২	৩	৪		৬--১৪	১৫	১৬	১৭

১৩ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ২৪ ধারামতে কোম্পানির কার্য্যকারকেরদের অর্দ্ধারিত টাক্সের রেজিষ্টর।

কোম্পানির বা সমবায় ব্যক্তিরদের খ্যাতি।	কার্য্যকারকদের নাম ও কার্য্যের ভার।	১৮৬৮ সালের মে মাসের যত বেতন।	যত কর্ত্তন হইল।	বৎসরের প্রত্যেক মাসের সেই প্রকারের ঘর।	প্রতিদত্ত টাকা।	মন্তব্য।
১	২	৩	৪	৫ অবধি ২৬	২৭	২৮

১৪ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের A চিহ্নিত তফসীলমতে ব্যক্তির বা কুঠীর অবধারিত টাক্সের ত্রৈমাসিক রিটর্ণ।

শ্রেণী।	১৮৬৮ সালের মে মাসের ১ তারিখঅবধি যত কুঠীপ্রভৃতির টাক্স ধার্য্য করা গিয়াছে।				যত টাক্স ধার্য্য হইল।				
	পূর্ণহারে।	৸০ হারে।	।।০ হারে।	।০ হারে।	দাওয়া।	আদায়।	বাকী।	ডিসকৌণ্ট।	প্রতিদত্ত টাকা।
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১ শ্রেণী। ২ শ্রেণী প্রভৃতি ১০ শ্রেণী পর্য্যন্ত।									
মোট।									

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১২ মে।]

১৫ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ২২ ধারামতে কোম্পানির নির্দ্ধারিত টাক্সের ত্রৈমাসিক রিটর্ণ।

টাক্স ধার্য্য করিবার নিয়ম।		১৮৬৮ সালের যে মাসের ১ তারিখ অবধি যত কোম্পানির টাক্স ধার্য্য হইয়াছে।	যত শাখার ও এজেন্টীর	দাওয়া।	আদায়।	বাকী।
১		২	৩	৪	৫	৬
শাখার কি এজেন্টীর উপর কোম্পানির ৫০০৲ টাকা টাক্স।	১ শাখার কি এজেন্টীর					
	২ শাখার কি এজেন্টীর					
	৩ কি ৪ শাখার কি এজেন্টীর					
	৫ অবধি ৮ পর্য্যন্ত ঐ ঐ					
	৮ অবধি ২০ পর্য্যন্ত ঐ ঐ					
	২০ কি তদধিক শাখার কি এজেন্টীর					
ডিবিডেণ্ডের উপর শত করা ১৲ টাকার হিসাবে কোম্পানির টাক্স।	যাঁহার ডিবিডেণ্ড ৫০০৲ টাকার ন্যূন।					
	,, ৫০০৲ কিম্বা তদধিক কিন্তু ১০০০৲ টাকার ন্যূন					
	,, ১০০০৲ ,, ,, ,, ২৫০০৲ ,, ,,					
	,, ২৫০০৲ ,, ,, ,, ৫০০০৲ ,, ,,					
	,, ৫০০০৲ ,, ,, ,, ১০০০০৲ ,, ,,					
	,, ১০০০০৲ ,, ,, ,, ২৫০০০৲ ,, ,,					
	,, ২৫০০০৲ ,, ,, ,, ৫০০০০৲ ,, ,,					
	,, ৫০০০০৲ ,, ,, ,, ১০০০০০৲ ,, ,,					
	,, ১০০০০০৲ ,, ,, ,, ২০০০০০৲ ,, ,,					
	,, ২০০০০০৲ ,, ,, ,, ৪০০০০০৲ ,, ,,					
	,, ৪০০০০০৲					
	মোট ...					

১৬ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ২৩ ধারামতে গবর্ণমেণ্টের কার্য্যকারকদের নির্দ্ধারিত টাক্সের ত্রৈমাসিক রিটর্ণ।

শ্রেণী।	১৮৬৮ সালের যে মাসের ১ তারিখঅবধি যত জনের টাক্স ধার্য্য হইয়াছে।	যত টাকা টাক্স ধার্য্য হইল।	প্রতি দত্ত টাকা।
১	২	৩	৪
বৎসরে ১০০০৲ টাকা অবধি ২৫০০৲ পর্য্যন্ত বেতনের উপর নির্দ্ধারিত			
,, ২৫০০৲ ঐ ৫০০০৲ ঐ ঐ ঐ			
,, ৫০০০৲ ঐ ১০০০০৲ ঐ ঐ ঐ			
,, ১০০০০৲ ঐ ২০০০০৲ ঐ ঐ ঐ			
,, ২০০০০৲ ঐ ২৫০০০৲ ঐ ঐ ঐ			
,, ২৫০০০৲ ঐ ৫০০০০৲ ঐ ঐ ঐ			
,, ৫০০০০৲ ঐ ১০০০০০৲ ঐ ঐ ঐ			
,, ১০০০০০৲ ঐ ২০০০০০৲ ঐ ঐ ঐ			
,, ২০০০০০৲ ঐ ৪০০০০০৲ ঐ ঐ ঐ			
,, ৪০০০০০৲			
মোট			

১৭ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের ২৪ ধারামতে কোম্পানির কার্য্যকারকদের নির্দ্ধারিত টাক্সের ত্রৈমাসিক রিটর্ণ।
১৬ পাঠে যেরূপ বর্ণিত হইয়াছে সেইরূপ।

১৮ পাঠ।

১৮৬৮ সালের ৯ আইনের A চিহ্নিত তফশীলমতে নানা বৃত্তির ও ব্যবসায়ের উপর নির্দ্ধারিত টাক্সের বিবরণ প্রকাশক বার্ষিক রিটর্ণ।

বৃত্তি কি ব্যবসায়।	১ শ্রেণীতে যত।	২ শ্রেণীতে যত।	সেইরূপ ১০ শ্রেণী-পর্য্যন্ত।	মোট।
১। বৃত্তি—				
a ধর্ম্ম				
b অধ্যাপনা ও বিদ্যা				
c চিত্রাদি বিদ্যা				
d ব্যবস্থা				
e ঔষধ				
f ইঞ্জিনিয়রিং				
২। চাকরী—				
a কেরাণী, বেলিফ, দোকানের চাকর ...				
b ঘরের চাকর				
c ঠীকা ঐ				
d শিল্প কর (প্রস্তুত দ্রব্য বিক্রয়ার্থ দোকান রাখেনা যাহারা				
৩। বাণিজ্য—				
a নিয়োগী				
b বণিক ও পোদ্দার				
মহাজন (দ্রব্য প্রস্তুত কারক নহে) ...				
১ সাধারণ				
২ খাদ্যাদি				
৩ শস্য				
৪ লবণ				
৫ অন্যান্য প্রকার				
d ব্যবসায়ি—				
১ কাপড় ও বস্ত্রাদি ...				
২ অট্টালিকা নির্ম্মাণার্থ দ্রব্য ও আসবাব ...				
৩ ধাতু				
৪ আহারীয় দ্রব্য				
৫ লবণ				
৬ মদিরা, বণিক দ্রব্য ও তামাক ...				
৭ জ্বালানি কাষ্ঠাদি				
৮ আহারীয় ভিন্ন পশু ও উদ্ভিদজাত দ্রব্য ...				
৯ পুস্তক ও কাগজকলমাদি ...				
১০ বিবিধ বিষয়				
e বাহক				
f জন্তু ব্যবসায়ি				
g যাহারা নিম্নলিখিত দ্রব্য মোটে প্রস্তুত করে ...				
১ তুলা নির্ম্মিত দ্রব্যাদি ...				
২ পশমি ঐ				
৩ চাঁচা শণ ভিন্ন জনা পাট, ও শণ ...				
৪ রেশম				
৫ নীল				
৬ চিনি				
৭ চা				
৮ ধাতু ও কলাদি				
৯ অন্য২ দ্রব্য				
মোট ...				

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১২ মে।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1894.

APPOINTMENTS.

The 29th April 1868.

THE following gentlemen to be Members of the Ferry Fund Committee at Purneah:—

Mr. G. W. Shillingford.
„ R. S. Pyne.
„ R. Walker.

The 30th April 1868.

Mr. A. MacBean to be a Municipal Commissioner for the Town of Dacca.

The 2nd May 1868.

The following gentlemen to be Visitors of the Lunatic Asylum at Dullundah, under Section 2, Act XXXVI. of 1858:—

Mr. J. H. A. Branson.
Dr. J. Fawcus.
Baboo Degumber Mitter.
Coomar Harendra Krishna, Roy Bahadoor.

The 4th May 1868.

Moonshee Ameer Ali, Khan Bahadoor, is appointed an Honorary Magistrate in the 24-Pergunnahs, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class described in Section 22 of the Code of Criminal Procedure, and powers under Section 1, Act X. of 1854, in that District. Moonshee Ameer Ali will exercise these powers within the Suburbs of Calcutta.

The 5th May 1868.

Mr. J. W. Edgar, Officiating Deputy Commissioner of Cachar, is vested with the powers of a Civil Judge in that District.

Dr. C. Sconce to be Medical Officer of Motiharee.

Captain R. C. Money to officiate as Deputy Commissioner of Lohardugga, during the absence, on leave, of Mr. H. L. Oliphant, or until further orders. Captain Money is vested with the powers under Section 1, Act XV. of 1862, in Lohardugga.

Mr. A. L. Clay to officiate as Deputy Commissioner of Maunbhoom, during the absence, on deputation, of Captain R. C. Money, or until further orders. Mr. Clay is vested with the powers under Section 1, Act XV. of 1862, in Maunbhoom.

Mr. H. Bell to officiate as Magistrate and Collector of Nuddea, until further orders.

Baboo Grish Chunder Ghose to officiate as Judge of the Court of Small Causes at Motiharee, until further orders.

Mr. J. Westland to officiate as Joint-Magistrate and Deputy Collector of Nuddea.

[*Government Gazette*, 12*th May* 1868.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৮৯৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৯ আপ্রিল।

নিম্নলিখিত মহাশয়েরা পূরণিয়ার ফেরিফণ্ড কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জি ডবলিউ শিলিংফর্ড সাহেব।
„ আর এস পাইন্ সাহেব।
„ আর ওয়াকর সাহেব।

১৮৬৮ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত এ মাকবীন সাহেব ঢাকা নগরের এক জন মুনিসিপল কমিসানর হইবেন।

১৮৬৮ সাল ২ মে।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারামতে দলন্দাস্থ ক্ষিপ্তব্যক্তিদের আশ্রয়বাটীর পরিদর্শক হইবেন।

শ্রীযুত জে, এচ, এ, ব্রান্সন সাহেব।
ডাক্তর শ্রীযুত জে ফাকুস সাহেব।
শ্রীযুত বাবু দিগম্বর মিত্র।
„ কুমার হরেন্দ্রকৃষ্ণ রায় বাহাদুর।

১৮৬৮ সাল ৪ মে।

The like notice in the matter of RAMRUTTON, an Insolvent, (Ramkissen Ramrutton,) wherein the Account of the Assignee is filed from 14th January 1865 to 1st instant.

মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহিনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা, ১৮৬৮ সাল ৮ মে।

যোত্রহীন হেনরি চাপমান কেম্প সাহেবের ও অন্য বিষয়ে (টি হাইড গার্ডিনর কোম্পানি।)

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি জুন মাসের ৬ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৫০ সালের অক্টোবর মাসের ৪ তারিখ অবধি বর্ত্তমান মে মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শনিবার দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবে দফ্তরখানা।
কলিকাতা, ১৮৬৮ সাল ৮ মে।

যোত্রহীন জান জেম্স লুকাস সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৩ তারিখ অবধি বর্ত্তমান মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

যোত্রহীন রামরতনের বিষয়ে (রামকৃষ্ণ রামরতন) সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৫ সালের জানুআরি মাসের ১৪ তারিখ অবধি বর্ত্তমান মাসের ১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১২ মে।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডওয়ার্ড জোসেফ ডিন সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1503. ১৫০৩)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 19, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৯ মে।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 3rd April 1868:—

No. 13 OF 1868.

A Bill for regulating the Procedure of the Courts of Criminal Judicature not established by Royal Charter.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law regulating the procedure of the Courts of Criminal Judicature not established by Royal Charter; It is hereby enacted as follows:—

CHAPTER I.

PRELIMINARY.

[Short title.]

1. This Act may be called "The Code of Criminal Procedure."

[Acts repealed.]

2. The Acts mentioned in the first schedule hereto annexed are repealed.

[References to Act XXV of 1861.]

References to any section of Act No. XXV of 1861 made in any Act passed subsequently there-

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের আপ্রিল মাসের ৩ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় উপস্থিত করা গিয়াছে।

১৮৬৮ সালের ১৩ নম্বর।

ফৌজদারী যে সকল আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই সকল আদালতে মোকদ্দমার কার্য্যের বিধান করণের আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ফৌজদারী মোকদ্দমার বিচারার্থে যে সকল আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই, তাহার কার্য্য হইবার বিধানসূচক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই কারণে এই২ বিধান করা যাইতেছে।

প্রথম অধ্যায়।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইনের নাম "ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন" হইবে ইতি।

[যে২ আইন রহিত হইবে তাহার কথা।]

২ ধারা। এই আইনের প্রথম তফসীলে যে সকল আইনের উল্লেখ হইয়াছে তাহা রহিত করা গেল।

[১৮৬১ সালের ২৫ আইনের উল্লেখ হইলে তদ্বিষয়ের কথা।]

১৮৬১ সালের ২৫ আইন প্রচলিত হইবার পরে যে২ আইন প্রণীত হইয়াছে তন্মধ্যে উক্ত ২৫ আইনের

to shall be read as if made to the corresponding section of this Act.

[Interpretation clause.]

3. In this Act,—unless there be something repugnant in the subject or context.

" Special law."

The words "special law" denote a law applicable to a particular subject:

" Local law."

The words " local law" denote a law applicable only to a particular part of British India:

[" Enquired into." " Determined."]

The words " enquired into" comprise every proceeding preliminany to trial; and the word " determined" comprises trial and every subsequent proceeding, including the punishment of the offender:

[" Written."]

The word " written" includes "printed," " lithographed," and " engraved:"

[" Chapter."]

The word " Chapter" means chapter of this Act:

[" Criminal Court."]

The words " Criminal Court" denote every Judge or Magistrate lawfully exercising jurisdiction in criminal cases, whether for the decision of such cases in the first instance or on appeal, or for commitment to any other Court or officer:

[" Court of Justice."]

The words " Court of Justice" denote a Judge as defined in the Indian Penal Code, who is empowered by law to act judicially alone, or a body of Judges empowered by law to act judicially as a body, when such Judge or body of Judges is acting judicially:

[" Court of Session."]

The words " Court of Session," subject to the limitations in section 5, include the Courts of the Assistant Sessions' Judges in the Presidency of Bombay:—

[" Magistrate of the District."]

The words " Magistrate of the District" mean the chief officer charged with the executive administration of a district in criminal matters by whatever designation such officer is called:

[" Magistrate."]

The word " Magistrate" includes all persons exercising all or any of the powers of a Magistrate:

[" The powers of a Magistrate."]

The words " the powers of a Magistrate" imply the full powers of a Magistrate or of the Magistrate of the District:

কোন ধারার উল্লেখ হইলে, এই আইনেতে তদনুযায়ীর যে ধারা আছে তাহার উল্লেখ হইল জ্ঞান হইবে ইতি।

[অর্থের কথা।]

৩ ধারা। বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথাতে ভাবান্তর প্রকাশ না হইলে এই আইনেতে।

" বিশেষ আইন।"

" বিশেষ আইন" এই শব্দেতে বিশেষ কোন বিষয়ে যে আইন বর্ত্তে সেই আইন বুঝাইবে।

" স্থানীয় আইন।"

" স্থানীয় আইন" এই শব্দেতে ব্রিটনীয় ভারতবর্ষের বিশেষ অংশমাত্রে যে আইন বর্ত্তে সেই আইন বুঝাইবে।

" অনুসন্ধান ও নির্ণয় করা।"

" অনুসন্ধান করা" শব্দেতে বিচারের প্রথম স্থলের সকল কার্য্য বুঝাইবে। ও " নির্ণয় করা" শব্দেতে বিচার ও তৎপরের সমস্ত কার্য্য অপরাধির দণ্ড করণ পর্য্যন্তও বুঝাইবে।

" লিখিত।"

" লিখিত" শব্দেতে সীসাদির অক্ষরে ছাপা, ও পাতরহইতে ছাপা, ও খোদিত কথাও বুঝাইবে।

" অধ্যায়।"

" অধ্যায়" শব্দে এই আইনের অধ্যায় বুঝাইবে।

" ফৌজদারী আদালত।"

" ফৌজদারী আদালত" এই কথাতে যে কোন জজ কি মাজিষ্ট্রেট সাহেব ফৌজদারী মোকদ্দমা প্রথমতঃ কি আপীলক্রমে নিষ্পত্তি করিতে কিম্বা অন্য কোন আদালতের কি কার্য্যকারকের প্রতি সমর্পণ করণার্থে আইনমতের ক্ষমতাক্রমে কার্য্য করেন, তাঁহাকে বুঝাইবে।

" বিচার আদালত।"

আইনমতে যিনি যে সময়ে একা, কিম্বা আইনমতে যে বিচারকর্ত্তাগণ যে সময়ে একত্র বিচারকর্ত্তাস্বরূপে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইয়া বিচারকর্ত্তাস্বরূপে কার্য্য করেন, সেই সময়ে তাঁহাকে কি তাঁহারদিগকে " বিচার আদালত" শব্দেতে বুঝাইবে।

" সেশন আদালত।"

" সেশন আদালত" এই শব্দেতে, ৫ ধারার নিরূপিত সীমা দৃষ্টি করিয়া, বোম্বাই রাজধানীর আসিষ্টান্ট সেশন জজের আদালতও বুঝাইবে।

" জিলার মাজিষ্ট্রেট।"

কোন জিলার ফৌজদারী কর্ম্ম নিরূপণের ভার প্রধান যে কার্য্যকারকের প্রতি অর্পিত হয়, তাঁহার যে কোন খ্যাতি হউক, " জিলার মাজিষ্ট্রেট" এই কথাতে, তাঁহাকে বুঝাইবে।

" মাজিষ্ট্রেট।"

যাঁহারা মাজিষ্ট্রেটের সকল কি কোন ক্ষমতামতে কার্য্য করেন তাঁহারা " মাজিষ্ট্রেট" শব্দেতে গণ্য।

" মাজিষ্ট্রেটের ক্ষমতা।"

" মাজিষ্ট্রেটের ক্ষমতা" এই কথাতে মাজিষ্ট্রেটের কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতা বুঝাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৯ মে।]

["Any of the powers of a Magistrate ."]

The words "any of the powers of a Magistrate" denote powers less than the full powers of a Magistrate:

["District." Division of a District."]

The local jurisdiction of the Magistrate of a District shall, for the purposes of this Act, be deemed a "District;" and the local jurisdiction in a particular part of a district vested in a Magistrate othe than ther Magistrate of the District, shall be deemed a "Division of a District:"

["Local limits of High Court."]

The words "local limits of a High Court" mean local limits of the ordinary original criminal jurisdiction of a High Court.

CHAPTER II.

OF THE JURISDICTION OF THE CRIMINAL COURTS.

[Offences cognizable by Criminal Courts.]

4. The Criminal Courts of the several grades, according to the powers vested in them respectively by this Act, shall have jurisdiction in respect of offences punishable under the Indian Penal Code or under any special or local law (except offences which are by any such law made punishable by some other authority therein specially mentioned); and, in the enquiry into and determination of the offences hereby declared to be with their jurisdiction, shall be guided by the provisions of this Act.

[By what Courts offences in second schedule are triable. Limits within which such Courts may sentence.]

5. The offences mentioned in the second schedule hereto annexed shall, subject to the provision contained in the third explanatory note prefixed to the said schedule, be triable by the Courts specified in column 7 of the said schedule, and such Courts shall be competent to pass entence in respect of such offences within the ollowing limits (that is to say),

(a.) The Court of Session.

[Powers of Court of Session.

The Court of Session :—

death (subject to confirmation by the High Court),

transportation,

imprisonment for a period not exceeding foureen years, including such solitary confinement s is authorized by law,

or fine to an unlimited amount,

or both transportation and fine, or imprisonment and fine, in cases in which both punishments are authorized by the Indian Penal Code.

[*Government Gazette*, 19*th May* 1868.]

"মাজিষ্ট্রেটের কোন২ ক্ষমতা।"

"মাজিষ্ট্রেটের কোন২ ক্ষমতা" এই কথাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতার ন্যূন কোন ক্ষমতা বুঝাইবে।

"জিলার ও জিলার খণ্ডের কথা।"

জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা যত দূর ব্যাপে এই আইনের কার্য্যের নিমিত্তে "জিলা" নামে সেই স্থান জ্ঞান হইবে। ও জিলার মাজিষ্ট্রেট ভিন্ন অন্য মাজিষ্ট্রেটের প্রতি জিলার যে অংশবিশেষে ক্ষমতা অর্পিত হয়, "জিলার খণ্ড" শব্দে তাহা জ্ঞান হইবে।

"হাই কোর্টের স্থানসীমা।"

ফৌজদারী মোকদ্দমা আদৌ গ্রাহ্য করণসম্পর্কে হাই কোর্টের সাধারণ ক্ষমতা যত দূর ব্যাপ্ত হয় "হাই কোর্টের স্থান সীমা" শব্দে তাহাই বুঝাইবে ইতি।

দ্বিতীয় অধ্যায়।

ফৌজদারী আদালতের ক্ষমতার বিধি।

[ফৌজদারী আদালতের বিচার্য্য অপরাধের কথা।]

৪ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনমতে কিম্বা বিশেষ কি স্থানবিশেষের কোন আইনমতে যে অপরাধ দণ্ডনীয় হয় সেই আইনমতে বিশেষ কর্ত্তৃপক্ষদ্বারা বিশেষ অপরাধ দণ্ডনীয় প্রকাশ হইলে, তদ্ভিন্ন নানা শ্রেণীর ফৌজদারী আদালত এই আইনমতে যেং ক্ষমতা প্রাপ্ত হন তদনুসারে সেই২ অপরধ সম্পর্কে ক্ষমতাপন্ন হইবেন। আরো এই ধারামতে ঐ২ আদালতের বিচার্য্য বলিয়া যে সকল অপরাধ ব্যক্ত হয় তাহার অনুসন্ধান ও নির্ণয় করণকার্য্য এই আইনের বিধানমতে করিতে হইবে ইতি।

[দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট অপরাধ যেং আদালতের বিচার্য্য হয়, ও সেই২ আদালত যে পর্য্যন্ত দণ্ডের আজ্ঞা করিতে পারেন তাহার কথা।]

৫ ধারা। এই আইনের অন্তভাগের লিখিত দ্বিতীয় তফসীলে যে সকল অপরাধ ব্যক্ত হইয়াছে ঐ তফসীলের ব্যাখ্যার্থে তদগ্রভাগের লিখিত তৃতীয় মন্তব্য কথার বিধান মান্য করিয়া তফসীলের ৭ ঘরের নির্দ্দিষ্ট আদালতের দ্বারা সেই২ অপরাধের বিচার হইতে পারিবে। ও তদ্রূপ অপরাধ সম্পর্কে ঐ২ আদালত নীচের লিখিত সীমার মধ্যে দণ্ডাজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন। অর্থাৎ,

(*a.*) সেশন আদালতের ক্ষমতা।

[সেশন আদালতের ক্ষমতার কথা।]

সেশন আদালত—

হাই কোর্টের সম্মতির অপেক্ষা রাখিয়া প্রাণদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

দ্বীপান্তর প্রেরণ

চৌদ্দবৎসরের অনধিক কাল কারাবন্ধন, ইহার মধ্যে আইনঅনুসারে নির্জ্জনে যে কয়েদ হইতে পারে সেই কয়েদ হইবার আজ্ঞা করিতে পারিবেন।

যত টাকাপর্য্যন্ত হউক তত টাকার অর্থদণ্ড

যেং স্থলে ভারতবর্ষের দণ্ডবিধির আইনমতে দুই দণ্ড করিবার ক্ষমতা থাকে সেই২ স্থলে দ্বীপান্তর প্রেরণ ও অর্থদণ্ড, কিম্বা কারাবন্ধন ও অর্থদণ্ড এই উভয় দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

In cases in which, according to the Indian Penal Code, forfeiture of property may be adjudged, the Court of Session may adjudge such forfeiture in addition to the sentence.

(*b.*) *Assistant Sessions Judges.*

[Powers of Assistant Sessions Judges in Bombay.]

In the Presidency of Bombay a Sessions Judge may delegate cases for trial by an Assistant Sessions Judge; and the Assistant Sessions Judge may in such cases pass sentences within the following limits:—

Imprisonment for a term not exceeding seven years (including such solitary confinement as is authorized by law), or fine, or both.

If the sentence be one of imprisonment for a term exceeding three years it shall be passed subject to confirmation by the Sessions Judge.

The Sessions Judge may review and hear appeals against the proceedings of his Assistants, and may confirm and amend (but not so as to enhance), or may reverse, their sentences or orders.

An Assistant Sessions Judge shall not review or hear an appeal against the proceedings of a Magistrate.

(*c.*) *Magistrate of the District.*

[Powers of Magistrate of District.]

The Magistrate of the District:—

Imprisonment not exceeding the term of three years, including such solitary confinement as is authorized by law,

or fine to the extent of two thousand rupees,

or both imprisonment and fine in all cases in which both punishments are authorized by the Indian Penal Code.

(*d.*) *Officers exercising the powers of a Magistrate.*

[Powers of officers exercising powers of a Magistrate.]

Officers authorized by the Local Government to exercise the powers of a Magistrate:—

Imprisonment not exceeding the term of two years, including such solitary confinement as is authorized by law,

a fine to the extent of one thousand rupees,

or both imprisonment and fine in all cases in which both punishments are authorized by the Indian Penal Code.

(*e.*) *Subordinate Magistrates.*

Subordinate Magistrates, or officers authorized by the Local Government or by the Magistrate of the District or other officer under any special

ভারতবর্ষের দণ্ডবিধির আইনমতে যে২ স্থলে সম্পত্তিদণ্ডের আজ্ঞা হইতে পারে এমন স্থলে সেশন আদালত উক্ত দণ্ডাজ্ঞার অতিরিক্ত সম্পত্তিদণ্ডেরও আজ্ঞা করিতে পারিবেন।

b. আসিষ্টাণ্ট সেশন জজের ক্ষমতা।

[বোম্বাইতে আসিষ্টাণ্ট সেশন জজ সাহেবের ক্ষমতার কথা।]

বোম্বাই প্রসীডেন্সীতে সেশন জজ সাহেব মোকদ্দমা বিচার করিবার জন্যে আসিষ্টাণ্ট সেশন জজ সাহেবের প্রতি অর্পণ করিতে পারিবেন। তদ্রূপ স্থলে ঐ আসিষ্টাণ্ট সেশন জজ সাহেবেরা এই২ সীমার মধ্যে দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

সাত বৎসরের অনধিক কাল কারাবন্ধনের কিম্বা অর্থদণ্ডের কিম্বা ঐ দুই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। আইনক্রমে নির্জ্জনে বদ্ধ থাকিবার অনুমতি হইলে ইহার মধ্যে সেইরূপ কারাবন্ধন গণ্য।

যদি তিন বৎসরের অধিক কাল কারাবন্ধনের আজ্ঞা করেন, তবে সেই আজ্ঞা বিষয়ে সেশন জজ সাহেবের সম্মতির অপেক্ষা থাকে।

সেশন জজ সাহেব আসিষ্টাণ্টদের কার্য্যের পুনর্ব্বিচার করিতে ও তৎকার্য্যের উপর আপীল শুনিতে পারিবেন। ও তাঁহাদের দণ্ডাজ্ঞা কি অন্য আজ্ঞা স্থির রাখিতে কি সংশোধন কি অন্যথা করিতে পারিবেন, কিন্তু দণ্ড বৃদ্ধি করিতে পারিবেন না।

আসিষ্টাণ্ট সেশন জজ সাহেব মাজিষ্ট্রেটের কার্য্যের পুনর্ব্বিচার করিতে কিম্বা তাহার উপর আপীল শুনিতে পারিবেন না।

c. জিলার মাজিষ্ট্রেটের ক্ষমতা।

[জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

জিলার মাজিষ্ট্রেট সাহেব তিন বৎসরের অনধিক কাল কারাবন্ধনের আজ্ঞা করিতে পারিবেন। আইনমতে নির্জ্জনে বদ্ধ থাকিবার অনুমতি হইলে ইহার মধ্যে সেইরূপ কয়েদ গণ্য।

কিম্বা দুই সহস্র টাকাপর্য্যন্ত অর্থদণ্ডের আজ্ঞা

অথবা যে স্থলে ভারতবর্ষের দণ্ড বিধির আইনমতে দুই দণ্ড করিবার অনুমতি থাকে, সেই স্থলে কারাদণ্ড ও অর্থদণ্ড এই দুয়ের আজ্ঞা করিতে পারিবেন।

d. যে কর্ম্মকারকেরা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করেন তাঁহাদের ক্ষমতা।

[যাহারা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করেন তাহারদের ক্ষমতার কথা।]

স্থানীয় গবর্ণমেন্ট যে কার্য্যকারকদিগকে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিবার অনুমতি দেন, তাঁহারা

দুই বৎসরের অনধিক কাল কারাবন্ধনের আজ্ঞা করিতে পারিবেন। আইনমতে নির্জ্জনে বদ্ধ থাকিবার যে অনুমতি আছে ইহার মধ্যে সেইরূপ বন্ধনও গণ্য।

এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ডের আজ্ঞা।

ও ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনমতে যে২ স্থলে দুই দণ্ডের অনুমতি আছে সেই২ স্থলে কারা ও অর্থ উভয় দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

c. অধঃস্থ মাজিষ্ট্রেটদের ক্ষমতা।

অধঃস্থ মাজিষ্ট্রেটেরা অথবা কোন বিশেষ কি স্থানীয় আইন অনুসারে স্থানীয় যে কার্য্যকারকেরা গবর্ণমেন্ট কর্ত্তৃক কিম্বা জিলার মাজিষ্ট্রেট কি অন্য কার্য্যকারক

or local law to exercise any of the powers of a Magistrate:—

[Powers of Subordinate Magistrates, 1st class.]

First Class—Imprisonment not exceeding six months,

or fine not exceeding two hundred rupees,

or both imprisonment and fine in all cases in which both punishments are authorized by the Indian Penal Code.

[2nd class.]

Second Class—Imprisonment not exceeding one month,

or fine not exceeding fifty rupees,

or both imprisonment and fine in all cases in which both punishments are authorized by the Indian Penal Code.

No sentence of solitary confinement, under section 73 of the Indian Penal Code, shall be passed by any Court inferior to an officer exercising the powers of a Magistrate.

[Power to invest with powers of Magistrate or Subordinate Magistrate.]

6. The Local Government may invest any person with the powers of a Magistrate or of a Subordinate Magistrate of the first or second class, as described in Section 5, with a view to the exercise, by him, of such powers under this Act or under any special or local law.

[Power to determine local jurisdiction of Magistrate of a District.]

7. The Local Government may determine the local jurisdiction of a Magistrate of a District as defined by section 3, and may from time to time alter such jurisdiction by order notified in the official *Gazette*.

[Power to invest officers with local jurisdiction.]

8. The Local Government may invest any officer exercising the powers of a Magistrate, other than the Magistrate of a District, with local jurisdiction in any particular part of a District, referred to in section 3 as constituting a division of a District, and from time to time may alter the limits of such local jurisdiction by order notified in the *Gazette*.

[Continuance of powers of officers transferred.]

9. Whenever any person holding an office in the service of Government, who has been invested by Government with any powers under this Act in any District, is transferred to an equal or higher office of the same nature within another District, he shall continue to exercise the same powers in the District to which he is transferred.

[*Government Gazette*, 19*th May* 1868.]

কর্ত্তৃক মাজিষ্ট্রেটের ক্ষমতার মধ্যে কোন ক্ষমতাক্রমে কার্য্য করিবার অনুমতি পান, তিনি,

[অধঃস্থ মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা, প্রথম শ্রেণীর হইলে।]

প্রথম শ্রেণীর হইলে ছয় মাসের অনধিক কাল কারাদণ্ডের

কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ডের

কিম্বা ভারতবর্ষের দণ্ডবিধির আইনমতে যে স্থলে দুই দণ্ড করিবার অনুমতি থাকে, সেই স্থলে কারা ও অর্থ এই উভয় দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

[দ্বিতীয় শ্রেণীর হইলে।]

দ্বিতীয় শ্রেণীর হইলে, তিনি এক মাসের অনধিক কারাদণ্ডের

কিম্বা পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের

কিম্বা ভারতবর্ষের দণ্ডবিধির আইনেতে যে স্থলে দুই দণ্ডের অনুমতি থাকে সে স্থলে কারা ও অর্থ এই উভয় দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে যে কার্য্যকারক কর্ম্ম করেন তাঁহার ন্যূন ক্ষমতাপন্ন কোন আদালত, ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৭৩ ধারামতে নির্জ্জনে বদ্ধ থাকিবার আজ্ঞা করিতে পারিবেন না ইতি।

[মাজিষ্ট্রেটের কি অধঃস্থ মাজিষ্ট্রেটের ক্ষমতা অর্পণ করিবার ক্ষমতার কথা।]

৬ ধারা। ৫ ধারাতে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা প্রথম কি দ্বিতীয় শ্রেণীর অধঃস্থ মাজিষ্ট্রেটের যে সকল ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে, এই আইন কিম্বা বিশেষ কি স্থানীয় কোন আইনঅনুসারে অন্য ব্যক্তিও সেই২ ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন, এই অভিপ্রায়ে স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাঁহাকে সেই২ ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[জিলার মাজিষ্ট্রেটের ক্ষমতা যত দূর বর্ত্তিবে তাহা নির্ণয় করিবার ক্ষমতার কথা।]

৭ ধারা। ৩ ধারাতে জিলার মাজিষ্ট্রেট শব্দের যে অর্থ নির্ণয় হইয়াছে স্থানীয় গবর্ণমেণ্ট তদনুসারে তাঁহার ক্ষমতার স্থানসীমা নির্ণয় করিতে পারিবেন, এবং রাজকীয় গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া সময়ে২ সেই সীমার পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[কর্ম্মকারকদিগকে স্থানবিশেষে বিচারাধিপত্য অর্পণ করিবার ক্ষমতার কথা।]

৮ ধারা। ৩ ধারাতে জিলার যে অংশ জিলার খণ্ড বলিয়া ব্যক্ত হইয়াছে, স্থানীয় গবর্ণমেণ্ট জিলার মাজিষ্ট্রেট ভিন্ন মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্যকারি কোন ব্যক্তিকে জিলার তদ্রূপ কোন বিশেষ অংশে স্থানীয় বিচারাধিপত্য প্রদান করিতে পারিবেন। এবং গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া সময়ে২ ঐ ক্ষমতার স্থানসীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[কার্য্যকারকেরা স্থানান্তরে প্রেরিত হইলেও তাঁহারদের ক্ষমতা থাকার কথা।]

৯ ধারা। এই আইনমতে গবর্ণমেণ্টের অধীন পদস্থার কোন ব্যক্তির প্রতি গবর্ণমেণ্টকর্ত্তৃক কোন জিলার মধ্যে ক্ষমতা প্রদান করা গেলে, যদি তাঁহাকে অন্য জিলার মধ্যে তত্তুল্য প্রকারের সমান কি উচ্চতর পদে নিযুক্ত করা যায়, তবে তিনি যে জিলায় নিযুক্ত হন, তন্মধ্যে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে থাকিবেন ইতি।

[Powers may be varied and cancelled.]

10. The Local Government may vary or cancel any powers with which any person may have been invested under this Act.

[Power to invest certain officers with powers of Magistrate of a District.]

11. The Local Government may invest any officer who has exercised the full powers of a Magistrate for the space of three years with the powers of the Magistrate of a District.

[Criminal Courts to have jurisdiction over all persons, except those exempted by legislature.]

12. The Criminal Courts shall have jurisdiction over all persons, except such persons as, by any Act of Parliament, or by any Regulation of the Codes of Bengal, Madras and Bombay, respectively, or by this or any other Act of the Governor General of India in Council, are, or shall be, exempted from their jurisdiction.

[No exemption from Act by reason of birth or descent.]

13. No person shall, by reason of place of birth, or by reason of descent, be exempt from the rules of criminal procedure contained in this Act.

[Proviso.]

Provided that nothing in this section shall be held to authorize the trial or commitment for trial before any Criminal Court of any person who, in respect of the offence with which he is charged, is not subject to the jurisdiction of that Court.

[Trial to be ordinarily in District where offence committed.]

14. Except where otherwise expressly provided by this Act, or by any local or special law, every offence shall be enquired into and determined in the District in which the offence was committed:

[Proviso as to European British subjects.]

Provided that nothing in this section shall exempt European British subjects from being tried and convicted before the High Courts for offences committed beyond the local limits of such Courts.

[Accused triable in District where act done, or where consequence ensues.]

15. When a person is accused of the commission of any offence by reason of anything which has been done, and of any consequence which has ensued, such offence may be enquired into or determined in any District in which any such thing shall have been done or any such consequence shall have ensued.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ১৯ মে।]

[ক্ষমতার পরিবর্ত্তন ও রহিত হইতে পারিবার কথা।]

১০ ধারা। এই আইনমতে কোন ব্যক্তির প্রতি যে ক্ষমতা অর্পণ করা যায় স্থানীয় গবর্ণমেন্ট তাহা মতান্তর কি রহিত করিতে পারিবেন ইতি।

[কোন২ কার্য্যকারকের প্রতি জিলার মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান করিবার শক্তির কথা]

১১ ধারা। কোন কর্ম্মকারক তিন বৎসর পর্য্যন্ত মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কার্য্য করিলে স্থানীয় গবর্ণমেন্ট তাঁহার প্রতি জিলার মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

[আইন দ্বারা বর্জ্জিত ব্যক্তি ভিন্ন সকল লোকের উপর ফৌজদারী আদালতের ক্ষমতা থাকিবার কথা।]

১২ ধারা। ফৌজদারী আদালতের ক্ষমতা সকল লোকের উপর ব্যাপ্ত হইবে। কিন্তু পার্লিমেন্টের কোন আইনদ্বারা, কিম্বা বাঙ্গলা কি মান্দ্রাজ কি বোম্বাই দেশের চলিত কোন আইনদ্বারা, কিম্বা এই আইন, কি মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অন্য কোন আইনদ্বারা যাঁহারা বহির্ভূত হন কি হইবেন, তাঁহাদের উপর ঐ আদালতের ক্ষমতা বর্ত্তিবে না ইতি।

[জন্মস্থান কি বংশপ্রযুক্ত কোন ব্যক্তির এই আইন-হইতে অব্যাহতি না পাওয়ার কথা।]

১৩ ধারা। কোন ব্যক্তি জন্মস্থান কি বংশপ্রযুক্ত এই আইনের লিখিত ফৌজদারী মোকদ্দমার কার্য্য-বিধানের বহির্ভূত হইবেন না।

[উপবিধি।]

কিন্তু কোন লোকের নামে যে অপরাধের অভিযোগ হয় তাহা বুঝিয়া তাহার উপর যে আদালতের ক্ষমতা না বর্ত্তে এই ধারার কোন কথাতে সেই আদালতে তাঁহার বিচার হইবার কিম্বা বিচারার্থে তাঁহাকে সমর্পণ হইবার অনুমতি হইল, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[অপরাধ যে জিলার মধ্যে করা যায় সাধারণমতে সেই জিলাতে বিচার হইবার কথা।]

১৪ ধারা। এই আইনেতে কিম্বা স্থানীয় কি বিশেষ আইনেতে ভাবান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, অপরাধ যে জিলাতে করা যায়, তথায় তদনুসন্ধান ও নির্ণয় হইবে।

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজা সম্পর্কে উপবিধি।]

ইউরোপীয় ব্রিটনীয় প্রজারা হাই কোর্টের বিচারাধিপত্যের স্থানসীমার বাহিরে অপরাধ করিলে ঐ কোর্টের মধ্যে তাহাদের বিচার ও অপরাধ নির্ণয় না হইবে, এই ধারার কোন কথার এমন অর্থ করিতে হইবে না ইতি।

[যে জিলার মধ্যে ক্রিয়া করা যায় কি তাহার ফল উৎপন্ন হয় সেই জিলাতে বিচার হইবার কথা।]

১৫ ধারা। কোন ব্যক্তি যে ক্রিয়া করে ও তাহাতে যে ফল উৎপন্ন হয় তদ্ধেতুক তাহার নামে কোন অপরাধের অভিযোগ হইলে, যে জিলাতে কি জিলার যে খণ্ডে ঐ ক্রিয়া করা যায়, হয় তাহাতে, না হয় যে জিলাতে উক্ত কোন ফল উৎপন্ন হইয়াছে তাহাতে উক্ত অপরাধের অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে ইতি।

[Trial of abetments.]

16. The abetment of an offence, wherever such abetment shall have taken place, may be enquired into or determined in any District in which the offence abetted may be enquired into or determined by any Court having jurisdiction to try such offence, as if the abetment had been committed at the same place at which the offence abetted was wholly or partly committed;

or the abetment may be enquired into or determined in any District within which the abettor has done anything for abetting the commission of such offence.

[Offence committed on boundary of Districts. Offence begun in one District and completed in another.]

17. When any offence is committed on the boundary or boundaries of two or more Districts, whether subject to the same Local Government or not, or is begun in one District and completed in another, whether such Districts be subject to the same Local Government or not, such offence may be enquired into or determined in any of such Districts in the same manner as if it had been actually and wholly committed therein.

[Offence committed during journey or voyage.]

18. When any offence is committed on any person, or on, or in respect of, any property in or upon any coach, cart, or other carriage or conveyance, or upon any beast of burden employed in any journey,

or is committed on any person, or on, or in respect of, any property on board any vessel employed on any voyage or journey upon any navigable river, canal, or inland navigation,

such offence may be enquired into or determined in any District through any part whereof such coach, cart, carriage, conveyance, beast of burden, or vessel, shall have passed in the course of the journey or voyage during which such offence shall have been committed, in the same manner as if the offence had been actually and wholly committed in such District;

and in all cases where the side, middle or other part of any highway, or the side, bank, middle, or other part of any such river, canal or navigation, constitutes the boundary of any two Districts, such offence may be enquired into or determined in either of such Districts, through or adjoining to, or by the boundary of any part of, which such coach, cart, carriage, conveyance, beast of burden, or vessel, shall have passed in the course of the

[সহায়তার বিচারের কথা।]

১৬ ধারা। অপরাধের সহায়তা যে কোন স্থানে করা যাউক, যে অপরাধের সহায়তা হয় তাহার অনুসন্ধান কি নির্ণয় যে জিলাতে হইতে পারে, সেই জিলার মধ্যে ঐ অপরাধের বিচার করিবার ক্ষমতাপন্ন কোন আদালত ঐ সহায়তার অনুসন্ধান কি নির্ণয় করিতে পারিবেন। অর্থাৎ ঐ সাহায্য করা অপরাধের সমুদয় কি একাংশ যে স্থানে হয়, সেই স্থানে অপরাধের সহায়তা হইলে, যেমন তথায় তদনুসন্ধান ও নির্ণয় হইতে পারিত, তেমনি হইবে।

অথবা সহায় ব্যক্তি ঐ অপরাধের সহায়তার কোন কার্য্য যে কোন জিলাতে করিয়া থাকে, তথায় তদনুসন্ধান ও নির্ণয় হইতে পারিবে ইতি।

[জিলার সীমান্ত স্থানে অপরাধ করা গেলে কিম্বা এক জিলাতে আরম্ভ হইয়া অন্য জিলাতে সমাপ্ত হইলে তাহার কথা।]

১৭ ধারা। যদি কোন অপরাধ স্থানবিশেষের এক কি গবর্ণমেণ্টের কি ভিন্ন২ গবর্ণমেণ্টের শাসিত দুই কি তদধিক জিলার সীমান্তস্থানে করা যায়, কিম্বা স্থানবিশেষের এক কি গবর্ণমেণ্টের কি ভিন্ন২ গবর্ণমেণ্টের শাসিত এক জিলাতে আরম্ভ হইয়া অন্য জিলাতে সমাপ্ত হয়, তবে উক্ত কোন এক জিলাতে ঐ অপরাধের অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে, অর্থাৎ তাহার মধ্যে ঐ অপরাধ নিশ্চিত ও সম্পূর্ণরূপে হওয়ার মত অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে ইতি।

[পথে গমনপ্রভৃতি সময়ে যে অপরাধ হয় তাহার কথা।]

১৮ ধারা। কোন লোক কিম্বা কিছু সম্পত্তি ঘোড়ার কি গরুর গাড়িতে কি অন্য যান বাহনে, কিম্বা কোন ঘোড়ার কি বলদপ্রভৃতির পিঠে পথে যাইতেছে কি চালান হইতেছে

কিম্বা নৌকাদির গমনীয় কোন নদী কি খাল খাড়িপ্রভৃতি দিয়া কোন লোক কি কিছু সম্পত্তি নৌকাপ্রভৃতি করিয়া যাইতেছে কি চালান হইতেছে এমন সময়ে সেই লোকের উপর কিম্বা সেই সম্পত্তির উপর কি তৎসম্পর্কে যদি কোন অপরাধ করা যায়,

তবে যে যাত্রাকালে ঐ অপরাধ হয়, সেই যাত্রার ঐ ঘোড়ার কি গরুর গাড়ি কি যান বাহন কি বলদাদি কি নৌকাপ্রভৃতি যে২ জিলা দিয়া গমন করে, তাহার কোন এক জিলাতে ঐ অপরাধের অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে, অর্থাৎ তাহারই মধ্যে ঐ অপরাধ নিশ্চিত ও সম্পূর্ণরূপে হইবার মত সেই স্থানে অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে।

যদি কোন রাস্তার পার্শ্ব কি মধ্যস্থান কি অন্য ভাগ, কিম্বা তদ্রূপ কোন নদীর কি খালের কি নৌকাগমনীয় পথের ধার কি তীর কি মধ্যস্থান কি অন্য ভাগ দুই জিলার কি জিলার দুই খণ্ডের সীমান্তস্থান হয়, তবে যে যাত্রাকালে ঐ অপরাধ করা যায় সেই যাত্রায় ঐ ঘোড়ার কি গরুর গাড়ি কি যান বাহন কি বলদাদি কি নৌকাপ্রভৃতি যে২ জিলার কি জিলার যে২ খণ্ডের মধ্য কি নিকট কি সীমান্তস্থান দিয়া যায়, তাহার কোন এক জিলাতে কি খণ্ডে ঐ অপরাধের অনু-

journey or voyage during which such offence shall have been committed, in the same manner as if it had actually and wholly been committed in such District.

[Receiving, &c., stolen property.]

19. If any person is charged with any offence punishable under section 411, 412, or 414 of the Indian Penal Code, under the head "Of the receiving of stolen property," such offence may be enquired into or determined in any District in which such person has, or has had, such stolen property in his possession, or in any District in which the offence by which such property came to be stolen property within the meaning of the said Code, may be enquired into or determined.

[Thuggee, Dacoity.]

20. Whenever any person is charged with being a thug,
or with murder as a thug,
or with dacoity with or without murder,
or with having belonged to a gang of dacoits,
or with having belonged to any wandering or other gang of thieves associated for the purpose of habitually committing theft or robbery and not being a gang of thugs or dacoits,

the offence may be enquired into in any District in which the accused person is, by any Magistrate competent to commit to a Court of Session, and the accused person may be committed to the Court of Session to which such Magistrate is subordinate.

[Escape from lawful custody under sentence. Violation of condition of remission of punishment.]

21. If any person escapes from any custody in which he is lawfully detained in pursuance of a sentence of a Court of Justice or by virtue of a commutation of such sentence,

or is charged with any offence punishable under section 227 of the Indian Penal Code, or under section 12 of Act XXIV of 1855 *(relating to Penal Servitude)*,

the offence may be enquired into or determined, either in the District in which such person shall be apprehended and retaken, or in the District in which he was formerly tried, or, in the case of an escape from custody, in the District in which he shall have escaped from custody.

[High Court to decide, in case of doubt, district where enquiry shall take place.]

22. Whenever any doubt arises as to the District in which any offence should be enquired into or determined, the High Court within whose jurisdiction the offender is apprehended may de-

সন্ধান কি নির্ণয় হইতে পারিবে, অর্থাৎ তাহারই মধ্যে ঐ অপরাধ নিশ্চিত ও সম্পূর্ণরূপে হইবার মত সেই স্থানে অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে ইতি।

[চোরা দ্রব্য গ্রহণাদির কথা।]

১৯ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের "চোরা দ্রব্য গ্রহণবিষয়ি" অধ্যায়ের ৪১১ কি ৪১২ কি ৪১৪ ধারামত দণ্ডনীয় অপরাধের অভিযোগ কোন ব্যক্তির নামে হইলে, যে কোন জিলার মধ্যে ঐ চোরা দ্রব্য ঐ ব্যক্তির নিকটে থাকে বা ছিল তাহাতে, কিম্বা যে অপরাধদ্বারা ঐ দ্রব্য উক্ত আইনের অর্থক্রমে চোরা দ্রব্য হইল সেই অপরাধ যে জিলাতে করা যায় তাহাতে পূর্ব্বোক্ত অপরাধের অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে ইতি।

[ঠগি ডাকাইতী প্রভৃতির কথা।]

২০ ধারা। যদি কোন ব্যক্তির নামে ঠগ হওয়ার,
কি ঠগ হইয়া হত্যা করার,
কিম্বা হত্যা সহিত কি হত্যাবিনা ডাকাইতী করার,
কিম্বা ডাকাইতদের দলভুক্ত হওয়ার,

কিম্বা ঠগদের কি ডাকাইতদের দলভিন্ন নিয়ত চৌর্য্য কি দস্যুতা করণাভিপ্রায়ে দলভুক্ত কোন ভ্রমণকারি কি অন্য প্রকারের চোরের দলে প্রবিষ্ট হওয়ার অভিযোগ হয়,

তবে অভিযুক্ত ব্যক্তি যে কোন জিলাতে থাকে সেই জিলাতে সেশন আদালতে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট সাহেব ঐ অপরাধের অনুসন্ধান লইতে পারিবেন, ও সেই মাজিষ্ট্রেট সাহেব যে সেশন আদালতের অধীন থাকেন, সেই আদালতে ঐ অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করা যাইতে পারিবে ইতি।

[দণ্ডাজ্ঞাক্রমে আইনমতে কারাবদ্ধ হইয়া পলায়ন করিলে তাহার কথা।]

২১ ধারা। যদি কোন ব্যক্তি বিচার আদালতের কোন দণ্ডাজ্ঞাক্রমে কিম্বা তদ্রূপ কোন দণ্ডাজ্ঞার পরিবর্ত্তনক্রমে, আইনমতে কোন প্রহরির জিম্মায় থাকিয়া তাহা হইতে পলায়ন করে,

[দণ্ডহইতে ক্ষম পাইবার নিয়ম ভঙ্গ করিলে তাহার কথা।]

অথবা যদি তাহার নামে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২২৭ ধারামতের কিম্বা দণ্ডরূপ পরিশ্রমবিষয়ি ১৮৫৫ সালের ২৪ আইনের ১২ ধারামতের দণ্ডনীয় কোন অপরাধের অভিযোগ হয়,

তবে যে জিলাতে ঐ ব্যক্তি ধৃত হয় কি পুনশ্চ ধৃত হয় তাহাতে, কিম্বা যে জিলাতে পূর্ব্বে তাহার বিচার হয় তাহাতে, কিম্বা প্রহরির জিম্মাহইতে পলাতক হইলে যে জিলাতে প্রহরিহইতে পলায়ন করে সেই জিলাতে ঐ অপরাধের অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে ইতি।

[অনুসন্ধান যে স্থানে লওয়া যাইবে এতদ্বিষয়ে সন্দেহ হইলে হাইকোর্টের তাহা নিরূপণ করিবার কথা।]

২২ ধারা। অপরাধ বিশেষের অনুসন্ধান কি নির্ণয় কোন্ জিলার মধ্যে করিতে হইবে. যদি এতদ্বিষয়ের কোন সন্দেহ থাকে, তবে যে জিলাতে করিতে হইবে এই কথা, যে হাই কোর্টের বিচারাধিপত্যের

cide in which District the offence shall be determined.

[High Court may transfer case. Or direct trials in District other than that in which offence is committed.]

23. The High Court may order the transfer of any criminal case or appeal, from a Criminal Court subordinate to its authority, to any other such Criminal Court of equal or superior jurisdiction,

or may order that any offence shall be enquired into or determined in any District other than that in which the offence has been committed,

whenever it shall appear to such High Court that such order will promote the ends of justice, or tend to the general convenience of the parties or witnesses.

[Magistrate may withdraw or refer cases.]

24. The Magistrate of the District, or a Magistrate in charge of a Division of a District, may withdraw any criminal case from any Court subordinate to him or within his District or Division and may enquire into or try the case himself, or refer it for enquiry or trial to any other such Court competent to enquire into or try the same.

[Commitment for trial before High Court.]

25. The Magistrate of the District, or any other officer exercising the powers of a Magistrate may hold the preliminary enquiry into any cases triable by a High Court, and may commit or hold to bail persons to take their trial before such Court, and may exercise all the powers necessary for such purpose.

[Subordinate Magistrate may be empowered to hold preliminary enquiry and to commit for trial before Court of Session or High Court.]

26. The Local Government may empower any Subordinate Magistrate of the first or second class not vested with such power by any law for the time being in force, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session, or by any High Court, and may empower such Subordinate Magistrate to commit, or hold to bail, persons to take their trial before such Court of Session or High Court, and to exercise all the powers necessary for such purpose.

সীমার মধ্যে অপরাধী ধৃত হয় সেই কোর্ট নিরূপণ করিতে পারিবেন ইতি।

[কোন মোকদ্দমা এক আদালত হইতে উঠাইয়া অন্য আদালতে অর্পণ করিতে এবং অপরাধ যে জিলার মধ্যে হইয়াছে, তদ্ভিন্ন অন্য জিলায় বিচার হইবার আজ্ঞা করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।]

২৩ ধারা। কোন ফৌজদারী মোকদ্দমা কি আপীলী মোকদ্দমা ফৌজদারী এক আদালতহইতে উঠাইয়া অন্য আদালতে অর্পণ হইবার আজ্ঞা হইলে যথার্থ বিচারের সাহায্য হয় কিম্বা উভয় পক্ষের ও সাক্ষিদের সাধারণমতে সুবিধা হয়, হাই কোর্ট যখন এরূপ বোধ করেন,

তখন আপনার কর্ত্তৃত্বের অধীন ফৌজদারী কোন এক আদালতহইতে ঐ মোকদ্দমা উঠাইয়া সমান কি অধিক ক্ষমতাপন্ন অন্য আদালতে অর্পণ হইবার আজ্ঞা করিতে পারিবেন,

কিম্বা কোন অপরাধ যে জিলাতে কি জিলার যে খণ্ডে করা যায় তদ্ভিন্ন অন্য জিলাতে কি অন্য খণ্ডে তাহার অনুসন্ধান কি নির্ণয় হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের মোকদ্দমা উঠাইয়া লইবার কিম্বা অর্পণ করিবার ক্ষমতার কথা।]

২৪ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার কোন খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন কিম্বা আপন জিলার কি খণ্ডের অন্তঃপাতি কোন আদালতহইতে ফৌজদারী কোন মোকদ্দমা উঠাইয়া আপনি তাহার অনুসন্ধান লইতে কি বিচার করিতে পারিবেন, কিম্বা ঐ মোকদ্দমার অনুসন্ধান লইবার ও বিচার করিবার ক্ষমতাপন্ন অন্য কোন আদালতে অনুসন্ধান ও বিচার হইবার জন্যে সমর্পণ করিতে পারিবেন ইতি।

[হাই কোর্টে মোকদ্দমা বিচারার্থে সমর্পণ করিবার কথা।]

২৫ ধারা। হাই কোর্টের বিচার্য্য কোন মোকদ্দমার প্রথম স্থলে যে২ বিষয়ের অনুসন্ধান করা কর্ত্তব্য, জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্মকারি অন্য কার্য্যকারক তাহা করিতে পারিবেন, ও সেই কোর্টে বিচার হইবার জন্যে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে পারিবেন, কিম্বা তাহাদের স্থানে তথায় উপস্থিত হইবার প্রতিভূ লইতে পারিবেন, ও তদর্থে আবশ্যক সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন ইতি।

[প্রথম স্থলীয় অনুসন্ধান লইয়া সেশন আদালতে কি হাই কোর্টে বিচার হইবার জন্যে সমর্পণ করিতে অধীন মাজিষ্ট্রেটদের ক্ষমতার কথা।]

২৬ ধারা। প্রথম কি দ্বিতীয় শ্রেণীর যে অধঃস্থ মাজিষ্ট্রেটেরা প্রচলিত কোন আইনক্রমে সেশন আদালতের কি কোন হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধানের কার্য্য করিতে ক্ষমতাপন্ন নহেন, স্থান বিশেষের গবর্ণমেণ্ট তাঁহাদিগকে ঐ কার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবেন, ও তদ্রূপ সেশন আদালতে কি সুপ্রিমকোর্টে বিচার হইবার জন্যে লোকদিগকে সমর্পণ করিবার কি তাহাদের স্থানে দর্শনপ্রতিভূ লইবার, ও তৎকার্য্যের নিমিত্তে যে সকল ক্ষমতার আবশ্যক সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিবার শক্তি দিতে পারিবেন ইতি।

[Only Justices of the Peace to commit European British subjects.]

27. No person not a Justice of the Peace shall commit, or hold to bail, any European British subject to take his trial before a High Court.

[Procedure when European British subject is charged with offences triable by High Court.]

28. When a European British subject is charged with an offence triable by a High Court, any officer exercising the powers of a Magistrate, and any Subordinate Magistrate duly empowered according to section 26, may hear the complaint against him, and may issue a warrant of arrest, or hold him to bail, with a view to the complaint being investigated by a Justice of the Peace.

[Procedure when a European is arrested under warrant of a Magistrate, not a Justice of the Peace.]

29. When a European British subject has been arrested under a warrant issued under section 28 by Magistrate not being a Justice of the Peace, if such Magistrate considers that there is sufficient ground for proceeding, he shall forthwith forward the person arrested to a Justice of the Peace, or, if the offence with which such person is charged is bailable, and if sufficient bail be tendered, shall admit him to bail for his appearance before a Justice of the Peace.

When the person accused is brought or appears before a Justice of the Peace under this section, such Justice of the Peace shall himself hold the preliminary inquiry into the case, before he commits, or holds to bail, such person for trial before the High Court.

[Saving of jurisdiction under 53 Geo. III, c. 155, s. 105.]

30. Nothing in this chapter shall interfere with the jurisdiction given by the Statute 53 George III, c. 155, s. 105, or Act VII of 1853 *(to extend the jurisdiction of Magistrates under the 53 George III, c. 155, s. 105, in cases of assault, forcible entries, and other injuries accompanied by force, not being felonies):*

[Proviso.]

Provided that the jurisdiction given by the said Statute and the said Act shall be exercised only by a Justice of the Peace.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৯ মে।]

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকে কেবল শান্তিরক্ষার্থ জষ্টিসের সমর্পণ করিবার ক্ষমতার কথা।]

২৭ ধারা। শান্তিরক্ষার্থ জষ্টিস না হইলে কোন ব্যক্তি ইউরোপীয় কোন ব্রিটনীয় প্রজাকে হাই কোর্টে বিচারার্থে সমর্পণ করিতে কিম্বা তাহার স্থানে দর্শনপ্রতিভূ লইতে পারিবেন না ইতি।

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজার নামে হাই কোর্টের বিচার্য্য অপরাধের অভিযোগ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২৮ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজার নামে হাই কোর্টের বিচার্য্য কোন অপরাধের অভিযোগ হইলে, যে কার্য্যকারক মাজিষ্ট্রেটের কর্ম্ম করেন, এবং নিম্ন শ্রেণীর যে কোন মাজিষ্ট্রেট ২৬ ধারামতে উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত হন, তিনি সেই অভিযোগ শুনিয়া শান্তিরক্ষার্থ জষ্টিসের দ্বারা সেই অভিযোগের অনুসন্ধান হইবার নিমিত্তে ঐ ব্যক্তিকে আসেধ করিবার পরওয়ানা দিতে কিম্বা তাহার স্থানে দর্শন প্রতিভূ লইতে পারিবেন ইতি।

[শান্তিরক্ষার্থ জুষ্টিসভিন্ন কোন মাজিষ্ট্রেটের পরওয়ানাক্রমে ইউরোপীয় ব্যক্তি অসিদ্ধ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২৯ ধারা। শান্তিরক্ষার্থ জষ্টিসভিন্ন কোন মাজিষ্ট্রেট সাহেব ২৮ ধারামতে যে পরওয়ানা দেন তদ্দ্বারা যদি ইউরোপীয় কোন ব্রিটনীয় প্রজা ধৃত হয়, তবে ঐ মোকদ্দমার কার্য্য চলনের উপযুক্ত হেতু আছে ঐ মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে অগৌণে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের নিকটে সেই ধৃত ব্যক্তিকে প্রেরণ করিবেন। অথবা ঐ ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হইয়াছে তাহার নিমিত্তে যদি দর্শন প্রতিভূ লওয়া যাইতে পারে, ও যদি সে উপযুক্ত প্রতিভূ দিতে চাহে, তবে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে উপস্থিত হইবার প্রতিভূ লইয়া তাহাকে ছাড়িয়া দিবেন।

এই ধারামতে শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে অভিযুক্ত ব্যক্তিকে আনা গেলে কিম্বা আপনি উপস্থিত হইলে শান্তিরক্ষার্থ ঐ জষ্টিস তাহাকে হাই কোর্টে বিচার হইবার জন্যে সমর্পণ করিবার কি তাহার স্থানে দর্শনপ্রতিভূ লইবার পূর্ব্বে আপনি ঐ মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান লইবেন ইতি।

[তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা রক্ষার কথা।]

৩০ ধারা। তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারামতে কিম্বা ১৮৫৩ সালের ৭ আইন (অর্থাৎ চড়াউ করণ ও বলপূর্ব্বক প্রবেশ করণ ও বলপূর্ব্বক যে ক্ষতি ফেলোনি না হয় এমত অন্য প্রকার অপরাধ করণের মোকদ্দমায় তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের আইনের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবদের যে ক্ষমতা আছে তাহা বৃদ্ধি করিবার আইনমতে) যে ক্ষমতা দেওয়া গেল, তাহা এই অধ্যায়ের কোন কথাতে খর্ব্ব হইবে না।

উপবিধি।

কিন্তু উক্ত রাজকীয় বিধান ও উক্ত আইনক্রমে যে ক্ষমতা দেওয়া গেল কেবল শান্তিরক্ষার্থ জুষ্টিস সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

CHAPTER III.

PRELIMINARY RULES.

[Examination of complainants and witnesses.]

31. In all Criminal Courts, complainants and witnesses shall be examined upon oath or otherwise according to the provisions of the law for the time being in force in relation to the examination of witnesses.

[Payment of fine in compensation. Special damage. Expenses of prosecution.]

32. Whenever, by the sentence or order of any Criminal Court, a fine is imposed upon a conviction for any offence made punishable by fine, whether the offence be punishable or punished by fine only or otherwise, such Court may order that the fine or any part thereof, not exceeding the loss appearing to be caused to any person who has suffered by such offence,

and any special damage of a nature that can in the opinion of the Court be compensated by a pecuniary award, and that may have resulted to such person by such offence,

and any expenses incurred by the complainant in the prosecution, as the Court may consider reasonable and proper,

be paid to or for the benefit of such person according to the discretion of the Court.

In every such case the fine when levied or paid shall be paid accordingly.

If the fine be awarded by a Court whose decision is subject to appeal, the amount awarded to the person injured shall not be paid to such person until a period of two months shall have elapsed from the date of the award.

[Period of imprisonment in default of payment of fine.]

33. In every case punishable with imprisonment as well as fine, in which the offender is sentenced to a fine, whether with or without imprisonment, the Criminal Court shall be guided by the provisions of sections 64 and 65 of the Indian Penal Code in awarding the period of imprisonment in default of payment of the fine:

[Proviso as to cases decided by a Magistrate.]

Provided that, in no such case decided by a Magistrate, shall the period of imprisonment awarded in default of payment of the fine exceed one-fourth of the period of imprisonment which he is competent to inflict as punishment for the offence otherwise than as imprisonment in default of payment of the fine.

[*Government Gazette*, 19*th May* 1868.]

তৃতীয় অধ্যায়।

প্রথম স্থলীয় কার্য্যের বিধি।

[বাদিদের ও সাক্ষিদের পরীক্ষা গ্রহণের কথা।]

৩১ ধারা। সাক্ষিদের পরীক্ষা লইবার বিষয়ে যে আইন যে সময়ে চলন থাকে, ফৌজদারী সকল আদালতে বাদিদের ও সাক্ষিদের পরীক্ষা সেই আইনের বিধানানুসারে শপথক্রমে কি প্রকারান্তরে লওয়া যাইবে ইতি।

[ক্ষতিপূরণের নিমিত্তে অর্থদণ্ডের টাকা দিবার কথা।]

৩২ ধারা। অর্থদণ্ডের দ্বারা দণ্ডনীয় কোন অপরাধের প্রমাণ হইয়া যদি ফৌজদারী কোন আদালতের দণ্ডাজ্ঞা কি আজ্ঞাক্রমে অর্থদণ্ড হয়, তবে সেই অপরাধের কেবল অর্থদণ্ড কি প্রকারান্তরের দণ্ড হইতে পারিলে কি হইলেও, ঐ অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির যত ক্ষতি দৃষ্ট হয়, তাহার অনধিক টাকা

[বিশেষ হানির কথা।]

এবং ঐ অপরাধের দ্বারা উক্ত ব্যক্তির বিশেষ প্রকারের ক্ষতি হইলে সেই ক্ষতির মর্ম্ম বিবেচনায় যদি আদালতের বিচারমতে টাকাতে সেই ক্ষতির পূরণ হইতে পারে, তবে সেই টাকা।

[নালিশ করিবার খরচার কথা।]

ও মোকদ্দমা চালাইবার কার্য্যেতে বাদির যে কিছু খরচ হইয়া থাকে আদালত তন্মধ্যে যাহা যুক্তিসিদ্ধ ও উপযুক্ত জ্ঞান করেন তাহা

আদালতের বিবেচনামতে সেই অর্থদণ্ডের টাকা হইতে ঐ ব্যক্তির উপকারার্থে দিবার আজ্ঞা করিতে পারিবেন।

তদ্রূপ প্রত্যেক স্থলে অর্থদণ্ডের টাকা আদায় হইলে কি দেওয়া গেলে পর, উক্ত নিয়মানুসারে দেওয়া যাইবে।

যে আদালত ঐ অর্থদণ্ডের আজ্ঞা করেন যদি তাঁহার নিষ্পত্তির উপর আপীল হইতে পারে, তবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে যে টাকা দিবার আজ্ঞা হয়, ঐ আজ্ঞার তারিখ অবধি দুই মাস গত না হইলে ঐ টাকা ঐ ব্যক্তিকে দেওয়া যাইবে না ইতি।

[অর্থদণ্ড না দেওয়াতে যত কাল কারাদণ্ড হইবে তাহার কথা। ও বর্জ্জিত কথা।]

৩৩ ধারা। যে স্থলে কারাদণ্ড ও অর্থদণ্ড উভয় হইতে পারে, এমত কোন স্থলে যদি অপরাধির কারাদণ্ড সহিত কি তদ্ব্যতীত অর্থদণ্ডের আজ্ঞা হয়, তবে অর্থদণ্ডের টাকা না দেওয়াপ্রযুক্ত যত কাল কারাবদ্ধ হইবার আজ্ঞা করিতে হইবে এই বিষয়ে ফৌজদারী আদালত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৬৪ ও ৬৫ ধারার বিধানমতে কার্য্য করিবেন।

[মাজিষ্ট্রেট যে মোকদ্দমার নিষ্পত্তি করেন তদ্বিষয়ের উপবিধি।]

কিন্তু যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমার নিষ্পত্তি করিয়া থাকেন, তবে অর্থদণ্ডের টাকা না দেওয়ার কারণ ভিন্ন তিনি ঐ অপরাধের নিমিত্ত যত কাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারেন, অর্থদণ্ড না দেওয়া প্রযুক্ত তাহার চতুর্থাংশের অধিককাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না ইতি।

[Sentence in case of simultaneous conviction of several offences.]

34. When a person is convicted at one time of two or more offences punishable under the same or different sections of the Indian Penal Code, the Court may sentence him for the offences of which he has been convicted to the several penalties prescribed by the same Code which such Court is competent to inflict; such penalties when consisting of imprisonment to commence the one after the expiration of the other.

It shall not be necessary for the Court, by reason only of the aggregate punishment for the several offences being in excess of the punishment which it is competent to inflict on conviction of a single offence, to send the offender for trial before a higher Court:

[Maximum term of imprisonment.]

Provided that in no case shall the person be sentenced to imprisonment for a longer period than fourteen years;

Provided also that, if the case be tried by a Magistrate, the punishment shall not in the aggregate exceed twice the extent of punishment which he is by his ordinary jurisdiction competent to inflict.

[Currency of sentence on escaped convicts.]

35. When a sentence is passed on an escaped convict for such escape or for any other offence, the Court may direct the sentence to take effect immediately, or after such convict shall have suffered imprisonment or transportation, as the case may be, for a further period equal to that which remained, unexpired of his former sentence at the time of his escape.

[Sentence on offender already sentenced for another offence.]

36. When sentence is passed on a person already under sentence of imprisonment or transportation for another offence, the Court, if the sentence be for imprisonment, shall direct that such imprisonment shall commence at the expiration of the imprisonment or transportation to which such person has been previously sentenced,

or if he is undergoing a sentence of imprisonment, and the sentence, on such subsequent conviction, is for transportation, the Court may direct that the sentence shall commence immediately, or at the expiration of the imprisonment to which he was previously sentenced:

[Proviso.]

Provided that nothing in this section shall be held to excuse such person from any part of the

[একিকালে অনেক অপরাধের প্রমাণ হইলে দণ্ডাজ্ঞার কথা।]

৩৪ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের একি কি ভিন্ন২ ধারামতে যে২ অপরাধের দণ্ড হইতে পারে, যদি কোন ব্যক্তির একিকালে তন্মধ্যে দুই কি তদধিক অপরাধ করিবার প্রমাণ হয়, তবে ঐ ব্যক্তির প্রমাণীকৃত ঐ২ অপরাধের যে২ দণ্ড ঐ আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে ঐ আদালত সেই২ দণ্ডের আজ্ঞা করিবার ক্ষমতাপন্ন হইলে, ঐ সকল দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। যদি কারাদণ্ড হয়, তবে এক অপরাধের নিমিত্তে কারাদণ্ডের কাল গত হইলে পর, অন্য অপরাধের নিমিত্তে আরম্ভ হইবেক।

ঐ আদালত একি অপরাধের নিমিত্তে যে পর্য্যন্ত দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন, ঐ সমুদয় অপরাধের দণ্ড একুনে তাঁহার ঐ ক্ষমতাতিরিক্ত হইল, কেবল এই কারণে অপরাধিকে উপরিস্থ আদালতে বিচার হইবার নিমিত্তে প্রেরণ করা আবশ্যক হইবে না।

[কারাদণ্ডের অতি দীর্ঘ কালের কথা।]

কিন্তু সেই ব্যক্তির কোন স্থলে চৌদ্দ বৎসরের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা হইবে না।

যদি সেই মোকদ্দমার বিচার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব স্বীয় সাধারণ ক্ষমতাক্রমে যত দণ্ড করিতে পারেন, পূর্ব্বোক্ত দণ্ড সমুদয়ে তাহার ২গুণের অধিক হইবে না ইতি।

[পলাতক বন্দির দণ্ড চলনের কথা।]

৩৫ ধারা। পলাতক বন্দির পলায়নপ্রযুক্ত কিম্বা অন্য কোন অপরাধের নিমিত্তে কোন দণ্ডের আজ্ঞা হইলে, আদালত আদেশ করিতে পারিবেন যে সেই আজ্ঞামতে অপরাধির অগৌণে ঐ দণ্ড হয়, অথবা তাহার পলায়নকালে তাহার পূর্ব্ব দণ্ডাজ্ঞামতে যত কাল অবশিষ্ট ছিল তত কাল তাহার কারাদণ্ড কি বিষয়বিশেষে দ্বীপান্তর থাকা দণ্ডভোগ হইলে পর, তাহার ঐ আজ্ঞামতে দণ্ড হয় ইতি।

[যে ব্যক্তির দণ্ডের আজ্ঞা হইয়াছে সে অন্য অপরাধ করিলে তাহার দণ্ডের কথা।]

৩৬ ধারা। কোন ব্যক্তি কোন অপরাধের নিমিত্তে কারাদণ্ড কি দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভোগ করিতেছে এমন সময়ে যদি অন্য অপরাধের জন্যে তাহার দণ্ডের আজ্ঞা হয়, তবে কারাদণ্ডের সেই আজ্ঞা হইলে, আদালত আজ্ঞা করিতে পারিবেন যে ঐ ব্যক্তির কারাবদ্ধ হওন কি দ্বীপান্তর প্রেরণ যে দণ্ডের আজ্ঞা পূর্ব্বে হইয়াছিল তাহা ভোগ করিলে পর ঐ কারাদণ্ডের আরম্ভ হয়।

অথবা যদি সেই ব্যক্তি কারাদণ্ড ভোগ করিতেছে, ও পশ্চাৎ উক্ত অন্য অপরাধ নির্ণয় হইয়া তাহার দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হয়, তবে সেই দণ্ডভোগ অগৌণে আরম্ভ হইবে, অথবা পূর্ব্বে ঐ ব্যক্তির যত কাল কারাদণ্ডের আজ্ঞা হইয়াছিল তাহা অতীত হইলে পর আরম্ভ হইবে আদালত ইহার আজ্ঞা করিতে পারিবেন।

উপবিধি।

কিন্তু পূর্ব্ব কি পশ্চাৎকৃত দোষ প্রমাণে ঐ ব্যক্তি যে দণ্ডের যোগ্য হয়, এই ধারার কোন কথাক্রমে তাহার

punishment to which he is liable upon such former or subsequent conviction.

[Local Government may order removal of prisoner from one jail to another.]

37. When any person is sentenced to imprisonment, the Local Government may order his removal during the period prescribed for his imprisonment from the jail or place in which he is confined to any other jail or place of imprisonment within the jurisdiction of the same Local Government.

[Inspector-General of Jails may exercise power conferred by section 37.]

38. The power conferred on the Local Government by section 37 may be exercised, under the orders and subject to the control of Government, by the Inspector-General of Jails.

[Sentence not to specify place of transportation.]

39. When any person is sentenced to transportation, the Court passing the sentence shall not specify in its sentence the place to which he shall be sent for the purpose of undergoing the sentence.

[Governor General in Council to appoint a place within British India to which persons sentenced may be sent. Local Government to direct removal of such persons to such place.]

40. The Governor General of India in Council may from time to time appoint a place or places within British India to which persons sentenced to transportation shall be sent: and the Local Government, or some officer duly authorized by such Government, shall given orders for the removal of such persons to the place or places so appointed.

[Sentence of transportation on persons already transported under previous sentence.]

41. When sentence of transportation is passed on a person already undergoing transportation under a sentence previously passed for another offence, it shall not be necessary for the Local Government to order his removal from the place in which he is so undergoing transportation.

[Sentence of death.]

42. When any person is sentenced to death the sentence shall direct that he be hanged by the neck till he is dead.

[Power to remit punishment.]

43. When any person has been sentenced to punishment for an offence, the Governor General of India in Council, or the Local Government,

কোন অংশ ক্ষমা হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[বন্দিকে এক জেলহইতে অন্য জেলে পাঠাইতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

৩৭ ধারা। কোন ব্যক্তির কারাদণ্ডের আজ্ঞা হইলে সে যে কারাগারে কি স্থানে বদ্ধ থাকে স্থানীয় গবর্ণমেণ্ট সেই দণ্ডভোগের নির্দ্ধারিত কালের মধ্য কোন সময়ে স্বীয় কর্তৃত্বের ব্যাপ্যাধীন অন্য কারাগারে কি করাবদ্ধ হওনের স্থানে তাহাকে পাঠাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[৩৭ ধারামতে দত্ত ক্ষমতাক্রমে জেলের ইনস্পেকুটর জেনরল সাহেবের কার্য্য করিবার ক্ষমতার কথা।]

৩৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ৩৭ ধারামতে যে ক্ষমতা অর্পণ করা গেল, জেলসমূহের ইনস্পেকুটর জেনরল সাহেবও গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে ও কর্তৃত্বাধীনে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন ইতি।

[যে দ্বীপে প্রেরণ করা যাইবে দণ্ডাজ্ঞার মধ্যে তাহা না লিখিবার কথা।]

৩৯ ধারা। যদি কোন ব্যক্তির দ্বীপান্তরে প্রেরণের আজ্ঞা করা যায়, তবে ঐ ব্যক্তিকে ঐ দণ্ডভোগের জন্যে যে স্থানে পাঠাইতে হইবে, ঐ আজ্ঞা ক আদালত আপন দণ্ডাজ্ঞার মধ্যে তাহা নির্দ্দিষ্ট করিবেন না ইতি।

[যাহাদের দণ্ডের আজ্ঞা হইয়াছে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে তাহাদিগকে পাঠাইতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এমত স্থান নিরূপণ করিবার কথা। ও স্থানীয় গবর্ণমেণ্টের সেই স্থানে উক্ত লোকদিগকে পাঠাইবার আজ্ঞার কথা।]

৪০ ধারা। যাহাদের দ্বীপান্তর প্রেরণ দণ্ড হয়, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে কি যেং স্থানে তাহাদিগকে পাঠাইতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং এমত স্থান নিরূপণ করিতে পারিবেন। ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট কিম্বা ঐ গবর্ণমেণ্ট কর্তৃক উপযুক্তমতে ক্ষমতাপন্ন কার্য্যকারক তদ্রূপ নিরূপিত অন্যতর স্থানে উক্ত ব্যক্তিদিগকে পাঠাইবার আজ্ঞা করিবেন ইতি।

[যাহারা পূর্ব্ব দণ্ডাজ্ঞাক্রমে দ্বীপান্তর প্রেরিত হইয়াছে তাহাদিগের দ্বীপান্তর প্রেরণদণ্ডের অন্য আজ্ঞার কথা।]

৪১ ধারা। কোন ব্যক্তি দ্বীপান্তর প্রেরণদণ্ড ভোগ করিতেছে এমন সময়ে যদি তাহার অন্য অপরাধের নিমিত্তে দ্বীপান্তর প্রেরণদণ্ডের আজ্ঞা হয়, তবে যে স্থানে ঐ দণ্ড ভোগ করিতেছে সেই স্থানহইতে তাহাকে স্থানবিশেষের গবর্ণমেণ্টের স্থানান্তরে পাঠাইবার আজ্ঞা করা আবশ্যক হইবে না ইতি।

[প্রাণদণ্ডের আজ্ঞার কথা।]

৪২ ধারা। কোন ব্যক্তির প্রাণদণ্ডের আজ্ঞা হইলে দণ্ডাজ্ঞাতে এই আদেশ থাকিবে যে সেই ব্যক্তি যাবৎ না মরে তাবৎ তাহার গলদেশে উদ্বন্ধন থাকে ইতি।

[দণ্ড ক্ষমা করিবার ক্ষমতার কথা।]

৪৩ ধারা। কোন অপরাধের নিমিত্তে কোন ব্যক্তির দণ্ডের আজ্ঞা হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থানবিশেষের

may at any time, without conditions, or upon any conditions which the person sentenced accepts, remit the whole or any part of the punishment to which he has been sentenced.

[Person once convicted or acquitted not to be tried for same offence.]

44. A person who has once been tried for an offence and convicted or acquitted thereof, shall not be liable to be tried again for the same offence:

[Proviso as to culpable homicide]

Provided that any person may be tried for the offence of culpable homicide and punished for that offence, notwithstanding he may have been tried and punished for the act which caused the death, if at the time of his conviction for the said act death has not resulted, or has not been known by the Court which passed sentence to have resulted.

[Person charged with criminal breach of trust may be found guilty of theft.]

45. If upon the trial of any person charged with the offence of criminal breach of trust under section 405 of the Indian Penal Code, or of criminal breach of trust as a carrier, wharfinger or warehouse-keeper under section 407 of the same Code, it is proved that he took the property in question in any such manner as to amount to the offence of theft under section 378 of the same Code, he shall not be entitled to be acquitted.

But the Court, or the jury in a case tried by jury, may find that he is not guilty of the offence charged, but is guilty of the said offence under the said section 378.

Thereupon he shall be liable to be punished in the same manner as if he had been found guilty upon a charge under the said section 378.

[Person charged with criminal breach of trust as a servant may be found guilty of theft, or of theft as a servant.]

46. If upon the trial of any person charged with the offence of criminal breach of trust as a clerk or servant under section 408 of the Indian Penal Code, it is proved that he took the property in question in any such manner as to amount to,

the offence of theft under section 378 of the sade Code,

or the offence of theft as a clerk or servant of property in possession of his master under section 381 of the said Code,

গবর্ণমেন্ট কোন সময়ে নিয়মব্যতিরেকে কিম্বা দণ্ডিত ব্যক্তি যে নিয়ম স্বীকার করিবে এমত নিয়ম করিয়া তাহার যে দণ্ডের আজ্ঞা হইয়াছে তৎসমুদয় কি তাহার কোন অংশ রহিত করিতে পারিবেন ইতি।

[যে ব্যক্তি একবার দোষী কি নির্দ্দোষ নির্ণয় হইয়াছে তাহার সেই দোষ হেতু পুনশ্চ বিচার না হইবার কথা।]

৪৪ ধারা। কোন অপরাধের নিমিত্তে কোন ব্যক্তির একবার বিচার হইয়া তাহার ঐ অপরাধ নির্ণয় হইলে কি তাহাকে নির্দ্দোষ করা গেলে পুনরায় সেই অপরাধের নিমিত্তে সেই ব্যক্তির বিচার হইতে পারিবে না।

[অপরাধযুক্ত নরহত্যার বিষয়ে বর্জ্জিত কথা।]

যে ক্রিয়াদ্বারা কাহারও মৃত্যু হয় কোন ব্যক্তির সেই ক্রিয়াহেতুক বিচার ও দণ্ড হইল, কিন্তু দোষ নির্ণয় করণ সময়ে ঐ ক্রিয়াপ্রযুক্ত মৃত্যু হয় নাই অথবা যে আদালত ঐ দণ্ডের আজ্ঞা করিলেন সেই আদালত ঐ মৃত্যুর কথা অবগত ছিলেন না, এমন স্থলে যদ্যপি মৃত্যুজনক সেই ক্রিয়ার নিমিত্তে পূর্ব্বে ঐ ব্যক্তির বিচার ও দণ্ড হইয়া থাকে তথাপি অপরাধযুক্ত নরহত্যাপরাধ হেতুক তাহার পুনশ্চ বিচার ও দণ্ড হইতে পারিবে ইতি।

[যাহার নামে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগ হয় তাহার চৌর্য্যাপরাধ নির্দ্ধার্য হইবার কথা।]

৪৫ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪০৫ ধারামতে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগ কিম্বা উক্ত আইনের ৪০৭ ধারামতে বাহক কি ঘাটরক্ষক কি গুদামরক্ষকস্বরূপে কোন ব্যক্তির নামে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগ হইয়া তাহার বিচার হইলে সেই ব্যক্তি যে প্রকারে ঐ দ্রব্য হরণ করিয়াছিল তদ্দৃষ্টে যদি উক্ত আইনের ৩৭৮ ধারামতে তাহার চৌর্য্যের তুল্য অপরাধ প্রমাণ হয়, তবে সেই ব্যক্তির নির্দ্দোষ হইবার অধিকার নাই।

কিন্তু আদালত, কিম্বা জুরির দ্বারা বিচারিত মোকদ্দমায় ঐ জুরি এমত নির্দ্ধার্য্য করিতে পারিবেন যে সেই ব্যক্তি যে অপরাধে অভিযুক্ত হইয়াছে তাহার দোষী নহে, কিন্তু উক্ত ৩৭৮ ধারাক্রমে উক্ত অপরাধের অপরাধী আছে।

তাহা হইলে উক্ত ৩৭৮ ধারার লিখিত অভিযোগক্রমে ঐ ব্যক্তি অপরাধী নির্ণয় হইবার মত দণ্ডের যোগ্য হইতে পারিবে ইতি।

[চাকরস্বরূপে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগ যাহার নামে হয় তাহার চৌর্য্যাপরাধ, কিম্বা চাকরস্বরূপে চৌর্য্যাপরাধ নির্ণয় হইবার কথা]

৪৬ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪০৮ ধারাক্রমে কেরাণী কি চাকরস্বরূপে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগে কোন ব্যক্তির বিচার হইয়া যদি প্রমাণ হয় যে সেই ব্যক্তি যে প্রকারে উক্ত দ্রব্য হরণ করিয়াছিল তদ্দৃষ্টে

উক্ত আইনের ৩৭৮ ধারামতে ঐ ব্যক্তির চৌর্য্যাপরাধ হইল,

অথবা উক্ত আইনের ৩৮১ ধারামতে কেরাণী কি চাকরস্বরূপে স্বীয় কর্ত্তার অধিকৃত সম্পত্তি চুরী করিবার তুল্য অপরাধ হইয়াছে,

he shall not be entitled to be acquitted; but the Court or the jury in a case tried by jury, may find that he is not guilty of the offence charged, but is guilty of the said offence under the said section 378, or section 381, as the case may be.

Thereupon he shall be liable to be punished in the same manner as if he had been found guilty upon a charge under such section.

[Person charged with theft may be found guilty of misappropriation or breach of trust.]

47. If upon the trial of any person charged with the offence of theft under section 378 of the Indian Penal Code, or the offence of theft in a building, tent or vessel under section 380 of the said Code, it is proved that he took the property in question in any such manner as to amount to

the offence of dishonest misappropriation of property under section 403 of the said Code,

or the offence of criminal breach of trust under section 405 of the said Code,

he shall not be entitled be acquitted; but the Court or the jury in a case tried by jury, may find that he is not guilty of the offence charged, but is guilty of the said offence under the said section 403, or section 405, as the case may be.

Thereupon he shall be liable to be punished in the same manner as if he had been found guilty upon a charge under such section.

[Person charged with theft as a servant may be found guilty of misappropriation or breach of trust.]

48. If upon the trial of any person charged with the offence of theft as a clerk or servant of property in the possession of his master, under section 381 of the Indian Penal Code, it is proved that he took the property in question in any such manner as to amount to

the offence of dishonest misappropriation of property under section 403 of the said Code,

or the offence of dishonest misappropriarion of property possessed by a deceased person at the time of his death under section 404 of the said Code,

or of such dishonest misappropriation under the said section 404, the offender being at the time of the person's decease employed by him as a clerk or servant,

or the offence of criminal breach of trust under section 405, of the said Code,

or the offence of criminal breach of trust as a clerk or servant under section 408 of the said Code,

[*Government Gazette*, 19*th May* 1868.]

তবে সেই ব্যক্তির নির্দ্দোষ হইবার অধিকার নাই কিন্তু আদালত, অথবা জুরির দ্বারা বিচারিত মোকদ্দমায় ঐ জুরি, এমত নির্ণয় করিতে পারিবেন যে সেই ব্যক্তি, যে অপরাধের অভিযুক্ত হয় তাহার দোষী নহে, কিন্তু ৩৭৮ ধারাক্রমে কিম্বা বিষয়বিশেষে ৩৮১ ধারাক্রমে উক্ত অপরাধের দোষী হইল।

তাহা হইলে ঐ ব্যক্তি উক্ত ধারামতের অভিযোগক্রমে অপরাধী নির্ণয় হইবার মত দণ্ডের যোগ্য হইবে ইতি।

[যাহার নামে চৌর্য্যের অভিযোগ হয় তাহার অবিহিতরূপে সম্পত্তি ব্যবহারের কি বিশ্বাসঘাতকতার অপরাধ নির্ণয় হইবার কথা।]

৪৭ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৭৮ ধারামতে চৌর্য্যাপরাধের, কিম্বা ঐ আইনের ৩৮০ ধারামতে, গৃহে কি তাম্বুতে কি নৌকাদিতে চৌর্য্যাপরাধের অভিযোগে কোন ব্যক্তির বিচার হইলে যদি প্রমাণ হয় যে ঐ ব্যক্তি যে প্রকারে উক্ত সম্পত্তি হরণ করিয়াছিল তদ্দৃষ্টে

উক্ত আইনের ৪০৩ ধারামতে ঐ ব্যক্তির শঠতাক্রমে সম্পত্তি অবিহিতরূপে ব্যবহার করিবার

কিম্বা ঐ আইনের ৪০৫ ধারামতে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতা করিবার তুল্য অপরাধ হইয়াছে

তবে সেই ব্যক্তির নির্দ্দোষ হইবার অধিকার নাই কিন্তু আদালত, কিম্বা জুরির দ্বারা বিচারিত মোকদ্দমায় ঐ জুরি, এমত নির্দ্ধার্য্য করিতে পারিবেন যে সেই ব্যক্তি যে অপরাধে অভিযুক্ত হয় তাহার দোষী নহে, কিন্তু উক্ত ৪০৩ কিম্বা বিষয়বিশেষে ৪০৫ ধারামতে উক্ত অপরাধের দোষী হইল।

তাহা হইলে ঐ ব্যক্তি উক্ত ধারার লিখিত অভিযোগক্রমে অপরাধী নির্ণয় হইবার মত দণ্ডের যোগ্য হইতে পারিবে ইতি।

[চাকরস্বরূপে চৌর্য্যের অভিযোগ হইলে অবিহিতরূপে সম্পত্তি ব্যবহার কিম্বা বিশ্বাসঘাতকতা নির্ণয় হইবার কথা।]

৪৮ ধারা। কেরাণী কি চাকরস্বরূপে কোন ব্যক্তির নিকটে তাহার প্রভুর দ্রব্য থাকাতে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮১ ধারামতে চৌর্য্যাপরাধের অভিযোগে তাহার বিচার হইয়া যদি প্রমাণ হয়, যে ঐ ব্যক্তি উক্ত দ্রব্য যে প্রকারে হরণ করিয়াছিল তদ্দৃষ্টে

উক্ত আইনের ৪০৩ ধারামতে ঐ ব্যক্তির শঠতাক্রমে ঐ দ্রব্য অবিহিতরূপে ব্যবহার করিবার

কিম্বা উক্ত আইনের ৪০৪ ধারামতে কোন ব্যক্তির মরণকালে তাহার অধিকারে যে সম্পত্তি ছিল তাহা অপরাধভাবে অবিহিত রূপে ব্যবহার করিবার

কিম্বা ঐ ব্যক্তির মরণকালে অপরাধী তাহার নিকটে কেরাণী কি চাকর হইয়া উক্ত ৪০৪ ধারামতে শঠতাক্রমে দ্রব্য অবিহিতরূপে ব্যবহার করিবার

কিম্বা উক্ত আইনের ৪০৫ ধারামতে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিবার

কিম্বা উক্ত আইনের ৪০৮ ধারামতে কেরাণী কি চাকরস্বরূপে তাহার অপরাধ ভাবে বিশ্বাসঘাতকতা করিবার তুল্য অপরাধ হইয়াছে,

he shall not be entitled to be acquitted; but the Court, or the jury in a case tried by jury, may find that he is not guilty of the offence charged, but is guilty of the offence under the said section 403, section 404, section 405 or section 408, as the case may be.

Thereupon he shall be liable to be punished in the same manner as if he had been found guilty upon a charge under such section.

[No person convicted under section 45, 46, 47 or 48 to be charged again on same facts under same section.]

49. No person charged and tried for an offence under any section of the Indian Penal Code in the last four sections mentioned, and found guilty of another offence under the provisions of any other of the said sections of the Indian Penal Code, shall be liable to be afterwards prosecuted upon the same facts under the section under which he was charged, or under the section under which he was found guilty.

[Levy of fines.]

50. Whenever an offender is sentenced to a fine, the Court which sentences him, whether or not the offence be punishable with fine only, and whether or not the sentence direct that, in default of payment of the fine, the offender shall suffer imprisonment, may issue a warrant for the levy of the amount by distress and sale of any moveable property belonging to the offender which may be found within the jurisdiction of the Court that sentences him or of the Magistrate of the District in which he ordinarily resides.

[Magistrate may issue orders to prevent obstructions, danger to human life or riots.]

51. Any Magistrate, by a written order, may direct any person to abstain from a certain act, or to take certain order with certain property in his possession, or under his management, whenever such Magistrate considers that such direction is likely to prevent, or tends to prevent—

obstruction, annoyance or injury, or risk of obstruction, annoyance or injury, to any persons lawfully employed,

or danger to human life, health, or safety,

or a riot or an affray.

[Magistrate may prohibit repetition or continuance of public nuisances.]

52. Any Magistrate may enjoin any person not to repeat or continue a public nuisance as de-

তবে সেই ব্যক্তির নির্দ্দোষ হইবার অধিকার নাই। কিন্তু আদালত, কিম্বা জুরির দ্বারা বিচারিত মোকদ্দমায় ঐ জুরি এমত নির্দ্ধার্য্য করিতে পারিবেন যে ঐ ব্যক্তি যে অপরাধে অভিযুক্ত হয় তাহার দোষী নহে, কিন্তু ৪০৩ কিম্বা বিষয়বিশেষে ৪০৪ কি ৪০৫ কি ৪০৮ ধারা মত অপরাধের দোষী হইয়াছে।

তাহা হইলে ঐ ব্যক্তি উক্ত ধারার লিখিত অভিযোগক্রমে অপরাধী নির্ণয় হইবার মত দণ্ডের যোগ্য হইতে পারিবে ইতি।

[৪৫, ৪৬, ৪৭ কি ৪৮ ধারামতে যাহার অপরাধ নির্ণয় হইল সেই২ ধারামতে সেই২ বৃত্তান্তক্রমে তাহার নামে পুনশ্চ অভিযোগ না হইবার কথা।]

৪৯ ধারা। ইহার পূর্ব্ব চারি ধারাতে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের যে২ ধারার উল্লেখ হইয়াছে, তন্মধ্যে কোন ধারামতের অপরাধ হেতুক কোন ব্যক্তির নামে অভিযোগ হইয়া বিচার হইলে, যদি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের অন্য কোন ধারার বিধানক্রমে তাহার অন্য অপরাধ নির্ণয় হয়, তবে যে ধারাক্রমে অভিযোগ হইল, কিম্বা যে ধারাক্রমে অপরাধ নির্ণয় হইয়াছে, সেই ধারাক্রমে সেই অপরাধের বৃত্তান্ত ধরিয়া তাহার নামে পুনরায় নালিশ হইতে পারিবে না ইতি।

[অর্থদণ্ড আদায়ের কথা।]

৫০ ধারা। যখন অপরাধির অর্থদণ্ডের আজ্ঞা হয় তখন ঐ অপরাধ কেবল অর্থদণ্ডক্রমে দণ্ডনীয় হইলে কি না হইলেও এবং অর্থদণ্ড না দিলে অপরাধির কারাবদ্ধ হইতে হইবে ঐ দণ্ডাজ্ঞার মধ্যে এই আজ্ঞা থাকিলে কি না থাকিলে, যে আদালত ঐ অপরাধির দণ্ডের আজ্ঞা করেন তাঁহার বিচারাধিপত্যের সীমার মধ্যে কিম্বা অপরাধী নিয়ত যে জিলার মধ্যে বাস করে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্যের সীমার মধ্যে অপরাধির যে অস্থাবর সম্পত্তি থাকে উক্ত আদালত ঐ অর্থদণ্ড আদায় করিবার জন্যে ঐ সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

[বাধা ও মনুষ্যের প্রাণ নাশের আশঙ্কা ও দাঙ্গা নিবারণার্থে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।]

৫১ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব যদি বোধ করেন যে, কোন ব্যক্তিকে কোন বিশেষ কর্ম্ম করিতে নিষেধ করিলে, কিম্বা সেই ব্যক্তির অধিকারস্থ কিম্বা কর্ত্তৃত্বাধীনে কোন দ্রব্য লইয়া বিশেষ নিয়মমতে কর্ম্ম করিবার আজ্ঞা করিলে

নিয়মিত কর্ম্মচারি কোন ব্যক্তিরদের বাধা কি ক্লেশ কি হানি অথবা বাধার কি ক্লেশের [illegible] কি হানি সম্ভব

কিম্বা মনুষ্যেরদের প্রাণের কি স্বাস্থ্যের কি নিরাপদের ব্যাঘাত

কিম্বা দাঙ্গা কি হঙ্গামা নিবারণ হইতে পারে কি নিবারণরূপ ফল সম্ভাবনা, তবে তিনি আজ্ঞাপত্রদ্বারা তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[সাধারণের অনিষ্টজনক কর্ম্ম পুনশ্চ কিম্বা নিরন্তর না করিবার আজ্ঞা মাজিষ্ট্রেট সাহেবের করিতে পারিবার কথা।]

৫২ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২৬৮ ধারাতে অনিষ্ট শব্দের যে অর্থ নির্ণয় হইয়াছে অনি-

fined in section 268 of the Indian Penal Code.

CHAPTER IV.

OF THE SUMMONS.

[Procedure to compel appearance.]

53. When an offence has been committed, or is supposed to have been committed, the proceeding, in order to compel the person known or suspected to have committed such offence to appear for the purpose of enquiry concerning the same, may be by summons or arrest.

[Summons or warrant obtainable on complaint.]

54. A summons or a warrant of arrest may be obtained on a complaint as hereinafter provided.

[Examination of complainant.]

55. When, in order to the issuing of a summons or a warrant against any person for any offence, a complaint is made before the Magistrate of the District, or a Magistrate authorized to receive such complaint without reference from the Magistrate of the District, such Magistrate shall examine the complainant.

The examination shall be reduced into writing, and shall be signed by the complainant, and also by the Magistrate.

[Issue of summons or warrant.]

56. The Magistrate before whom such complaint is duly made shall, if it appear to him that there is sufficient ground for proceeding, issue his summons, or, in cases in which a warrant may issue, his warrant, for causing the person accused to appear before himself or some other Magistrate having jurisdiction.

[Dismissal of complaint.]

If in the judgment of such Magistrate there be no sufficient ground for proceeding he shall dismiss the complaint.

[Cognizance of offences without complaint made.]

57. Except as is otherwise provided in chapter XI, the Magistrate of the District, or a Magistrate in charge of a Division of a District, may without any complaint, take cognizance of any offence coming to his knowledge and may issue a summons, or, in cases where a warrant may issue, a warrant of arrest against the person known or suspected to have committed such offence, in the same manner as if a complaint had been made against him.

The Magistrate of the District or Magistrate in charge of a Division of a District, may in like

ষ্ট্রেট সাহেব কোন ব্যক্তিকে আজ্ঞা করিতে পারিবেন যে সেই অর্থানুসারে সাধারণের অনিষ্টজনক কর্ম্ম পুনশ্চ না করে কি না করিতে থাকে ইতি।

চতুর্থ অধ্যায়।

আহ্বানপত্রের বিধি।

[ব্যক্তিকে উপস্থিত করাইবার কার্য্যের কথা।]

৫৩ ধারা। কোন অপরাধ করা গেলে কি করা গিয়াছে এমত বোধ হইলে, সেই অপরাধের অনুসন্ধান করণাভিপ্রায়ে, যাহাকে অপরাধী জানা গেল কি যাহার প্রতি সন্দেহ থাকে তাহাকে উপস্থিত করাইবার উপায় এই, আহ্বান কিম্বা ধৃত করণ ইতি।

[নালিশ হইলে আহ্বানপত্র কি পরওয়ানা পাইতে পারিবার কথা।]

৫৪ ধারা। নালিশ হইলে সমন (অর্থাৎ আহ্বানপত্র) অথবা গ্রেফ্তারের পরওয়ানা অর্থাৎ ধৃত করিবার ক্ষমতাপত্র পশ্চাৎ লিখিত বিধানমতে দেওয়া যাইতে পারিবে ইতি।

[বাদির পরীক্ষা গ্রহণের কথা।]

৫৫ ধারা। কোন অপরাধের জন্যে কোন ব্যক্তির নামে সমন কি পরওয়ানা বাহির হয় এই অভিপ্রায়ে যখন জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করা যায়, কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেবহইতে সমর্পণ না হইলেও তদ্রূপ নালিশ গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের নিকটে নালিশ করা যায় তখন ঐ মাজিষ্ট্রেট বাদিকে সেই বিষয়ের জিজ্ঞাসাবাদ করিবেন।

তাহার উত্তর লিখিয়া লওয়া যাইবে, ও বাদী এবং মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর করিবেন।

[আহ্বানপত্র কি পরওয়ানা দিবার কথা।]

৫৬ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উক্ত প্রকারের নালিশ উপযুক্তমতে করা যায়, তিনি বিচারকার্য্য চলনের উপযুক্ত কারণ দৃষ্টি করিলে অভিযুক্ত ব্যক্তিকে আপনার সম্মুখে কিম্বা ক্ষমতাপন্ন অন্য কোন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করাইবার জন্যে আহ্বানপত্র দিবেন, কিম্বা যে স্থলে পরওয়ানা দেওয়া যাইতে পারে সেই স্থলে পরওয়ানা দিবেন।

[নালিশ ডিস্মিস্ করিবার কথা।]

যদি ঐ মাজিষ্ট্রেটের বিবেচনাতে বিচারকার্য্য চলিবার কোন বিশিষ্ট হেতু না থাকে, তবে তিনি ঐ নালিশ ডিস্মিস করিবেন ইতি।

[নালিশ না হইলেও অপরাধ বিচারার্থে গ্রহণ করিবার কথা।]

৫৭ ধারা। এই আইনের ১১ অধ্যায়ের যে স্থলে প্রকারান্তরের বিধান হইয়াছে তদ্ভিন্ন অন্য স্থলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট যদি কোন অপরাধের কথা অবগত হন, তবে নালিশ না হইলেও তিনি সেই অপরাধ বিচারার্থে গ্রহণ করিতে পারিবেন। ও যাহাকে অপরাধী জানা গেল, কি যাহার প্রতি সন্দেহ থাকে, তাহার নামে নালিশ হইলে যেমন করিতে পারিতেন, তদ্রূপে আহ্বানপত্র দিতে অথবা যে স্থলে পরওয়ানা দেওয়া যাইতে পারে সেই স্থলে তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন

manner direct any other Magistrate or Subordinate Magistrate under his orders to take cognizance of any such offence, and such Magistrate or Subordinate Magistrate shall thereupon act as if a complaint had been duly made before himself.

[Proviso.]

The provisions of this section shall not apply to the offences described in chapters XIX, XX and XXI of the Indian Penal Code.

[Form of summons.]

58. Every summons issued by a Magistrate to an accused person shall be in writing, and shall be signed and sealed by such Magistrate, and shall be in the form (B) given in the appendix to this Act, or to the like effect.

[Summons by whom served.]

56. A summons shall ordinarily be issued through a Police officer; but the Magistrate issuing the summons may, if immediate service be necessary and no Police officer be immediately available, direct the summons to be served by any other person.

[Summons how served.]

60. The summons shall be served on the accused personally, by exhibiting the original and delivering or tendering a copy to him; or, in case the accused person shall not be found, the copy may be left for him with some adult male member of his family residing with him.

[Service when accused cannot be found.]

61. When the accused person cannot be found, and there is no adult male member of his family on whom the service can be made, the serving officer shall fix a copy of the summons on some conspicuous part of the house in which the accused person ordinarily resides.

[Issue of warrant in addition to summons.]

62. A Magistrate may (notwithstanding such summons), either before the appearance of the accused person, as required by the summons, or after his default in so appearing, issue a warrant of arrest against him.

[Summons or warrant for offence committed beyond local jurisdiction.]

63. Any Magistrate may issue a summons or warrant for the apprehension of any person within his jurisdiction in respect of any offence known or suspected to have been committed by such person in a different District or Division of a District, or on the [illegible] seas, or in a foreign country, and for

অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা নিম্ন শ্রেণীর মাজিষ্ট্রেটকে তদ্রূপ কোন অপরাধের বিচার করিবার আদেশ করিতে পারিবেন। তাহা হইলে, সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা নিম্ন শ্রেণীর মাজিষ্ট্রেট আপনার নিকট নালিশ হইবার মত কার্য্য করিবেন।

উপবিধি।

এই ধারার বিধান ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯ ও ২০ ও ২১ অধ্যায়ের লিখিত অপরাধের প্রতি খাটিবে না ইতি।

[আহ্বানপত্র লিখিবার পাঠ।]

৫৮ ধারা। অভিযুক্ত কোন ব্যক্তির নামে মাজিষ্ট্রেট সাহেব যে প্রত্যেক আহ্বানপত্র দেন তাহা লিখিয়া দেওয়া যাইবে, ও তাহাতে ঐ মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষর ও মোহর থাকিবে। তাহা জোড়পত্রের লিখিত (B) চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে ইতি।

[আহ্বানপত্র যাহার দিতে হইবে তাহার কথা।]

৫৯ ধারা। আহ্বানপত্র প্রায় নিয়ত পোলীসের কর্ম্মকারকের দ্বারা দেওয়া যাইবে। কিন্তু যদি তাহা অগৌণে দেওয়া আবশ্যক হয় ও পোলীসের কর্ম্মকারককে তৎকালে পাঠান যাইতে না পারে, তবে যে মাজিষ্ট্রেট সাহেব আহ্বানপত্র দেন তিনি অন্য কোন ব্যক্তির দ্বারা ঐ পত্র দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[আহ্বানপত্র যে প্রকারে দিতে হইবে তাহার কথা।]

৬০ ধারা। নিজ অভিযুক্ত ব্যক্তিকে মূল আহ্বানপত্র দেখাইয়া তাহার প্রতিলিপি দেওন কি দিবার প্রস্তাব করণ দ্বারা ঐ আহ্বানপত্র তাহাকে দেওয়া যাইবে। যদি অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া যায় তবে তাহাকে দিবার জন্যে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত যে কোন পুরুষ তাহার সঙ্গে বাস করে তাহাকে ঐ প্রতিলিপি দেওয়া যাইতে পারিবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তির সন্ধান পাওয়া না গেলে আহ্বান পত্র দিবার নিয়মের কথা।]

৬১ ধারা। যদি অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া যায়, ও যাহার হাতে সমন দেওয়া যাইতে পারে, তদীয় পরিবারের বয়ঃপ্রাপ্ত এমত কোন পুরুষ না থাকে তবে ঐ পত্রবাহি কর্ম্মকারক অভিযুক্ত ব্যক্তির নিয়ত বাসগৃহের কোন প্রকাশ স্থানে ঐ আহ্বানপত্রের নকল লাগাইয়া দিবে ইতি।

[সমন বাহির হইলেও পরওয়ানা দিতে পারিবার কথা।]

৬২ ধারা। উক্ত প্রকারের আহ্বানপত্র দেওয়া গেলেও, ঐ পত্রের আজ্ঞাক্রমে অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার পূর্ব্বে কিম্বা উপস্থিত হইবার ত্রুটি হইলে পর, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

[বিচারাধিপত্যের বহির্ভূত স্থানে অপরাধ হইলে, সমন কি পরওয়ানা দিবার কথা।]

৬৩ ধারা। কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের কি জিলার কোন খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের মধ্যে যে অপরাধ হইলে তিনি অপরাধিকে আহ্বান করিতে কিম্বা তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হন, কোন ব্যক্তি ভিন্ন জিলাতে কি জিলার ভিন্ন খণ্ডে কি সমুদ্রপথে কিম্বা

which, if committed within the jurisdiction of such Magistrate, he might issue a summons or warrant.

[Provisions in this chapter as to form, service and issue of summons to apply to all summonses.]

64. The provisions relating to a summons and its service and issue contained in this chapter, shall be applicable to every summons issued under this Act.

[To be continued.]

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 2nd May 1868, and was referred to a Select Committee who are to report thereon after the 6th of June next:—

A Bill for the prevention of Cruelty to Animals.

[Preamble.]

Whereas it is expedient to make provision for the prevention of cruelty to animals; it is enacted as follows:—

[Interpertation of animals.]

I. The word "animal" shall be taken to mean any domestic or tamed quadruped, or any domestic or tamed bird.

[Penalty on cruelty to animal.]

II. Every person who shall cruelly and wantonly beat, ill-treat, torture, or over-drive, or cause to be beaten, ill-treated, tortured, or over-driven, any animal, shall be liable to a fine which may extend to one hundred Rupees.

[Penalty upon overloading.]

III. Every person who shall overload, or cause to be overloaded, any animal or any vehicle drawn by any animal, or who shall drive or attempt to drive any overloaded animal, or any animal attached to any overloaded vehicle, shall be liable to a fine which may extend to one hundred Rupees.

[Penalty on persons neglecting to feed impounded animals.]

IV. If any person who shall impound or confine, or cause to be impounded or confined, any animal shall refuse or neglect to provide and supply daily good and sufficient food and water for such animal

[*Government Gazette*, 19*th May* 1868.]

বিদেশে তদ্রূপ অপরাধ করিয়াছে এমত জানা গেলে কি সন্দেহ হইলে ঐ জিলার কিম্বা জিলার ঐ খণ্ডের মাজিষ্ট্রেট আপন বিচারাধিপত্যের মধ্যবর্ত্তি ঐ ব্যক্তির নামে আহ্বানপত্র কি তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

[এই অধ্যায়ে আহ্বানপত্রের পাঠের ও তাহা দিবার ও বাহির হইবার যে কোন বিধান থাকে তাহা সকল সমনের উপর খাটিবার কথা।]

৬৪ ধারা। এই অধ্যায়ে আহ্বানপত্রের ও তাহা দিবার ও বাহির হইবার যে সকল বিধান লেখা হইয়াছে, তাহা এই আইনমতে দত্ত প্রত্যেক আহ্বানপত্রের প্রতি খাটিতে পারিবে ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মে মাসের ২ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। আগামি জুন মাসের ৬ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ
আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণ করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[জন্তু শব্দের অর্থ।]

১ ধারা। জন্তু শব্দে গ্রাম্য বা পোষিত চতুষ্পদ কিম্বা গ্রাম্য বা পোষিত পক্ষি গণ্য ইতি।

[জন্তুর প্রতি নৃশংস ব্যবহারের দণ্ডের কথা।]

২ ধারা। যদি কেহ আপনি কি অন্যের দ্বারা নৃশংসরূপে ও অকারণে কোন জন্তুকে প্রহার করে কিম্বা কষ্ট কি যন্ত্রণা দেয় কি সাধ্যাতিরেকে চালায়, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[অত্যধিক বোঝাই করণের দণ্ডের কথা।]

৩ ধারা। যদি কেহ কোন জন্তুর উপর কিম্বা জন্তুতে যে গাড়ি টানে তাহার উপর অত্যধিক বোঝাই দেয়, কি দেওয়ায় কিম্বা অতিরিক্ত বোঝাই জন্তুকে কি অত্যধিক বোঝাই গাড়িতে যোতান জন্তুকে চালায়, কি চালাইতে উদ্যোগ করে, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোন ব্যক্তি খোয়াড়ে বদ্ধ জন্তুর আহার দিবার শৈথিল্য করিলে তাহার দণ্ডের কথা।]

৪ ধারা। কোন ব্যক্তি যদি কোন জন্তু খোয়াড়ে বদ্ধ কি আটক করিয়া কি খোয়াড়ে বদ্ধ কি আটক করাইয়া প্রতিদিন ঐ জন্তুর উত্তম ও প্রচুর পরিমাণের আহার ও জল দিতে অস্বীকার কি শৈথিল্য করে, তবে

during the time it shall be so confined or impounded, he shall be liable for every day, during which he may so refuse or neglect to provide or supply such food and water, to a fine which may extend to five Rupees.

[Penalty on baiting animals or inciting them to fight.]

V. Every person who shall incite any quadrupeds or birds, whether domestic or wild, to fight, or shall bait any animal, or shall aid or shall abet any one in so doing, shall be liable to a fine which may extend to fifty Rupees.

[Penalty on improperly carrying animals.]

VI. Every person who shall convey or carry, or cause to be conveyed or carried, any animal in such a manner or position as to subject such animal to unnecessary pain or suffering, shall forfeit and pay a penalty not exceeding fifty Rupees.

[Penalty on permitting diseased animals to go at large or die in public places.]

VII. Every person who shall wilfully and knowingly permit any animal of which he may be owner, to go at large in any public street, road, or thoroughfare, while such animal is diseased with glanders, or shall wilfully neglect or permit any diseased animal of which he may be owner to die in any public street, road, or thoroughfare, shall be liable to a fine which may extend to one hundred Rupees.

[Penalty on employing animal unfit for labor.]

VIII. Every person who shall employ, or cause to be employed, in any work or labor, any animal, which, in consequence of any disease, infirmity, wounds, or sores, is unfit to be so employed, shall be liable to a fine which may extend to fifty Rupees.

[Repeal of Clauses.]

IX. Section LXVII of Act IV of 1866, and Clause 16 of Section XL of Act II of 1866, respectively, passed by the Lieutenant-Governor of Bengal in Council, are hereby repealed.

[Limit of Act.]

X. This Act shall extend to the Town of Calcutta, and to the Suburbs of the Town of Calcutta, as defined by any Notification under Section I of the said Act II of 1866.

[Power to extend Act.]

XI. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette*, to extend this Act to any, city, town, station, bazaar, cantonment, village or tract of country, to be mentioned and defined in such order; and from time to time, by any order published as aforesaid, to revoke, vary, amend, or alter any such order.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ১৯ মে ।]

যত দিন সে উক্তরূপ আহার ও জল দিতে অস্বীকার কি শৈথিল্য করে তাহার দিনপ্রতি সেই ব্যক্তির পাঁচ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি ।

[জন্তুর লড়াই করাইলে কি লড়াইয়ের নিমিত্তে রাগাইয়া দিলে দণ্ডের কথা ।]

৫ ধারা। কোন ব্যক্তি গ্রাম্য বা বন্য কোন চতুষ্পদ জন্তুকে কি পক্ষিকে লড়াই করিতে রাগাইয়া দিলে কিম্বা লড়াই করাইলে অথবা সেই কার্য্যকারি ব্যক্তির সহায়তা কি সাহায্য করিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি ।

[অবিহিতরূপে জন্তু লইয়া যাইবার দণ্ডের কথা ।]

৬ ধারা। যাহাতে জন্তুর অনর্থক ক্লেশ বা কষ্ট হয়, যদি কোন ব্যক্তি কোন জন্তু এমত ভাবে চালান করে কি লইয়া যায় কি চালান করায় কি পাঠাইয়া দেয় তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড দিতে হইবে ইতি ।

[রোগা জন্তু ছাড়িয়া দিলে কিম্বা কোন প্রকাশস্থানে মরিতে দিলে দণ্ডের কথা ।]

৭ ধারা। কোন ব্যক্তি কোন জন্তুর স্বামী হইয়া যদি ইচ্ছা কি জ্ঞানপূর্ব্বক ঐ জন্তুকে পীড়িত অবস্থায় কোন রাজপথে কি পথে কি সাধারণের গমনীয় পথে চরণার্থে যাইতে দেয় কিম্বা ইচ্ছা কি জ্ঞানপূর্ব্বক কোন রাজপথে, কি পথে কি সাধারণের গমনীয় পথে মরিতে দেয়, তবে সেই ব্যক্তির এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি ।

[কার্য্যকরণাক্ষম জন্তুকে কার্য্য করাইলে দণ্ডের কথা ।]

৮ ধারা। কোন জন্তু রোগ কি দুর্ব্বলত্ব, কি আঘাত কি ক্ষতপ্রযুক্ত কার্য্য করিতে অনুপযুক্ত হইলেও যদি কোন ব্যক্তি আপনি কি অন্যের দ্বারা তাহাকে কর্ম্ম করায়, তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি ।

[ধারা রহিত করণের কথা ।]

৯ ধারা। এতৎক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইনের ৬৭ ধারা ও ১৮৬৬ সালের ২ আইনের ৪০ ধারার ১৬ প্রকরণ রহিত করা গেল ইতি ।

[আইন যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা ।]

১০ ধারা। ১৮৬৬ সালের উক্ত ২ আইনের ১ ধারানুযায়ি কোন জ্ঞাপনিদ্বারা কলিকাতা নগরের ও তৎশাখানগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইন সেই সীমার মধ্যে প্রবল হইবে ইতি ।

[আইন প্রচলিত করিবার ক্ষমতার কথা ।]

১১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে নগরে, শহরে, স্থানে, বাজারে, সৈন্যাবাসে, গ্রামে, কি প্রদেশে এই আইন প্রচলিত করিতে চাহেন তিনি, কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশপূর্ব্বক সেই নগরাদির নাম ও তাহার সীমা প্রকাশ করিবেন এবং পূর্ব্বোক্ত প্রকারের জ্ঞাপনি প্রকাশ করিয়া সময়ে২ তদ্রূপ কোন আজ্ঞা রহিত, প্রকারান্তর, সংশোধন কি পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি ।

STATEMENT OF OBJECTS AND REASONS.

The law at present in force for preventing cruelty to animals in Calcutta having hitherto failed to hinder the occurrence of numerous cases of very gross cruelty, it seems expedient to amend the law so as more effectually to check such cases.

With this view the present Bill has been prepared, which makes but little change in the substantive law, but points out more clearly the class of acts which come within the meaning of the word "cruelty." Provision is also made for extending the law to places not in the town or suburbs of Calcutta, in which it may be considered that it would operate beneficially.

PEARY CHAND MITTRA.

The 18*th April* 1868.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

[অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।]

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ যে ব্যবস্থা কলিকাতায় প্রবল আছে তদ্দারা অনেক স্থলে অত্যন্ত নৃশংস ব্যবহার নিবারিত হইতে পারে নাই। এই হেতুক সেই ব্যবস্থা সংশোধন করিয়া সেই ব্যবহার ফলজনকরূপে দমন করা বিহিত বোধ হইল।

এই অভিপ্রায়ে এই পাণ্ডুলিপি প্রণীত হইয়াছে। কিন্তু ইহাতে মূল ব্যবস্থার যৎকিঞ্চিৎ পরিবর্ত্তন হইল। "নৃশংস ব্যবহার" শব্দের অর্থের মধ্যে যেং ক্রিয়া শ্রেণী আইসে তাহা পূর্ব্বাপেক্ষা স্পষ্টরূপে ব্যক্ত করা গেল। কলিকাতা নগর কি শাখানগরভিন্ন অন্য যেং স্থানে প্রচলিত করিলে মঙ্গল সম্ভবেনা এমত স্থানেও এই ব্যবস্থা প্রচলিত করিবার বিধান করা গিয়াছে।

প্যারীচাঁদ মিত্র।

১৮৬৮ সাল ১৮ আপ্রিল।

জে পিট কেনেডী।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 9th May 1868, and was referred to a Select Committee who are to report thereon within five days:— *

A Bill to amend the Law respecting Appeals in cases under Regulation VII of 1822.

[Preamble.]

WHEREAS by Section XXIX of Regulation VII of 1822 it is provided that the decisions of Collectors in suits brought under the provisions of this Regulation should be appealable to the Board of Revenue or other authority exercising the powers of the Board of Revenue, at any time before the expiration of three months from the date of the decision appealed against; and it is expedient to shorten the time for bringing such appeals; It is enacted as follows:—

[Appeals under Section 29, Regulation VII., 1822 to be presented within one month from date of decision appealed against.]

I. No petition of appeal presented under the provisions of Section XXIX of Regulation VII of 1822 shall be received after the expiration of one month from the date of the decision against which such appeal is presented, unless sufficient cause shall be shewn for the delay to the satisfaction of the authority to which such appeal is presented.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The only cases before the Revenue Authorities in which a longer period than one month is allowed

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মে মাসের ৯ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটির প্রতি অর্পিত হইয়াছে। পঞ্চ দিবসের মধ্যে তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

১৮২২ সালের ৭ আইনমত মোকদ্দমার উপর আপীল বিষয়ক ব্যবস্থা সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

১৮২২ সালের ৭ আইনের ২৯ ধারার এই বিধান। ঐ আইনের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহাতে কালেক্টর সাহেবদের যে নিষ্পত্তি হয় সেই নিষ্পত্তির তারিখঅবধি তিন মাস অতীত হইবার পূর্ব্ব কোন সময়ে রেবিনিউ বোর্ডের নিকটে কিম্বা যে কর্ত্তৃপক্ষ রেবিনিউ বোর্ডের ক্ষমতামতে কর্ম্ম করেন তাঁহার নিকটে উক্ত নিষ্পত্তির উপর আপীল হইতে পারিবে। কিন্তু উক্ত আপীল উপস্থিত করিবার সময় সংক্ষেপ করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[১৮২২ সালের ৭ আইনের ২৯ ধারামতে যে আপীল করা যায় নিষ্পত্তির তারিখঅবধি এক মাসের মধ্যে উপস্থিত করিবার কথা]

১ ধারা। ১৮২২ সালের ৭ আইনের ২৯ ধারার বিধানমতে আপীলের যে দরখাস্ত উপস্থিত করা যায় তাহা যে নিষ্পত্তির উপর হয় সেই নিষ্পত্তির তারিখ অবধি এক মাস অতীত হইবার পূর্ব্বে উপস্থিত না করা গেলে গ্রাহ্য হইবে না। কিন্তু যে কার্য্যকারকের নিকটে আপীল করা যায় তাঁহার সন্তোষমতে বিলম্বের বিশিষ্ট হেতু দর্শান গেলে এক মাসের পরও গ্রাহ্য হইতে পারিবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

১৮২২ সালের ৭ আইনমতের মোকদ্দমায় কালেক্টর সাহেবের আজ্ঞার উপর যে আপীল করা যায়

for an appeal from the orders of a Collector, are cases under Regulation VII of 1822, in which, by the 29th Section of the Law, a period of three months is allowed.

This length of time has been found practically inconvenient now that, by the creation of the offices of Commissioner of Revenue in 1829 and of Uncovenanted Deputy Collectors in 1833, the proceedings of the Revenue Authorities undergo revision, always it may be said twice, and sometimes three times, before they are final. This inconvenience is felt principally in the disposal of the Dearah Survey cases, which are decided under the provisions of the law above quoted; and the object of the present Bill is to substitute in that law one month, for three months, as the period of appeal in those and in all other cases decided under Regulation VII of 1822.

E. T. TREVOR.

The 2nd May 1868.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

THE following Bill, as settled by the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 9th May 1868, is, by order of the President, published for general information :—

A Bill to amend the District Municipal Improvement Act.

[Preamble.]

WHEREAS it is expedient to exempt owners of unoccupied houses, in places subject to the provisions of the District Municipal Improvement Act, from some portion of the rate to which they are now liable in respect of such houses; It is enacted as follows :—

[Remission on account of vacant houses. Proviso.]

1. When any house in any place shall have been vacant for sixty consecutive days during any year, the Municipal Commissioners shall remit so much, not exceeding one-half of the rate for that year, as may be proportionate to the number of days during which such house may have remained unoccupied. Provided that notice in writing shall have been given to the Municipal Commissioners of the vacancy of such house, and that the amount of rate to be remitted shall be calculated from the date of the delivery of such notice to the end of the quarter then current. Provided

রাজস্বের কার্য্যকারকদের সম্মুখে তদ্ভিন্ন অন্য আপীল করিবার এক মাসের অধিক মিয়াদ নাই। উক্ত আইনের ২৯ ধারার বিধানমতে কেবল ঐ২ আপীলের তিন মাস মিয়াদ দেওয়া গিয়াছে।

১৮২৯ সালে রাজস্বের কমিসানরী পদ ও ১৮৩৩ সালে অচিহ্নিত ডেপুটী কালেক্টরের পদ স্থাপন হওয়াতে রাজস্বের কার্য্যকারদের কার্য্য চূড়ান্ত হইবার পূর্ব্বে সর্ব্বদাই দুইবার কখন২ তিন বার পুনর্ব্বিবেচিত হইয়া থাকে। এই অবস্থায় উক্ত দীর্ঘ মিয়াদ কার্য্যপক্ষে অসুবিধাজনক হইয়াছে। দিয়ারার জরীপী কার্য্যের যে মোকদ্দমা পূর্ব্বোল্লিখিত আইনের বিধানমতে নিষ্পত্তি হইয়া থাকে সেই নিষ্পত্তি করণে এই অসুবিধার বিলক্ষণ উপলব্ধি হইল। এই হেতু ১৮২২ সালের ৭ আইনমতে উক্ত ও অন্য যে সকল মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহার উপর উক্ত আইনে আপীলের যে তিন মাস মিয়াদ আছে তৎপরিবর্ত্তে এক মাস করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

ই টি ট্রেবর

১৮৬৮ সাল ২ মে।

জে পিট কেনিডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মে মাসের ৯ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া সভাপতির আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের আইনের বিধানাধীন স্থানে যে বাটী শূন্য হয়, এইক্ষণে স্বামিদের ঐ বাটীর যে টাক্স দিতে হয় তাহার কোন অংশ হইতে তাঁহাদিগকে মুক্ত করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[বাটী শূন্য হইলে টাক্স ক্ষমা হইবার কথা। উপবিধি।]

১ ধারা। কোন স্থানে যদি কোন বাটী কোন বৎসরের মধ্যে ক্রমান্বয়ে ষাইট দিন শূন্য থাকে, তবে উক্ত বাটী যত দিন শূন্য থাকে মুনিসিপল কমিস্যনরেরা হারহারি হিসাব করিয়া ঐ ঘরের সেই বৎসরের অর্দ্ধেক টাক্সের অনধিক ক্ষমা করিতে পারিবেন। কিন্তু বাটী শূন্য হইলে মুনিসিপল কমিস্যনরদিগকে লিখিত সংবাদ দিতে হইবে, সেই সংবাদ দিবার তারিখঅবধি তৎকালীন চলিত তিন মাসের শেষ পর্য্যন্ত হিসাব করিয়া তদনুসারে টাক্স ক্ষমা করা যাইবে। শূন্য হইবার সেই সংবাদ যে তিন মাসের মধ্যে দেওয়া যায় কেবল সেই তিন মাস বলবৎ থাকিবে। তৎপরের তিন মাসের প্রথম পনের দিনের মধ্যে তদ্রূপ শূন্য

also that no notice of vacancy given under this Section shall have effect beyond the end of the quarter in which it may be given, unless a similar notice of continued vacancy be given within the first fifteen days of the following quarter.

[Construction.]

II. This Act shall be read with and as part of the "District Municipal Improvement Act."

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2032.

APPOINTMENTS.

The 6th May 1868.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Noakhally:—

Baboo Jugodishnath Roy.
,, Mohesh Chunder Bose.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Comillah:—

Mr. V. Irwin.
,, E. Delanney.

Syed Munsoor Ali Khan to be a Member of the Local Committee of Public Instruction at Moorshedabad for the management of the Nizamut School.

Mr. J. G. Farquharson to be Special Sub-Registrar of Assurances of the Sub-Districts of Monghyr and Bhaugulpore.

The 7th May 1868.

Colonel J. C. Brooke, officiating Agent to the Governor General with the King of Oude, is vested with the powers of a Magistrate in the 24-Pergunnahs for the trial of cases arising within the limits of the premises of the King of Oude.

The 8th May 1868.

Baboo Jadub Chunder Chuckerbutty to officiate as Moonsiff of Culna, in Burdwan, during the absence, on deputation, of Baboo Gooroopersad Sen, or until further orders.

Mr. H. A. Cockerell to be Magistrate and Collector of Tirhoot.

Mr. A. J. Elliot to be Magistrate and Collector of Gya, but to continue to officiate as Civil and Sessions Judge of Dinagepore.

Mr. J. Lambert to officiate as District Superintendent of Police, Patna, during the absence,

থাকার সংবাদ না দেওয়া গেলে তাহার কোন ফল দর্শিবে না ইতি।

[ব্যাখ্যা।]

২ ধারা। এই আইন "মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের আইনের" সঙ্গে ও তাহার অংশস্বরূপ পাঠ ও জ্ঞান করিতে হইবে ইতি।

জে পিট কেনেডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২০৩২ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ৬ মে।

নিম্নলিখিত মহাশয়েরা নওয়াখালীর সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু জগদীশনাথ রায়।
,, বাবু মহেশচন্দ্র বসু।

নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লা নগরের মুনিসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত বি আর্বিন সাহেব।
,, ই ডিলানী সাহেব।

শ্রীযুত সৈয়দ মন্‌সুর আলী খাঁ মুরশিদাবাদস্থ নিজাম বিদ্যালয়ের কার্য্যসম্পাদনার্থ সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

শ্রীযুত জে জি ফরকোয়ার্সন সাহেব মুঙ্গের ও ভাগলপুর সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার হইবেন।

১৮৬৮ সাল ৭ মে।

অযোধ্যার রাজার বাটীর সীমার মধ্যে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় অযোধ্যার রাজার পক্ষে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের একটিং এজেণ্ট কর্ণেল শ্রীযুত জে সি ব্রুক সাহেব তাহার বিচার করণার্থে ২৪ পরগনায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৮ সাল ৮ মে।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেনের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু যাদবচন্দ্র চক্রবর্ত্তী বর্দ্ধমানের অন্তর্গত কালনার মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এ কক্রেল সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এ জে এলিয়ট সাহেব গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু দিনাজপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

রাজকীয় কর্ম্মোপলক্ষে লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই চেম্বর্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা

on deputation, of Lieutenant W. E. Chambers, or until further orders.

Mr. E. I. Shuttleworth to be District Superintendent of Police, Gya.

Captain G. M. Bowie to be District Superintendent of Police, Jessore, but to continue to officiate, until further orders, as Deputy Inspector-General of the Second Police Circle.
[*Government Gazette, 2nd June* 1868.]

[কোন২ অপরাধের সম্বাদ দেওয়া সকল লোকের কর্ত্তব্যের কথা।]

১৩০ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮২, ৩৯২, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৩৯৯, ৪০২, ৪৩৫, ৪৩৬, ৪৪৯, ৪৫০, ৪৫৬, ৪৫৭, ৪৫৮, ৪৫৯, ৪৬০, ধারামতে যে২ অপরাধ দণ্ডনীয় হয়, কোন ব্যক্তি এমত কোন অপরাধের কথা জানিয়া যদি সম্বাদ না দেয়, তবে অপরাধির বিচার না হওয়া সম্ভব কিম্বা তাহার পলায়ন করা সুগম হইবে বোধ করিলে, ঐ ব্যক্তির তদ্রূপ অপরাধ হওয়ার সম্বাদ জ্ঞাত করা কর্ত্তব্য ইতি।

[পোলীসের নিকট নালিশ লিখিয়া দিবার কথা।]

১৩১ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের নিকটে যে নালিশ করা যায় কি তাঁহাকে যে সম্বাদ দেওয়া যায় তাহা লিখিয়া লওয়া যাইবে। সেই কর্ম্মকারক রোজনামা রাখিবেন। ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে পাঠ নির্দ্দিস্ট করেন, তাঁহার সেই রোজনামাতে ঐ নালিশপ্রভৃতির মর্ম্ম সেই পাঠে লিখিতে হইবে ইতি।

[পোলীসের কর্ম্মকারক পরওয়ানাভিন্ন ধৃত করিতে অধীন ব্যক্তিকে প্রেরণ করিলে তাহার কর্ত্তব্যের কথা।]

১৩২ ধারা। পোলীসের যে কর্ম্মকারক আইনমতে যাহাকে পরওয়ানাভিন্ন ধরিতে পারে, যদি পোলীসের কোন থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনার অধীন তদ্রূপ কর্ম্মকারককে পরওয়ানাভিন্ন সেই ব্যক্তিকে ধরিতে আজ্ঞা করেন, তবে পোলীসের যে কর্ম্মকারককে ঐ আজ্ঞা করেন, তাহাকে আজ্ঞাপত্র লিখিয়া দিবেন। যাহাকে ধরিতে হইবে আজ্ঞাপত্রে তাহার নাম ও যে অপরাধের নিমিত্তে তাহাকে ধরিতে হইবে তাহা লেখা থাকিবে।

এই ধারামতে যে প্রত্যেক আজ্ঞা লিখিয়া দেওয়া যায়, ৬৮ অবধি ৮৭ পর্য্যন্ত সমস্ত ধারার বিধান সেই২ আজ্ঞার প্রতি বর্ত্তিবে ইতি।

[ভিন্ন২ এলাকার মধ্যে অপরাধিদের পশ্চাদ্ধাবমান হইবার কথা।]

১৩৩ ধারা। এই আইনের অনুভাগের তফসীলের ৩ ঘরের নির্দ্দিস্ট যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা অভিযুক্ত ব্যক্তিকে পরওয়ানাভিন্ন ধরিতে পারে, যাহার নামে তদ্রূপ কোন অপরাধকরণাভিযোগ হয়, পোলীসের কোন কর্ম্মকারক তাহাকে ধরিবার জন্যে পোলীসের অন্য কর্ম্মকারকের এলাকার মধ্যে গমন করিতে পারিবে, আপনি যে মাজিষ্ট্রেট সাহেবের অধীন থাকে সেই অন্য এলাকা সেই মাজিষ্ট্রেট সাহেবের অধীন কি ভিন্ন জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন, ও স্থানবিশেষের একি গবর্ণমেন্টের কি ভিন্ন গবর্ণমেন্টের অধীন থাকিলেও, তাহাতে গমন করিতে পারিবে ইতি।

[পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকদ্বারা অন্বেষণ হইবার কথা।]

১৩৪ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কর্ম্মকারক যে অপরাধের তদন্ত লইতে ক্ষমতাপন্ন হন যদি তদনুসন্ধানে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক বোধ করেন, তবে তিনি ঐ থানার ক্ষমতার

may search or cause search to be made for the same, in any house or place within the limits of such station.

In such case, the officer in charge of the Police station shall, if practicable, conduct the search in person.

If unable to conduct the search in person, and there is no other person competent to make the search present at the time, the officer in charge of the Police station may require any officer subordinate to him to make the search, and he shall deliver to such officer an order in writing, specifying the property for which search is to be made and the house or place to be searched, and the subordinate officer may thereupon search for the property in such house or place.

The provisions of sections 111 to 114 (both inclusive) relating to search-warrants, shall be applicable to a search under this section made by or under the direction of an officer in charge of a Police station.

[When officer in charge of Police station may require another to issue search-warrant.]

135. An officer in charge of a Police station, may require an officer in charge of another Police station, whether subordinate to the same Magistrate as himself or to a Magistrate of another District, to cause a search to be made in any house or place, in any case in which the former officer might cause such search to be made within the limits of his own station.

[Police officer's power to summon witnesses.]

136. An officer in charge of a Police station may, by an order in writing, require the attendance before himself of any person being within the limits of his station, who, from the statement of the complainant or otherwise, appears to be acquainted with the facts and circumstances of any case into which he is enquiring under section 127, and such person shall be bound to obey such requisition.

[Oral examination of witnesses by Police.]

137. An officer in charge of a Police station or other Police officer making an enquiry, may examine orally any person supposed to be acquainted with the facts and circumstances of the case.

Nothing in this section shall preclude such Police officer from reducing into writing any statement made by the person so examined.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২ জুন।]

ব্যাপ্য কোন গৃহে কি স্থানে সেই দ্রব্যের অন্বেষণ করিতে কি করাইতে পারিবেন।

এমত স্থলে যদি সাধ্য হয়, তবে পোলীসের কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনি দ্রব্য অন্বেষণের কার্য্য নির্ব্বাহ করিবেন।

আপনি তাহা করিতে না পারিলে ও সেই অন্বেষণ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি তৎকালে উপস্থিত না থাকিলে, পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনার অধীন কোন কর্ম্মকারককে ঐ দ্রব্যের অন্বেষণ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও সেই কর্ম্মকারককে আজ্ঞাপত্র দিবেন। যে গৃহে কি স্থানে ও যে দ্রব্যের অন্বেষণ করিতে হইবে তাহা ঐ পত্রে নির্দ্দিষ্ট থাকিবে। অধীন কর্ম্মকারক সেই আজ্ঞাপত্র পাইলে ঐ গৃহে কি স্থানে ঐ দ্রব্যের অন্বেষণ করিতে পারিবেন। ১১১ ও ১১২ ও ১১৩ ও ১১৪ ধারাতে অন্বেষণের পরওয়ানার যে২ বিধান আছে এই ধারামতে পোলীসের থানার ভারপ্রাপ্ত কর্ম্মকারকের দ্বারা কি তাঁহার আজ্ঞাক্রমে যে অন্বেষণ করা যায় তাহারও প্রতি সেই বিধান খাটিবে ইতি।

[পোলীসের এক থানার কর্ম্মকারক যে স্থলে অন্য থানার কর্ম্মকারককে অন্বেষণের পরওয়ানা দিবার আদেশ করিতে পারিবেন তাহার কথা।]

১৩৫ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনি যে মাজিষ্ট্রেট সাহেবের অধীনে থাকেন, সেই কিম্বা অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন পোলীসের অন্য থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারককে কোন গৃহে কি স্থানে কোন দ্রব্যের অন্বেষণ করাইবার আদেশ করিতে পারিবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ অন্য এলাকার কর্ম্মকারক তদ্রূপ গতিকে আপন এলাকার সীমার মধ্যে অন্বেষণ করাইবার ক্ষমতাপন্ন হন ইতি।

[সাক্ষিদিগকে আহ্বান করিতে পোলীসের কর্ম্মকারকের ক্ষমতার কথা।]

১৩৬ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক ১২৭ ধারামতে যে ব্যাপারের বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনার অনুসন্ধান করিতেছেন, তাহা আপন থানার এলাকার সীমার মধ্যবর্ত্তি কোন ব্যক্তি সেই বিষয় অবগত আছে, যদি বাদির কথামতে কি প্রকারান্তরে ইহা বোধ করেন, তবে আজ্ঞাপত্র লিখিয়া সেই ব্যক্তিকে আপনার সাক্ষাতে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেই ব্যক্তির সেই আজ্ঞা মানিতে হইবে ইতি।

[পোলীসের দ্বারা সাক্ষিদের বাচনিক সাক্ষ্য গ্রহণের কথা।]

১৩৭ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক কিম্বা পোলীসের অন্য যে কর্ম্মকারক অনুসন্ধান করিতেছেন, তিনি মোকদ্দমার বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনা যে ব্যক্তির জ্ঞাত থাকা অনুভব হয় এমত কোন ব্যক্তির বাচনিক সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন।

যাহার সেইরূপে সাক্ষ্য লওয়া যায়, এই ধারার কথাক্রমে পোলীসের কর্ম্মকারকের পক্ষে সেই ব্যক্তির কথা লিখিয়া লইবার কোন বাধা নাই।

[Proviso.]

Provided that any statement so reduced into writing shall not be signed by the person making it, nor shall it be treated as part of the record or used as evidence.

[No inducement to be offered to confess.]

138. No Police officer or other person shall offer any inducement to an accused person, by threat or promise or otherwise, to make any disclosure or confession.

[Police not to record statement or confession.]

139. No Police officer shall record any statement or any admission or confession of guilt, which may be made before him by a person accused of any offence.

[Proviso.]

Provided that nothing in this section shall preclude a Police officer from reducing any such statement, admission or confession into writing for his own information or guidance.

[Confession to Police not to be used as evidence.]

140. No confession or admission of guilt made to a Police officer, shall be used as evidence against a person accused of any offence.

[Confession made while accused is in custody not to be used as evidence.]

141. No confession or admission of guilt made by any person whilst he is in the custody of a Police officer, shall be used a evidence against such person, unless it be made in the immediate presence of a Magistrate duly authorized to try, or to hold the preliminary enquiry into, the offence of which the person in custody is accused.

The provisions of sections 195, 196 and 197 shall apply to any confession or admission so made.

[So much of statement made by accused as relates to fact thereby discovered, may be received.]

142. When any fact is deposed to in evidence as discovered in consequence of information received from a person accused of any offence or in the custody of a Police officer, so much of such information, whether it amounts to a confession or admission of guilt or not, as relates distinctly to the fact so discovered, and as would independently

বর্জ্জিত কথা।

কিন্তু যে ব্যক্তি উক্ত প্রকারের লিখিত কথা কহিয়াছিল তাহার সেই কথাতে স্বাক্ষর করিতে হইবে না, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের মধ্যে গণ্য হইবে না, ও প্রমাণস্বরূপে ব্যবহার হইবে না ইতি।

[দোষ স্বীকার করিবার প্রবৃত্তি না জন্মাইবার কথা।]

১৩৮ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক কি অন্য ব্যক্তি ভয় প্রদর্শনের কি অঙ্গীকারপ্রভৃতি কোন কথার দ্বারা অভিযুক্ত ব্যক্তিকে কোন কথা প্রকাশ কি স্বীকার করিবার প্রবৃত্তি দিবে না ইতি।

[বর্ণনা কি দোষ স্বীকাররূপ কথা পোলীসের কর্ম্মকারকের রিকার্ড না করিবার কথা।]

১৩৯ ধারা। কোন অপরাধের অভিযুক্ত ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের সাক্ষাতে ঐ অপরাধের যে কোন কথা কহে কি স্বীকার কি কবুল করে, তাহা তিনি রিকার্ড করিবেন না।

উপবিধি।

কিন্তু পোলীসের কর্ম্মকারক যদি আপনার স্মরণার্থে কি তদ্দৃষ্টে কর্ম্ম করণার্থে তদ্রূপ কোন কথা, কি দোষ স্বীকার কি কবুল করণরূপ কথা লিখিয়া রাখিতে চাহেন, তবে এই ধারার কোন কথাতে তাহা করিবার বাধা নাই ইতি।

[পোলীসের কর্ম্মকারকের নিকটে যাহা স্বীকার করা যায় তাহা প্রমাণস্বরূপে গ্রাহ্য না হইবার কথা।]

১৪০ ধারা। যাহার নামে কোন অপরাধের অভিযোগ হয়, সেই ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের নিকটে অপরাধ কবুল কি স্বীকার করিলেও সেই কথা তাহার বিপক্ষ প্রমাণস্বরূপে ব্যবহার হইবে না ইতি।

[অভিযুক্ত ব্যক্তি নিরুদ্ধ হইয়া যাহা স্বীকার করে তাহা প্রমাণস্বরূপে গ্রাহ্য না হইবার কথা।]

১৪১ ধারা। রুদ্ধ ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হয়, যে মাজিষ্ট্রেট সাহেব বৈধমতে সেই অপরাধের বিচার করিতে কিম্বা তাহার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ক্ষমতাপন্ন হন যদি ঐ ব্যক্তি তাঁহারই সাক্ষাতে ঐ অপরাধ স্বীকার না করে, তবে পোলীসের কর্ম্মকারকের নিকট রুদ্ধ থাকিয়া অপরাধ কবুল কি স্বীকার করিলেও তাহা তাহার বিপক্ষ প্রমাণস্বরূপে ব্যবহার হইবে না। তদ্রূপে যাহা স্বীকার কি কবুল করা যায় ১৯৫ ১৯৬, ১৯৭, ধারার বিধান তাহার প্রতি খাটিবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তির ব্যক্ত কি স্বীকৃত কথাদ্বারা যে ক্রিয়া প্রকাশ হয় তৎসম্পর্কীয় উক্ত কথা গ্রাহ্য হইবার কথা।]

১৪২ ধারা। কোন ব্যক্তি অপরাধহেতু অভিযুক্ত হইয়া কিম্বা পোলীসের কর্ম্মকারকের নিকট রুদ্ধ থাকিয়া যে কথা জানায়, সেই কথার দ্বারা কোন ক্রিয়া জানা গেল বলিয়া যদি সাক্ষ্য দেওন কালে সেই ক্রিয়ার সাক্ষ্য দেওয়া যায়, তবে ঐ প্রকাশিত ক্রিয়ার সঙ্গে উক্ত যে কথার স্পষ্ট সম্পর্ক থাকে, এবং ঐ ব্যক্তির জ্ঞাপিত না হইলে উক্ত যে কথা প্রমাণে গ্রাহ্য হইতে

of such information have been receivable in evidence, may be received in evidence.

[Enquiry by the Police.]

143. If the person arrested appears from the information obtained to have committed the offence charged, and the offence is not bailable, the officer in charge of the Police station shall forward him under custody to the Magistrate having jurisdiction in respect of the offence, and shall bind over the prosecutor and witnesses to appear on a fixed day before such Magistrate.

When any subordinate Police officer has made any enquiry under this chapter, he shall, if so required by the officer in charge of the Police station, submit a report of such enquiry to him; or he may do so without such requisition, and the officer in charge of the Police station shall then proceed as if he had made the enquiry himself.

[Accused not to be detained by Police more than twenty-four hours without special authority.]

144. No Police officer shall, without the special order of a Magistrate, detain an accused person in custody for a longer period than, under all the circumstances of the case, is reasonable, and such period shall in no case exceed twenty-four hours.

If the enquiry has not been completed within twenty-four hours, and if there are grounds for believing that the accusation is well founded, the officer in charge of the Police station shall forward the accused person to the Magistrate, with a short despatch stating the offence for which he has been arrested.

[Procedure of Police in case of deficient evidence.]

145. If it appears to the officer in charge of the Police station that there is not sufficient evidence or reasonable ground of suspicion to justify the transmission of the accused person to the Magistrate, he shall release him on bail, or on his own recognizance, to appear when required, and shall submit a report of the case for the orders of the Magistrate.

[Daily record of proceedings.]

146. A Police officer making an enquiry under this chapter, shall day by day enter his proceedings in a diary, setting forth the time at which the complaint or other information reached him, the time at which he began and closed his enquiry, the place or places visited by him, and a statement of the circumstances elicited by his enquiry.

পারিত, সেই কথা অপরাধ স্বীকার করার তুল্য হইলে কি না হইলেও প্রমাণে গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[পোলীসের দ্বারা অনুসন্ধানের কথা।]

১৪৩ ধারা। যাহাকে ধরা গেল যদি প্রাপ্ত সম্বাদদ্বারা তাহাকে অপরাধী বোধ করা যায় ও সেই অপরাধের নিমিত্তে দর্শনপ্রতিভূ গ্রহণীয় না হয়, তবে ঐ অপরাধবিষয়ে যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা থাকে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক তাঁহার নিকটে ঐ ব্যক্তিকে প্রহরির জিম্মায় পাঠাইবেন, ও বাদী ও সাক্ষিরা নিরূপিত দিনে সেই মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে উপস্থিত হইবে তাঁহাদের স্থানে এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লইবেন।

যখন পোলীসের অধঃস্থ কোন কর্ম্মকারক এই অধ্যায়মতে অনুসন্ধান করে, তখন পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক তাহাকে আপনার নিকট ঐ অনুসন্ধানের রিপোর্ট পাঠাইতে আজ্ঞা করিলে তাহা পাঠাইবে। কিম্বা তদ্রূপ আজ্ঞা না পাইলেও তাহা করিতে পারিবে। তাহা হইলে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক আপনি যেন সেই অনুসন্ধান করিলেন এই ভাবে কর্ম্ম করিবেন ইতি।

[বিশেষ আজ্ঞা না হইলে, অভিযুক্ত ব্যক্তিকে ২৪ ঘন্টার অধিক কাল পোলীসের কর্ম্মকারকদের আটক করিয়া না রাখিবার কথা।]

১৪৪ ধারা। মাজিষ্ট্রেটের বিশেষ আজ্ঞা না হইলে, বৃত্তান্তের তাবদ্ব্যাপার বুঝিয়া অভিযুক্ত ব্যক্তিকে যত কাল আটক করিয়া রাখা যুক্তিসিদ্ধ হয়, পোলীসের কোন কর্ম্মকারক তাহাকে তদধিক কাল আটক করিবে না। ও কোন প্রকারে চব্বিশ ঘন্টার অধিক কাল রাখিবে না।

যদি ঐ অনুসন্ধানের কার্য্য চব্বিশ ঘন্টার মধ্যে সমাপ্ত না হইয়া থাকে, তবে অভিযোগ সমূলক জ্ঞান করিবার হেতু থাকিলে, পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক মাজিষ্ট্রেটের নিকটে ঐ অভিযুক্ত ব্যক্তিকে পাঠাইবেন, ও সে যে অপরাধের অভিযোগে ধৃত হইয়াছে তদ্‌জ্ঞাপক এক সংক্ষেপ পত্রও তাহার সঙ্গে দিবেন ইতি।

[প্রমাণের ন্যূনতা হইলে. পোলীসের কর্ম্মকারকদের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৪৫ ধারা। মাজিষ্ট্রেটের নিকটে যে প্রমাণ কি যদ্রূপসন্দেহক্রমে অভিযুক্ত ব্যক্তিকে পাঠান যাইতে পারে, পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক এমত উপযুক্ত প্রমাণ নাই কি সন্দেহ করিবার যুক্তিমতের হেতু নাই, জ্ঞান করিলে, অভিযুক্ত ব্যক্তির স্থানে দর্শনপ্রতিভূ লইয়া, কিম্বা সে আজ্ঞা পাইলে উপস্থিত হইবে এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লইয়া, তাহাকে ছাড়িয়া দিবেন, ও মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা পাইবার জন্যে ঐ ব্যাপারের রিপোর্ট পাঠাইবেন ইতি।

[কার্য্যের রোজনামার কথা।]

১৪৬ ধারা। পোলীসের যে কর্ম্মকারক এই অধ্যায় মতে অনুসন্ধান করেন, তিনি আপন কার্য্যের বৃত্তান্ত দিন২ রোজনামায় লিখিবেন, অর্থাৎ নালিশ কি অন্য সম্বাদ যে সময়ে তাঁহার নিকটে পঁহুছে, ও তিনি অনুসন্ধানের কার্য্য যে সময়ে আরম্ভ ও যে সময়ে সমাপ্ত করেন, ও যে স্থানে কি যে২ স্থানে যান, ও অনুসন্ধানদ্বারা যে সকল বৃত্তান্ত অবগত হন তাহার বিবরণ লিখিবেন।

He shall forward day by day a copy of such diary to the District Superintendent of Police, who shall without delay bring to the notice of the Magistrate of the District any part of such diary which he considers it to be important that such Magistrate shall know.

The Magistrate of the District is entitled to call for and inspect such diary.

In cases where there is no District Superintendent of Police, the Police officer shall forward day by day a copy of the diary to the Magistrate of the District.

Such diary shall not be evidence of the facts stated therein, except against the Police officer who made it.

[Report of Police officer.]

147. The enquiry shall be completed without unnecessary delay, and as soon as it is completed, the Police officer making the same shall send to the Magistrate a report in such form as is prescribed by the Local Government, setting forth the names of the parties, the nature of the complaint, and the names of the witnesses, without any expression of opinion as to the guilty of the accused person, and shall also send to the Magistrate any weapon or article which it may be necessary to produce before him.

The Police officer shall state whether the accused person has been forwarded in custody, or has been released on bail or on his own recognizance.

If the accused person be detained in custody, the Police officer shall state the fact and the cause of the detention.

[Admission to bail.]

148. A person accused of any offence entered as not bailable in column 5 of the second schedule hereto annexed, shall not be admitted to bail, if there appear reasonable ground for believing that he has been guilty of the offence imputed to him.

But a person accused of any offence entered as bailable shall be admitted to bail, if sufficient bail be tendered for appearance before the Magistrate having jurisdiction in respect of the offence.

[Bail not to be excessive. Terms of security.]

149. The bail to be taken under section 148 shall not be excessive; and the surety or sureties shall bind himself or themselves under a specific penalty to produce the accused person before the Magistrate on or before a fixed day, to answer the complaint.

পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টের নিকটে সেই রোজনামার প্রতিলিপি দিন২ পাঠাইবেন। রোজনামার যে কোন কথা তাঁহার বিবেচনামতে মাজিষ্ট্রেট সাহেবের জ্ঞাত হওয়া প্রয়োজন, তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবকে তাহা অগোণে জ্ঞাত করিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ রোজনামা আনাইয়া দৃষ্টি করিতে পারিবেন।

যদি কোন স্থানে পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিন্টেণ্ডেণ্ট না থাকেন, তবে পোলীসের কর্ম্মকারক ঐ রোজনামার প্রতিলিপি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দিন২ পাঠাইবেন।

ঐ রোজনামাতে যে সকল বৃত্তান্ত লেখা থাকে ঐ রোজনামাই তাহার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে না, কিন্তু পোলীসের যে কর্ম্মকারক তাহা লিখিলেন তাঁহারই বিপক্ষ প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[পোলীসের কর্ম্মকারকের রিপোর্টের কথা।]

১৪৭ ধারা। অনাবশ্যক বিলম্ব না করিয়া অনুসন্ধানের কার্য্য সমাপ্ত করিতে হইবে। সমাপ্ত হইলেই পোলীসের যে কার্য্যকারক ঐ অনুসন্ধান করেন, তিনি স্থানবিশেষের গবর্ণমেন্টের নির্দ্দিষ্ট পাঠে রিপোর্ট লিখিয়া মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন। তাহাতে উভয় পক্ষের নাম, ও যে অপরাধের নালিশ হয় তাহা, ও সাক্ষিদের নাম লেখা থাকিবে, কিন্তু অভিযুক্ত ব্যক্তি দোষী কি নির্দ্দোষী এই বিষয়ের কোন মতামত লিখিতে হইবে না। কোন অস্ত্র কি অন্য দ্রব্য মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা প্রয়োজন হইলে তাহাও পাঠাইবেন।

অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির সতর্কতায় পাঠান গিয়াছে কিম্বা দর্শনপ্রতিভূ লইয়া কি প্রতিজ্ঞাপত্র লেখাইয়া লইয়া তাহাকে ছাড়িয়া দেওয়া গিয়াছে, এই কথাও পোলীসের কর্ম্মকারকের লিখিতে হইবে।

যদি অভিযুক্ত ব্যক্তিকে রুদ্ধ করিয়া রাখা যায়, তবে সেই কথা, ও অবরোধ করিবার হেতু জানাইবেন ইতি।

[দর্শনপ্রতিভূর কথা।]

১৪৮ ধারা। যে অপরাধ হেতুক দর্শনপ্রতিভূ গ্রহণীয় নয় যাহার নামে এই আইনের তফসীলের ৫ ঘরের লিখিত এমত অপরাধের অভিযোগ হয়, সেই ব্যক্তিকে ঐ অপরাধের অপরাধী জানিবার উপযুক্ত হেতু থাকিলে, তাহার স্থানে দর্শনপ্রতিভূ গ্রাহ্য হইবে না।

যে অপরাধ হইলে দর্শনপ্রতিভূ গ্রহণীয়, কাহার নামে এমত অপরাধের অভিযোগ হইলে, ঐ অপরাধ বিষয়ে যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা থাকে সেই ব্যক্তি তাঁহার সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত প্রতিভূ দিতে চাহিলে, গ্রাহ্য হইবে ইতি।

[অতিরিক্ত প্রতিভূ না লইবার কথা ও প্রাতিভাব্যের নিয়মের কথা।]

১৪৯ ধারা। ১৪৮ ধারার বিধানমতে যে প্রতিভূ লওয়া যায় তাহা অতিরিক্ত না হয়। ও অভিযোগের উত্তর দিবার জন্যে অভিযুক্ত ব্যক্তিকে নিরূপিত দিনে কি তৎপূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করিব, না করিলে নির্দ্দিষ্ট দণ্ড দিব, প্রতিভূ কি প্রতিভূগণ আপনাকে কি আপনারদিগকে এই মর্ম্মের প্রতিজ্ঞায় বদ্ধ করিবেন ইতি।

[*Government Gazette*, 2nd *June* 1868.]

[Prosecutors and witnesses to execute recognizances to appear.]

150. Every prosecutor and witness, whose attendance before the Magistrate is deemed necessary by the Police officer making the enquiry, shall execute a recognizance in the form (E) given in the appendix, or to the like effect, for appearance before the Magistrate having jurisdiction in respect of the offence on a fixed day.

Such day shall be the day whereon the accused person is to appear, if he shall have been admitted to bail, or the day on which he may be expected to arrive at the Court of the Magistrate, if he is to be forwarded in custody.

The officer in whose presence the recognizance is executed, shall forward it with his report to the Magistrate.

The prosecutor or witnesses shall not be accompanied by any Police officer on their way to the Court of the Magistrate.

[Prosecutors and witnesses not to be subjected to restraint.]

151. A Police officer shall not subject any prosecutor or witness to restraint or unnecessary inconvenience, nor require him to give any security for his appearance other than his own recognizance.

[Recusant prosecutors and witnesses may be forwarded in custody.]

But if any prosecutor or witness refuses to attend or to execute the recognizance directed in section 150, the officer in charge of a Police station may forward him under custody to the Magistrate, who may detain him in custody until he executes such recognizance, or until the hearing before the Magistrate.

[Police to report apprehensions.]

152. Officers in charge of Police stations shall report to the Magistrate of the District, or to such Magistrate as the Magistrate of the District may direct, the cases of all persons apprehended within the limits of their respective stations, whether such persons shall have been admitted to bail or otherwise.

[Discharge of person apprehended.]

No person who has been apprehended shall be discharged, except on bail, or on his own recognizance, or under the special order of a Magistrate.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২ জুন।]

[বাদিদের ও সাক্ষিরদের উপস্থিত হইবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবার কথা।]

১৫০ ধারা। পোলীসের যে কর্ম্মকারক অনুসন্ধান করেন, তিনি মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে যে বাদির ও সাক্ষির উপস্থিত হওয়া আবশ্যক বুঝেন, সেই ব্যক্তি ক্রোড়পত্রের E চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে প্রতিজ্ঞাপত্র, অর্থাৎ অপরাধ বিষয়ে যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য থাকে নিরূপিত দিনে তাঁহার সম্মুখে উপস্থিত হইব এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবে।

যদি অভিযুক্ত ব্যক্তির দর্শনপ্রতিভূ গ্রহণ হইয়া থাকে তবে মাজিষ্ট্রেট সাহেবের আদালতে তাহার যে দিনে উপস্থিত হইতে হইবে, কিম্বা তাহাকে প্রহরির সতর্কতায় প্রেরণ করা গেলে ঐ আদালতে তাহার যে দিনে উপস্থিত হইবার সম্ভাবনা, উক্ত নিরূপিত দিন সেই দিন হইবে।

যে কর্ম্মকারকের সাক্ষাতে প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করা যায়, তিনি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপন রিপোর্টের সঙ্গে সেই প্রতিজ্ঞাপত্র প্রেরণ করিবেন।

মাজিষ্ট্রেট সাহেবের আদালতে বাদির কি সাক্ষিদের গমন কালে পোলীসের কোন কর্ম্মকারক তাহারদের সঙ্গে২ যাইবে না ইতি।

[বাদী ও সাক্ষিদিগকে অবরোধ না করিবার কথা।]

১৫১ ধারা। পোলীসের কর্ম্মকারক কোন বাদিকে কি সাক্ষিকে অবরোধ করিবেন না, ও অনাবশ্যক ক্লেশ দিবেন না। ও আপনাদের প্রতিজ্ঞাপত্রভিন্ন তাহাদের উপস্থিত হইবার অন্য প্রাতিভাব্য চাহিবেন না।

[বাদিরা ও সাক্ষিরা যাইতে স্বীকার না করিলে তাহারদিগকে প্রহরির জিম্মায় পাঠাইবার কথা।]

কিন্তু যদি কোন বাদী কি সাক্ষী উপস্থিত হইতে, কিম্বা ১৫০ ধারার নির্দ্দিষ্ট প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিতে স্বীকার না করে, তবে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক ঐ বাদিকে কি সাক্ষিকে প্রহরির সতর্কতায় মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন। সেই প্রতিজ্ঞাপত্র যত কাল না করে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যত কাল সেই মোকদ্দমা শুনা না যায়, মাজিষ্ট্রেট সাহেব তত কাল ঐ বাদিকে কি সাক্ষিকে রুদ্ধ করিতে পারিবেন ইতি।

[ব্যক্তিদিগকে ধৃত করিলে পোলীসের রিপোর্ট করিবার কথা।]

১৫২ ধারা। যাহারা পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকদের ক্ষমতার ব্যাপ্য স্থানের মধ্যে ধৃত হয়, তাহাদের দর্শনপ্রতিভূ গ্রহণ করা গেলে কি না গেলেও ঐ কর্ম্মকারকেরা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেব অন্য যে মাজিষ্ট্রেটের নিকট রিপোর্ট করিতে আজ্ঞা করেন তাঁহার নিকটে ঐ ব্যক্তির ধৃত হইবার রিপোর্ট করিবেন।

[ধৃত ব্যক্তিকে মুক্ত করিবার কথা।]

কোন ব্যক্তি ধৃত হইলে সেই ব্যক্তির স্থানে দর্শনপ্রতিভূ কিম্বা তাহার স্বাক্ষরিত প্রতিজ্ঞাপত্র না লইয়া, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের বিশেষ আজ্ঞা না হইলে, তাহাকে মুক্ত করা যাইবে না ইতি।

[Police to enquire and report on unnatural and sudden deaths.]

153. Unless otherwise provided by any local or special law, the officer in charge of a Police station, on receiving notice or information of the unnatural or sudden death of any person, shall immediately give intimation to the nearest Magistrate, and proceed to the place where the body of such deceased person is, and there in the presence of two or more respectable inhabitants of the neighbourhood, shall make enquiry, and report the apparent cause of death, describing any mark of violence which may be found on the body, and stating in what manner or by what weapon or instrument such mark appears to have been inflicted.

The report shall be signed by such Police officer and other persons or by so many of them as concur therein, and shall be forthwith forwarded to the Magistrate.

When there may be any doubt regarding the cause of death, such Police officer shall forward the body with a view to its being examined by the Civil Surgeon, if the state of the weather and the distance admit of its being so forwarded without risk of putrefaction on the road.

[Substitute for officer in charge of Police station during his absence or illness.

154. The powers to be exercised by an officer in charge of a Police station under this chapter shall be exercised, in the event of his absence or illness, by the Police officer next in rank present at the Police station, above the rank of a constable.

CHAPTER X.

OF CONTEMPTS AND DISOBEDIENCE OF ORDERS.

[Procedure in certain cases of contempt.]

155. When any such offence as is described in section 175, 178, 179, 180 or 228 of the Indian Penal Code, is committed in the view or presence of any Court of Justice, the Court may cause the offender, whether he be a European British subject or not, to be detained in custody, and at any time before the rising of the Court on the same day may take cognizance of the offence and adjudge the offender to punishment by fine not exceeding two hundred rupees, or by imprisonment in the civil jail for a period not exceeding one month, unless such fine be sooner paid.

In every such case the Court shall record the facts constituting the contempt, with any statement the offender may make, as well as the finding and sentence.

[অপঘাত ও অকস্মাৎ মৃত্যুর অনুসন্ধান করিয়া রিপোর্ট করিবার কথা।]

১৫৩ ধারা। যদি স্থানীয় কি বিশেষ আইনেতে প্রকারান্তরের বিধান না থাকে, তবে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক কোন ব্যক্তির অপঘাত কি অকস্মাৎ মৃত্যুর জ্ঞাপনি কি সম্বাদ পাইলে তাঁহার কর্ত্তব্য যে অবিলম্বে নিকটস্থ মাজিষ্ট্রেট সাহেবকে সেই কথা জ্ঞাত করিয়া ঐ মৃত ব্যক্তির দেহ যে স্থানে থাকে সেই স্থানে গমনপূর্ব্বক দুই কি তদধিক সম্ভ্রান্ত প্রতিবাসির সাক্ষাতে ঐ মৃত্যুর দৃষ্ট কারণের অনুসন্ধান করিয়া তাহার রিপোর্ট লেখেন, ও শরীরে আঘাতের কোন চিহ্ন দেখা গেলে তাহার প্রকারাদি, ও সেই আঘাত যে প্রকারে ও যে অস্ত্র কি যন্ত্রদ্বারা হইবার মত দেখায় তাহাও লিখিবেন।

পোলীসের ঐ কর্ম্মকারক ও অন্য ব্যক্তিরা, কিম্বা তাঁহারদের যত জন ঐ রিপোর্টের কথায় সম্মত হন তাঁহারা তাহাতে স্বাক্ষর করিবেন। ও সেই রিপোর্ট অগৌণে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠান যাইবে।

যে কারণে মৃত্যু হইয়াছে যদি তদ্বিষয়ে কোন সন্দেহ থাকে, তবে কাল ও স্থানের দূরত্ব বিবেচনায় ঐ শব পথে পচিয়া যাইবার আশঙ্কাবিনা সিবিল চিকিৎসক সাহেবের নিকটে পাঠান যাইতে পারিলে, পোলীসের কর্ম্মকারক ঐ সাহেবের দৃষ্টির জন্যে ঐ দেহ প্রেরণ করিবেন ইতি।

[পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক অনুপস্থিত কি পীড়িত হইলে তাঁহার প্রতিনিধির কথা।]

১৫৪ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক যদি অনুপস্থিত থাকেন কি পীড়িত হন, তবে এই অধ্যায়মতে তাঁহার যে ক্ষমতা আছে, তাঁহার অধীন পদস্থ যে কর্ম্মকারক থানায় থাকেন, তিনি সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন কিন্তু কনষ্টাবলের উচ্চ শ্রেণীর কর্ম্মকারক না হইলে করিবেন না ইতি।

দশম অধ্যায়।

অবজ্ঞার ও আজ্ঞা অমান্যসংক্রান্ত বিধি।

[কোন২ স্থলে অবজ্ঞা হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৫৫ ধারা। যখন কোন আদালতের দৃষ্টিগোচরে কি সাক্ষাতে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৫, ১৭৮, ১৭৯, ১৮০, কি ২২৮ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ করা যায়, তখন অপরাধী ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলেও, ঐ আদালত তাহাকে প্রহরির নিকটে অবরুদ্ধ করিতে পারিবেন, ও সেই দিনে আদালত ভঙ্গ হইবার পূর্ব্বে কোন সময়ে ঐ অপরাধের বিচার করিয়া অপরাধির দুই শত টাকার অনধিক অর্থদণ্ডের, কিম্বা দেওয়ানী কারাগারে এক মাসের অনধিক কাল বদ্ধ হইবার আজ্ঞা করিতে পারিবেন। ইতিমধ্যে ঐ অর্থদণ্ড দেওয়া গেলেই তাহাকে মুক্ত করা যাইবে।

উক্ত প্রত্যেক স্থলে যে কার্য্যদ্বারা অবজ্ঞা হইল, ও অপরাধী সেই বিষয়ে যে কোন উত্তর করিল, ও আদালতের যে বিচার ও দণ্ডাজ্ঞা হয়, আদালত তাহা রিকার্ড করিবেন।

[*Government Gazette*, 2nd June 1868.]

If the Court, in any case, considers that a person accused of any offence above referred to should be imprisoned, or that a fine exceeding two hundred rupees should be imposed upon him, such Court, after recording the facts constituting the contempt and the statement of the accused person as before provided, shall forward the case to a Magistrate, or, if the accused person be a European British subject, to a Justice of the Peace, and shall cause bail to be taken for the appearance of such accused person before such Magistrate or Justice of the Peace, or, if sufficient bail be not tendered, shall cause the accused person to be forwarded under custody to such Magistrate or Justice of the Peace.

If the case be forwarded to a Magistrate, he shall proceed to try the accused person in the manner provided by this Act for trials before a Magistrate, and such Magistrate may adjudge the offender to punishment, as provided in the section of the Indian Penal Code under which he is charged.

If the case be forwarded to a Justice of the Peace, he shall enquire into the circumstances, and shall have the same powers of punishing the offender as are vested by the statute 53 George III, c. 155, s. 105, in a Justice of the Peace for the punishment of an assault, and may deal with the offender in the same manner as is provided in that behalf in the said statute.

If such Justice of the Peace shall consider the offence to require a punishment more severe than he is competent to award under the said statute, he may commit the offender to the High Court.

In no case tried under this section shall any Magistrate adjudge imprisonment or a fine exceeding two hundred rupees for any contempt committed in his own presence against his own Court.

[Discharge of offender on submission or apology.]

156. When any Court has adjudged an offender to punishment or forwarded him to a Magistrate or Justice of the Peace for trial, under section 155, for refusing or omitting to do anything which he was lawfully required to do, or for any intentional, insult or interruption, the Court may discharge the offender, or remit the punishment, on his submission to the order or requisition of such Court, or on apology being made to its satisfaction.

পুর্ব্বোক্ত কোন অপরাধের অভিযুক্ত ব্যক্তির কারাদণ্ড করা কিম্বা তাহার তুই শত টাকার অধিক অর্থদণ্ড করা উচিত, আদালত যদি কোন স্থলে এমত বোধ করেন তবে যে কার্য্যাদিদ্বারা ঐ অবজ্ঞা হয় ও অভিযুক্ত ব্যক্তি যে উত্তর দেয় তাহা পুর্ব্বলিখিত বিধিমতে রিকার্ড করিলে পর, ঐ আদালত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই মোকদ্দমা পাঠাইবেন। যদি অভিযুক্ত ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হন, তবে শান্তিরক্ষার্থ জষ্টিসের নিকটে সেই মোকদ্দমা পাঠাইবেন। ও ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি শান্তিরক্ষার্থ জষ্টিসের সাক্ষাতে ঐ অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার প্রতিভু দিতে আজ্ঞা করিবেন। যদি উপযুক্ত প্রতিভূ না দেওয়া যায়, তবে ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি শান্তিরক্ষার্থ জষ্টিসের নিকটে অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির সতর্কতায় প্রেরণ করিবেন।

যদি মোকদ্দমা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠান যায়, তবে এই আইনেতে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা বিচার হইবার যে বিধান আছে, তিনি সেই বিধানমতে অভিযুক্ত ব্যক্তির বিচার কার্য্যে প্রবর্ত্ত হইবেন। ও ভারতবর্ষের দণ্ডবিধির আইনের যে ধারাক্রমে অপরাধির নামে অভিযোগ হয়, মাজিষ্ট্রেট সাহেব সেই অপরাধির সেই ধারার নির্দ্দিষ্ট দণ্ডের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন।

মোকদ্দমা যদি শান্তিরক্ষার্থ জষ্টিসের নিকটে পাঠান যায়, তবে তিনি ঐ মোকদ্দমাসম্পর্কীয় তাবৎ ঘটনার অনুসন্ধান লইবেন, ও তৃতীয় জর্জ্জ রাজার ৫৩ বৎসরের ব্যবস্থার ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারাক্রমে আক্রমণ করণাপরাধের দণ্ড করিবার যে ক্ষমতা তাঁহার প্রতি অর্পিত হইয়াছে, তিনি সেই ক্ষমতাক্রমে ঐ অপরাধির দণ্ড করিতে পারিবেন, ও সেই ব্যবস্থাতে অপরাধির প্রতি কার্য্য করিবার যে বিধান আছে সেই বিধানমতে করিতে পারিবেন।

শান্তিরক্ষার্থ জষ্টিস উক্ত ধারাক্রমে যত দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন, ঐ অপরাধের তদধিক দণ্ড করা উচিত, যদি এমত বোধ করেন তবে ঐ অপরাধিকে হাই কোর্টে সমর্পণ করিতে পারিবেন।

কোন মাজিষ্ট্রেট সাহেবের আদালতে তাঁহারই সাক্ষাতে অবজ্ঞার যে অপরাধ হয়, তন্নিমিত্তে তিনি এই ধারামতে বিচার করিয়া কারাদণ্ডের কিম্বা তুই শত টাকার অধিক অর্থদণ্ডের আজ্ঞা কোনমতে করিবেন না ইতি।

[অপরাধী আজ্ঞাক্রমে কার্য্য করিতে সম্মত হইলে, কিম্বা যাইট স্বীকার করিলে তাহার মুক্ত হওয়ার কথা।]

১৫৬ ধারা। কোন ব্যক্তির প্রতি আইনসিদ্ধ কোন কার্য্য করিবার আজ্ঞা হইলে, তাহা করিতে স্বীকার না করা কি সেই কর্ম্ম না করাপ্রযুক্ত কিম্বা ইচ্ছাক্রমে অপমান করা কি কর্ম্মের বাধা দেওনপ্রযুক্ত যদি আদালত ১৫৫ ধারাক্রমে অপরাধির দণ্ডের আজ্ঞা করেন, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কি শান্তিরক্ষার্থ জষ্টিসের নিকটে তাহাকে বিচারার্থে প্রেরণ করিয়া থাকেন, তবে সেই অপরাধী ঐ আদালতের আজ্ঞাতে কি আদেশে সম্মত হইলে, কিম্বা আদালতের সন্তোষমতে যাইট স্বীকার করিলে, আদালত তাহাকে মুক্ত করিতে কিম্বা তাহার দণ্ড ক্ষমা করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২ জুন।]

[Procedure when offender is a European British subject.]

157. When any such offence as is described in chapter X of the Indian Penal Code, except sections 175, 178, 179 and 180, is committed in contempt of the lawful authority of any Court of Justice by a European British subject, such offence shall be cognizable only by a Magistrate who is a Justice of the Peace, and such Magistrate shall have the same powers of punishment for such offence as are vested by the statute 53 George III, c. 155, s. 105, in a Justice of the Peace for the punishment of an assault, and may deal with the offender on conviction in the same manner as is provided in that behalf in the said statute.

If the Magistrate considers the offence to require a punishment more severe than a Justice of the Peace is competent to award under the said statute, he may commit the offender to the High Court.

CHAPTER XI.

PROSECUTIONS IN CERTAIN CASES.

[Prosecutions for offences against the State.]

158. A charge of an offence punishable under chapter VI of the Indian Penal Code, except section 127, shall not be entertained by any Court, unless the prosecution be instituted by order of, or under authority from, the Governor General of India in Council, or the Local Government, or some officer empowered by the Governor General of India in Council to order or authorize such prosecution, or unless instituted by the Advocate General.

[Prosecutions of Judges and public servants.]

159. A charge of an offence punishable under the Indian Penal Code, of which any Judge or any public servant not removeable from his office without the sanction of the Government is accused as such Judge or public servant, shall not be entertained against him, except with the sanction or under the direction of the Local Government, or of some officer empowered by the Local Government, or of some Court or other authority to which such Judge or public servant is subordinate, and whose power so to sanction or direct such prosecution the Local Government shall not think fit to limit or reserve.

[Prosecution for contempts of the lawful authority of public servants.]

160. A charge of any offence described in chapter X of the Indian Penal Code, not falling

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজা অপরাধী হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা ।]

১৫৭ ধারা। যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কোন আদালতের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা করিয়া ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৫, ১৭৮, ১৭৯, ১৮০ ধারাভিন্ন ১০ অধ্যায়ের নির্দ্দিষ্ট কোন অপরাধ করে, তবে যে মাজিষ্ট্রেট সাহেব শান্তিরক্ষার্থ জাষ্টিস হন ঐ অপরাধ কেবল তাঁহারই বিচার্য্য হইবে। শান্তিরক্ষার্থ জষ্টিস ও তৃতীয় জর্জ্জ রাজার ৫৩ বৎসরের ব্যবস্থার ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারাক্রমে আক্রমণ করণাপরাধের যে দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন, ঐ মাজিষ্ট্রেট সাহেবও উক্ত অপরাধের সেই দণ্ড করিতে ক্ষমতাপন্ন হইবেন, ও উক্ত বিধানমতে অপরাধির প্রতি যেরূপ কার্য্য করিবার বিধান আছে, সেই অপরাধির দোষ প্রমাণ হইলে ঐ মাজিষ্ট্রেট সাহেব তদ্রূপ কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইবেন।

উক্ত শান্তিরক্ষার্থ জষ্টিস যত দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় যদি ঐ অপরাধের তদধিক দণ্ড করা উচিত, তবে তিনি অপরাধিকে হাই কোর্টে সমর্পণ করিতে পারিবেন ইতি।

একাদশ অধ্যায় ।

স্থলবিশেষে অভিযোগের বিধি ।

[রাষ্ট্র দ্রোহ অপরাধ হেতুক অভিযোগের কথা ।]

১৫৮ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১২৭ ধারাভিন্ন ৬ অধ্যায়মত দণ্ডনীয় কোন অপরাধের যে অভিযোগ হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় গবর্ণমেন্টের আজ্ঞা কি অনুমতিক্রমে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কার্য্যকারকের প্রতি তদ্রূপ অভিযোগ উপস্থিত করিবার আজ্ঞা কি অনুমতি দিবার ক্ষমতা প্রদান করেন তাঁহার আজ্ঞা কি অনুমতিক্রমে কিম্বা আডবকেট জেনরল সাহেবের দ্বারা উক্ত প্রকারের অপরাধের অভিযোগ উপস্থিত করা যাইতে পারিবে, নতুবা নয় ইতি।

[বিচারকর্ত্তাদের ও রাজকীয় কার্য্যকারকদের নামে অভিযোগের কথা ।]

১৫৯ ধারা। যে বিচারকর্ত্তা কি রাজকীয় যে কার্য্যকারক গবর্ণমেন্টের অনুমতি বিনা পদচ্যুত হইতে না পারেন যদি তাঁহার নামে বিচারকর্ত্তা কি রাজকীয় কার্য্যকারকস্বরূপ উক্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনমত দণ্ডনীয় কোন অপরাধের অভিযোগ হইয়া থাকে তবে স্থানবিশেষের গবর্ণমেন্টের কিম্বা ঐ গবর্ণমেন্টহইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের অনুমতি কি আদেশ না হইলে, কিম্বা আদালত যে কি অন্য কার্য্যকারক তদ্রূপ অভিযোগ করিবার অনুমতি কি আদেশ দেওনে সক্ষম হইলে স্থানীয় গবর্ণমেন্ট তাঁহার সেই ক্ষমতা খর্ব্ব কি রহিত করেন নাই, উক্ত বিচারকর্ত্তা কি কার্য্যকারক তদ্রূপ যে আদালতের কি কর্তৃপক্ষের অধীন থাকেন, সেই আদালত প্রভৃতির অনুমতি কি আজ্ঞা না হইলে, ঐ বিচারকর্ত্তার কি রাজকীয় অন্য কার্য্যকারকের নামে ঐ অভিযোগ গ্রাহ্য হইবে না ইতি।

[রাজকীয় কার্য্যকারকদের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞাপ্রযুক্ত অভিযোগের কথা ।]

১৬০ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের নির্দ্দিষ্ট যেং অপরাধ এই আইনের ১৫৫

within section 155, shall not be entertained in any Criminal Court, except with the sanction or on the complaint of the public servant concerned, or of his official superior.

The prohibition contained in this section does not apply to the offences described in sections 189 and 190 of the Indian Penal Code.

[Prosecution for certain offences against public justice.]

161. A charge of an offence against public justice, described in section 193, 194, 195, 196, 199, 200, 205, 206, 207, 208, 209, 210, 211 or 228 of the Indian Penal Code, when such offence is committed before or against any Court of Justice, shall not be entertained except with the sanction of the Court before or against which the offence was committed, or of some other Court to which such Court is subordinate.

Such sanction may be given at any time.

[Prosecution for certain offences relating to documents given in evidence.]

162. A charge of an offence relating to documents described in section 463, 471, 475 or 476 of the Indian Penal Code, when the document has been given in evidence in any proceedings in any Court of Justice, shall not be entertained against a party to such proceedings, except with the sanction of the Court in which the document was given in evidence, or of some other Court to which such Court is subordinate.

Such sanction may be given at any time.

[Procedure in cases mentioned in section 160, 161 or 162.]

163. When any Court of Justice is of opinion that there is sufficient ground for investigating any charge mentioned in section 160, 161 or 162, the Court, after making such preliminary enquiry as may be necessary, may send the case for investigation to any Magistrate having power to try or commit for trial the accused person for the offence charged.

Such Magistrate shall thereupon proceed according to law, and the Court may send the accused person in custody or take sufficient bail for his appearance before such Magistrate, and may bind over any person to appear and give evidence on such investigation.

[Power of Court of Session as to such offences committed before it.]

164. A Court of Session may charge a person for any such offence committed before it or under

ধারার মধ্যে না আইসে, রাজকীয় যে কার্য্যকারক সম্পর্কে ঐ অপরাধ করা যায় তাঁহার কিম্বা তদীয় উচ্চ পদস্থ কার্য্যকারকের অনুমতি না হইলে কি তিনিই অভিযোগ না করিলে, কোন ফৌজদারী আদালত ঐ অভিযোগ গ্রাহ্য করিবেন না।

এই ধারার লিখিত যে নিষেধ, তাহা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৮৯ ও ১৯০ ধারার নির্দ্দিষ্ট অপরাধের প্রতি বর্ত্তিবে না ইতি।

[সর্ব্বসাধারণের পক্ষে ন্যায় বিচারের বিপরীত কোন২ অপরাধ হেতুক অভিযোগের কথা।]

১৬১ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৩, ১৯৪, ১৯৫, ১৯৬, ১৯৯, ২০০, ২০৫, ২০৬, ২০৭, ২০৮, ২০৯, ২১০, ২১১, ২২৮, ধারাতে সর্ব্বসাধারণের ন্যায় বিচারের বিপরীত যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে, যদি দেওয়ানী আদালতের সম্মুখে কি বিপক্ষে সেই অপরাধ করা যায়, তবে যে আদালতের সাক্ষাতে কি বিপক্ষে হইয়াছে তাঁহার, কিম্বা সেই আদালত অন্য যে আদালতের অধীন থাকেন তাঁহার অনুমতি না হইলে, ঐ অপরাধের অভিযোগ গ্রাহ্য হইবে না।

সেই অনুমতি কোন সময়ে দেওয়া যাইতে পারিবে ইতি।

[লিপিসংক্রান্ত কোন২ অপরাধ প্রমাণস্বরূপে উপস্থিত করা প্রযুক্ত অভিযোগের কথা।]

১৬২ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৬৩ ৪৭১, ৪৭৫, কি ৪৭৬ ধারাতে যে২ দলীল নির্দ্দিষ্ট হইয়াছে, যদি কোন আদালতে মোকদ্দমাঘটিত কোন কার্য্যেতে সেই২ দলীল প্রমাণে উপস্থিত করা গিয়া থাকে, তবে যে আদালতে প্রমাণস্বরূপে উপস্থিত করা যায়, তাঁহার, কিম্বা ঐ আদালত অন্য যে আদালতের অধীন থাকেন তাঁহার অনুমতি না হইলে, ঐ মোকদ্দমার কোন পক্ষের নামে সেই দলীলসম্পর্কীয় কোন অপরাধের অভিযোগ গ্রাহ্য হইবেক না।

তদ্রূপ অনুমতি কোন সময়ে দেওয়া যাইতে পারিবে ইতি।

[১৬০, ১৬১, ১৬২, ধারার লিখিত স্থলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৬৩ ধারা। ১৬০, ১৬১, ১৬২ ধারার নির্দ্দিষ্ট কোন অভিযোগের অনুসন্ধান লওয়ার উপযুক্ত হেতু আছে, কোন আদালত ইহা বোধ করিলে প্রথম স্থলের আবশ্যক অনুসন্ধান করিলে পর, ঐ অপরাধের নিমিত্ত অভিযুক্ত ব্যক্তির বিচার করিবার কি বিচার হওনার্থে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট সাহেবের অনুসন্ধানের জন্যে সেই মোকদ্দমা প্রেরণ করিতে পারিবেন।

তাহাতে মাজিষ্ট্রেট সাহেব আইনঅনুসারে তৎকার্য্য নির্ব্বাহ করিবেন। উক্ত আদালত সেই অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির সতর্কতায় পাঠাইতে পারিবেন কিম্বা ঐ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত প্রতিভূ তাঁহার স্থানে লইতে পারিবেন, ও সেই অনুসন্ধান করণসময়ে কোন ব্যক্তির উপস্থিত হইয়া সাক্ষ্য দিবারপ্রতিজ্ঞাপত্র লইতে পারিবেন ইতি।

[তদ্রূপ অপরাধ সেশন আদালতের সম্মুখে হইলে ঐ আদালতের ক্ষমতার কথা।]

১৬৪ ধারা। সেশন আদালতের সাক্ষাতে কি তাঁহার নিজ জ্ঞানগোচরে উক্ত প্রকারের কোন অপরাধ

its own cognizance if the offence be triable by the Court of Session exclusively, and may commit or hold to bail and try him upon its own charge.

In such case the Court of Session shall have the same power of summoning and causing the attendance at the trial of any witnesses for the prosecution or for the defence as is vested in a Magistrate by this Act.

Such Court may direct the Magistrate to cause the attendance of such witnesses on the trial.

[Power of Civil Courts to complete investigation and commit to Court of Session.]

165. In any case triable by the Court of Session exclusively, any Civil Court before which any such offence was committed may, instead of sending the case for investigation to a Magistrate, complete the investigation itself, and commit or hold to bail the accused person to take his trial before the Court of Session.

[Procedure of Civil Court in such cases.]

166. When any such commitment is made by order of a Civil Court, the Court shall frame a charge in the manner hereinafter provided, and shall send the same with the order of commitment and the record of the case to the Magistrate of the District or other officer exercising any of the powers of a Magistrate; and such Magistrate or other officer shall bring the case before the Court of Session, together with the witnesses for the prosecution and defence.

[Court may exercise all powers of a Magistrate as to binding over persons to give evidence.]

167. Whenever any Court of Justice commits or holds to bail any person for trial under sections 164, 165 and 166, it may also bind over any person to give evidence, and for that purpose may exercise all the powers of a Magistrate.

[Procedure where offence triable only by Court of Session is committed before Magistrate not empowered to commit to such Court.]

168. If any such offence, triable by the Court of Session exclusively, be committed before a Magistrate not empowered to commit for trial before a Court of Session, he shall send the case to a Magistrate competent to make such commitment, who shall proceed to pass such order in the case as he may think proper.

করা গেলে, যদি সেই অপরাধ কেবল ঐ আদালতের বিচার্য্য হয়, তবে সেই আদালত আপনি ঐ ব্যক্তির নামে ঐ অপরাধের অভিযোগ করিয়া ঐ অভিযোগ ক্রমে ঐ ব্যক্তিকে সমর্পণ করিতে কিম্বা দর্শনপ্রতিভূ লইতে ও তাহার বিচার করিতে পারিবেন।

এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবদের প্রতি বিচারকালে বাদির কি প্রতিবাদির সপক্ষীয় কোন সাক্ষিদিগকে আহ্বান করিবার কি উপস্থিত করাইবার যে ক্ষমতা অর্পিত হইয়াছে, ঐ সেশন আদালতেরও সেই ক্ষমতা থাকিবে।

ঐ আদালত মাজিষ্ট্রেট সাহেবকে ঐ বিচারকালে তদ্রূপ সাক্ষিদিগকে উপস্থিত করাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অনুসন্ধানের কার্য্য সমাপ্ত করিয়া সেশন আদালতে সমর্পণ করিতে দেওয়ানী আদালতের ক্ষমতার কথা।]

১৬৫ ধারা। কেবল সেশন আদালতে যে অপরাধের বিচার হইতে পারে, এমত কোন অপরাধ দেওয়ানী আদালতের সাক্ষাতে হইলে, সেই আদালত মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অনুসন্ধান হইবার জন্যে তাঁহার নিকটে মোকদ্দমা প্রেরণ না করিয়া, আপনি সেই অনুসন্ধানের কার্য্য সমাপ্ত করিতে পারিবেন, ও সেশন আদালতের সম্মুখে বিচার হইবার নিমিত্তে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিতে কিম্বা তাহার স্থানে দর্শনপ্রতিভূ লইতে পারিবেন ইতি।

[তদ্রূপ স্থলে দেওয়ানী আদালতের কর্ত্তব্যের কথা।]

১৬৬ ধারা। উক্ত প্রকারে যখন দেওয়ানী আদালতের আজ্ঞাক্রমে অপরাধিকে সমর্পণ করা যায়, তখন ঐ আদালত পশ্চাৎ লিখিত বিধানমতে অভিযোগপত্র লিখিয়া, সমর্পণ করিবার আজ্ঞার ও মোকদ্দমার কাগজপত্রের সহিত সেই অভিযোগপত্র জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে, কিম্বা মাজিষ্ট্রেটের কোন ক্ষমতাক্রমে কর্ম্মকারি অন্য কার্য্যকারকের নিকটে পাঠাইবেন। সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক ঐ মোকদ্দমা ও বাদির ও প্রতিবাদির পক্ষীয় সাক্ষিদিগকে সেশন আদালতের সম্মুখে উপস্থিত করাইবেন ইতি।

[কোন ব্যক্তিদিগকে সাক্ষ্য দিবার প্রতিজ্ঞাতে বদ্ধ করিতে মাজিষ্ট্রেটের যে ক্ষমতা আদালতের সেই ক্ষমতার কথা।]

১৬৭ ধারা। যখন কোন আদালত ১৬৪, ১৬৫, ১৬৬ ধারানুসারে কোন ব্যক্তিকে বিচারার্থে সমর্পণ করেন, কি তাহার দর্শনপ্রতিভূ লন, তখন সেই আদালত কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার প্রতিজ্ঞাপত্রেও বদ্ধ করিতে পারিবেন, ও তজ্জন্যে মাজিষ্ট্রেট সাহেবের সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[কেবল সেশন আদালতের বিচার্য্য অপরাধ ঐ আদালতের প্রতি সমর্পণ করিবার অক্ষম কোন মাজিষ্ট্রেটের সম্মুখে করা গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৬৮ ধারা। সেশন আদালতের সম্মুখে কোন মোকদ্দমার বিচারার্থে যে মাজিষ্ট্রেট সাহেবের সমর্পণ করিবার ক্ষমতা নাই, তাঁহার সাক্ষাতে যদি কেবল সেশন আদালতের বিচার্য্য কোন অপরাধ করা যায়, তবে তিনি তদ্রূপ সমর্পণ করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ মোকদ্দমা প্রেরণ করিবেন। তিনি সেই মোকদ্দমায় যেরূপ আজ্ঞা করা উপযুক্ত বোধ করেন করিবেন ইতি।

[Prosecution for adultery.]

169. A charge of an offence under section 497 of the Indian Penal Code shall not be instituted except by the husband of the woman.

[Prosecution for enticing away a married woman.]

170. A charge of an offence under section 497 of the Indian Penal Code shall not be instituted except by the husband of the woman or by the person having care of such woman on behalf of her husband.

[To be continued.]

CIRCULAR ORDER BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(CIVIL SIDE.)

No. 1.

From C. D. FIELD, ESQ., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Civil Authorities in the Lower Provinces,—(dated Calcutta, the 12th May 1868.)

THE Government of Bengal* having been pleased to exempt Rajah Gopaul Sing, Bahadoor, of Pergunnah Sooltanabad, in the Sonthal Pergunnahs, from personal attendance in the Civil Courts, the High Court direct that his name be included in the list prepared under the provisions of Section 22, Act VIII. of 1859.

By Order of the High Court,

(Sd.) C. D. FIELD,
Registrar.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2200.

APPOINTMENTS.

The 19*th May* 1868.

Dr. R. F. Hutchinson, Civil Surgeon of Patna, to have Medical charge of the Meetapore and Deegah Jails, during the absence, on leave, of Dr. N. Jackson, or until further orders.

Mr. C. F. Worsley, Officiating Joint-Magistrate and Deputy Collector of Patna, to have

[পরস্ত্রী গমনাপরাধের অভিযোগের কথা ।]

১৬৯ ধারা । ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৯৭ ধারামতে যে অপরাধ করা যায়, কেবল স্ত্রীর স্বামিভিন্ন অন্য কেহ তদ্বিষয়ের অভিযোগ উপস্থিত করিতে পারিবে না ইতি ।

[স্ত্রীর ভ্রান্তি জন্মাইয়া তাহাকে হরণ করিবার অভিযোগের কথা ।]

১৭০ ধারা । ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৯৮ ধারামতে যে অপরাধ করা যায় স্ত্রীর স্বামী কিম্বা ঐ স্বামির পক্ষীয় রক্ষকভিন্ন অন্য কেহ তদ্বিষয়ের অভিযোগ উপস্থিত করিতে পারিবে না ইতি ।

[ক্রমশঃ প্রকাশ্য ।]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর ।

দেওয়ানী পক্ষ ।

১ নম্বর ।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী কর্তৃপক্ষের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত সি, ডি, ফিল্‌ড সাহেবের পত্র । কলিকাতা ১৮৬৮ সাল ১২ মে ।

বঙ্গদেশের গবর্ণমেন্ট* সাঁওতাল পরগনার অন্তর্গত সুল্‌তানাবাদ পরগনার শ্রীযুত রাজা গোপাল সিংহ বাহাদুরকে স্বয়ং দেওয়ানী আদালতে প্রবেশন হইতে মুক্ত করাতে হাই কোর্ট আজ্ঞা করিতেছেন যে ১৮৫৯ সালের ৮ আইনের ২২ ধারার বিধানমতে দেওয়ানী আদালতে প্রবেশনহইতে মুক্ত ব্যক্তিদের নামের নির্ঘন্টে তাঁহার নাম লেখা যায় ।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

সি, ডি, ফিল্‌ড,
রেজিষ্ট্রার ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা ।

২২০০ নম্বর ।

নিয়োগ ।

১৮৬৮ সাল ১৯ মে ।

ডাক্তর শ্রীযুত এন জাকুসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পাটনার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর এফ হচিন্সন সাহেব মিতাপুর ও দীঘার জেলের চিকিৎসা কর্ম্মের ভার পাইবেন ।

ডাক্তর শ্রীযুত এন জাকুসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত

---

*Vide Government Letter No. 2208, dated 16th April 1868.

* ১৮৬৮ সালের আপ্রিল মাসের ১৬ তারিখের ২২০৮ নম্বরের গবর্ণমেন্টের পত্র দেখ ।

executive charge of the Meetapore and Deegah Jails, during the absence, on leave, of Dr. N. Jackson, or until further orders.

The 20th May 1868.

Moulavy Abdool Ghuffoor, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Bowsee, and to exercise the powers of a Magistrate in the District of Bhaugulpore. This cancels the appointment of Moulavy Mahomed Ishaq to the temporary charge of the Sub-Division of Bowsee, notified in the *Calcutta Gazette* of the 20th instant.

The 21st May 1868.

Baboo Dwarkanath Mookerjee, Third Grade Sub-Assistant Surgeon, is appointed to the charge of the Charitable Dispensary at Doolye in the District of Pubna.

The 22nd May 1868.

Mr. A. Blair to officiate as District Superintendent of Police of Singhbhoom, during the absence, on leave, of Mr. R. S. O'Connor, or until further orders.

Mr. W. H. Ryland, Officiating Collector of Calcutta, is vested with the power of a Collector under Act IX. of 1868 in Calcutta, 24-Pergunnahs and Hooghly.

Baboo Peary Mohun Banerjee, to be an Assessor under Act IX. of 1868, and to exercise the powers of a Collector under that Act in Calcutta, 24-Pergunnahs and Hooghly.

Baboo Prankristo Dey, to be an Assessor under Act IX. of 1868, and to exercise the powers of a Collector under that Act in Calcutta.

Baboo Kristohurry Bose, to be an Assessor under Act IX. of 1868, and to exercise the powers of a Collector under that Act in Calcutta.

The Deputy Collector of Howrah is vested, under Section 31, Act IX. of 1868, with the powers of a Commissioner of Revenue for the purposes of that Act.

The Assistant Commissioner of Rajmehal will be in charge of Pakour, in addition to his own duties, during the absence, on leave, of Moulavy Hossein Ali, or until further orders.

The 23rd May 1868.

Mr. C. M. Jordon to officiate as Sub-Deputy Opium Agent of Gya, during the absence, on leave, of Mr. W. Masters, or until further orders.

The 26th May 1868.

The following gentlemen are authorized, to solemnize marriages, under Clause 4, Section 6, Part I., Act V. of 1865, *viz.* :—

Revd. E. B. C. Hallam, Balasore.
,, Albert Williams, Calcutta.

[*Government Gazette*, 2nd *June* 1868.]

পাটনার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি এফ ওর্সলী সাহেব মিতাপুর ও দীঘার জেলের কার্য্যের কর্তৃত্ব কর্ম্মের ভার পাইবেন।

১৮৬৮ সাল ২০ মে।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল গফুর বৌশী শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ভাগলপুরে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ ইসহাকের কিয়ৎকালের নিমিত্তে বৌশী শাখাখণ্ডে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ২৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

১৮৬৮ সাল ২১ মে।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু দ্বারকানাথ মুখোপাধ্যায় পাবনা জিলার অন্তর্গত দলুইয়ের দাতব্য ঔষধালয়ের কার্য্যে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৮ সাল ২২ মে।

শ্রীযুত আর এস ওকনর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ ব্লের সাহেব সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

কলিকাতার একটিং কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ রাইলাণ্ড সাহেব কলিকাতায়, ও ২৪ পরগনায় ও হুগলীতে ১৮৬৮ সালের ৯ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু প্যারীমোহন বন্দ্যোপাধ্যায় ১৮৬৮ সালের ৯ আইনমতে আসেসর হইবেন, এবং কলিতায়, ও ২৪-পরগনায় ও হুগলীতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ দে ১৮৬৮ সালের ৯ আইন মতে আসেসর হইবেন, এবং আইনমতে কলিকাতার উক্ত কালেক্টরের ক্ষকতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কৃষ্ণহরি বসু ১৮৬৮ সালের ৯ আইনমতে আসেসর হইবেন, এবং উক্ত আইনমতে কলিকাতায় কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

হাবড়ার ডেপুটী কালেক্টর ১৮৬৮ সালের ৯ আইনের ৩১ ধারামতে উক্ত আইনের অভিপ্রায় সাধন করণার্থে রাজস্বের কমিসানরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত মৌলবী হুসেন আলীর ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রাজমহালের আসিষ্টান্ট কমিসানর আপন কর্ম্মাতিরিক্ত পাকৌড়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৬৮ সাল ২৩ মে।

শ্রীযুত ডবলিউ মাষ্টর্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত সি এম জের্ডন সাহেব গয়ার আফীনের সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২৬ মে।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৬৫ সালের ৫ আইনের প্রথমখণ্ডের ৬ ধারার ৪ প্রকরণমতে বিবাহ সাধন করিবার ক্ষমতা পাইয়াছেন।

বালেশ্বরের পাদরী শ্রীযুত ই বি সি হালম সাহেব
কলিকাতার পাদরী শ্রীযুত আলবর্ট উলিয়মস্ সাহেব।

Mr. W. F. McDonell, v. c., to be Civil and Sessions Judge of Nuddea.

LEAVE OF ABSENCE.

The 19th May 1868.

Dr. N. Jackson, Superintendent of the Meetapore and Deegah Jails, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865.

The 22nd May 1868.

Baboo Gobind Chunder Joardar, Deputy Magistrate and Deputy Collector of Dacca, for six weeks, on private affairs, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules, from the 18th March last, or any subsequent date on which he may have availed himself of the leave. Baboo Gobind Chunder Joardar is also allowed two months' leave of absence under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules in extension of the above leave.

Mr. H. Osborne, Assistant Sub-Deputy Opium Agent of the Bustee Division, Ghazeepore, for eighteen months, from the 1st proximo, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 23rd May 1868.

Mr. W. Masters, Sub-Deputy Opium Agent of Gya, for six months, on private affairs, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Punchanun Banerjee, Judge of the Small Cause Courts of Hooghly and Serampore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules. Baboo Punchanun Banerjee will make over charge of the current duties of his Office to his Head Clerk.

The 26th May 1868.

Major W. Reveley, Deputy Inspector-General of Police, 5th Circle, is allowed leave of absence, on Medical Certificate, under the Financial Resolution dated 22nd February 1856, from the date on which he may avail himself of it up to the 31st October 1868.

NOTIFICATION.

The 19th May 1868.

In continuation of the Notification dated the 9th April last, published in the *Calcutta Gazette* of the 29th idem, the following gentleman has been passed, as a Mooktear in the Mofussil Courts of the Lower Provinces, at the Examination which was held in February last:—

Baboo Issur Chunder Roy... Beerbhoom.

শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব বি সি নদীয়ার সিবিল ও সেশন জজ হইবেন।

ছুটী।

১৮৬৮ সাল ১৯ মে।

ভারতবর্ষের পক্ষমহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে মিতাপুর ও দীঘার জেলের সুপরিন্টেণ্ডেণ্ট ডাক্তর শ্রীযুত এন জাকুসন সাহেব তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২২ মে।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র জোয়ারদার গত মার্চ মাসের ১৮ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি নিজ প্রয়োজনোপলক্ষে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। আরও তিনি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে অতিরিক্ত দুই মাস ছুটীর অনুমতি পাইয়াছেন।

গাজীপুরের বস্তি খণ্ডের আফীনের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ অসবর্ণ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে আগামি মাসের ১ তারিখ অবধি আঠার মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৩ মে।

গয়ার আফীনের সবডেপুটী এজেণ্ট শ্রীযুত ডবলিউ মাষ্টর্স সাহেব নিজ প্রয়োজনের নিমিত্তে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

হুগলী ও শ্রীরামপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু পঞ্চানন বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কর্ম্ম কারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার প্রধান কেরাণীর প্রতি অর্পণ করিবেন।

১৮৬৮ সাল ২৬ মে।

পঞ্চমচক্রের পোলীসের ডেপুটী ইনিস্পেকটর জেনরল মেজর শ্রীযুত ডবলিউ রেবিলী সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের নির্দ্ধারণমতে ছুটী গ্রহণের তারিখ অবধি ১৮৬৮ সালের অক্টোবর মাসের ৩১ তারিখ পর্য্যন্ত ছুটীর অনুমতি পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১৯ মে।

গত আপ্রিল মাসের ৯ তারিখের যে বিজ্ঞাপন মে মাসের ৫ তারিখের বাঙ্গলাগেজেটে প্রকাশ হয় তদতিরিক্ত গত ফেব্রুআরি মাসের পরীক্ষাতে নিম্নলিখিত মহাশয় বঙ্গপ্রভৃতি দেশের মফঃসল আদালতের মোক্তারী পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

বীরভূমের শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র রায়।

ERRATA.

The 20th May 1868.

In the List of Mooktears, (in the District of Backergunge,) published in the *Calcutta Gazette* of the 29th ultimo:—

48. *For* Grijanun Doss, *read* Gujanun Doss.

52. *For* Khamt Chunder Doss, *read* Bharut Chunder Doss.

NOTIFICATION.

The 18th May 1868.

Under Section XVI. of Act II. (B. C.) of 1867, (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming houses) the Lieutenant-Governor is pleased to authorize the extension of the provisions of the Act from the 1st proximo to the Dinapore Nizamut Chowkeydari Union consisting of the villages and mohullahs named in the margin.

1. Secunderpore.
2. Chuck Attaoollah, otherwise called Khugree with Gujadhur Chuck.
3. Wulleepore Ragoorah, otherwise called Beebeegunge.
4. Sooltanpore with Panchootolah.
5. Shagosuah.
6. Mainpoorah.
7. Tara Chuck.
8. Mabaruckpore.
9. Shahpore Rajho.
10. Bishoonpore Gungah.
11. Bagh Azha.
12. Poorana Dinapore, otherwise called Dinapore Shuhzadpore Kohuch.
13. Lesliegunge.
14. Raghopore.

NOTIFICATION.

The 20th May 1868.

The portion of the Sonthal Pergunnahs now known as the District of Pakour is hereby declared to be a Sub-Division of the Rajmehal District, and subject to the jurisdiction of the Assistant Commissioner of Rajmehal from this date.

Mr. D. White to be Sub-Assistant Commissioner in charge of the Pakour Sub-Division, but to remain in charge of the Sub-Division of Nulla, in Deoghur, until further orders.

Moulvie Hossein Ali to officiate as Sub-Assistant Commissioner in charge of the Pakour Sub-Division during the absence of Mr. White.

H. L. DAMPIER,
Offg. Secretary to the Government of Bengal.

[*Government Gazette, 2nd June* 1868.]

অশুদ্ধ শোধন।

১৮৬৮ সাল ২০ মে।

বর্ত্তমান মে মাসের ৫ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত বাকরগঞ্জ জিলার মোক্তারদের নামের নির্ঘণ্টে।

৪৮ গিরিজানন দাসের পরিবর্ত্তে গজানন দাস,

৫২ ক্ষান্তচন্দ্র দাসের পরিবর্ত্তে ভারতচন্দ্র দাস পাঠ করিতে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১৮ মে।

১৮৬৭ সালের বঙ্গদেশীয় ২ আইনের (অর্থাৎ দ্যূতক্রীড়ার ও সামান্য দ্যূত গৃহ রাখিবার দণ্ড বিধায়ক আইনের) ১৬ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি দানাপুর নিজামৎ চৌকীদারী সমাহারের নিম্নলিখিত গ্রামে ও মহাল্লায় উক্ত আইনের বিধান প্রচলিত করিলেন, যথা—

১। সেকন্দরপুর।
২। চক আত্তাউল্লা নামান্তরে, গজাধর চকসহ খগ্রী।
৩। বলীপুর রাগুরা, নামান্তরে বিবিগঞ্জ।
৪। পাঁচুটোলা সহ সুলতানপুর।
৫। শাগোশোয়া।
৬। মৈনপুরা।
৭। তারা চক।
৮। মবারকপুর।
৯। শাহপুর রাজহো।
১০। বিষ্ণুপুর গঙ্গা।
১১। বাগ আঘা।
১২। পুরাণা দানাপুর নামান্তরে দানাপুর শাহাজাদপুর কূহক।
১৩। লেসলীগঞ্জ।
১৪। রঘুপুর।

বিজ্ঞাপন।

১৮৬৮ লাল ২০ মে।

সাঁওতাল পরগনার যে অংশ এইক্ষণে পাকুড় জিলা নামে খ্যাত তাহা রাজমহল জিলার শাখাখণ্ড করিয়া অদ্যাবধি রাজমহালের আসিষ্টান্ট কমিস্যনর সাহেবের বিচারাধিপত্যের অধীন করা গেল।

শ্রীযুত ডি ওয়াইট সাহেব পাকুড় শাখাখণ্ডের সব-আসিষ্টান্ট কমিস্যনর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দেবগড়ের অন্তর্গত নালা শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত থাকিবেন।

শ্রীযুত ওয়াইট সাহেবের অনুপস্থান কালে শ্রীযুত মৌলবী হুসেন আলী পাকুড় শাখাখণ্ডের সব-আসিষ্টান্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSENCE.

The 27th May 1868.

Baboo Ram Lall Sein, Moonsiff of Aosgram, Zillah East Burdwan, for five days, from 16th to 20th instant, without pay, under Financial Notification, dated 4th June 1864.

The 29th May 1868.

Syud Moazzum Hossein, 1st grade Moonsiff of Beauleah, for 1½ month's leave in extension, from the 12th April last, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

C. D. Field,
Registrar.

High Court, &c.,
The 30th May 1868.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই-কোর্টের আজ্ঞা।

ছুটী।

১৮৬৮ সাল ২৭ মে।

পূর্ব্ব বর্দ্ধমান জিলার আউসগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু রামলাল সেন ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে এই মাসের ১৬ অবধি ২০ তারিখ পর্য্যন্ত বিনা বেতনে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৯ মে।

বোয়ালিয়ার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত সৈয়দ মোয়াজ্জম হুসেন গত আপ্রিল মাসের ১২ তারিখ-অবধি যে ছুটী পান, তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দেড় মাসের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট
১৮৬৮ সাল ৩০ মে।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নং ২০৪০C।

আফিমের ইস্তাহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে আগামী সন ১৮৬৮ সাল তারিখ ১০ই জুন বুধবার পূর্ব্বাহ্ণ দিবা ১১ ঘণ্টার সময় মোং কলিকাতায় এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৬। ৬৭ সালের উৎপন্ন আফিমের ষষ্ঠ নীলাম হইবেক, এবং ঐ নীলামে ৪০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক, তাহার বিশেষ এই।

বেহার এজেন্সীর উৎপন্ন আফিম	২৩০০
বানারস এজেন্সীর উৎপন্ন আফিম	১৭০০
জুমলা সিন্দুক	৪০০০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইস্তাহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৭ সালের ১লা অক্টোবর তারিখের লিখিত ইস্তাহার দৃষ্টিগোচর অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৮ সালের ১৫ই এবং ২৫শে জুন এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল, অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমস্সুক লিখিয়া দিয়া থাকেন, তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ, কিম্বা অন্য কোন রকম সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৮ সালের ১৫ই জুন সোমবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পর আর লওয়া যাইবেক না, এবং ঐ লাট খালাসী সববে কিস্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৬৮ সালের ২৫শে জুন বৃহস্পতিবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইস্তাহারের লিখিত পরিমাণ আফিমভিন্ন বর্ত্তমান বর্ষের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক, আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৮ সাল	তারিখ	৯ই জুলাই বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	১০ই আগস্ট সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	২রা সেপ্টেম্বর বুধবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৭ই অক্টোবর বুধবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই নবেম্বর সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৭ই ডিসেম্বর সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
				একুন	১৩,৮০০	১০,২০০	২৪,০০০

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম সন ১৮৬৮ সাল তারিখ ৫ই মে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২ জুন।]

বিক্রী নেমকের মাস্কাবারি হিসাব সন ১৮৬৮ তারিখ ৩০ আপ্রিল।

১ ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর কি ১০০ মোন	
হিজলী	মোন	মোন	টাকা	
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর ...	৩,৮৬৩/	০	৩৮৫৲	
ঐ ঐ কৃষ্ণনগর ...	৭০,০৬৭/	০		
ঐ ঐ রামনগর ...	১,১৪,৮৪৫/	০		
ঐ ঐ কালীনগর ...	৯,১৯১/	০		
ঐ ঐ পুরীঘাট্টা ...	১৪,১৭৪/	০		
একুন।	২,১২,১৪০/	০		
শালিখা।				
করকচ নেমক সিন্ধু ...	০	* ৫০৭৪/	৩৭১৲	বিক্রীর যোগ্য নহে গোলা শুক্তির হিসাবে রাখা হইয়াছে।
একুন।	০	৫,০৭৪/		
পুরী।				
পাঙ্গা নেমক ...	১,৩৮,৮৫২/	০	৩৮৫৲	
করকচ ঐ ...	০	৩,৬১,৪৪৭/	৩৪০৲	
একুন।	১,৩৮,৮৫২/	৩,৬১,৪৪৭/		
মোট একুন ...	৩,৫০,৯৯২/	৩,৬৬,৫২১/		

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৪ ঘরের লিখিত ১ ডিসেম্বর তারিখের ইস্তেহার দেওয়া কম নিরিখ দরে ১ ঘরের লিখিত সরকারী গোলা হইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার ঊর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬৮ সাল ২৩ মে।

[*Government Gazette, 2nd June* 1868.]

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার ।

জেলা পাবনা ।

এস্তাহারনামা কাছারি কালেকটরি জেলা পাবনা ।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমত এই জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল বাকি রাজস্ব আদায় নিমিত্ত বোর্ডের নির্দ্ধারিত (১৮৬৮ সালের ২৮ জুন রবিবার জন্য) ২৯ জুন মোং ১২৭৫ সালের ১৭ আষাঢ় সোমবার টাকা দাখিলের শেষ দিবস অবধার্য্যে লাটবন্দী করা গেল এবং ঐ দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে বাকির টাকা দাখিল না হইলে কথিত মহাল, তৎপর দিবস অর্থাৎ ১৮৬৮ সালের ৩০ জুন মোং ১২৭৫ সালের ১৮ আষাঢ় মঙ্গলবার অত্রকালেকটরি কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬৮ সাং তাং ২ আপ্রিল ।

তৌজীর নম্বর ।	মহালের নাম ।	মালিকের নাম ।	সদর জমা	মন্তব্য ।
৮৫৩	পং কুড়রিয়া	খরিদাসূত্রে ফখরুদ্দীনমহম্মদ আহছান চৌধুরী ।	৬১৪৬।/১	মালিক অন্য মহালের দরুন বাকি আদায় না করা হেতু এই মহাল নীলামে ধরা যাইবেক ।

W. V. G. TAYLER,
Collector.

জিলা পাবনা ।

এস্তাহারনামা কাছারি কালেকটরী জেলা পাবনা ।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমত এই জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল, ১৮৪৮ সালের ২০ আইনের মর্ম্মানুযায়ি গত ৮ মার্চ হইতে ২৭ মার্চ পর্য্যন্তকার দৈনিক দণ্ডের টাকা আদায় নিমিত্ত বোর্ডের নির্দ্ধারিত আগামী (১৮৬৮ । ২৮ জুন রবিবার জন্য) ২৯ জুন মোং ১২৭৫ সালের ১৭ আষাঢ় সোমবার টাকা দাখিলের শেষ দিবস অবধার্য্যে লাটবন্দি করা গেল এবং ঐ দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে ঐ দণ্ডের টাকা দাখিল না হইলে উক্ত মহাল, তৎপরদিবস অর্থাৎ ১৮৬৮ সালের ৩০ জুন মোং ১২৭৫ । ১৮ আষাঢ় মঙ্গলবার অত্র কালেকটরী কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬৮ সাল তারিখ ৩১শে মার্চ ।

তৌজির নম্বর ।	মহালের নাম ।	মালিকের নাম ।	সদর জমা ।	মন্তব্য ।
১০৫	পং বিরাহিমপুর	শারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায় ও নীলকমল মুখোপাধ্যায় প্রভৃতি	১৬৭৩০।৭	মালিক মধ্যে দেবেন্দ্রনাথ ঠাকুর ও নীলকমল মুখোপাধ্যায় ট্রষ্টির নিকট প্রাপ্য দণ্ডের টাকার নিমিত্ত এই মহাল লাটবন্দী করা গেল।

W. V. G. TAYLER,
Collector.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

হাই কোর্টের নজীর ।

১৮৬৭ সালের জানুআরি মাসের সমুদায় অংশ ও কামাল এজলাসের নজীরের বিধি সংগ্রহ মার ফিরিস্তি মূল্য ১০ মাত্র বটতলায় বাবু মধুসূদন শীলের ২৪৫ নং দোকানে প্রেরণ করিলে পাইবেন। এবং জুলাই-হইতে মূল নজীর মূল্য বার্ষিক অগ্রিম ন্যায় ডাক মাসুল ১০।।০ টাকা।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ২ জুন ।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডওয়ার্ড জোসেফ ডিন
সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল ।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 9, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ৯ জুন।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

No. 13 OF 1868.

A Bill for regulating the Procedure of the Courts of Criminal Judicature not established by Royal Charter.

[Continued from page 646.]

CHAPTER XII.

OF PRELIMINARY ENQUIRY BY THE MAGISTRATE IN CASES TRIABLE BY THE COURT OF SESSION.

[Magistrate may issue warrant to arrest.]

171. When a complaint is made before the Magistrate of the District or any other officer exercising the powers of a Magistrate, or before any subordinate Magistrate empowered under section 26 to commit persons for trial before the Court of Session or invested with that power by any law for the time being in force, that any person has committed, or is suspected to have committed, any offence triable exclusively by the Court of Session, or which in the opinion of such Magistrate ought to be tried by the Court of Session, such Magistrate may issue his warrant to arrest such person.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

১৮৬৮ সালের ১৩ নম্বর।

ফৌজদারী যে সকল আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই সকল আদালতে মোকদ্দমার কার্য্যের বিধান করণের আইনের পাণ্ডুলিপি।

[৬৪৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

দ্বাদশ অধ্যায়।

সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা প্রথম স্থলের অনুসন্ধান হইবার বিধি।

[মাজিষ্ট্রেট সাহেবের ধৃত করিবার পরওয়ানা দিবার ক্ষমতার কথা।]

১৭১ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্মকারি অন্য কর্ত্তৃপক্ষের নিকট, কিম্বা ২৬ ধারাক্রমে অথবা যে সময়ে যে আইন প্রবল থাকে এমত কোন আইনক্রমে নিম্ন শ্রেণীর যে মাজিষ্ট্রেট সেশন আদালতের সম্মুখে বিচার হইবার জন্যে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে ক্ষমতাপন্ন হন তাঁহার নিকট কেবল সেশন আদালতের বিচার্য্য কোন অপরাধ কিম্বা যে অপরাধ উক্ত মাজিষ্ট্রেটের বিবেচনায় সেশন আদালতের বিচার করা উচিত কোন ব্যক্তির নামে এমত অপরাধ করণের কিম্বা তদ্বিষয়ে সন্দেহ থাকার অভিযোগ হইলে ঐ মাজিষ্ট্রেট সেই ব্যক্তিকে ধরিবার পরওয়ানা দিতে পারিবেন।

[Issue of summons instead of warrant.]

Provided that, in any such case, the Magistrate to whom such complaint is made may, if he thinks fit, instead of issuing in the first instance his warrant to arrest the accused person, issue his summons requiring him to appear to answer to such complaint.

[Postponement of issue of process.]

172. If the Magistrate sees cause to distrust the truth of the complaint, he may postpone the issuing of process for causing the attendance of the accused person, and direct a previous enquiry to be made into the truth of the complaint, either by means of any officer subordinate to such Magistrate, or of a local Police officer, or in such other mode as he thinks fit, for the purpose of ascertaining the truth or falsehood of the complaint.

If such enquiry is made by means of some person other than an officer exercising any of the powers of a Magistrate or a Police officer, such person shall exercise all the powers vested by this Act in an officer in charge of a Police station, except that he shall have no power to make an arrest.

[Dismissal of complaint.]

Nothing contained in this section shall prevent the Magistrate from at once dismissing the complaint, if in his judgment there be no sufficient ground for proceeding with it.

[Magistrate may direct bail to be taken.]

173. It shall be in the discretion of the Magistrate, in issuing his warrant for the arrest of any person against whom a complaint has been made, to direct by endorsement on the warrant that, if he be willing and ready to give bail in a sum to be fixed by the Magistrate, for his appearance before the Magistrate to be named in the warrant on a specified day to answer the complaint, the officer to whom the warrant is directed shall accept such bail, and shall release the accused person from custody.

[Bail-bond to be forwarded.]

In the event of bail being given, the officer shall forward the bail-bond to the Magistrate.

[Magistrate may dispense with personal attendance of accused.]

174. The Magistrate may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the accused person, and permit him to appear by an agent duly authorized to act in his behalf.

[ধৃতির পরওয়ানা না দিয়া আহ্বানপত্র দিবার ক্ষমতার কথা।]

কিন্তু তদ্রূপ কোন স্থলে যে মাজিষ্ট্রেটের নিকটে নালিশ হয় তিনি উপযুক্ত বোধ করিলে প্রথমে ঐ অভিযুক্ত ব্যক্তির ধরিবার পরওয়ানা না দিয়া, সেই অভিযোগের উত্তর দিবার জন্যে তাহার উপস্থিত হইবার আজ্ঞাসূচক আহ্বানপত্র দিতে পারিবেন ইতি।

[পরওয়ানা দিবার বিলম্ব করণের কথা।]

১৭২ ধারা। মাজিষ্ট্রেট সাহেব যদি ঐ অভিযোগ সত্য বোধ না করিবার কারণ জানেন, তবে ঐ অভিযুক্ত ব্যক্তিকে উপস্থিত করাইবার পরওয়ানা দেওনে বিলম্ব করিয়া, প্রথমে আপনার অধীন কোন কর্ম্মকারকের কিম্বা স্থানীয় পোলীসের কোন কর্ম্মকারকের দ্বারা, কিম্বা ঐ অভিযোগের সত্যাসত্যতা নিশ্চয়রূপে জানিবার জন্য যে প্রথা অত্যুপযুক্ত বোধ করেন তদনুসারে ঐ অভিযোগের সত্যতার অনুসন্ধান করিবার আদেশ করিতে পারিবেন।

যদি ঐ অনুসন্ধান মাজিষ্ট্রেটের কোন ক্ষমতাক্রমে কর্ম্মকারি কোন কার্য্যকারক কিম্বা পোলীসের কর্ম্মকারকভিন্ন অন্য ব্যক্তির দ্বারা করা যায়, তবে এই আইনেতে পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের প্রতি যে সকল ক্ষমতার্পিত হইয়াছে, ঐ ব্যক্তি সেই সকল ক্ষমতামতে কার্য্য করিবেন। কিন্তু তাঁহার প্রতি ধৃত করিবার ক্ষমতা থাকিবে না।

[নালিশ ডিসমিস করিতে পারিবার কথা।]

মাজিষ্ট্রেট সাহেব যদি বোধ করেন যে ঐ অভিযোগের বিচারকার্য্য চালাইবার কোন উপযুক্ত হেতু নাই, তবে এই ধারার কোন কথাতে তাঁহার সেই অভিযোগ ডিসমিস করিবার বাধা হইবে না ইতি।

[দর্শনপ্রতিভূ লইবার আজ্ঞা করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

১৭৩ ধারা। যাহার নামে অভিযোগ হয় তাহাকে ধরিবার পরওয়ানা দেওন সময়ে, মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বোধ করিলে ঐ পরওয়ানার পৃষ্ঠে এমত আজ্ঞা লিখিতে পারিবেন যে, ঐ ব্যক্তি যদি ঐ অভিযোগের উত্তর দিবার জন্যে ঐ পরওয়ানা লিখিত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে নিরূপিত দিনে উপস্থিত হইবার প্রতিজ্ঞায় মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্ট টাকার দর্শনপ্রতিভূ দিতে ইচ্ছুক ও প্রস্তুত হয়, তবে যে কর্ম্মকারককে পরওয়ানা দেওয়া যায় সেই কর্ম্মকারক ঐ প্রতিভূ গ্রহণ করিয়া ঐ ব্যক্তিকে আসেধহইতে মুক্ত করেন।

প্রতিভূপত্র প্রেরণের কথা।

যদি দর্শনপ্রতিভূ দেওয়া যায়, তবে ঐ কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ প্রতিভূপত্র পাঠাইবেন ইতি।

[অভিযুক্ত ব্যক্তির স্বয়ং অনুপস্থিত হওনবিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি দিবার কথা।]

১৭৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত কারণ জানিলে, অভিযুক্ত ব্যক্তির স্বয়ং অনুপস্থিত থাকিবার ও তাহার পক্ষে যে মোক্তার কর্ম্ম করণার্থে উপযুক্ত ক্ষমতা পান তাঁহার দ্বারা তাহার উপস্থিত হইবার অনুমতি দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৯ জুন।]

But it shall be in the discretion of the Magistrate, at any stage of the proceedings, to direct the personal attendance of the accused person.

[Proclamation for person absconding.]

175. If any person accused of an offence absconds or conceals himself, so that upon a warrant issued against him he cannot be found, the Magistrate shall, if satisfied that he absconds or conceals himself for the purpose of avoiding the service of the warrant, issue a written proclamation, requiring him to appear to answer the complaint within a fixed period not less than thirty days.

The proclamation shall be publicly read in some conspicuous place of the town or village in which the accused person usually resides, and shall be affixed on some conspicuous part of his ordinary place of abode, or on some conspicuous place in such town or village.

A copy of the proclamation shall also be affixed on some conspicuous part of the Magistrate's Court-house.

[Attachment of property of person absconding.]

176. The Magistrate may, at the same time, order the attachment of any moveable or immoveable property belonging to the person absconding or concealing himself.

Such order shall not authorize the attachment of any property out of the jurisdiction of the Magistrate by whom it is made, but it shall authorize the attachment of property in the jurisdiction of any Magistrate by whom the order is endorsed.

The attachment under this section shall, if the property ordered to be attached be land paying revenue to Government, be made through the Collector of the District in which the land is situate, and in all other cases by seizure under the order of the Magistrate, or by the appointment of a manager and receiver, or by an order prohibiting the payment of rent to the absent person, as the Magistrate shall deem proper.

If the absent person does not appear within the time specified in the proclamation, the property under attachment shall be declared to be at the disposal of Government, but shall not be sold until the expiration of six months, unless it is of a perishable nature, or the Magistrate considers that the sale would be for the benefit of the owner.

[Restoration of forfeited property.]

177. When any person whose property has been declared to be at the disposal of Government under section 176 appears or is found within two years after the attachment of the property, and

কিন্তু মোকদ্দমা চলিবার কোন সময়ে মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বোধ করিলে অভিযুক্ত ব্যক্তির স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[পলাতক ব্যক্তির বিষয়ে ঘোষণাপত্রের কথা।]

১৭৫ ধারা। অপরাধের অভিযুক্ত কোন ব্যক্তি যদি পলায়ন করে কি গোপনে থাকে, ও তৎপ্রযুক্ত তাহার নামে পরওয়ানা বাহির হইলে তাহার সন্ধান পাওয়া যায় না, তবে সেই ব্যক্তি ঐ পরওয়ানা পাইবার ভয়ে পলায়ন করিয়াছে কি গোপনে থাকে, মাজিষ্ট্রেট সাহেব হৃদ্বোধমতে এই কথা জ্ঞাত হইলে. সেই ব্যক্তি ত্রিশ দিনের অন্যূন নিরূপিত কালের মধ্যে অভিযোগের উত্তর দিবার জন্যে উপস্থিত হয় এই মর্ম্মের লিখিত ঘোষণাপত্র প্রচার করিবেন।

অভিযুক্ত ব্যক্তি যে নগরে কি গ্রামে নিয়ত বাস করে তাহার মধ্যে সকল লোকের গমনাগমনের কোন স্থানে ঐ ঘোষণাপত্র প্রকাশরূপে পাঠ করা যাইবে, ও সেই ব্যক্তির নিয়ত বাসস্থানের কিম্বা ঐ নগরের কি গ্রামের কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে।

আর সেই ঘোষণাপত্রের প্রতিলিপি মাজিষ্ট্রেট সাহেবের কাছারী ঘরের কোন প্রকাশ স্থানে লটকাইতে হইবে ইতি।

[পলাতক ব্যক্তির সম্পত্তি ক্রোক করিবার কথা।]

১৭৬ ধারা। যে ব্যক্তি পলায়ন করে কি গোপনে থাকে মাজিষ্ট্রেট সাহেব তৎকালে তাহার স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি ক্রোক করিতেও আজ্ঞা করিতে পারিবেন।

যে মাজিষ্ট্রেট সাহেব ঐ আজ্ঞা করেন তাঁহার এলাকার বহির্ভূত কোন সম্পত্তি ঐ আজ্ঞাক্রমে ক্রোক হইতে পারিবে না। কিন্তু অন্য মাজিষ্ট্রেট সাহেব ঐ আজ্ঞাপত্রের পৃষ্ঠে স্বাক্ষর করিলে তাঁহার ক্ষমতাধীন স্থানের মধ্যগত সম্পত্তি ক্রোক করা যাইতে পারিবে।

যদি সদর মালগুজারীর ভূমি ক্রোক করিবার আজ্ঞা হয়, তবে ঐ ভূমি যে জিলার মধ্যে থাকে, এই ধারামতে সেই জিলার কালেক্টর সাহেবের দ্বারা ক্রোক হইবে। অন্য সকল স্থলে, হয় মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে, না হয় সরবরাহকার ও গ্রাহক নিযুক্ত করণদ্বারা কিম্বা অনুপস্থিত ব্যক্তিকে খাজানা দিবার নিষেধ করণদ্বারা, ইহার মধ্যে মাজিষ্ট্রেট সাহেব যেমন উপযুক্ত বোধ করেন তেমনি ক্রোক হইবে।

সেই অনুপস্থিত ব্যক্তি যদি ঘোষণাপত্রের নিরূপিত সময়ের মধ্যে উপস্থিত না হয়, তবে ঐ ক্রোক করা সম্পত্তি গবর্ণমেণ্টের স্বেচ্ছাধীন প্রকাশ হইবে, কিন্তু ইংরাজী পঞ্জিকামত ছয় মাস গত না হইলে নীলাম হইবে না। পরন্তু ঐ দ্রব্য যদি আশুক্ষয়ণীয় হয় কিম্বা মাজিষ্ট্রেট সাহেব যদি বোধ করেন যে ঐ দ্রব্য বিক্রয় হইলে তৎস্বামির উপকার হইতে পারে, তবে ঐ ছয় মাস অতীত হইবার পূর্ব্বেও বিক্রয় হইতে পারিবে ইতি।

[রাজস্বত দ্রব্য ফিরিয়া দিবার কথা।]

১৭৭ ধারা। যাহার সম্পত্তি ১৭৬ ধারামতে গবর্ণমেণ্টের স্বেচ্ছাধীন প্রকাশ হইল, যদি সেই ব্যক্তি ঐ সম্পত্তি ক্রোক হইবার পর দুই বৎসরের মধ্যে উপস্থিত হয় কি তাহার সন্ধান পাওয়া যায় এবং যে অপ-

proves to the satisfaction of the Court trying him for the offence of which he was accused, or, if not tried or committed for trial for that offence, to the satisfaction of the Magistrate of the District, that he did not abscond or conceal himself for the purpose of evading justice, such property, or, if the same has been sold, the proceeds thereof, shall be restored to him.

[Summons to witness to appear and give evidence.]

178. The Magistrate shall ascertain from the complainant, or otherwise, the names of any persons who may be acquainted with the facts and circumstances of the case, and who are likely to give evidence for the prosecution, and shall issue his summons to such persons, requiring them to appear at a time and place mentioned in the summons before such Magistrate to testify what they know concerning the complaint made against the accused person.

[Service of summons.]

179. Every summons issued by a Magistrate under section 178 shall be served personally on the witness, or, if the witness be not found, may be left for him with some adult male member of his family residing with him.

[Issue of warrant of arrest in first instance.]

180. If the Magistrate see reason to believe that such witness will not attend to give evidence without being compelled to do so, he may, instead of issuing a summons, issue his warrant of arrest in the first instance.

[Procedure where warrant cannot be served.]

181. If the warrant cannot be served, and the Magistrate is satisfied that the witness absconds or conceals himself for the purpose of avoiding the service thereof, he may issue a proclamation, requiring the attendance of such witness to give evidence at a time and place to be named therein, to be affixed on some conspicuous part of his ordinary place of abode.

If the witness does not attend at the time and place named in such proclamation, the Magistrate may order the attachment of any moveable property belonging to such witness to such amount as he shall deem reasonable, not being in excess of the amount of costs of attachment and of any fine to which the witness may be liable under the provisions of the following section.

Such order shall not authorize the attachment of any property out of the jurisdiction of the Magistrate by whom it is made, but it shall

ধের অভিযোগ হইয়াছে, তদ্ধেতুক যে আদালত তাহার বিচার করেন, সেই ব্যক্তি বিচার হইবার ভয়ে পলায়ন করে নাই কি গোপনে থাকে নাই যদি সেই আদালতের হৃদ্বোধমতে, কিম্বা সেই অপরাধ হেতুক তাহার বিচার না হইলে কিম্বা বিচারার্থে তাহাকে সমর্পণ না করা গেলে যদি জিলার মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে এই বিষয়ের প্রমাণ করিতে পারে, তবে সেই সম্পত্তি তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে, কিম্বা যদি তাহা বিক্রয় হইয়া থাকে, তবে তদুৎপন্ন টাকা তাহাকে দেওয়া যাইবে ইতি।

[সাক্ষির উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার আহ্বানপত্রের কথা।]

১৭৮ ধারা। যাহারা মোকদ্দমার বৃত্তান্ত ও পুর্ব্বাপর ঘটনা জ্ঞাত থাকে ও অভিযোগের পোষকতায় সাক্ষ্য দিতে পারে, মাজিষ্ট্রেট সাহেব বাদির স্থানে কিম্বা প্রকারান্তরে এমত ব্যক্তিদের নাম অবগত হইয়া, তাহাদিগের নামে এই মর্ম্মের আহ্বানপত্র দিবেন যে, তাহারা ঐ পত্রের নিরূপিত সময়ে ও স্থানে ঐ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া, অভিযুক্ত ব্যক্তির নামে যে অভিযোগ হইয়াছে তদ্বিষয়ের যাহা জানে তাহার সাক্ষ্য দেয় ইতি।

[আহ্বানপত্র দিবার নিয়মের কথা।]

১৭৯ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ১৭৮ ধারামতে যে আহ্বানপত্র দেন, তাহা ঐ স্বাক্ষিকেই দিতে হইবে। যদি সাক্ষির সন্ধান না পাওয়া যায়, তবে তাহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত যে কোন পুরুষ তাহার সঙ্গে বাস করে ঐ সাক্ষিকে দিবার জন্যে তাহাকে দেওয়া যাইতে পারিবে ইতি।

[প্রথম স্থলে ধরিবার পরওয়ানা বাহির হইবার কথা।]

১৮০ ধারা। সাক্ষিকে বলপুর্ব্বক উপস্থিত না করা গেলে সে সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইবে না, যদি মাজিষ্ট্রেট সাহেব ইহা বিশ্বাস করিবার কারণ পান, তবে আহ্বানপত্র না দিয়া প্রথমেই ধরিবার পরওয়ানা দিবেন ইতি।

[পরওয়ানা জারী হইতে না পারিলে তাহার কথা।]

১৮১ ধারা। যদি পরওয়ানা সাক্ষিকে দেওয়া যাইতে না পারে, ও ঐ সাক্ষী তাহা পাইবার ভয়ে পলায়ন করিয়াছে কি গোপনে থাকে যদি মাজিষ্ট্রেট সাহেব ইহা হৃদ্বোধমতে জানেন, তবে ঐ সাক্ষী সাক্ষ্য দিবার জন্যে ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হয়, এই মর্ম্মের ঘোষণাপত্র প্রকাশ করিয়া ঐ ব্যক্তির নিয়ত বাসস্থানের কোন প্রকাশ স্থানে তাহা লাগাইয়া দেওয়াইবেন।

যদি সেই সাক্ষী ঐ ঘোষণাপত্রের নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত না হয়, তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব যত টাকা উপযুক্ত বোধ করেন ঐ সাক্ষির তত টাকার অস্থাবর কোন সম্পত্তি ক্রোক হইবার আজ্ঞা করিবেন। কিন্তু ক্রোক করিতে যত খরচ লাগে, ও পশ্চাৎ লিখিত ধারার বিধানমতে ঐ সাক্ষী যত অর্থদণ্ডের যোগ্য হইতে পারে, তাহার অধিক টাকার সম্পত্তি ক্রোক করাইবেন না।

যে মাজিষ্ট্রেট সাহেব ঐ আজ্ঞা করেন ঐ আজ্ঞামতে তাঁহার এলাকার বহির্ভূত সম্পত্তি ক্রোক করিবার ক্ষমতা হইবে না। কিন্তু ঐ পরওয়ানার পৃষ্ঠে অন্য

authorize the attachment of property in the jurisdiction of any Magistrate by whom the order is endorsed.

[Release of attached property of witness appearing and satisfying Magistrate.]

182. If the witness appear and satisfy the Magistrate that he did not abscond or conceal himself for the purpose of avoiding the service of the warrant, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Magistrate shall direct that the property be released from attachment, and shall make such order in regard to the costs of the attachment as he thinks fit.

[Sale of property of witness not appearing or satisfying Magistrate.]

If such witness does not appear, or appearing fails to satisfy the Magistrate that he did not abscond or conceal himself for the purpose of avoiding the service of the warrant, and that he had not such notice of the proclamatiom as aforesaid, the Magistrate may order the property attached, or any part thereof, to be sold for the purpose of satisfying all costs incurred in consequence of such attachment, together with the amount of any fine which he may impose upon such witness under the provisions of section 172, of the Indian Penal Code.

If the witness pays to the Magistrate the costs and fine as aforesaid, the Magistrate shall order the property to be released from attachment.

[Arrest of person disobeying summons.]

183. If any person summoned to give evidence neglects or refuses to appear at the time and place appointed by the summons, and no valid excuse is offered for such neglect or refusal, the Magistrate, upon proof of the summons having been duly served, may issue a warrant of arrest to bring such person before him to testify as aforesaid.

[Committal of person refusing to answer.]

184. If any person summoned or brought before a Magistrate refuses to answer such questions as are put to him, without offering any valid excuse for such refusal, the Magistrate may, by warrant of commitment under his hand and seal, commit him to custody for any term not exceeding seven days, unless he shall, in the meantime, consent to be examined and to answer, after which in the event of his persisting in his refusal, he may be dealt with according to the provisions of section 155.

মাজিষ্ট্রেট সাহেব স্বাক্ষর করিলে ঐ আজ্ঞামতে তাঁহার এলাকার মধ্যগত সম্পত্তি ক্রোক হইতে পারিবে ইতি।

[সাক্ষী উপস্থিত হইয়া মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইলে ঐ সম্পত্তির ক্রোক উঠাইয়া দিবার কথা।]

১৮২ ধারা। সাক্ষী যদি উপস্থিত হয়, ও পরওয়ানা পাইবার ভয়ে পলায়ন করে নাই কি গোপনে থাকে নাই, এবং ঘোষণাপত্র হইবার সম্বাদ বিলম্বে পাওয়াতে ঐ পত্র লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইবার অবকাশ পায় নাই, এই সকল বিষয়ে যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারে, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ সম্পত্তি ক্রোকহইতে মুক্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন, ও ক্রোক করিবার খরচ বিষয়ে যে আজ্ঞা উপযুক্ত বোধ করেন করিবেন।

[সাক্ষী উপস্থিত না হইলে ও মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ না জন্মাইলে সম্পত্তি বিক্রয় করিবার কথা।]

যদি সেই সাক্ষী উপস্থিত না হয়, কিম্বা উপস্থিত হইয়াও, পরওয়ানা পাইবার ভয়ে পলায়ন করে নাই কি গোপনে থাকে নাই ও পূর্ব্বোক্তমতে ঘোষণাপত্রের সম্বাদ পায় নাই ইহা যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে জানাইতে না পারে, তবে ক্রোক করাপ্রযুক্ত যত খরচ হইয়াছে তাহা, ও মাজিষ্ট্রেট সাহেব ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭২ ধারার বিধানমতে ঐ সাক্ষির যত অর্থদণ্ডের আজ্ঞা করেন তাহাও পরিশোধ করিবার জন্যে, মাজিষ্ট্রেট সাহেব ঐ ক্রোক করা সম্পত্তি কি তাহার কোন অংশ নীলাম হইবার আজ্ঞা করিতে পারিবেন।

সাক্ষী যদি মাজিষ্ট্রেট সাহেবকে ঐ খরচের ও অর্থদণ্ডের টাকা দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ সম্পত্তি ক্রোক হইতে মুক্ত হইবার আজ্ঞা করিবেন ইতি।

[আহ্বানপত্র অমান্যকারি ব্যক্তিকে ধরিবার কথা।]

১৮৩ ধারা। কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার জন্যে আহ্বান করা গেলে, যদি সে আহ্বানপত্রের নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে শৈথিল্য করে কি স্বীকার না করে, ও যদি সেই শৈথিল্যের কি অস্বীকার করার বিশিষ্ট কারণ প্রকাশ না করে, তবে সেই আহ্বানপত্র তাহাকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে ইহার প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব ঐ ব্যক্তির পূর্ব্বোক্তমতে সাক্ষ্য দিবার জন্যে আপনার সম্মুখে উপস্থিত করণার্থে ধৃত করিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

[উত্তর দিতে স্বীকার না করিলে সমর্পণ করিবার কথা।]

১৮৪ ধারা। কোন ব্যক্তিকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আহ্বান কি উপস্থিত করা গেলে পর, তাহাকে যে প্রশ্ন করা যায় যদি তাহার উত্তর দিতে স্বীকার না করে, ও স্বীকার না করিবার কোন বিশিষ্ট কারণ প্রকাশ না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত পরওয়ানাক্রমে ঐ ব্যক্তিকে সাত দিনের অনধিক কোন কালপর্য্যন্ত অবরুদ্ধ হইবার জন্যে সমর্পণ করিবেন। ইহার মধ্যে যদি সাক্ষ্য ও উত্তর দিতে স্বীকার করে, তবে তাহাকে মুক্ত করা যাইবে। কিন্তু সেই সাত দিনের পরেও যদি অস্বীকার করিতে থাকে, তবে তাহার প্রতি এই আইনের ১৫৫ ধারার বিধানমতে কার্য্য হইতে পারিবে ইতি।

[Examination of complainant and witnesses for prosecution.]

185. The Magistrate shall take the evidence of the complainant, and of such persons as are stated to have any knowledge of the facts which form the subject-matter of the accusation and the attendant circumstances.

[Examination to be in presence of accused.]

186. The complainant and the witnesses for the prosecution shall be examined in the presence of the accused person, or of his agent when his personal attendance is dispensed with and appears by agent.

[Accused may cross-examine.]

The accused person or his agent shall be permitted to cross-examine the complainant and his witnesses.

[Mode and language in which evidence is to be recorded.]

187. The evidence of each witness shall be taken down in writing in the language in ordinary use in the District in which the Court is held, by or in the presence and hearing and under the personal direction and superintendence of the Magistrate, and shall be signed by him.

[Evidence in English.]

When the evidence of a witness is given in English, the Magistrate may take it down in that language with his own hand, and an authenticated translation of the same, in the language in ordinary use in the District in which the Court is held, shall form part of the record.

[Memorandum where evidence not taken down in writing.]

In cases in which the evidence is not taken down in writing by the Magistrate, he shall be bound, as the examination of each witness proceeds, to make a memorandum of the substance of what witness deposes, and such memorandum shall be written and signed by the Magistrate with his own hand, and shall be annexed to the record.

If the Magistrate is prevented from making a memorandum as above required, he shall record the reason of his inability to do so.

[Local Government may direct evidence to be recorded in vernacular language of Magistrate.]

188. The Local Government may direct that, in any District or part of a District to which this Act extends, the evidence of witnesses shall be taken down by the Magistrate with his own hand in the vernacular language of the Magistrate, unless the Magistrate be prevented by any sufficient reason from taking down the evidence of any witness, in which case he shall record the reason of his inability to do so, and shall cause the evidence to be taken down in writing from his dictation in open Court.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৮ । ৯ জুন ।]

[বাদির ও তাহার সপক্ষীয় সাক্ষিদের পরীক্ষার কথা ।]

১৮৫ ধারা । মাজিষ্ট্রেট সাহেব বাদির সাক্ষ্য এবং যে বিষয়ের অভিযোগ হয় তাহার কোন কথা ও পূর্ব্বাপর ঘটনার বৃত্তান্ত জ্ঞাত আছে বলিয়া যাহাদের নাম দেওয়া যায়, তাহাদেরও সাক্ষ্য গ্রহণ করিবেন ইতি ।

[অভিযুক্ত ব্যক্তির সাক্ষাতে সাক্ষ্য লইবার কথা ।]

১৮৬ ধারা । যাহারা বাদী ও অভিযোগের পক্ষীয় সাক্ষী হয় অভিযুক্ত ব্যক্তির সাক্ষাতে তাহাদের সাক্ষ্য লওয়া যাইবে, যদি সে স্বয়ং অনুপস্থিত থাকিবার অনুমতি পাইয়া মোক্তারের দ্বারা উপস্থিত হয়, তবে সেই মোক্তারের সাক্ষাতে লওয়া যাইবে ।

[অভিযুক্ত ব্যক্তির কূট প্রশ্ন করিবার কথা ।]

অভিযুক্ত ব্যক্তি কি তাহার মোক্তার ঐ বাদিকে ও তাহার সাক্ষিদিগকে কূট প্রশ্ন করিতে পারিবে ইতি ।

[সাক্ষ্য যেরূপে ও যে ভাষাতে লিখিতে হইবে তাহার কথা ।]

১৮৭ ধারা । আদালত যে জিলাতে আছে সেই জিলার চলিত ভাষাতে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কি তাঁহার দৃষ্টি ও শ্রুতি গোচরে ও তাঁহার কথনক্রমে ও তত্ত্বাধীনে প্রত্যেক জন সাক্ষির সাক্ষ্য লিখিয়া লওয়া যাইবে, ও মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর করিবেন ।

[ইঙ্গলণ্ডীয় ভাষার সাক্ষ্যের কথা ।]

সাক্ষী যদি ইংরাজী ভাষাতে সাক্ষ্য দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ ভাষায় স্বহস্তে সেই সাক্ষ্য লিখিতে পারিবেন । ও আদালত যে জিলাতে থাকে সেই জিলার চলিত ভাষাতে ঐ সাক্ষ্য অনুবাদিত ও স্বাক্ষরিত হইয়া ঐ মোকদ্দমার কাগজপত্রের মধ্যে থাকিবে ।

[সাক্ষ্য লিখিয়া রাখা না গেলে মর্ম্মাত্মক লিপির কথা ।]

মাজিষ্ট্রেট সাহেব স্বহস্তে সাক্ষ্য না লিখিলে প্রত্যেক সাক্ষির পরীক্ষা হওন কালে সে যে সাক্ষ্য দেয় তাহার মর্ম্ম তাঁহার অবশ্য লিখিতে হইবে, তিনি স্বহস্তে সেই মর্ম্ম লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের মধ্যে রাখা যাইবে ।

যদি মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত আজ্ঞামতে কোন কারণে ঐ মর্ম্ম না লিখিতে পারেন তবে যে কারণে অপারক হইলেন তাহা লিখিয়া রাখিবেন ইতি ।

[মাজিষ্ট্রেটের স্বদেশীয় ভাষাতে সাক্ষ্য লিখিবার বিষয়ে স্থানবিশেষের গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা ।]

১৮৮ ধারা । স্থানবিশেষের গবর্ণমেণ্টের এই আদেশ করিবার ক্ষমতা থাকিবে যে, এই আইন যে জিলাতে কি জিলার যে খণ্ডে প্রচলিত হয়, তাহাতে মাজিষ্ট্রেট সাহেব স্বদেশীয় ভাষায় স্বহস্তে সাক্ষিদের সাক্ষ্য লেখেন । যদি উপযুক্ত কারণে কোন সাক্ষির সাক্ষ্য লিখিতে না পারেন, তবে তাঁহার অপারকতার কারণ লিখিবেন ও খোলা কাছারীতে আপনার কথনমতে ঐ সাক্ষ্য লেখাইবেন ।

The evidence so taken down shall be signed by the Magistrate, and form part of the record:

[Proviso.]

Provided that, if the vernacular language of the Magistrate be not English or the language in ordinary use in the District in which the Court is held, the Local Government may direct him to take down the evidence in the English language or in the language in ordinary use in the District in which the Court is held, instead of his own vernacular.

[Local Government to decide language in ordinary use.]

189. Any question arising as to what is the language in ordinary use in any District in which a Court is held, shall, for the purposes of this Act, be determined by the Local Government.

[Evidence how recorded.]

190. The evidence shall not ordinarily be taken down in the form of question and answer, but in the form of a narrative.

It shall be in the discretion of the Magistrate to take down, or cause to be taken down, any particular question and answer, if there appear any special reason for so doing, or any person who is a prosecutor, or a person accused, or his counsel or agent, requires it.

[Evidence to be read to witness.]

When the evidence is completed, it shall be read over to the witness in the presence of the accused person if in attendance, or of his agent when his personal attendance is dispensed with and he appears by agent, and shall, if necessary, be corrected.

If the witness denies the correctness of any part of the evidence when the same is read over to him, the Magistrate may, instead of correcting the evidence, make a memorandum thereon of the objection made to it by the witness, and shall add such remarks as he may think necessary.

If the evidence be taken down in a different language from that in which it has been given, and the witness does not understand the language in which it is taken down, the witness may require his evidence as taken down to be interpreted to him in the language in which it was given, or in a language which he understands.

[Memorandum to be attached to evidence.]

191. A Memorandum to be signed by the Magistrate shall be attached to the evidence of each witness, and shall state that the evidence was read over to the witness in a language which he understood (naming the language), and, if the fact is so, that the witness acknowledged such evidence to be correct.

[*Government Gazette*, 9th June 1868.]

তদ্রূপের লিখিত সাক্ষ্যেতে মাজিষ্ট্রেট সাহেব স্বাক্ষর করিবেন, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের মধ্যে থাকিবে।

[বর্জ্জিত কথা।]

কিন্তু ইংলণ্ডীয় ভাষা, কিম্বা আদালত যে জিলাতে থাকে সেই জিলার চলিত ভাষা যদি মাজিষ্ট্রেটের স্বদেশীয় ভাষা না হয়, তবে মাজিষ্ট্রেট স্বদেশীয় ভাষাতে সাক্ষ্য না লিখিয়া ইংলণ্ডীয় ভাষাতে, কিম্বা আদালত যে জিলাতে স্থাপন হইয়াছে সেই জিলার চলিত ভাষাতে সাক্ষ্য লিখিয়া লন, স্থানবিশেষের গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[কোন্ ভাষা চলিত, ইহা স্থানবিশেষের গবর্ণমেণ্টের নিরূপণ করিবার কথা।]

১৮৯ ধারা। আদালত যে জিলাতে স্থাপন হইয়াছে সেই জিলায় কোন ভাষা চলিত যদি এই প্রশ্ন উপাপিত হয়, তবে এই আইনের কর্ম্ম সম্পর্কে স্থানবিশেষের গবর্ণমেণ্ট ঐ বিবাদ নিষ্পত্তি করিবেন ইতি।

[সাক্ষ্য যে প্রকারে লিখিতে হইবে তাহার কথা।]

১৯০ ধারা। সাক্ষ্য সাধারণমতে প্রশ্নোত্তর ভাবে লেখা যাইবে না, কিন্তু বৃত্তান্তমতে লেখা যাইবে।

যদি কোন প্রশ্ন ও উত্তর লিখিবার বিশেষ কারণ দৃষ্ট হয়, কিম্বা বাদী কি অভিযুক্ত ব্যক্তি কি তাহার উকীল কি মোক্তার যদি কোন বিশেষ প্রশ্ন ও উত্তর লিখিবার প্রার্থনা করে, তবে মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বোধ করিলে তাহা লিখিবেন কি লেখাইবেন।

[সাক্ষির নিকটে সাক্ষ্য পাঠ করিবার কথা।]

সাক্ষ্যগ্রহণ সমাপ্ত হইলে পর অভিযুক্ত ব্যক্তি উপস্থিত থাকিলে তাহার সাক্ষাতে কিম্বা সে অনুপস্থিত থাকিবার অনুমতি পাইয়া মোক্তারের দ্বারা উপস্থিত হইলে ঐ মোক্তারের সাক্ষাতে, সাক্ষির নিকটে ঐ সাক্ষ্য পাঠ করা যাইবে ও আবশ্যকমতে সংশোধন করা যাইবে।

সাক্ষির নিকট সাক্ষ্য পাঠ করিবার সময়ে যদি সে তাহার কোন অংশ অশুদ্ধ কহে, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ সাক্ষ্য সংশোধন না করিয়া, তদ্বিষয়ে সাক্ষী যে আপত্তি করে তাহার মর্ম্ম লিখিতে পারিবেন, ও তাহাতে আপনার যে কোন মন্তব্য কথা লেখা আবশ্যক বোধ করেন তাহা লিখিবেন।

সাক্ষ্য যে ভাষাতে দেওয়া গেল তদ্ভিন্ন যদি অন্য ভাষায় লেখা যায়, ও যে ভাষাতে লেখা গেল তাহা যদি সাক্ষী না বুঝে, তবে যে সাক্ষ্য লেখা গিয়াছে তাহা যে ভাষাতে বলা গেল কিম্বা অন্য যে ভাষা বুঝিতে পারে এমত ভাষাতে তাহার নিকটে ব্যক্ত করা যায় সাক্ষী এমত আদেশ করিতে পারিবে ইতি।

[সাক্ষ্যের সঙ্গে মন্তব্য কথা লিখিবার কথা।]

১৯১ ধারা। প্রত্যেক সাক্ষির ঐ সাক্ষ্য তাহার বোধগম্য অমুক ভাষাতে তাহার নিকটে পাঠ করা গিয়াছে, সাক্ষ্যের নিম্ন ভাগে এই কথা লিখিতে হইবে ও সাক্ষী ঐ সাক্ষ্য শুদ্ধ স্বীকার করিলে তাহাও লেখা যাইবে ও মাজিষ্ট্রেট সাহেব সেই লিপিতে স্বাক্ষর করিবেন।

When the evidence is not taken down by the Magistrate with his own hand, the memorandum shall further state that the evidence was taken down in his presence and hearing, and under his personal direction and superintendence.

[Interpretation of evidence to accused or his agent.]

192. If the evidence is given in a language not understood by the accused person, it shall be interpreted to him in open Court in a language understood by him, in all cases where he is present in person.

If he appears by agent, and the evidence is given in a language other than the language in ordinary use in the District in which the Court is held, it shall be interpreted to such agent in that language.

[Power of Magistrate to summon and examine any person.]

193. It shall be in the discretion of the Magistrate, at any stage of the proceedings, to examine any person whose evidence he may consider essential to the enquiry.

[Examination of accused.]

194. It shall be in the discretion of the Magistrate from time to time, at any stage of the enquiry, to examine the accused person, and to put such questions to him as he may consider necessary.

It shall be in the option of the accused person to answer such questions.

[No influence to be used to induce disclosures.]

195. Except as provided in section 201, no influence, by means of any promise or threat or otherwise, shall be used to the accused person to induce him to disclose or withhold any matter within his knowledge.

[Accused not to be sworn.]

196. No oath shall be administered to the accused person.

[Examination of accused how recorded.

197. The examination of the accused person including every question put to him and every answer given by him, shall be recorded in full, and shall be shown or read to him, and he shall be at liberty to explain or add to his answers.

When the whole is made conformable to what he declares is the truth, the examination shall be attested by the signature of the Magistrate, who shall certify under his own hand that it was taken in his presence and in his hearing, and contains accurately the whole of the statement made by the accused person.

যদি মাজিষ্ট্রেট সাহেব সেই সাক্ষ্য স্বহস্তে না লিখিয়া থাকেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের দৃষ্টি ও শ্রুতিগোচরে ও আপনার কথনমতে ও তত্ত্বাধীনে সাক্ষ্য লেখা গিয়াছে সেই লিপিতে ইহাও লিখিতে হইবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তির কি তাহার মোক্তারের নিকটে সাক্ষ্য অনুবাদ করিয়া জানাইবার কথা।]

১৯২ ধারা। অভিযুক্ত ব্যক্তি যদি স্বয়ং উপস্থিত থাকে, তবে যে ভাষাতে সাক্ষ্য দেওয়া গেল ঐ অভিযুক্ত ব্যক্তি তাহা বুঝিতে না পারিলে, সে যে ভাষা বুঝে খোলা কাছারীতে সেই ভাষাতে তাহা তাহার নিকটে ব্যক্ত করা যাইবে।

অভিযুক্ত ব্যক্তি যদি মোক্তারের দ্বারা উপস্থিত হয়, ও আদালত যে জিলাতে স্থাপন হইয়াছে সেই জিলার চলিত ভাষাভিন্ন অন্য ভাষাতে যদি সাক্ষ্য দেওয়া যায়, তবে মোক্তারের নিকটে জিলার চলিত ভাষায় ঐ সাক্ষ্য ব্যক্ত করা যাইবে ইতি।

[কোন ব্যক্তিকে আহ্বান করিয়া তাহার সাক্ষ্য লইতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

১৯৩ ধারা। অনুসন্ধান কার্য্যের নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব যাহার সাক্ষ্য আবশ্যক জ্ঞান করেন, মোকদ্দমা চলিবার কোন সময়ে তিনি চাহিলে সেই ব্যক্তিকে আহ্বান করিয়া তাহার সাক্ষ্য লইতে পারিবেন ইতি।

[অভিযুক্ত ব্যক্তির পরীক্ষার কথা।]

১৯৪ ধারা। অনুসন্ধানের কার্য্য চলনের কোন সময়ে মাজিষ্ট্রেট সাহেব ইচ্ছা করিলে সময়ে২ অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা করিতে পারিবেন ও তাহার নিকটে যে কোন কথা জিজ্ঞাসা করা আবশ্যক বোধ করেন করিতে পারিবেন।

সেই জিজ্ঞাসার উত্তর দেওয়া কি না দেওয়া অভিযুক্ত ব্যক্তির স্বেচ্ছা ইতি।

[কোন কথা প্রকাশ করিবার প্রবৃত্তি না দিবার কথা।]

১৯৫ ধারা। ২০১ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন অভিযুক্ত ব্যক্তির অবগত কোন বিষয় প্রকাশ করাইবার কি না করাইবার জন্যে কোন অঙ্গীকার কি ভয় প্রদর্শন প্রভৃতির দ্বারা, তাহার কোন প্রবৃত্তি জন্মাইতে হইবে না ইতি।

[অভিযুক্ত ব্যক্তিকে শপথ না করাইবার কথা।]

১৯৬ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে শপথ করাইতে হইবে না ইতি।

[অভিযুক্ত ব্যক্তির সাক্ষ্য লিখিবার নিয়মের কথা।]

১৯৭ ধারা। অভিযুক্ত ব্যক্তির সাক্ষ্য ও তাহাকে যেং প্রশ্ন করা যায় ও সে যেং উত্তর দেয় তাহা বিস্তারিতরূপে লিখিয়া তাহাকে দেখান যাইবে কিম্বা তাহার নিকটে পাঠ করা যাইবে, ও সে আপনার কোন উত্তরের অর্থ করিতে কিম্বা তাহাতে অধিক কথা লেখাইতে পারিবে।

সে যাহা সত্য বলে তদনুসারে সমুদয় লেখা গেলে পর, মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর করিয়া এই কথা লিখিবেন, এই সাক্ষ্য আমার দৃষ্টি ও শ্রুতিগোচরে লওয়া গিয়াছে, ও অভিযুক্ত ব্যক্তি যাহা কহিয়াছে তাহা সমুদয় শুদ্ধরূপে লেখা হইয়াছে এই কথাতে স্বাক্ষর করিবেন ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৯ জুন।]

[Detention of offenders attending Court.]

198. Any person attending the Court of the Magistrate, although not upon an arrest or summons on a charge made, may be detained by the Magistrate for the purpose of examination, for any offence which from the evidence he may appear to have committed, and may be proceeded against as though he had been arrested or summoned on a charge made.

[Discretionary power to summon witnesses for defence.]

199. It shall be at the discretion of the Magistrate to summon any witness who may be offered in behalf of the accused person to answer or disprove the evidence against him.

[Sections 179 to 183 to apply to witnesses for defence.]

200. The provisions of sections 179 to 183 (both inclusive) shall be applicable to witnesses named in support of the defence.

[Magistrate may tender pardon to accomplice.]

201. The Magistrate of the District or other officer exercising the powers of a Magistrate, and any subordinate Magistrate duly empowered under section 26, recording his reason for so doing, may tender a pardon to any one or more of the persons supposed to have been directly or indirectly concerned in or privy to any offence specified in column 7 of the second schedule hereto annexed as triable by the Court of Session, on condition of his or their making a full, true and fair disclosure of the whole of the circumstances within his or their knowledge relative to the crime committed, and every other person concerned in the perpetration thereof.

If any person accepts a tender of pardon under this section, he shall be examined as a witness in the case under the rules applicable to the examination of witnesses.

Such person, if not on bail, may, if the Magistrate or other officer as aforesaid thinks proper, be detained in custody pending the termination of the trial.

[High Court or Court of Session may direct tender of pardon.]

202. A Court of Session at the time of trial, and also the High Court as a Court of reference, in cases tried with the aid of assessors, may instruct the Magistrate in like manner to tender a pardon to one or more persons supposed to have been directly or indirectly concerned in or privy to

[অপরাধির। আদালতে উপস্থিত থাকিলে তাহারদিগকে আটক করিয়া রাখিবার কথা।]

১৯৮ ধারা। কোন ব্যক্তি অভিযোগহেতুক ধৃত কি আহূত না হইয়াও, যদি মাজিষ্ট্রেট সাহেবের আদালতে উপস্থিত থাকে, ও যে সাক্ষ্য লওয়া যাইতেছে তদ্দ্বারা ঐ ব্যক্তিও কোন অপরাধ করিয়াছে দৃষ্ট হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব বিচার করণার্থে তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন, ও অভিযোগক্রমে ধৃত হওয়ার কি আহূত হওয়ার ন্যায় তাহার প্রতি কার্য্য হইতে পারিবে ইতি।

[প্রতিবাদির পক্ষীয় সাক্ষিদিগকে স্বেচ্ছামতে আহ্বান করিবার কথা।]

১৯৯ ধারা। অভিযুক্ত ব্যক্তির বিপক্ষ প্রমাণের উত্তর দেওনার্থে কি তাহা খণ্ডনার্থে তাহার সপক্ষীয় যে কোন সাক্ষির নাম দেওয়া যায়, মাজিষ্ট্রেট সাহেব স্বীয় বিবেচনামতে তাহাকে আহ্বান করিতে পারিবেন ইতি।

[প্রতিবাদির সপক্ষীয় সাক্ষিদের প্রতি ১৭৯ অবধি ১৮৩ পর্য্যন্ত ধারা বর্ত্তিবার কথা।]

২০০ ধারা। প্রতিবাদির উত্তরের পোষকতায় যে সাক্ষিদের নাম দেওয়া যায়, তাহাদের প্রতি ১৭৯ অবধি ১৮৩ পর্য্যন্ত সমস্ত ধারার বিধান খাটিবে ইতি।

[সহায় ব্যক্তির ক্ষমা করিতে মাজিষ্ট্রেট সাহেবের প্রস্তাব করিবার কথা।]

২০১ ধারা। এই আইনের অন্তভাগের দ্বিতীয় তফসীলের ৭ ঘরে সেশন আদালতের বিচার্য্য অপরাধ বলিয়া যাহা নির্দ্দিষ্ট হইয়াছে, এমত কোন অপরাধে যাহাদের স্পষ্টরূপে কি চক্রান্তে সম্পর্ক কি অবগতি থাকা অনুভব হয়, জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্যকারি অন্য কর্ম্মকারক এবং অধঃস্থ যে মাজিষ্ট্রেট ২৬ ধারামতে উপযুক্ত ক্ষমতা পাইয়াছেন তিনি, তদ্রূপ কোন এক কি অধিক ব্যক্তিকে এই নিয়মে ক্ষমা করিবার প্রস্তাব করিতে পারিবেন যে, সেই ব্যক্তি ঐ কৃতঅপরাধ বিষয়ে যাহা জ্ঞাত আছে তাহার তাবৎ বৃত্তান্ত ও ঐ অপরাধ করণেতে অন্য যে সকল ব্যক্তির সম্পর্ক ছিল তাহাদের নাম সম্পূর্ণরূপে ও যথার্থ ও সরল ভাবে প্রকাশ করে। ও যে কারণে ক্ষমার প্রস্তাব করেন তাহা লিখিয়া রাখিবেন।

যদি কোন ব্যক্তি এই ধারামত ক্ষমার প্রস্তাব গ্রাহ্য করে, তবে সাক্ষিদের সাক্ষ্য লওন বিষয়ে যে সকল বিধি খাটে সেই বিধিমতে সাক্ষির ন্যায় ঐ ব্যক্তির সাক্ষ্য লওয়া যাইবে।

সেই ব্যক্তি যদি প্রতিভূ দিয়া মুক্ত না থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক উপযুক্ত বোধ করিলে ঐ মোকদ্দমার বিচার সমাপ্ত না হওয়া পর্য্যন্ত তাহাকে অবরুদ্ধ করিয়া রাখিতে পারিবেন ইতি।

[হাই কোর্টের কি সেশন আদালতের ক্ষমার প্রস্তাব করিবার কথা।]

২০২ ধারা। আসেসরদের অর্থাৎ সহকারিদের সাহায্যেতে যে২ মোকদ্দমার বিচার হয় এমত মোকদ্দমার বিচারকালে সেশন আদালতের, এবং বিবেচ্য বিষয় গ্রহণোপযুক্ত আদালতস্বরূপ হাই কোর্টের এই আদেশ করিবার ক্ষমতা থাকিবে যে, তদ্রূপ কোন অপরাধে যাহার কি যাহাদের স্পষ্টরূপে কি চক্রান্তে সম্পর্ক কি

any such offence, with the view of obtaining his or their evidence on the trial.

[When High Court or Court of Session may direct commitment of person to whom pardon has been tendered.]

203. If it appears to a Court of Session at the time of trial, or to the High Court as a Court of reference, that any person who has accepted an offer of pardon, has not conformed to the conditions under which the pardon was tendered, either by willfully concealing anything essential, or by giving false evidence or information, such Court may direct the commitment of such person for trial for the offence in respect of which the pardon was tendered.

Bail.

[Bail not to be taken for certain offences.]

204. When any person appears or is brought before a Magistrate accused of any offence entered as not bailable in column 5 of the second schedule hereto annexed, such person shall not be admitted to bail, if there appear reasonable grounds for believing that he has been guilty of the crime imputed to him.

[When bail may be taken.]

If the evidence given in support of the accusation is, in the opinion of the Magistrate, not such as to raise a strong presumption of the guilt of the accused person and to require his committal,

or if such evidence is adduced on behalf of the accused person as shall, in the opinion of the Magistrate, weaken the presumption of his guilt,

but there appears to the Magistrate in either of such cases to be sufficient ground for further enquiry into his guilt,

the accused person may be admitted to bail pending such enquiry.

[When bail shall be taken.]

205. When any person appears or is brought before a Magistrate accused of any of the offences specified in column 5 of the second schedule hereto annexed as bailable, he shall be admitted to bail.

[Recognizance of accused and sureties.]

206. When a Magistrate admits to bail any person accused or suspected of any offence, a recognizance in such sum of money as the Magistrate may think sufficient, shall be entered into

অবগতি থাকা অনুভব হয়, ঐ মোকদ্দমার বিচারেতে ঐ ব্যক্তির কি ব্যক্তিদের সাক্ষ্য গ্রহণাভিপ্রায়ে মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্তমতে তাহাকে কি তাহাদিগকে ক্ষমা করিতে প্রস্তাব করেন ইতি।

[যাহাদিগকে ক্ষমা করিবার প্রস্তাব হয় হাই কোর্টের কি সেশন আদালতের তাহাদিগকে সমর্পণ করিতে পারিবার কথা।]

২০৩ ধারা মোকদ্দমার বিচারকালে কোন ব্যক্তি ক্ষমার প্রস্তাব গ্রাহ্য করিলে পর আবশ্যক কোন কথা ইচ্ছাপূর্ব্বক গোপন করিয়া, কিম্বা কোন মিথ্যা সাক্ষ্য কি সম্বাদ দিয়া, ঐ প্রস্তাব যে নিয়মমতে করা যায় তদনুযায়ি কার্য্য করে নাই, সেশন আদালত কিম্বা বিবেচ্য বিষয় গ্রহণোপযুক্ত আদালতস্বরূপ হাই কোর্ট যদি ইহা দেখিতে পান, তবে যে অপরাধ সম্পর্কে ক্ষমার প্রস্তাব হইয়াছে ঐ ব্যক্তিকে সেই অপরাধের নিমিত্তে বিচার হওনার্থে সমর্পণ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

দর্শনপ্রতিভূর বিধি।

[কোনং অপরাধ হইলে দর্শনপ্রতিভূ গ্রাহ্য না হওয়ার কথা।]

২০৪ ধারা। এই আইনের অন্তভাগের দ্বিতীয় তফসীলের ৫ ঘরের লিখিত যে অপরাধ হইলে দর্শন প্রতিভূ লইবার অনুমতি নাই, কোন ব্যক্তির নামে সেই অপরাধের অভিযোগ হইয়া, সে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইলে কিম্বা তাহাকে উপস্থিত করা গেলে, যদি ঐ অপরাধের দোষী জ্ঞান করিবার যুক্তিমত হেতু দৃষ্ট হয়, তবে তাহার দর্শন প্রতিভূ দিবার অনুমতি হইবে না।

[দর্শনপ্রতিভূ যে স্থলে লওয়া যাইতে পারে তাহার কথা।]

অভিযোগের পোষকতায় যে প্রমাণ দেওয়া যায়, ঐ প্রমাণেতে মাজিষ্ট্রেটের বিবেচনায় অভিযুক্ত ব্যক্তির দোষী হওয়ার দৃঢ় অনুভব নাই, ও তাহাকে সমর্পণ করার প্রয়োজন নাই,

অথবা অভিযুক্ত ব্যক্তির সপক্ষে যে প্রমাণ দেওয়া গেল তদ্দ্বারা মাজিষ্ট্রেটের বিবেচনায় তাহার অপরাধী হওয়ার অনুভব অপেক্ষাকৃত ন্যূন হয়।

তথাপি উক্ত কোন স্থলে তাহার অপরাধের অধিক অনুসন্ধান করণের উপযুক্ত হেতু আছে মাজিষ্ট্রেট সাহেবের যদি এইরূপ বিবেচনা হয়,

তবে ঐ অনুসন্ধান কার্য্য না হওয়া পর্য্যন্ত ঐ অভিযুক্ত ব্যক্তির দর্শনপ্রতিভূ দিবার অনুমতি হইবে ইতি।

[যে স্থলে দর্শনপ্রতিভূ লইতে হইবে তাহার কথা।]

২০৫ ধারা। এই আইনের অন্তভাগের দ্বিতীয় তফসীলের ৫ ঘরের লিখিত যে অপরাধ হইলে দর্শনপ্রতিভূ লওয়া যাইতে পারে ঐ অপরাধের অভিযুক্ত কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইলে কি তাহাকে উপস্থিত করা গেলে, তাহার দর্শনপ্রতিভূ দেওনের অনুমতি হইবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তির ও প্রতিভূগণের প্রতিজ্ঞাপত্রের কথা।]

২০৬ ধারা। যাহার নামে অপরাধের অভিযোগ হয় কিম্বা যাহার প্রতি তদ্বিষয়ের সন্দেহ থাকে, যখন মাজিষ্ট্রেট সাহেব এমত কোন ব্যক্তিকে দর্শনপ্রতিভূ দিবার অনুমতি দেন, তখন তিনি যত টাকা উপযুক্ত

by the person so accused and one or more sureties, conditioned that such person shall attend during the preliminary enquiry, and if required, shall appear when called upon at the Court of Session to answer the charge.

[Insufficient bail.]

207. If through mistake or fraud insufficient bail has been taken, or if the sureties become afterwards insufficient, the accused person may be ordered by the Magistrate to find sufficient sureties, and in default, may be committed to prison.

[Bail may be taken at any time before conviction.]

208. If the accused person cannot find sureties when called upon, he shall be admitted to bail upon finding the same at any time afterwards before conviction.

[Discharge on bail.]

209. After the recognizances have been duly entered into, the Magistrate, in case the accused person has appeared voluntarily or is in the custody of some officer, shall thereupon discharge him; and in case he is in some prison or other place of confinement shall issue a warrant of discharge to the jailor or other person having him in his custody, and such jailor or other person shall thereupon liberate him.

[Discharge of sureties.]

210. The sureties for an accused person may at any time apply to the Magistrate to be discharged from their engagements.

On such an application being made, the Magistrate shall issue his warrant of arrest, directing that such person be brought before him.

On the appearance of such person pursuant to the warrant, or on his voluntary surrender, the Magistrate shall direct the recognizances of the sureties to be discharged, and shall call upon such person to find other sureties, and in default, may order him to be committed to prison.

[Procedure to compel payment of penalty by accused.]

211. Whenever, by reason of default of appearance of the person executing the personal recognizance, the Magistrate is of opinion that proceedings should be had to compel payment of the penalty mentioned in the recognizance, he shall proceed to enforce the penalty by the attachment and sale of the moveable property belonging to such person, which may be found within the jurisdiction of the Magistrate of the District.

[*Government Gazette*, 9th *June* 1863.]

বোধ করেন ঐ অভিযুক্ত ব্যক্তি এবং এক কি অধিক জন প্রতিভূ তত টাকা দিবার প্রতিজ্ঞামতে এই নিয়মে প্রতিজ্ঞাপত্র দিবে, বিশেষতঃ, প্রথম স্থলের অনুসন্ধান হওনকালে সেই লোক উপস্থিত থাকিবে, ও যদি প্রয়োজন হয়, তবে সেশন আদালতে সেই অভিযোগের উত্তর দিবার আজ্ঞা হইলে উপস্থিত হইবে ইতি।

[দর্শনপ্রতিভূ অপ্রচুর হইলে তাহার কথা।]

২০৭ ধারা। যদি ভ্রান্তি কি প্রতারণাক্রমে অপ্রচুর প্রতিভূ লওয়া গিয়া থাকে, কিম্বা প্রতিভূগণ যদি পশ্চাতে অনুপযুক্ত হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ অভিযুক্ত ব্যক্তিকে উপযুক্ত প্রতিভূ দিবার আজ্ঞা করিতে পারিবেন। না দিলে তাহাকে কারাগারে সমর্পণ করিতে পারিবেন ইতি।

[অপরাধ নির্ণয়ের পূর্ব্বে কোন সময়ে প্রতিভূ লইতে পারিবার কথা।]

২০৮ ধারা। অভিযুক্ত ব্যক্তি আজ্ঞা পাইলে যদি প্রতিভূ দিতে না পারে, তবে তৎপরে তাহার অপরাধ নির্ণয় হওয়ার পূর্ব্বে কোন সময়ে দিতে পারিলেই তাহা গ্রাহ্য হইবে ইতি।

[প্রতিভূক্রমে মুক্ত হওয়ার কথা।]

২০৯ ধারা। প্রতিজ্ঞাপত্র উপযুক্তমতে করা গেলে পর, যদি অভিযুক্ত ব্যক্তি স্বেচ্ছামতে উপস্থিত হইয়া থাকে, কিম্বা কোন কর্ম্মকারকের নিকটে অবরুদ্ধ থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব তৎকালে তাহাকে মুক্ত করিবেন। যদি কোন কারাগারে কি রুদ্ধ হইবার অন্য স্থানে থাকে, তবে কারারক্ষকের কি অন্য যাহার নিকটে অবরুদ্ধ থাকে তাহার নামে তাহাকে মুক্ত করিবার পরওয়ানা দিবেন। তাহাতে ঐ কারারক্ষক কি অন্য ব্যক্তি তাহাকে মুক্ত করিবেন ইতি।

[প্রতিভূদিগকে মুক্ত করিবার কথা।]

২১০ ধারা। অভিযুক্ত ব্যক্তির প্রতিভূগন যখন ইচ্ছা করে তখনই মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপনাদের প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবে।

তদ্রূপ প্রার্থনা হইলে মাজিষ্ট্রেট সাহেব ধৃত করিবার পরওয়ানা দিয়া ঐ ব্যক্তিকে উপস্থিত করাইবার আজ্ঞা দিবেন।

সেই ব্যক্তি পরওয়ানাক্রমে উপস্থিত হইলে, কিম্বা স্বেচ্ছামতে আপনাকে ধরা দিলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ প্রতিভূদের প্রতিজ্ঞাপত্র রহিত হইবার আজ্ঞা করিয়া, ঐ ব্যক্তিকে অন্য প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন, তাহা দিতে না পারিলে কারাগারে সমর্পিত হইবার আজ্ঞা করিবেন ইতি।

[অভিযুক্ত ব্যক্তির দণ্ড দেওয়াইবার কার্য্যের কথা।]

২১১ ধারা। কোন ব্যক্তি স্বয়ং দণ্ড দিবার নিয়মে উপস্থিত হইবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলে পর যদি উপস্থিত না হয়, এবং তাহার ঐ প্রতিজ্ঞাপত্রে যত টাকা দণ্ড নির্দ্ধার্য্য হইয়াছে তৎপ্রযুক্ত তাহা আদায় করণার্থ কার্য্য করা কর্ত্তব্য যদি মাজিষ্ট্রেট ইহা বোধ করেন, তবে ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানে ঐ ব্যক্তির অস্থাবর যে কোন দ্রব্য পাওয়া যায়, তাহা ক্রোক ও বিক্রয় করণদ্বারা ঐ দণ্ডের টাকা আদায় করিবেন ইতি।

[Procedure to compel payment of penalty by sureties.]

212. Whenever, by reason of default of appearance by the person bailed, the Magistrate is of opinion that proceedings should be had to compel payment of the penalty mentioned in the recognizance of the surety or sureties, he shall give notice to the surety or sureties to pay the same, or to show cause why it should not be paid.

If no sufficient cause be shown, the Magistrate shall proceed to recover the penalty from such surety or sureties by the attachment and sale of any moveable property belonging to him or them which may be found within the jurisdiction of the Magistrate of the District :

If the penalty be not paid and cannot be recovered by such attachment and sale, the surety or sureties shall be liable to confinement, by order of the Magistrate, in the civil jail, during a period not exceeding six months.

[In what cases the powers given by sections 211, 212 may be exercised.]

213. The powers given by sections 211 and 212 may be exercised by every Criminal Court in every case in which a personal recognizance or bail has been given for the appearance of a party or witness, if default is made by the non-appearance of such party or witness before such Court according to the conditions of such recognizance or bail.

[Remission of part of penalty.]

Provided that the Court may at its discretion remit any portion of the penalty mentioned in the personal recognizance, or in the recognizance of the surety or sureties, and enforce payment in part only.

[Revision of orders.]

All orders passed by any Magistrate under this section shall be subject to revision by the Magistrate of the District.

[Form and direction of warrant of commitment.]

214. Every warrant for the commitment of a person to custody shall be in writing and signed and sealed by the Judge or Magistrate who issues it, and shall be directed to some jailor, or other officer or person having authority to receive and keep prisoners, and shall be in the form (D) given in the appendix, or to the like effect.

[Warrant with whom to be lodged.]

215. The warrant of commitment shall be lodged with the jailor, if he be in the jail; and if he be not in the jail, with his deputy.

[গবর্ণমেন্ট গেজেট ।১৮৬৮।৯ যুন ।]

[প্রতিভূদের দণ্ড দেওয়াইবার কার্য্যের কথা ।]

২১২ ধারা। যাহার দর্শনপ্রতিভূ দেওয়া গেল সেই ব্যক্তি উপস্থিত না হওয়াপ্রযুক্ত প্রতিভূ কি প্রতিভূরদের প্রতিশ্রুত দণ্ডের টাকা আদায় করা কর্ত্তব্য যদি মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করেন তবে ঐ প্রতিভূকে কি প্রতিভূদিগকে ঐ টাকা দিতে কিম্বা না দিবার কারণ দর্শাইতে আজ্ঞা করিবেন।

যদি উপযুক্ত কারণ দর্শান না যায়, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানে ঐ প্রতিভূর কি প্রতিভূদের অস্থাবর যে কোন সম্পত্তি পাওয়া যায়, মাজিষ্ট্রেট তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিবেন।

যদি সেই দণ্ডের টাকা না দেওয়া যায় ও উক্ত প্রকারের ক্রোক ও বিক্রয় করণদ্বারা তাহা আদায় হইতে না পারে, তবে মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে ঐ প্রতিভূ কি প্রতিভূগণ ছয় মাসের অনধিক কাল দেওয়ানী জেলে কারাবদ্ধ হইতে পারিবে ইতি।

[যে২ স্থলে ২১১ ও ২১২ ধারার ক্ষমতাক্রমে কার্য্য হইতে পারে তাহার কথা।]

২১৩ ধারা। মোকদ্দমার কোন পক্ষ কিম্বা কোন সাক্ষী স্বং২ দণ্ড দিবার নিয়মে প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিয়া কিম্বা দর্শনপ্রতিভূ দিয়া যদি সেই প্রতিজ্ঞাপত্রের কিম্বা প্রতিভূর নিয়মানুসারে ফৌজদারী আদালতে উপস্থিত না হয়, তবে ফৌজদারী প্রত্যেক আদালত ২১১।২১২ ধারার দত্ত ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

[দণ্ডের একাংশ ক্ষমা করিবার কথা।]

পরন্তু ঐ ব্যক্তির দণ্ড স্বীকারের স্বকৃত প্রতিজ্ঞাপত্রে, কিম্বা প্রতিভূর কি প্রতিভূগণের প্রতিজ্ঞাতে যত টাকা দণ্ড নির্দ্ধার্য্য হইয়াছে আদালত বিহিত বোধ করিয়া তাহার একাংশ ক্ষমা করিয়া অংশমাত্র আদায় করিতে পারিবেন।

[আজ্ঞার পুনরালোচনার কথা।]

এই আইনদ্বারা কোন মাজিষ্ট্রেট যে সকল আজ্ঞা করেন জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহার পুনর্বিবেচনা করিতে পারিবেন ইতি।

[সমর্পণ করিবার পরওয়ানা লিখিবার পাঠের ও শিরোলিপির কথা।]

২১৪ ধারা। কোন ব্যক্তিকে অবরোধ করিবার জন্যে সমর্পণের যে পরওয়ানা দেওয়া যায় তাহা লিখিত হইয়া, যে জজ কি মাজিষ্ট্রেট সাহেব তাহা দেন তাঁহার মোহরাঙ্কিত ও স্বাক্ষরিত হইবে, এবং কোন কারারক্ষকের নামে, কিম্বা বন্দিদিগকে গ্রহণপূর্ব্বক রক্ষা করিতে অন্য যে ব্যক্তির ক্ষমতা থাকে তাহার নামে শিরোলিপি হইবে। তাহা ক্রোড়পত্রের D চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে ইতি।

[পরওয়ানা যাহার হাতে দিতে হইবে তাহার কথা]

২১৫ ধারা। কারারক্ষক যদি জেলখানায় থাকেন তবে অবরোধ করিবার ঐ পরওয়ানা তাঁহাকে দিতে হইবে। তিনি জেলখানায় না থাকিলে তাঁহার নায়েবকে দেওয়া যাইবে।

If the jailor has no deputy, the warrant may be lodged with any officer of the jail then being in the jail.

[Adjournment of enquiry and remand.]

216. If from the absence of a witness or from any other reasonable cause, it becomes necessary or advisable to defer the examination, or further examination, of witnesses, the Magistrate may by a written order from time to time adjourn the enquiry and remand the accused person for such time as is deemed reasonable, not exceeding fifteen days:

Provided that, instead of detaining the accused person in custody during the period for which he is so remanded, the Magistrate may discharge him, upon his entering into a recognizance, with or without a surety or sureties, at the discretion of such Magistrate, conditioned for his appearance before the Magistrate at the time and place appointed for the continuance of such examination.

[Discharge of accused.]

217. When a Magistrate finds that there are not sufficient grounds for committing the accused person to take his trial before the Court of Session or for remanding him, he shall discharge him, unless it appears to the Magistrate that such person should be put on his trial before himself, in which case he shall proceed under chapter XIV.

[When accused appears to have been insane.]

218. When from evidence given before a Magistrate there appears to be sufficient ground for believing that the accused person committed an act which, if he had been of sound mind, would have been an offence triable exclusively by the Court of Session, and that the accused person was, at the time when the act was committed, by reason of unsoundness of mind, incapable of knowing the nature of the act charged or that he was doing what was wrong or contrary to law, the accused person shall be sent by the Magistrate for trial before the Court of Session.

If the Magistrate is a Justice of the Peace and the accused person is a European British subject, he shall be sent for trial before the High Court.

[When defendant to be committed for trial.]

219. When evidence has been given before a Magistrate which appears to be sufficient for the conviction of the accused person of an offence which is triable exclusively by the Court of Session, or which, in the opinion of the Magistrate, is one that ought to be tried by the Court of

যদি তাঁহার নায়েব না থাকে, তবে জেলের যে কর্ম্মকারক তৎকালে জেলখানায় থাকে, তাহাকে দেওয়া যাইবে ইতি।

[অনুসন্ধানার্থ দিনান্তর নিরূপণ করিবার, ও ব্যক্তিকে ফিরিয়া পাঠাইবার কথা।]

২১৬ ধারা। কোন সাক্ষির অনুপস্থানপ্রযুক্ত কি যুক্তিমত অন্য কোন কারণে যদি সাক্ষিদের সাক্ষ্য কি অধিক সাক্ষ্য গ্রহণের কার্য্য বিলম্ব করা আবশ্যক কি বিহিত হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞা লিখিয়া সময়ে২ সেই অনুসন্ধানের কার্য্য স্থগিত করিয়া পঞ্চদশ দিনের অনধিক যত কাল উপযুক্ত জ্ঞান করেন অভিযুক্ত ব্যক্তিকে তত কালের নিমিত্তে ফিরিয়া পাঠাইতে পারিবেন।

কিন্তু ঐ ব্যক্তিকে যত কালের নিমিত্তে ফিরিয়া পাঠান যায় মাজিষ্ট্রেট তাহাকে ততকাল অবরুদ্ধ না রাখিয়া সাক্ষ্য লওয়ার কার্য্য পুনরায় চলিবার যে সময় ও স্থান নিরূপণ হয় ঐ ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের ইচ্ছামতে এক কি অধিক প্রতিভূ দিয়া কি না দিয়া সেই সময়ে ও স্থানে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবার নিয়মে প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলে, মাজিষ্ট্রেট তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

[অভিযুক্ত ব্যক্তিকে মুক্ত করিবার কথা।]

২১৭ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে সেশন আদালতে বিচারার্থে সমর্পণ করিবার, কিম্বা তাহাকে ফিরিয়া পাঠাইবার উপযুক্ত কোন হেতু নাই, মাজিষ্ট্রেট ইহা দেখিতে পাইলে তাহাকে মুক্ত করিবেন। কিন্তু আপনার সম্মুখে সেই ব্যক্তির বিচার হওয়া উচিত মাজিষ্ট্রেট ইহা বোধ করিলে, এই আইনের ১৪ অধ্যায়মতে কার্য্য করিবেন ইতি।

[অভিযুক্ত ব্যক্তি ক্ষিপ্তমনা বোধ হইলে তাহার কথা।]

২১৮ ধারা। অভিযুক্ত ব্যক্তি কেবল সেশন আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে, কিন্তু যে সময়ে অপরাধ করিয়াছিল সেই সময়ে মনের বৈকৃতিপ্রযুক্ত অভিযোগসংক্রান্ত ঐ কার্য্যের ভাব বুঝিতে পারিল না ও দোষ করিতেছে কিম্বা আইন বিপরীত কার্য্য করিতেছে ইহাও জানিতে পারিল না, মাজিষ্ট্রেটের গৃহীত সাক্ষ্য দ্বারা যদি এমত জানিবার উপযুক্ত হেতু থাকে, তবে তিনি সেই অভিযুক্ত ব্যক্তিকে সেশন আদালতের বিচারার্থে প্রেরণ করিবেন।

মাজিষ্ট্রেট যদি শান্তিরক্ষার্থ জষ্টিস হন এবং অভিযুক্ত ব্যক্তি যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হয়, তবে তাহাকে হাই কোর্টের বিচারার্থে প্রেরণ করা যাইবে ইতি।

[যে স্থলে প্রতিবাদিকে বিচারার্থে সমর্পণ করিতে হইবে তাহার কথা।]

২১৯ ধারা। মাজিষ্ট্রেটের সম্মুখে যে সাক্ষ্য দেওয়া যায়, তদ্দারা অভিযুক্ত ব্যক্তির যে অপরাধের প্রমাণ হইতে পারে, সেই অপরাধ কেবল সেশন আদালতের বিচার্য্য, কিম্বা মাজিষ্ট্রেটের বিবেচনাতে সেশন আদালতে তাহার বিচার হওয়া উচিত, দৃষ্ট হইলে মাজিষ্ট্রেট ঐ অভিযুক্ত ব্যক্তিকে

Session, the accused person shall be sent by the Magistrate for trial before the Court.

If the Magistrate is a Justice of the Peace and the accused person is a European British subject, he shall be sent for trial before the High Court.

[Preliminary enquiries by Justices of the Peace in case of Europeans.]

220. When any Magistrate who is a Justice of the Peace holds the preliminary enquiry into any offence committed by a European British subject, or commits or holds to bail such European British subject to take his trial before a High Court, he shall be guided in his procedure by the provisions of this chapter.

[Copy of charge to be furnished to accused.]

221. As soon as the charge on which the accused person is to be tried has been prepared as hereinafter directed, it shall be read to him, and a copy or translation thereof shall be furnished to him, if he so require.

[List of witnesses for defence on trial.]

The accused person shall be required at once to give in, orally or in writing, a list of witnesses whom he may wish to be summoned to give evidence on his trial before the Court of Session or High Court.

[Further list.]

It shall be in the discretion of the Magistrate to allow the accused person to give in any further list of witnesses at a subsequent time.

[Summoning witnesses.]

The Magistrate shall receive the list, and summon the witnesses to appear before the Court before which the accused person is to be tried.

The provisions of sections 179 to 184 (both inclusive) so far as they relate to the attendance of witnesses, shall be applicable to witnesses named by the accused person in the list above-mentioned.

[Refusal to summon unnecessary witness, unless deposit made.]

222. If the Magistrate thinks that any witness is included in the list for the purpose of vexation or delay or of defeating the ends of justice, he may require the accused person to satisfy him that there are reasonable grounds for believing that such witness is material.

If the Magistrate be not so satisfied, he shall not be bound to summon the witness, unless such a sum is deposited with the Magistrate as he considers necessary to defray the expense of obtaining the attendance of the witness.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৯ জুন।]

সেশন আদালতে বিচার হইবার নিমিত্তে পাঠাইবেন।

ঐ মাজিষ্ট্রেট যদি শান্তিরক্ষার্থ জষ্টিস হন ও অভিযুক্ত ব্যক্তি যদি উইরোপীয় ব্রিটনীয় প্রজা হয়, তবে বিচার হইবার নিমিত্তে তাহাকে হাই কোর্টে প্রেরণ করিবেন ইতি।

[ইউরোপীয় অপরাধী হইলে শান্তিরক্ষার্থ জষ্টিসের প্রথমস্থলীয় যে অনুসন্ধান করিতে হইবে তাহার কথা।]

২২০ ধারা। যে মাজিষ্ট্রেট শান্তিরক্ষার্থ জষ্টিস হন, তিনি ইউরোপীয় ব্রিটনীয় প্রজার কৃত কোন অপরাধের প্রথমস্থলীয় অনুসন্ধান করিলে, কিম্বা হাই কোর্টে বিচার হইবার জন্যে সেই ইউরোপীয় ব্রিটনীয় প্রজাকে সমর্পণ করিলে, কিম্বা তাহার স্থানে তথায় উপস্থিত হইবার দর্শনপ্রতিভূ গ্রহণ করিলে, এই অধ্যায়ের বিধানানুসারে কার্য্য করিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগের প্রতিলিপি দিবার কথা।]

২২১ ধারা। যে অভিযোগে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবে তাহা পশ্চাৎ লিখিতমতে প্রস্তুত হইলে পর, তাহার নিকটে পাঠ করা যাইবে, ও সে চাহিলে তাহার প্রতিলিপি কি অনুবাদ তাহাকে দেওয়া যাইবে।

[বিচারকালে তাহার সপক্ষীয় সাক্ষিরদের কথা।]

সেশন আদালতে কি হাই কোর্টে বিচার হওনকালে অভিযুক্ত ব্যক্তি যাহাদিগকে সাক্ষ্য দিবার জন্যে আহ্বান করাইতে চাহে, তৎকালে তাহাদিগের নাম জানাইবার কি লিখিয়া দিবার আজ্ঞা হইবে।

[অধিক নির্ঘণ্টের কথা।]

মাজিষ্ট্রেট উপযুক্ত বোধ করিলে পশ্চাৎ কোন সময়ে অভিযুক্ত ব্যক্তিকে অধিক সাক্ষির নামের নির্ঘণ্ট দিবার অনুমতি দিতে পারিবেন।

[সাক্ষিদিগকে আহ্বান করিবার কথা।]

মাজিষ্ট্রেট সাহেব ঐ নির্ঘণ্ট গ্রহণপূর্ব্বক, যে আদালতে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবে সাক্ষিদিগকে সেই আদালতে উপস্থিত হওনার্থে আহ্বান করিবেন।

সাক্ষিদের উপস্থিত হওনবিষয়ে এই আইনের ১৭৯ অবধি ১৮৪ পর্য্যন্ত সমস্ত ধারার বিধান যেপর্য্যন্ত খাটিতে পারে অভিযুক্ত ব্যক্তির উক্তিমতে পূর্ব্বোক্ত নির্ঘণ্ট লিখিত সাক্ষিদের প্রতিও সেই পর্য্যন্ত খাটিবে ইতি।

[অনাবশ্যক সাক্ষির ব্যয়ের টাকা গচ্ছিত না হইলে তাহাকে আহ্বান করিবার অসম্মতির কথা।]

২২২ ধারা। কেবল ক্লেশ জন্মাইবার কি বিলম্ব করিবার কিম্বা বিচার কার্য্যের উদ্দেশ্য নিষ্ফল করিবার জন্যে সাক্ষিদের কোন২ ব্যক্তির নাম লেখা গিয়াছে মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা বোধ করেন, তবে সেই সাক্ষী অত্যন্ত প্রয়োজন অভিযুক্ত ব্যক্তিকে এমত জ্ঞান জন্মাইবার উপযুক্ত হেতু দর্শাইতে আজ্ঞা করিবেন।

যদি মাজিষ্ট্রেটের হৃদ্বোধ না জন্মায়, তবে তিনি ঐ সাক্ষিকে উপস্থিত করাইবার যত ব্যয় আবশ্যক জ্ঞান করেন তাঁহার নিকটে তত টাকা গচ্ছিত না করা গেলে, তিনি ঐ সাক্ষিকে আহ্বান করিতে আবদ্ধ হইবেন না ইতি।

[Record to be forwarded to the superior Court.]

223. When a commitment is made to the Court of Session, the record of the Magistrate shall be forwarded to such Court, together with any weapon or other article of property connected with the case.

When a commitment is made to the High Court, such record and such weapon or other article shall be forwarded to the clerk of the Crown, and if any part of such record is not in English, a translation thereof in English shall be forwarded therewith.

[Copies of depositions to be furnished to accused.]

224. When the preliminary enquiry is concluded, the accused person shall, if he demands them at a reasonable time before the trial, be furnished with copies of the depositions. Such copies shall be made at his expense.

[When commitment made, Magistrate to give notice to Government prosecutor.]

225. When the accused person is committed to take his trial before the Court of Session, the Magistrate shall issue an order to the Government pleader or other officer appointed by the Government to conduct prosecutions before the Court of Session, notifying such commitment, and stating the offence in the same form as the charge.

Nothing in this section shall preclude the Magistrate, if he thinks fit, from appointing a person other than such Government pleader or officer to conduct the prosecution.

[Recognizances of prosecutors and witnesses.]

226. Prosecutors and witnesses for the prosecution, whose attendance may be necessary before the Court of Session or High Court, shall execute before the Magistrate recognizances in the form (E) given in the appendix, or to the like effect, to be in attendance when called upon to prosecute or to give evidence, as the case may be.

If any prosecutor or witness refuses to attend before the Court of Session or High Court, or to execute the recognizance above directed, the Magistrate may detain such prosecutor or witness in custody until he executes such recognizance, or until the time when his attendance is required, when the Magistrate shall send him under custody to the Court of Session or High Court, as the case may be.

[To be continued.]

[*Government Gazette*, 9*th June* 1868.]

[উপরিস্থ আদালতে রিকার্ড পাঠাইবার কথা।]

২২৩ ধারা। যখন প্রতিবাদিকে সেশন আদালতে সমর্পণ করা যায়, তখন মাজিষ্ট্রেটের রিকার্ড, ও মোকদ্দমাসম্পর্কীয় যে কোন অস্ত্র শস্ত্র কি সম্পত্তির যে কোন দ্রব্য থাকে, তাহাও উক্ত আদালতে পাঠাইতে হইবে।

যদি প্রতিবাদিকে হাই কোর্টে সমর্পণ করা যায়, তবে সেই রিকার্ড ও সেই অস্ত্র শস্ত্র কি অন্য দ্রব্য ক্লার্ক অফ দি ক্রৌন সাহেবের নিকটে পাঠাইতে হইবে, ও সেই রিকার্ডের কোন অংশ যদি ইংরাজী ভাষাতে না থাকে, তবে তৎসঙ্গে ইংরাজী ভাষাতে তাহার অনুবাদও দিতে হইবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তিকে সাক্ষ্যের প্রতিলিপি দিবার কথা।]

২২৪ ধারা। প্রথম স্থলীয় অনুসন্ধানের কার্য্য সমাপ্ত হইলে পর, যদি অভিযুক্ত ব্যক্তি বিচারের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে সাক্ষ্যের প্রতিলিপি প্রার্থনা করে, তবে তাহাকে দেওয়া যাইবে। সেই প্রতিলিপি করিবার খরচ তাহার দিতে হইবে ইতি।

[মোকদ্দমা সমর্পণ হইলে, গবর্ণমেণ্টের পক্ষীয় অভিযোক্তাকে জ্ঞাত করিবার কথা।]

২২৫ ধারা। যদি অভিযুক্ত ব্যক্তিকে সেশন আদালতের বিচারার্থে সমর্পণ করা যায়, তবে মাজিষ্ট্রেট ঐ সমর্পণ হওয়ার কথা ও অভিযোগপত্রের পাঠের ন্যায় অপরাধ জ্ঞাপক এক পত্র গবর্ণমেণ্টের উকীলের নিকটে কিম্বা সেশন আদালতে মোকদ্দমা চালাইবার কার্য্যেতে গবর্ণমেণ্টকর্ত্তৃক অন্য যে কার্য্যকারক নিযুক্ত হন তাঁহার নিকটে প্রেরণ করিবেন।

মাজিষ্ট্রেট যদি উপযুক্ত বোধ করেন, তবে ঐ মোকদ্দমা চালাইবার জন্যে গবর্ণমেণ্টের ঐ উকীল কি কার্য্যকারকভিন্ন অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পরিবেন। এই ধারাতে ইহার কোন বাধা হইবে না ইতি।

[বাদিদের ও সাক্ষিদের প্রতিজ্ঞাপত্রের কথা।]

২২৬ ধারা। সেশন আদালতে কিম্বা হাই কোর্টে যে বাদিদের ও তৎপক্ষীয় যে সাক্ষিদের উপস্থিত হওয়া আবশ্যক, তাহারা অভিযোগ করিবার কিম্বা বিষয়বিশেষে সাক্ষ্য দিবার আজ্ঞা পাইলে উপস্থিত হইবে, মাজিষ্ট্রেটের সাক্ষাতে এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষ করিবে। সেই পত্র ক্রোড়পত্রের E চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে।

যদি কোন বাদী কি সাক্ষী সেশন আদালতে কিম্বা হাই কোর্টে উপস্থিত হইতে, কি পূর্ব্ব লিখিত আজ্ঞামত প্রতিজ্ঞাপত্র করিতে স্বীকার না করে, তবে যত কাল ঐ প্রতিজ্ঞাপত্র না করে তত কাল, কিম্বা তাহার উপস্থিত হইতে হইবার কালপর্য্যন্ত, মাজিষ্ট্রেট তাহাকে অবরোধ করিয়া রাখিতে পারিবেন। তৎকালে মাজিষ্ট্রেট সেশন আদালতে কিম্বা হাই কোর্টে প্রহরির সতর্কতায় ঐ বাদিকে কি সাক্ষিকে পাঠাইবেন ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2282.

APPOINTMENTS.

The 27th May 1868.

Major W. T. Fagan to officiate as Deputy Inspector-General of Police, Fifth Circle, during the absence, on leave, of Major W. Reveley, or until further orders.

Mr. R. F. H. Pughe to officiate as District Superintendent of Police of Hazareebaugh, during the absence, on deputation, of Major W. T. Fagan, or until further orders.

The 28th May 1868.

Mr. E. M. Reily is reappointed to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector under Regulation IX. of 1833. He is posted to Purneah, and will exercise the powers of a Magistrate in that District.

Baboo Brohmonath Sen, Deputy Magistrate and Deputy Collector of Bongong, in Nuddea, is transferred to Mymensing, and vested with the powers of a Magistrate in the latter District.

Baboo Kristo Chunder Dutt, Deputy Magistrate and Deputy Collector of Mymensing, to have charge of the Sub-Division of Kishoregungo.

Baboo Ramsunker Sen, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Ranaghat, and to exercise the powers of a Magistrate in Nuddea.

Baboo Kalinath Ghose, Deputy Magistrate and Deputy Collector of Sylhet, is transferred to Dacca, and vested with the powers of a Magistrate in the latter District.

The 29th May 1868.

Baboo Saroda Prosonno Mookerjee to be an Honorary Magistrate in the 24-Pergunnahs, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, and powers under Section 1, Act X. of 1854, in that District.

The following Officers in Assam are vested with powers under Section 1, Act X. of 1854, to receive and try cases without reference by the District Magistrate, *viz.*:—

Lieutenant J. Butler, Assistant Commissioner of Kamroop.

Lieutenant M. O. Boyd, Assistant Commissioner of Kamroop.

Lieutenant H. J. Peet, Assistant Commissioner of Seebsaugor.

Lieutenant L. Blathwayt, Assistant Commissioner of Golaghat.

Mr. J. F. Campbell, Extra Assistant Commissioner, Luckimpore.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৯ জুন।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২২৮২ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৭ মে।

মেজর শ্রীযুত ডবলিউ রেবিলি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মেজর শ্রীযুত ডবলিউ টি ফেগান সাহেব পঞ্চম চক্রের পোলীসের ডেপুটী ইনিস্পেকুটর জেনরলের কর্ম্ম করিবেন।

রাজকীয় কর্ম্মোপলক্ষে মেজর শ্রীযুত ডবলিউ টি ফেগান্ সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর এফ এচ পিউ সাহেব হাজারীবাগের পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২৮ মে।

শ্রীযুত ই, এম, রাইলী সাহেব ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেকুটরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন। তিনি পূরণিয়ায় অবস্থিত হইলেন ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

নদীয়ার অন্তর্গত বনগাঁয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু ব্রহ্মনাথ সেন ময়মুনসিংহে নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ময়মুনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্ত কিশোরগঞ্জ শাথাথণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু রামশঙ্কর সেন রাণাঘাট শাথাথণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও নদীয়াতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীহট্টের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু কালীনাথ ঘোষ ঢাকায় নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৯ মে।

শ্রীযুত বাবু শারদাপ্রসন্ন মুখোপাধ্যায় ২৪ পরগনায় এক জন অনররি মাজিষ্ট্রেট হইবেন, এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেবকর্তৃক মোকদ্দমা সমর্পিত না হইলেও আসামের নিম্নলিখিত কর্ম্মকারকেরা ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে স্বয়ং তাহা গ্রহণ ও বিচার করিতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

কামরূপের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত জে বটলর সাহেব।

কামরূপের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত এম, ও, বয়ড্ সাহেব।

শিবসাগরের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ জে পীট্ সাহেব।

গোলাঘাটের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত এল ব্লাথ্ওয়েট সাহেব।

লক্ষীপুরের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত জে এফ কাম্বেল সাহেব।

The following gentlemen to be Members of the Ferry Fund Committee of the District of Mymensing:—

Mr. T. T. Kallonas.

„ H. Oatts.

The following Officers in Assam are vested with powers to try cases under Act XIII. of 1859:—

Lieutenant L. Blathwayt, Assistant Commissioner of Golaghat.

Lieutenant H. J. Peet, Assistant Commissioner, Seebsaugor.

Mr. A. W. Croft, M. A., to officiate in the Third Class of the Bengal Educational Service, during the absence, on deputation, of Mr. S. Lobb, or until further orders, with effect from the 11th instant.

The 30th May 1868.

Mr. R. Alexander to officiate as Civil and Sessions Judge of Moorshedabad, until further orders.

Mr. J. D. Ward to officiate as Additional Judge of Chittagong and Dacca, during the absence, on deputation, of Mr. H. Balfour, or until further orders.

Mr. R. D. Hime, M. A., to officiate as Magistrate and Collector of Tipperah, during the absence, on deputation, of Mr. A. R. Thompson, or until further orders.

The 1st June 1868.

Baboo Jugo Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Kendraparrah, and to exercise the powers of a Magistrate in the District of Cuttack.

The appointment of Baboo Anund Chunder Sen to the charge of the Sub-Division of Kendraparrah, notified in the *Calcutta Gazette* of the 20th ultimo, is cancelled.

Mr. J. A. Craven, Deputy Magistrate and Deputy Collector of Chittagong, is transferred to Monghyr, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Baboo Bhoobunneshwar Sing, Deputy Magistrate and Deputy Collector, Ranaghat, is transferred to Chittagong, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that District.

Baboo Dwarkanath Dey, Deputy Magistrate and Deputy Collector, Nuddea, to have temporary charge of the Sub-Division of Ranaghat, till the arrival of Baboo Ramsunker Sen, or until further orders. In addition to the powers with which Baboo

নিম্নলিখিত মহাশয়েরা ময়মুনসিংহ জিলার ফেরিফণ্ড কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত টি টি কালোনস সাহেব।

„ এচ ওটস্ সাহেব।

আসামের নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৫৯ সালের ১৩ আইনমত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

গোলাঘাটের আসিস্টান্ট কমিসানর লেপ্টেনেন্ট শ্রীযুত এল ব্লাথ্ওয়েট সাহেব।

